খাট্রার ইতিহাস

6

কুশদীপকাহিনী।

২০২ পৃষ্ঠা পর্য্যস্ত

৺ বিপিনবেহারি চক্রবর্তী

প্রণীত।

প্রীত্রগাচরণ রক্ষিতের যত্ত্বে সংগৃহীত।

প্রীঅমুকুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় কত্ত্ক প্রকাশিত।

কলিক তা

২৫ নং শ্রামপুকুর প্রীট - আর্য্যায়ন্ত্র, শ্রীগরিশচক্র ঘোষ ছারা মুদ্রিত। সন ১০০৮ সাল।

শবিশিষ্টদর সমেত ম্ব্য ৩ টাকা।

সূচীপত্ৰ ৷

১ম অধ্যায় উপক্রমণিকা ১—৬ পৃষ্ঠা।

२य अधाय क्षषीय १-380 श्री।

কুশহীপের অবস্থান ৭।—কুশহীপ সুমাজ ৮।—সীমা ৯।—প্রাক্তিক দৃশ্য ১০।—নদ্ ও নদী ১১।—মৎশ্ৰ ব্যবসায় ১৫।—প্ৰাকৃতিক জাতি বিভাগ ১৬।—দামাজিক জাতি বিভাগ ১৮।—তামুলী বৈশ্য ২১।—দক্তানায় ২৮।— মেলা ও তীর্থ স্থান ৩৪।—অগ্রহীপ ৩৯।—নদীয়া বা ক্রহীপ ৪২।— চার ঘাট ৪৫।—ইছাপুর ও খাঁটুরা হত।—গোবরডাঙ্গা ৪৭।—কুশদীপ-বাদীগণের দামাজিক অবস্থা ৪৯।—কৃষ্ কর্মা ও ভূমীর স্বর্থ 🕶।—গৃহ-পালিত জন্ত ৫৮। —ক্ষিসংক্রান্ত অন্ত ৫১। — ছর্ভিক ৭৪। — রাজপথ ৭৮। — শিল্পকর্ম ৮০।—শর্করা ব্যবসায় ৮>।—দলুয়া চিনি প্রস্তুত প্রণানী ৮৯।— পাকা-চিনি প্রস্তাতের নিয়ম ৯২।—কেশবপুরের চিনি প্রস্তাতের নিয়ম ১৩ 🗁 চিনির হাট ১৪।—চিনির কারথানা ১৮।—চিনির শহাজন ও জীরামচক্র আশ ২০১।—গরগেটে চিনি ১০৮।—পণ্য জব্য ১১৭।—পীড়ানি ১২০।— বীরেশ্বর বন্দ্যোপাধ্যার ১২৫।—শ্যামাচরণ সেন ১৩১।—বিনোদিনী ১৩২।— ব্ৰাহ্ম সম্প্ৰদাৰ ১৩৫।—ধৰ্মামুষ্ঠান ও শান্তীয় ক্ৰিয়া কলাগ ১৩৭।—অনন্তর্য দত্ত ১৩৭ ৷—মুক্তারাম রক্ষিত ও ভবানীপ্রসাদ রক্ষিত ১৩৭ ৷—দেবালয় ও "মন্দির প্রতিষ্ঠা ১৩৮।—কালীপ্রসর বাবুর আনন্দমন্ত্রী ২৩১।—কালীকুমার দত্ত ১৩৯।—উমেশচন্দ্র রক্ষিত ১৪০।—দক্ষা ও তক্ষর ১৪১।—বিশ্বনাথ ১৪৩

ু তয় অধ্যায় কুশদ্বীপ বাদী ১৪৬—২৫১ পৃষ্ঠা।

প্রাথব দিকান্তবাগীশ ১৪৬।—রঘুনাথ চৌধুরী ১৪৯।—ইছাপুরে চৌধুরী মহাশরগণের বংশাবলী নিরূপক তালিকা ১৫০।—অন্যাপক মণ্ডল ১৫০।—অনন্তরাম বিদ্যাবাগীশ ১৫৪।—গৌরমোহন ন্যায়ালিকার ১৫৬। ন্দ্র বাম তর্কাল্কার ১৫৭।—রামপ্রাণ বিদ্যাবাচম্পতি ১৬১।—রামরতন তর্কাদিনান্ত ১৬৫।—রামধন তর্কবাগীল ১৬৬।—শ্রীশ বিদ্যারত্ব ১৭৪।—রামধানাই বিদ্যানিধি ১৭৫।—উমাকান্ত শিরোমণি ১৭৯।—ভগবান্ বিদ্যাল্কার ১৮৫।—বিশিনবিহারী চক্রবর্তী ২০০।—কুশনীপ কাহিনীর সমালোচন ২০৫।—ধরণীধর চূড়ামণি ২০৭।—কামধন শিরোমণির শ্রীনাবলী ২০৯।—মূরলীশর বন্দ্যোপাধ্যার এ, মে, ২১০।—শ্রীশচন্ত্র বিদ্যারত্ব কর্তৃক প্রথম বিধবা বিবাহের অনুষ্ঠান ২১৫।—স্থমন্ত্রী দেবী ২১৯।— ব্রাহ্মণমগুলী—গোবরভাল্পার জমীদার বাব্দিগের বৃত্তান্ত ২২০।—রামভন্ত ন্যান্ত্রাল্কার হইতে তাঁহার বর্ত্তমান বংশধর শশীভূষণ স্থৃতিরত্ব ২২৮।— হর্যাক্রমার গল্পোণাধ্যায় ২০৪।—চক্রনাথ চট্টোপাধ্যায় ২০৫।—রামকুমার ভারণঞ্চানন ২০৬।—কুশচন্ত্র ভট্টাচার্য্য ২০৭।—বাঁটুরাস্থ শাণ্ডিলা গোত্রীশের বংশাবলী ২০৮।—কা্যুস্থ-রায় দীনবন্ধ মিত্র বাহাছ্র ২৪২।—গাত্তিপাবন সিংহা ২৪০।—প্রমণনাথ বস্থু বি, এন্, স্কি, ২৪৪।—ভালুনী ২৪৫।—খাঁটুরাস্থ দত্ত বংশাবলী ২৪৯।

টর্থ অধ্যায় শেলুলিগণের পারিবারিক র্ভাক্ত ২৫২—৩৬০ পৃষ্ঠা।

প্রথম দত বংশ ২৫২।—দিতীয় দত বংশ ২৬২।—তৃতীয় দত বংশ ২৬০।—আশবংশ ২৬৩।—কচ বা কোঁচ বংশ ২৭২।—প্রামাণিক রক্ষিত বংশ ২৮২।—বড় রক্ষিত বংশ ২৮১।—দযাল রক্ষিত বংশ ৩০০।—শাণ্ডিলা রক্ষিত বংশ ৩২২।—কাশ্যপ পালবংশ ৩২০।— মধুকোলা পাল বংশ ৩২৫।— লাভিলা পাল বংশ ৩২০।—কোঁ বংশ ৩২২।—কুণু বংশ ৩৩২।—চেল বংশ ৩৬২।—কণপুরের বা কর্ণ মুনি সেন বংশ ৩২৪।—কাশ্যপ সেন বংশ ৩৫০।—
ক্লিলিম্বি দে বংশ ৩৫৫।—চাকুলের বা কাঁঠালে দে বংশ ৩৫৭।—অপরিভিত ক্লিভি ৩৫৭।—জন সংখ্যা ৩৬০।

খাট্রার ইতিহাস

6

কুশদীপকাহিনী।

২০২ পৃষ্ঠা পর্য্যস্ত

৺ বিপিনবেহারি চক্রবর্তী

প্রণীত।

প্রীত্রগাচরণ রক্ষিতের যত্ত্বে সংগৃহীত।

প্রীঅমুকুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় কত্ত্ক প্রকাশিত।

কলিক তা

২৫ নং শ্রামপুকুর প্রীট - আর্য্যায়ন্ত্র, শ্রীগরিশচক্র ঘোষ ছারা মুদ্রিত। সন ১০০৮ সাল।

শবিশিষ্টদর সমেত ম্ব্য ৩ টাকা।



💵 সংগ্রাহকের অন্বধানতা বুপতঃ অনেক স্থান অমন্ত্র হইরাছে।

কুশদহ সমাজপতি

শ্রীযুক্ত গিরিজাপ্রসন্ন মুখোপাধ্যায়।

. মহাশমকে

এই গ্ৰন্থ

উপহার স্বরূপ

े डे९मंগ

করিলাম 🕽



সূচীপত্ৰ ৷

১ম অধ্যায় উপক্রমণিকা ১—৬ পৃষ্ঠা।

२य अधाय क्षषीय १-380 श्री।

কুশহীপের অবস্থান ৭।—কুশহীপ সুমাজ ৮।—সীমা ৯।—প্রাক্তিক দৃশ্য ১০।—নদ্ ও নদী ১১।—মৎশ্ৰ ব্যবসায় ১৫।—প্ৰাকৃতিক জাতি বিভাগ ১৬।—দামাজিক জাতি বিভাগ ১৮।—তামুলী বৈশ্য ২১।—দক্তানায় ২৮।— মেলা ও তীর্থ স্থান ৩৪।—অগ্রহীপ ৩৯।—নদীয়া বা ক্রহীপ ৪২।— চার ঘাট ৪৫।—ইছাপুর ও খাঁটুরা হত।—গোবরডাঙ্গা ৪৭।—কুশদীপ-বাদীগণের দামাজিক অবস্থা ৪৯।—কৃষ্ কর্মা ও ভূমীর স্বর্থ 🕶।—গৃহ-পালিত জন্ত ৫৮। —ক্ষিসংক্রান্ত অন্ত ৫১। — ছর্ভিক ৭৪। — রাজপথ ৭৮। — শিল্পকর্ম ৮০।—শর্করা ব্যবসায় ৮>।—দলুয়া চিনি প্রস্তুত প্রণানী ৮৯।— পাকা-চিনি প্রস্তাতের নিয়ম ৯২।—কেশবপুরের চিনি প্রস্তাতের নিয়ম ১৩ 🗁 চিনির হাট ১৪।—চিনির কারথানা ১৮।—চিনির শহাজন ও জীরামচক্র আশ ২০১।—গরগেটে চিনি ১০৮।—পণ্য জব্য ১১৭।—পীড়ানি ১২০।— বীরেশ্বর বন্দ্যোপাধ্যার ১২৫।—শ্যামাচরণ সেন ১৩১।—বিনোদিনী ১৩২।— ব্ৰাহ্ম সম্প্ৰদাৰ ১৩৫।—ধৰ্মামুষ্ঠান ও শান্তীয় ক্ৰিয়া কলাগ ১৩৭।—অনন্তর্য দত্ত ১৩৭ ৷—মুক্তারাম রক্ষিত ও ভবানীপ্রসাদ রক্ষিত ১৩৭ ৷—দেবালয় ও "মন্দির প্রতিষ্ঠা ১৩৮।—কালীপ্রসর বাবুর আনন্দমন্ত্রী ২৩১।—কালীকুমার দত্ত ১৩৯।—উমেশচন্দ্র রক্ষিত ১৪০।—দক্ষা ও তক্ষর ১৪১।—বিশ্বনাথ ১৪৩

ু তয় অধ্যায় কুশদ্বীপ বাদী ১৪৬—২৫১ পৃষ্ঠা।

প্রাথব দিকান্তবাগীশ ১৪৬।—রঘুনাথ চৌধুরী ১৪৯।—ইছাপুরে চৌধুরী মহাশরগণের বংশাবলী নিরূপক তালিকা ১৫০।—অন্যাপক মণ্ডল ১৫০।—অনন্তরাম বিদ্যাবাগীশ ১৫৪।—গৌরমোহন ন্যায়ালিকার ১৫৬। ন্দ্র বাম তর্কাল্কার ১৫৭।—রামপ্রাণ বিদ্যাবাচম্পতি ১৬১।—রামরতন তর্কাদিনান্ত ১৬৫।—রামধন তর্কবাগীল ১৬৬।—শ্রীশ বিদ্যারত্ব ১৭৪।—রামধানাই বিদ্যানিধি ১৭৫।—উমাকান্ত শিরোমণি ১৭৯।—ভগবান্ বিদ্যাল্কার ১৮৫।—বিশিনবিহারী চক্রবর্তী ২০০।—কুশনীপ কাহিনীর সমালোচন ২০৫।—ধরণীধর চূড়ামণি ২০৭।—কামধন শিরোমণির শ্রীনাবলী ২০৯।—মূরলীশর বন্দ্যোপাধ্যার এ, মে, ২১০।—শ্রীশচন্ত্র বিদ্যারত্ব কর্তৃক প্রথম বিধবা বিবাহের অনুষ্ঠান ২১৫।—স্থমন্ত্রী দেবী ২১৯।— ব্রাহ্মণমগুলী—গোবরভাল্পার জমীদার বাব্দিগের বৃত্তান্ত ২২০।—রামভন্ত ন্যান্ত্রাল্কার হইতে তাঁহার বর্ত্তমান বংশধর শশীভূষণ স্থৃতিরত্ব ২২৮।— হর্যাক্রমার গল্পোণাধ্যায় ২০৪।—চক্রনাথ চট্টোপাধ্যায় ২০৫।—রামকুমার ভারণঞ্চানন ২০৬।—কুশচন্ত্র ভট্টাচার্য্য ২০৭।—বাঁটুরাস্থ শাণ্ডিলা গোত্রীশের বংশাবলী ২০৮।—কা্যুস্থ-রায় দীনবন্ধ মিত্র বাহাছ্র ২৪২।—গাত্তিপাবন সিংহা ২৪০।—প্রমণনাথ বস্থু বি, এন্, স্কি, ২৪৪।—ভালুনী ২৪৫।—খাঁটুরাস্থ দত্ত বংশাবলী ২৪৯।

টর্থ অধ্যায় শেলুলিগণের পারিবারিক র্ভাক্ত ২৫২—৩৬০ পৃষ্ঠা।

প্রথম দত বংশ ২৫২।—দিতীয় দত বংশ ২৬২।—তৃতীয় দত বংশ ২৬০।—আশবংশ ২৬৩।—কচ বা কোঁচ বংশ ২৭২।—প্রামাণিক রক্ষিত বংশ ২৮২।—বড় রক্ষিত বংশ ২৮১।—দযাল রক্ষিত বংশ ৩০০।—শাণ্ডিলা রক্ষিত বংশ ৩২২।—কাশ্যপ পালবংশ ৩২০।— মধুকোলা পাল বংশ ৩২৫।— লাভিলা পাল বংশ ৩২০।—কোঁ বংশ ৩২২।—কুণু বংশ ৩৩২।—চেল বংশ ৩৬২।—কণপুরের বা কর্ণ মুনি সেন বংশ ৩২৪।—কাশ্যপ সেন বংশ ৩৫০।—
ক্লিলিম্বি দে বংশ ৩৫৫।—চাকুলের বা কাঁঠালে দে বংশ ৩৫৭।—অপরিভিত ক্লিভি ৩৫৭।—জন সংখ্যা ৩৬০।

খাঁটুরার ইতিহাস ও কুশদীপকাহিনী।

প্রথম অধ্যায়—উপক্রমণিকা ৷

ত্রাগা-পিশাচি! তোর অসাধা কিছুই নাই! তোর প্রভাবে যে কত দে
সকতে পরিণত এবং কত মক বে সাগরগর্ভে লীন হইতেছে, তাহা কে বলিও
পারে? তুর্ক্তে! সমুথে ঐ যে বিত্তীর্ণ জনপদ দেখিতে পাওয়া যাইতেরে
উহাতেও কি ভোর পরুষ হত্তের পরিণাম দেখিতে পাওয়া যাইতেরে
তিহাতেও কি ভোর পরুষ হত্তের পরিণাম দেখিতে পাওয়া নাইতেছে না ?
পালিয়ির! বল্ দেখি, আজি বশোহরের বেই মহারথ প্রতা এদিতা কোধার
ভূবণার সেই মহামতি মুক্লরায়ের বংশধরগণ কৈ ?—কলর্প-গর্ক-থর্ম তা
বীপের সেই কল্পনারারণ রায়ের বিমল শোণিত প্রবাহ, আজি নিয়জি
শোতের সহিত সংমিশ্রিত হইয়াছে ?—ভূল্য়ার দোলিওপ্রতাপ অমি
সেই পরমারাধ্য লক্ষণমাণিকাই বা আজি কোথার ?—লক্ষী ও সরক্ষ
পার বল্ভাব পরিত্যাগ করিয়া, বে মহাপুরুষকে সাদরে আশ্রম করিয়া
বাহার অসামান্ত প্রতাপে, আজিও পুর্কবিদ্ধ সকলের শিরোভ্বণ হইয়া
হিলে, বিক্রমপুরের সেই মহাপ্রতাপ কেদারনাথ রায়ই বাংকৈ ?

পাপিরনি! একদিকে চক্রনীপ ও অপর দিকে ক্রুর বশোহত বিতীর্ণ ভূভাগের মধ্যে, যে বিশাল জনপদ কৃশ্রীপ নামে আখ্যাত হইত, দিন অধ্ব্যাবিক্রম নবদীপ ও যাহার কৃশ্রিগত হইয়া, আপন্যকে শ্লাঘাবান করিয়াছিলেন,—মহারাজ প্রভাগাদিতা অগণ্য সৈত্যবল পরিবৃত্ত হইয়া অ যাহার একজন সামান্ত ভূস্বামীব নিকটেও লজ্জিত ও নতশির হইয়া, দিল রেণু লেহন করিতে করিতে সদেশে প্রস্থান করিয়াছিলেন—যাহার অক্রাভ্র চারিথানি গ্রামের ক্রিনাম জনমগুলীর স্থবিমল বিদ্যাজ্যোতিতে ভট্নপলী, ন বিক্রমপুর, এমন কি, দাক্ষিণাতানিবাসী জাবিড়ী ব্রাহ্মণগণ্ড একদিন প্রভাগ ও নিক্তর হইয়া গিয়াছিলেন, সেই মহাদীপ কৃশ্রীপেও বিত্ত ক্রির্ব হস্তের পরিণাম শক্ষিত হইত্যেছে না দ্ল উচ্চ সৌধ্রী

কুশদীপকাহিনী!

মাধি স্থান, সমৃত্য দোলমঞ্চ, দেবশিল্পী বিশ্বকর্মানির্মিত নবরত্ব, যোড়কোলা, নাটমন্দির, মঠমন্দির, প্রশস্ত সরোবর, পরিধাপরিবৃত্ত মনোহর উদ্যান,
নিমা-দেবতার আম্পদীভূত বেদীমণ্ডিত বিশাল বৃক্ষরাজ্বির ভগাবশেষ প্রভৃতি,
থন লোকবিশ্রুত জনশুতির স্থুপদ প্রনহিলোলে, বীরে ধীরে প্র্কিশ্বতির
রক্ষ উত্তোগন করিয়া, মানবহুদ্ধে অপূর্ব্ব শক্তির বিস্তার করে এবং বখন
লাগ একতান হইয়া. মন্ত্রমুধ্যের ক্রায় হেলিয়া ছলিয়া, সেই অপূর্ব্ব শক্তির সহিত্ত
থলিয়া যাইতে থাকে, তথন বল্ দেখি, ছর্বিনীতে! তোর্ জ্বভ্ত পাপাচার
রেগ করিয়া, কাহার স্থানম্ম না বিগলিত হয় ও অশ্বরূপে নয়ন দিরা প্রবাহিত
ইতে থাকে ?

্নানাধিক ভিন শত কংসর পুর্কো, কুশদীপসমাজ বিদ্যার বিষণ জ্যোতিতে, াণিজ্যের ফুটিভ লাবণো, ৰলবীর্শ্যের অমোঘ প্রভাপে এবং দেশীয় ব্রাহ্মণ ক্রার ধর্মানুষ্ঠানে, বঙ্গীয় অপরাপর সমাত্র অপেক্সা থেরপু, শ্রীবৃদ্ধি লাভ শছিল, সেরপ আর অনা কোন সমাজেই পরিদৃষ্ট হয় সা। বলিতে কি ্রেল এই কুশহীপ সকল সমাজের শীর্ষস্থান অধিকার করিয়াছিল; কৈ, ইহা তথন নুবন্ধীপকেও কৃক্তিতলম্ভ ক্রিয়া লইয়াছিল। সেই জন্তই, শূরীয় নবা ক্রায়মতের স্থাপ্রিতা রঘুনাথ শিরোমণি, মিথিলানিবাসী পক্ষধর মিশ্রকে বে আগ্নিপরিচয় প্রদাম করেন, ভাহাভেও তিনি াকৈ কুশদীপের অন্তর্গত নবদীপ নিবাদী বলিয়া প্রকাশ করিয়াছিলেন।* তঃ তৎকালে জানচর্চায় ও ধর্মামুষ্ঠানে এতদঞ্লের বাকাণগণ, যেমন লি স্মাজের সোকগণ অপেকা-স্মূরত হইয়াছিলেন, এতকেশীয় শুদ্র শীও তেমনই অন্তর্কাণিজো সমধিক শীবৃদ্ধি লাভ করিয়া, প্রভূত ধনশালী ্দাচারপরায়ণ হইয়া উঠিয়াছিলেন। তৎপরে, কুশবীপ কিছু দিনের 💣 হীনপ্রত হইয়া আসিয়াছিল বটে, কিন্তু পরিশেষে, মহারাজ ক্বঞ্চিত্রের **ম**ধেও, ইহা এক অতি প্রধান সমাজ বলিয়া পরিসূতিত হয় এবং ইহার পার্থ-দি চক্রদীপ, অগ্রদীপ ও নবদীপ অপেকা, ইল অধিক সংখ্যক ব্রাক্ষণ ও দায়ীর আবাসস্থান হইয়া উঠে।

কুশদীপ সহাদীপ নবদীপ নিবাসিনঃ। সিদ্ধান্ত ভক্ষিদ্ধান্তে শিল্পীমণি মন্ত্ৰিনঃ।

ষধন পূর্বতন হিন্দুগণের কোনও ধারাবাহিক ইতিহাস নাই, তথন চু
কুশদীপ সমাজের কোনও প্রকৃত ইতিহাস আছে, তাহা বলিতে পাঝ যায় ।
তবে "কিতীশ বংশাবলি চরিত," অন্তান্ত "সরকারী কাগজপত্র" ও ই
হাসের মূল—"জনশ্রতি," অবলম্বন করিয়া, আমরা এই কুশদীপের
অবধারণ করিতে পারিয়াছি, তাহাই প্রকটন করিতেছি। কিন্তু তাহাও বে
দুর প্রামাণিক, তাহা নির্ণয় করা নিতান্ত কঠিন।

কুশহীপের কোন একটা চিহ্নিত দীমা দেখিতে পাওয়া বার না। তালের সন্তবতঃ নবদীপাধিপতিগণের রাজ্যের পূর্বভাগ কৃশদীপ বা কৃশদহ নার পরিচিত ছিল। মহারাজ ক্বকচজের পূর্বপ্রথম ভবানন্দ মজুলারের অস্প্রথম বহুপ্র হইতে কৃশদীপের অধিকাংশ তুল সদাচারসম্পন্ন শাস্তর্জ আ প্রাহ্মণমণ্ডলী ও বাণিজ্যপ্রিয় শুদ্রজাতিপরম্পরার আবাসন্থান ছিল। বে সকল স্থানের মধ্যে চালুন্দিয়া, ও ইচ্ছামতীর উপনদী বমুনা, এই নদীঘণে পার্মবর্ত্তী ও মধ্যগত জলেশ্বর, ইচ্ছাপ্র, গাঁটুরা, পোবর্ডাক্সা, গৈপুর প্রভৃতি স্থানিক প্রধান ও একদিন উহাদিগের কীর্ত্তিজ্যোতিতে মহারাজি প্রতাপাদিক প্রথমন ও একদিন উহাদিগের কীর্ত্তিজ্যোতিতে মহারাজি প্রতাপাদিক প্রথমন ও একদিন উহাদিগের কীর্ত্তিজ্যোতিতে মহারাজি প্রতাপাদিক

কুশনহের কোন ধারাবাহিক ইতিহাস নাই; স্থতরাং কোন্ সময়ে এই সমাজ গঠিত হইয়ছিল, তাহা নির্ণয় করা হঃসাধা। তবে তনি পাওয়া যায় যে, পাদোন-ত্রিশত বংসর পূর্বে, তবানন্দ মজুলারের অভ্যুদরে প্রাক্রালে, কুশন্বীপের অন্তর্গত জলেয়রে, কাশীনাধ রায় নামক এক রাজ্ব ভূষামী ছিলেন। তাঁহার পূর্বপূর্বয়গণ বহুকাল ধরিয়া, জলেয়রে বর্ত্তমী ছিলেন এবং পঞ্চদশ শতাবীতে দৈদিওপ্রতাপ সহকারে, সমন্ত নদীয়া প্রতার উপর একাধিপত্য বিস্তার কারয়ছিলেন। সম্ভবতঃ এই কারণে রঘুনাথ শিরোমণি মিথিলানিবাসী পক্ষধর মিশ্রকে আত্ম-পরিচয়্ম প্রদান মুকুশন্বীপের বিশেষণ শমহান্বীপ্রশ ও নবদীপকে কুশন্বীপের অন্তর্গত বিসাছেন। আজি কালি কুশন্বীপ নদীয়ার অধীন হইয়ছে বটে, তিল্নন্দ স্কুন্দারের পূর্বের, উহা যে কুশন্বীপেরই অন্তর্গত ছিল, বিশিরামণির পর্তিরের, তাহা স্পষ্টাক্ষরে প্রতিপন্ন হইডেছে। বিশেষতঃ তংগ এই কাশীনাথ রায়ের পূর্বপূক্তির বাতীত, দেদ্ধিও প্রতাপান্থিত অন্তর্গত এই কাশীনাথ রায়ের পূর্বপূক্তির বাতীত, দেদ্ধিও প্রতাপান্থিত অন্তর্গত এই কাশীনাথ রায়ের পূর্বপূক্তির বাতীত, দেদ্ধিও প্রতাপান্থিত অন্ত

নুষানী নদীয়া পরগণার ছিলেন না। তবে, চক্রদীপের অন্ততম ভূইরা কন্দর্শনারণের বংশীরগণ ছিলেন বটে, কিন্তু তাঁহাদিগের সৃহিত নদীরার কোনও
বুছিল না। তৎকালে নবদ্বীপত সামাল্য গ্রাম মাত্র ছিল, এবং ভবানন্দ
রের পূর্বে, তদীয় পূর্বপ্রন্ধগণের সহিত নবদীপের কোনও নিকট
ক্রে দেখিতে পাওয়া যার না। আমাদের এই কুল ইতিহাসের ক্রমবিস্তারে,
পাঁচকগণ তাহা জানিতে পারিবেন।

🗽 পূর্ব্বকালে, বৈদ্যবংশীয় রাজগণ, মধ্যে মধ্যে নবদ্বীপে আসিয়া বাস করি-ভেন। ১২০৩ খুটাব্দে, বথ্তিয়ার খিলিজি গৌড় আক্রমণ করিলে, লক্ষণ नन थिएकि वात्र पित्रा भगात्रन कतित्रा, नवदीत्र व्यागित्रा वाग कतित्राहित्वन। ক্রির্বিতন নুবদ্বীপ, বর্ত্তমান নির্ব্বীপের সার্দ্ধ-ক্রোপ উত্তর-পূর্বে অবস্থিত ণ। উহার বলাল-দীঘী নামক স্থার্ঘ বাপী ও রাজবাটীর চিহ্নাতা বর্তমান ছে ; কিন্তু প্রকৃত নগর গঙ্গাগর্ভে বিলীন হইয়াছে। পূর্বতন নবদ্বীপের ধ্বংসের রে, অধুনাতন নব্দীপ কয়েক শতাকী পর্য্যস্ত, সামাক্ত প্রাম মাত্র**িছিল।** ষোদশ শতাক্তি একজন সিদ্ধ প্রথ, বর্তমান নবদীপে আসিয়া, একটী ক্রখট স্থাপন করতঃ, দেখী পূজা করিতে আরস্ক করেন। তহুপদক্ষে, নানা নের লোক, সেই মহাপুরুষকে দর্শন ও দেবীর পূজা প্রদান করিতে আসিত। হাতেই এই স্থান ক্রমে ক্রমে বিশেষ প্রাসিদ্ধ ও এক প্রকার তীর্থ বলিয়া রিগণিত হয় 🗈 পরিশেষে, পঞ্চদশ শতাকীতে বর্ত্তমান নবদীপবাসী বাহ্নদেব কভৌম নামক জনৈক মহামহোপংধ্যায় অধ্যাপক, উহার নিকটস্থ দ্যানগর গ্রামে এক চতুস্পাঠী স্থাপন করেন। চৈতন্ত, রঘুনাথ রোমণি, রঘুনন্দন ভট্টাচার্য্য, হরিদাস সার্বভৌম ও শ্রীপদ গোসামী প্রভৃতি ামহোপাধ্যার পণ্ডিতগণ, এই খ্যাতনামা মহাপণ্ডিতের ছাত্র ছিলেন। 🚆 সমস্ত মহামহোপাধ্যায় পণ্ডিতগণের সময় হইতে, নবদীপ সংস্কৃত লোচনার সর্বাধান স্থান হয়। চৈতন্তের বিষয়ভূমি ব্রিয়াও, বৈষ্ণব ায়ও, ইহাকে এক মহাতীর্থ বলিয়া গণনা ক্রিয়া থাকে। ফলজঃ বাস্ক্-ার্কভোমের সময় হইতে, ইহা বিদ্যার জ্যোতিতে সমধিক শ্রীবৃদ্ধি শভ । কিন্তু তৎকালে, উহা কাশীনাথ রায়ের পূর্ব্বপুরুষগণের অধিকারভুক্ত ব্ৰংসকত নামে কথঞ্চিৎ বিখ্যাত হইলেও, তৎকালপ্ৰানিদ্ধ কুশদীপের

नार्भि श्रिति रुख। त्मरे बंखरे, महामि त्र तृनाथ भितामिन, श्रित्म श्रित विमान कार्म, जार्थ क्महीरणत नाम श्रेर्म क्तिम, स्वीय क्मार्थि क्वीरणत नार्मास्य क्रियाह्न। श्रीतर्भात्म, कामीनार्थित वश्म मार्थिक देखन क्षिण श्रेर्म निर्द्धक छ निष्ण ह हरेया जारेरम श्रीत श्रीत क्रिया मार्थिक देखन क्षिया क्रिया थारक, उपन नवदी प्रमार्थि श्रीति हरेर जात्र हम श्रीत क्रिया क्रया क्रिया क्

ইহার উপর আবার, ভবানন মজুনারের বৃদ্ধপ্রপৌত্র রাজা রামকৃষ্ণ, এই সময়ে তদীয় অধিকার মধ্যে নবছীপ সর্বপ্রধান ও স্থাসিদ্ধ স্থান দেখিয়া, আপনাকে নবছীপাধিপতি বলিয়া পরিচয় প্রদান করিতে জারম্ভ করেন এবং তাঁৰার উত্তর পুরুষেরাও সেই নাম ধারণ করেন। ইহাতেও নবগীপ সম্বি বিখ্যাত হয় এবং কুশদীপ অন্তঃসারশ্ভ হইয়া, ভদ্ধ নাম মাত্র অবস্থান ক্ষিত্র নব্দীপের অন্তর্ভ আকে। কিছু এ ব্রমত্ত্বেও কুশদীপ, নব্যে মধ্যে বে সক্ষ প্যাতনামা স্থা প্ৰাক্তিক ক্ৰিতে লাগিলেন, সেই সকল স্পণ্ডিত কুশ্ৰীপের সমুজ্জন মুখচন্দ্র নবদ্বীপের স্মৃতিপটে অফুক্রণ জাগরক রাখিলেন। তাহাতেই, কুশ্রাপ তাঁহাদের এরাজ্যের অন্তর্কু বলিয়া, তাঁহারা আপনাদিপকে বিশেষ শাঘাবান্ মনে করিতে লাগিলেন এবং কুশহীপকে আপনাদিগের বিশেষ অন্তরীক ৰণিয়া বিবেচনা করিলেন। ক্রমে এই সমুদ্ধ প্রবল হইয়া, ধ্রবাহিক স্ত্রেও পরিণত হইল জবং উভয় ভূকামীতে পরস্পর আদান প্রদান চলিতে নাগিল। এইরূপে, কুশদীপ নবদীপের সহিত ওত্তপ্রোভোভাবে সংমিশ্রিত হ্ইয়া, নবদ্বীপেরই একাঙ্গ হ্ইয়া আগিল। ফ্লডঃ, কুশ্দীপ সুমাক বে অতীব প্রাচীন, তাহাতে কোনও সন্দেহ নাই। সম্ভবতঃ ইহা ত্রয়োদশ ্ৰিক চতুৰ্দশ শতাব্দীতে গঠিত হইয়াছে এবং পঞ্চদশ শুতাব্দীতে দোৰ্দ্বও প্ৰতাপ সহক্ষারে পরিচালিত হইয়া, যোড়শ শতাকীর শেষভাগে, কাশীনাথ রায়ের শাসন সমরে নিস্তেজ ও নিবর্বীর্য্য হইয়া পড়িয়া, নবদ্বীপের কুক্ষিগত হইয়াছে। • তৎপরে, ভবানন্দের সময় হইতে, ইহা পুনরায় নবদীপের উন্নতিস্রোত অফুসরণ করিয়া, মহারাজ গিরিশচক্রের সময়ে, এক রম্য কীর্ত্তিনিকেতনে উপনীত হইয়াছে। কিন্তু ভাহার পরেই, টুকা যে কি ভীষণ অবনতির পথে ইবিত হইয়াছে, তাহা বৰ্ণনাতীত।

ইতিহাসেও দেখিতে পাওয়া যায় যে, ভবনিশ মন্ত্ৰুলার ১৬০৮ খৃষ্টাব্দে, ভারত সমাট আহাঙ্গীরের নিকট হইতে, নদীয়া, মহৎপুর প্রভৃতি চতুর্দশ পরগণার জ্মী-দারীর ফারমাণ (সনন্দ) প্রাপ্ত হন। ইতিপূর্বের, নদীয়া কাশীনাথ রাম নামক ভূসামীর অধিকার ভুক্ত ছিল। কাশীনাথ রায় প্রতি বংসর ৩৯৪১।১ - টাকা রাজন্ন প্রদান করিতেন। এই কাশীনাথ রাষের অবর্তমানেই, নদীয়ার জনী-দারী ভবানদের অধিকার ভুক্ত হইয়াছিল। আমরা অনেক অনুসন্ধান করিয়া দেখিলাছি বে, তৎকালে উলেখরের জমাদার কাশীনাথ রাজ ব্যতীভ, বিতীক কাশীনাথ রার নদীয়া পরগণার ভূষামী ছিলেন না। স্তরাং আমাদের জনশ্ৰতির কাশীনাথ রায়ই, যে ইতিহাসের কাশীনাথ রায়, তাহা পাবিস্থাদিত। ৰীহা হউক, আমরা কাশীনাথের নাম ও অট্টালিকার ভগাষশেষ ভিন্ন, তাঁহার আর কোনও বিবরণ পাই নাই। সেইজন্ত, তাঁহার আর কোনও বিবরণ লিপি-ৰদ্ধ করিতেও পারিলাম না। কিন্ত তাঁহার পরবর্তী কুশদীপ ভূসামী, তদীর প্রিশ কর্মচারী রাঘব সিদ্ধান্তবাগীশ মহাশদের বিবরণ অনেক প্রাপ্ত হইরাছি। সেই কারণ বৰতঃ, আমরা সিদ্ধান্তবাগীশ মহাশয়ের সময় হইছে, কুশ্ছীশেয় ইতিহাস বর্ণন করিতে প্রবৃত্ত হইলাম। ফলতঃ, রাঘ্ব সিধান্তবাদীশ মহাশ-ষের পূর্বে, কাশীনাথ রাষের বংশীয়গণ যে বছকাল ধ্রিয়া, দোর্দগুপ্রভাপে আ-নবন্ধীপী কুশৰীপ সমাজ পরিচালন করিয়াছিলেন এবং রবুনাথ শিরোমণি মহাশয়ও, যে সেই সময়ে আবিভূত হইয়াছিলেন, ইহা অভাস্ত নিভা সভা।

বলা আবশুক, কুশদীপের আমৃল ইতিহাস আমাদিপের একমাত্র লক্ষ্য বটে; কিন্তু জনশ্রুতি অবলখন করিয়াও, বে অংশের কোনও অনুসন্ধান পাওয়া বায় না, আমরা অগত্যা সে অংশ ত্যাগ্র করিয়া, জনশ্রুতি ও ইতিহাস অবলখন করতঃ, যাহার মূল কিয়ৎ পারিমাশেও অবধান্ত্রণ করিতে পারিয়াছি, এত্বে ভাহাই প্রকাশ করিতেছি।

দিতীয় অধ্যায়।

কুশদীপ।

অবেশবের কাশীনাথ রায়ের নিকট একজন যোগসিদ্ধ মহাপণ্ডিত কর্ম্ম চারী ছিলেন। ই হার নাম রাঘব সিদ্ধান্তবাসীশ। **উ**বিষ্যতে ই হার বংশধ্রগণ চৌধুরীবংশ কামে বিখ্যাত হন। আদিশ্র রাজার বজ্ঞকালে, কান্তক্জ হইতে 🕶 পঞ্চ আক্ষণ বঙ্গদেশে আগমন করেন, ইনি ভাঁহাদিগের অন্ততম, দক্ষের বংশো-ত্তব। দক্ষের পুত্র হড়োগ্রাম নিবাসী কাকত্য হইতে অষ্টম পুরুষ উত্তীর্ণ হইক্টে ইনি জন্মগ্রহণ করেন। বধাহানে জামরা ইহার এক্ বংশক্রিক্রি क्तिगाम। देनिर रेहोग्राप्तत कोन्ति अभीमात वरानतगरनत जानि श्रूप्तक ইনি কানীলাধ রারের প্রসাদে ইচ্ছাপুরে বাস করিয়া, স্বকীয় অলোকিক ক্ষমতা ও দ্বাচার বলে, ইচ্ছাপুর ও তৎদ্রিহিত স্থানের অ্মীদারী ক্রায়ত করেন এবং ইহার সন্নিকটবর্ত্তী করেক থানি গ্রামের রাঢ়ীয় ব্রা**ন্ধণ গণের মহিত** কন্তাপুত্রের আদান প্রদান সম্পাদন ও এক পংক্তিতে আহারাদি সমাপন করিয়া, একটী সমাজের একাধিপতি হন। সাধারণতঃ সেই সমাজকেই কুশবীপ সমাজ কহে। কিন্তু আমর্রী নিশ্চর বলিতে পারি না যে, এই সমাজ রাঘ্ব সিদ্ধান্ত বাগীশ মহাশন্ন কর্তৃক, কি তৎপূর্বে কাশীনাথ রায় মহাশ্রের বংশীরগণ কর্তৃক, প্রতিষ্ঠিত। ফলতঃ অনেকে অনুমান করেন, সিদ্ধান্তবাগীশ মহাশ্রের পূর্কেও, এই সমাজ বিদ্যমান ছিল। তবে, নিদ্ধান্তবাগীশ মহাশন ইহার অধিপতি रहेशा, हेरात वहल উৎकर्य माथन करतम अवर छ९भद्धा छतीय वःगधत्रभव अतम् চেষ্টা ও বত্ন সহকারে, ইহাকে মহীয়সী কীর্তিমেখলায় পরিবেষ্টিত করিয়া দেন !

কুশনীপের অবস্থান সমন্ধে, আবার কেছ কেছ বলেন, নবদীপাধিপতি।
মহারাজ ক্ষচন্দ্র, স্থইজন্ও অপেকা বৃহত্তর, ৮৫০ বর্গজোশ পরিমিত যে বিশাল
ভূভাগের স্থামিত্ব লাভ করেন, তাহাই চারি সমাজে বিভক্ত হইরাছিল। এই
বিস্তীর্ণ জনপদের কোন্ প্রদেশ ক্ষেন্ সমাজের অন্তর্জারী, একণে ভাহার কোন
নিদর্শন পাওয়া যার না। কিন্তু এই ভূভাগের উত্তর প্রদেশ অগ্রদ্বীপ সুমাজ,

মধ্য প্রদেশ নুবরীপ সমাজ, দক্ষিণ প্রদেশ চক্রনীপ সমাজ এবং পূর্ম প্রদেশ কৃশরীপ সমাজের অন্তর্কার্তী ছিল। স্তরাং মহারাজ কৃষ্ণচক্রের সময়ে, তাঁহার জমালারী যে চৌরাশি পরগণা অর্থাৎ ৪৯ পরগণা ও ৩৫ কিস্মরে বিভক্ত ছিল, উহাদিগের মধ্যে সম্ভবতঃ নাটাগড়ি, আমার নগর, উন্থড়া, চারঘাট, থাজরা, আমারপুর, খোশদহ প্রভৃতি কয়েকটী পরগণা কৃশরীপের অন্তর্গত দেখিতে পাওয়া যায়। তথাপি, কি জন্ত বে ক্ষচক্রের রাজ্যের পূর্বাংশ কৃশরীপ বিলয়া উল্লিখিত হইরাছে, আমরা ভাহা নিশ্চর বলিতে পারি না। তবে তৎকালে কৃশরীপ সমধিক প্রাসিদ্ধ ছিল বলিয়া, ক্ষচক্রের রাজ্যের পূর্বভাগ এই নামে অন্তিহিত হইয়া থাকিবে। আপাততঃ নিয়লিখিত কয়েকথানি গ্রামই কৃশরীপ সমাজের অন্তর্গত দেখিতে পাওয়া যায়। কোনও বৃহৎ কর্ম্মকাণ্ডে সমাজের রাজ্যণ নিমন্ত্রণ করিলে, নিয়লিখিত কয়েকথানি গ্রামের রাজ্যণই সভাস্থ হইয়া থাকেন। উক্ত গ্রাম কয়েকথানির নাম বথা;—ইচ্ছাপুর, খাঁটুরা, হয়ণালপুর গোবর্ডাঙ্গা, গোপুর, প্রীপুর, মাটিকোমরা, নাইগাছি বালিনী, জলেখন, যোযুগুর, বেড়ী ও রামনগর।

এথনকার অবস্থা যাহাই হউক, ইতিপুর্বে কৃশ্যীপ বে বহবৈত্তার, সমবিক
সম্মত ও নবহীপাধিপতি মহারাজগণের অধিকত রাজ্য ছিল, তিঘিরের কমীদার
সন্দেহ নাই। রাঘব দিলান্তবাগীশ ও তদীর বংশধরগণ ইচ্ছাপ্রের কমীদার
ছিলেন বটে, কিন্তু তাঁহারা নবঘীপাধিপতিগণেরই অধীন ভ্যাধিকারী
ছিলেন। জনশ্রতি ও ইতিহাস উভরেই দেখিতে পাওয়া যার, কৃশ্যীপ ওতপ্রোত্যোভাবে নদীয়ার সহিক্ত সংমিশ্রিত ছিল এবং কি রাজনীতি, কি ধর্মনীতি
কি সামাজিক আচার, কি সমাজ শৃত্যালা, সকল বিষরেই কৃশ্যীপ, নবঘীপকে
বেমন প্ররা ও যর সহকারে, দেখিকেন, নবঘীপও তেমনই কৃশ্যীপকে শ্রুমা
ও স্নেহচক্ষে দর্শন করিতেন। ক্রিতীশবংশাবলী চরিতে কৃশ্যীপ নামে নবঘী,প
রাজ্যের একটা প্রধান নগরেরও উল্লেখ দেখিতে পাওয়া যায়। কিন্তু আমরা
আজি কালি কৃশ্যীপ মধ্যে "কৃশ্যীপ" নামে কোনও নগরই দেখিতে পাই
না। অথচ, বে স্থানে ইচ্ছাপ্রের নামোল্লেখ আবস্তুক, আমরা সেই স্থানেই
কৃশ্যীপির নাম গৃহীত হইয়াছে, দেখিতে স্পই। স্ত্রাং ইচ্ছাপ্রের মেক্রণও
বা ক্রেভ্সি ইচ্ছাপ্র ও তৎসন্নিহিত স্থানের উল্লেশ্ট যে সে নাম গৃহীত

হইরাছে, তাহাতে কোনও সন্দেই নাই। বিশেষতঃ আজি কালি খাঁটুরা, গোবরভাঙ্গা, ইচ্ছাপুর, গৈপুর প্রভৃতির সাধারণভাবে নামোলেশ করিবার সময়ে, সুশ্দীপ আখ্যাই পরিস্থীত হইরা থাকে এবং ঐ সমস্ত গ্রামের অধিবালিগণকেই আজি কালি সাধারণতঃ "কুশ্দীপবাসী" বা "কুশদহে বাদাশ" বলা হয়। ইহাতেও স্পষ্ট বোধ হয়, ইচ্ছাপুর ও তৎসন্নিহিত জনপদের স্থানরণ নামই তৎকালে কুশ্দীপ ছিল এবং সেই নাম হইতে ইহার অন্তর্গত, পার্শ্বর্জী ও সন্নিহিত নবদীপাধিপজি মহারাজগণের প্রবাঞ্চনত্ব অধিন সাম্রাজ্য কুশদহ সমাজ নামে আখ্যাত হইত।

৩৫ কিস্মথ অর্থাৎ পুরগণার কিরদংশ বথা ; হালিসহর, হাজরাথালি, পাইকান, মানপ্র, কলিকাতা, আমিরাংদি, আমিরপ্র, খোশদহ, আনারপুর, বালিমা, পাইকহাটি, বালান্দা, কাথ্লিরা, নাইহটি, আমিরা, পারধ্লিরাপুর, মুর্কাই, নমক ও মোন, ধ্লিয়াপুর, ফ্রাজপুর, জরপুর, ভাল্কা, বাগমারি, হোসেনপুর, হিল্কি, ডালা, কটিশালি, শোভাবালী প্লাসী, বেহারোল, সহনন্দ, ভাবিসংহপুর, হাট আলমপুর, সিলেসপুর ও আকদহ।

এই রাজ্যের সীমা সম্বন্ধে কবিবর ভারতচন্দ্র বলিয়াছেন,---

त्रात्वात উखत गीमा मूत्रिक्नावार, शिक्टियत मीमा शक्षा, खाशित्रेषी थाए १ एक्टियत भीमा शक्षामाश्रत्तत थात, श्र्विमा श्रृताश्रद्ध, तूष्श्रकाशात ।

বস্তত: নবছীপরাজ্যের সীমা উহাই ছিল। একণে এই রাজা ইন্ন প্রপান, মুর্নিলাবাদ, বশোহর, বর্দ্ধান, ও নদীরা এই পাঁচ জিলার বিভক্ত হইরাছে। ইহাতে ভাগিরতী, জলসী (ধড়িরা), ইছামড়ী, ভৈরব, রারমজল, চুর্নী, বসুনা এবং আরও কতক্তলি ছোট ভাটি নদী ও বামোড় আছে। ইহার প্রান করিও গ্রাম শাজিপুর, নবছীপ, কুক্নগর, হালি-

^{*} নবছীপ রাজগণের অধিকারত উনপঞ্চাল প্রগণা হুগা:—নভীরাং উণড়া, পাঁচনএর, মানপ্র, ম্লগড়, বাগোরান, মহৎপ্র, রারপ্র, ত্লভানপ্র, ত্লভান বেলারপ্র, উল্লেখ্য, বিরনগর) সীহাপ্র, হতেপ্র, লেগা, মালপদহ, উনরপ্র, গড়ইটবি, রারসা, লাক্র-প্র, ভাল্কা, নঞ্জা, নাজ রারি, এল্বিরা কানিমপ্র, গরালপ্র, আলানিরা, মহিবপ্র, ইস্লারপ্র, থাড়িজ্ডি, মাম্লপ্র, কলারোরা, এস্কহিলপ্র, শান্তিপ্র, রাজপ্র, নাটা-গড়ি, আমিরনগর, মগুণ্ডা, আলমপ্র, ক্থরালি, চারঘাট, থাজরা, হলদহঁ, ইন্রথালি, থালিশপ্র, ভাৎসিংহপ্র, বেলগাঁও, আবাড়নেনী, বৃড়ন ও থানপ্র।

এই জনপদ অভীব বিস্তীর্ণ ছিল। ইহাক্সপরিমাণ ফল ১,০৯,৪৪৯ বর্গ বিষা বা ৫৭ বর্গ মাইল। ১৮৭২ খৃষ্টাব্দে বোর্ড অব্ রেভিনিউ নদীয়া জেলা ৭২ ভাগে বা পরগণায় বিভক্ত করিয়া প্রত্যেক পরগণার যে রাজ্য সংক্রাস্ত বিবরণ প্রদান করেন, তদনুসারে দেখিতে পাওয়া যায় যে, তৎকালে এই পরগণায় ১৫ থানি গ্রাম বা মৌজা ছিল। যথা; (১) জলেশ্বর (সাভবেড়িয়া সম্বলিড); (২) ইচ্ছাপুর (শ্রীপুর ও মাটিকোমরা সম্বলিত); (৩) মলিকপুর, (৪) নাইগাছি, (৫) বালিনী, (৬) গৈপুর, (৭) গোবরডাকা, (৮) বেড়গুম, (৯) ঘোষপুর, (১০) চারঘাট, (১১) গমেশপুর, (১২) খাঁটুরা) (হরদাদপুর সম্বলিত) ; (১৩) বেড়ী (রামনগর সম্বলিত); (১৪) ভূলোট (রামচন্ত্রপুর সম্বলিত), (১৫) চৌবাজিয়া। ্এই সকলের মধ্যে চৌবাড়িয়া গ্রাম থানি মধ্যে কুশদীপের অন্তর্গত ছিল না। কিন্তু বছপূৰ্কে উহা কুশন্তিপের অন্তর্কান্তী ছিল বলিয়া, আজি কালি পুনরার উহা কুশ্বীপের অন্তর্গত হইয়াছে। এই কুশ্বীপ প্রগণার বার্ষিক রাজস্ব ১৮,৯৮৭ টাকা। ইহার অধিবাসীর সংখ্যা ন্যুনাধিক ৯,৪১০ মাত্র। অধুনা ইহা নদীয়া ও চবিষশ প্রগণা জেলার অস্তর্ভ হইয়াছে। নদীয়া জেলার প্রধান রাজকীয় স্থান বনগ্রাম; চিঝিশ পরগণা জেলার প্রধান রাজকীয় স্থান ব্সিরহাট ছিল, কিন্তু আপাততঃ উহা বারাসত হইয়াছে।

প্রাকৃতিক দৃশ্যে, এই অঞ্চল এক স্থবিস্থত শ্যামল শশুক্তের বলিয়া বোধ হয়। প্রকৃতির এই বিশাল শ্যাম প্রাবাবের ক্ষেন কোন স্থান এক এক থানি গ্রাম ও বিবিধ বৃক্ষরাজির স্থমোহন কৃঞ্জকাননে পরিশোভিত এবং বহুতর নদী, বিল, থাল ও অক্যান্ত জলাশরে স্বতঃই বিভাজিত। এ প্রদেশের মধ্যে কোনও পাহাড় বা গিরিমালা দেখিতে পাওয়া যায় না। সকল স্থানই অত্যক্ত শ্রামল শশু কেতে সমাকীর্ণ; মধ্যে মধ্যে নদী, বিল খাল প্রভৃতি এক একটী জলাশরে বিভাজিত। বর্ষা হীন সময়ে এখানে প্রায়ু ত্রিশ

সহর, কলিকাতা, অগ্রদীপ, চক্রদীপ, কুশ্দীপ, বহিরগাছি, শীনগর, গোপালনগর, প্রভৃতি এবং প্রধান গ্রন্থ, লান্তিপুর, কলিকাতা, কৃষ্ণাপ্র, হাস্থালি, নংশীপ ও চক্রদীপ ছিল। পুরে, নবহাপ, কুশ্দীপ, ভাটপাডা, কানালপুর, কুমারহট, শান্তিপুর, উলা, বহিরগাছি, বিষ পুরুরণী, বিষ্ণাম প্রভৃতি কতিপয় স্থানে অনেক টোল চতুস্পাঠী ছিল এবং অনেক মহা-মহোপাধায়ে পণ্ডিত এই সকল ছান হইতে প্রাত্ত্তি হইয়া, বঙ্গণেগ্র উজ্জল করিয়াছিলেন।

ফিট নিম্নেজন পাওয়া যায়। এতদঞ্জনের সাধারণ উচ্চতা সাগরপৃষ্ঠ হইতে অন্ন ৪৬ ফিট। সিভিন সার্জন সাহেবের বার্ষিক বিবরণীতে দেখিতে পাওয়া যায় যে, এই স্থানের বার্ষিক ভাপ পরিমাণ পড়পড়তা ৭৭° ডিক্রি এবং বারিপাত বা বর্ষাফল গড়পড়তা ৬৫ ইঞি।

নদী।—কৃশ্দীপ সর্বপ্রকারেই নদীয়ার নিকট ধানী ও সমস্তে সম্বন্ধ; স্থানাং প্রকৃতিদেবী নদী সম্বন্ধে বে কৃশ্দীপকে নদীয়ার প্রসাদভোগী করিবন না, ইহা অতীব আশ্চর্য্যের বিষয়। বোধ হর, স্বনেকেই অবগত আছেন যে, ভাগিরথী, থড়িয়া (জলঙ্গী) ও মাথাভাঙ্গা এই তিনটী শাখানদী নদীয়ার নদী বলিয়া সর্ব্যন্ত পরিজ্ঞাত এবং এই তিনটী নদ্মীই গলার মৃল্পাথা পদ্মা হইতে নিংস্তা। আমরা এইস্থানে নদীয়ার অন্তর্গত গল্পার মৃল্পাথা পদ্মাও উহার তিনটী শাখানদীরই গতি বর্গন করিতেছি। পাঠকগণ উহা দেখিলেই ব্ঝিতে পারিবেন, কৃশ্দীপের যমুনা নদী ও নদীয়ার শাখানদীত্তর, ক্লার মৃশ্পাথা পদ্মার সহিত্য কিরূপ সম্বন্ধ এবং এ সকল নদী ও উহাদের তীরবর্তী নগর সকল দারা কুশ্দীপ কিরূপ লাভবান হইয়া থাকে।

পদা।—নদীয়ার উত্তর প্রান্তে, যে স্থানে জলঙ্গী পদা। হইতে বিশিষ্টা হইয়াছে, সেই স্থান হইতে পদা। পূর্বেবাহিনী হইয়া, কুষ্টিয়ার কিছু পূর্বে পর্বাছিন নদীয়ার জভ্যন্তর দিয়া প্রবাহিত হইতেছে।

ভাগিরথী।—ভাশিরথী নদীরার অন্তর্গত পলাশীর ভীষণ ক্ষেত্র বিধোত করিয়া, কালিগঞ্জ, কাটোয়া, অগ্রন্ধীপ, স্বরূপগঞ্জ, নবদ্ধীপ, শান্তিপুর, কালনা, চাকদহ, স্থাপার, কাচড়াপাড়া. হালিসহর প্রভৃতির মধ্য দিয়া প্রবাহিত হইয়া, পূর্বতীরে চবিবশ পরগণা ও পশ্চিমকূলে হুগলী ও মেদিনীপুর জেলা রাথিয়া, সাগরদ্বীপের দক্ষিণে বঙ্গুসাগরের সহিত মিলিভা হইয়াছে। ফলভঃ ভাগ্লিরথী নদীয়ার পশ্চিম দীমা বহিয়াই প্রবাহিত হইতেছে।

জলঙ্গী।—জলঙ্গী পদ্ধা হইতে নিঃস্তা হইয়া, অতীব বক্তভাবে কিছুদ্র পর্যান্ত নদীয়ার উত্তর পশ্চিম প্রান্ত বহিয়া গমন করতঃ, রুফ্টনগর ভেদ করিয়া, নবদীপের অপর পারে ভাগিরখীর সহিত মিলিতা হইয়াছে। এই সঙ্গমন্তন ইইতেই ভাগিরখী হগলী নদী নাম গ্রহণ করিয়াছে।

মাথাভাঙ্গ।—যে স্থানে জনজী পদা হইতে বিশিষ্টা হইয়াছে

ভাহার দশ মাইল দক্ষিণে আসিয়া, মাগাভাকা পদা হইতে নিঃসারিতা হইরাছে এবং প্রথমে ইহা কিয়দ,র পর্যান্ত দক্ষিণ পূর্কাভিস্থে গমন করিয়া, ভাবশেষে অতীব তির্যাকভাব অবলখন করতঃ দক্ষিণ পশ্চিমাভিস্থী হইয়া, রামনগরে উপস্থিত হইয়া, পরে, নবদীপ রাজগণের ভূতপূর্বে রাজধানী মাটিয়ারির নিকটে যে স্থানে মাথাভাঙ্গার অর্দ্বস্তাকারের বাঁক উৎপন্ন হইয়াছে, ভাহারই পূর্বভীর হুইতে কবতক্ষ বা কপোতাক্ষ নামক শাখা দক্ষিণ পূর্বাভিমূখী হুইয়া যশোহরের মধ্যে প্রবেশ করিয়াছে এবং মেকেশপুর, কোটটাদপুর ও চৌগাছার মধ্য দিয়া, ঝিঁকারগাছায় হরিহর নদের সহিত মিলিতা হইয়াছে; পরে, গদধালি, विस्मारिनी, ठाना, क्रिनम्नि, कांग्रिभाषा, ठामशानि ७ প্রভাপনগরের मध ুদিয়া, সুন্দরবনে প্রবেশ করিয়াছে এবং তথার নানা শাখার বিভক্ত হইয়া, বঙ্গোপদাগরে পতিত হইর্নাছে। এদিকে, মাথাভাঙ্গা রামনগর হইতে দক্ষিণ পশ্চিমাভিমুখী হইয়া রুঞ্চগঞ্জে উপস্থিত হইয়াছে। পরে, চূর্ণী ও ইছামতী এই ছই শাখাস বিভক্ত হইয়াছে। চূর্ণী দক্ষিণ পশ্চিমাভিমুখী হইয়া, সাম-কোরানী, উলা ও রাণাঘাটের তিতর দিয়া হরধামের নিক্ট ভাগিরথীর সহিত মিলিতা হইয়াছে। এদিকে ইছামতী ক্রমাগত দক্ষিণপুশ্চিমবাহিনী ইইয়া, গোপালনগর, বনগ্রাম ও চাঁছড়িয়ার মধ্য দিয়া আসিরা চারঘাটের কিঞিৎ পূর্বে ব্যুনার সহিত মিলিতা হইয়া ইছামতী নাম পরিগ্রহ করতঃ কলিক, বাছড়িয়া, ভারাগণিয়া, বসীরহাট, টাকি, হাঁসানাবাদ ২৭ দেবহাটার মধ্য দিয়া কালিগঞ্জে উপস্থিত হইয়াছে। পরে, উহারই অনতি নিকটে বারকুলিয়া, কালিদ্দী ও ইছামতী এই তিন শাধায় বিভক্ত হইয়া, সুদ্দরবনে প্রবেশ করিয়াটে; পরে, তথায় নানা শাখায় বিভক্ত হইয়া. বঙ্গোপদাগরে পতিত হইতেছে!

ষম্না নদী। পৌরাণিক মতামুসারে ষম্না নদী হরিদার হইতে উৎপন্ন
ইইরা, উত্তর প্রয়াগে (মৃক্তবেণী বা এলাহাবাদে) গঙ্গার সহিত মিলিতা
হইয়াছে। পরে দক্ষিণ প্রয়াগে (প্রহান হদের দক্ষিণাংশে মৃক্তবেণীতে)
গঙ্গা হইতে বিলিন্টা হইয়া কাচড়াপাড়ার নিকটে বাগের খাল ভেদ করিয়া,
ক্রনাগত পূর্বাম্বী হইয়া, সোনাখালি, বীকুউ, চৌবাড়িয়া, সাতবেড়িয়া, জলেখর
ধর্মপুর, শ্রীপুর, মাটকোময়া, নাইগাছি, ইলিকপুর, ইচ্ছাপুর, বালিনী, গৈপুর,

গোবরভাকা, পর্টেশপর, বোষপুর ও চারঘাটের নিয় দিয়া, চারঘাটের কিছু পূর্ব্বে ইচ্ছামতীর সহিত মিলিতা হইরাছে। কুশ্দীপের অনেকগুলি প্রামই ইহার তীরবর্তী ও নিকটস্থ। কুশ্দীপে এই বম্না ব্যতীত নৌকাদিগমনোপঘোগী অন্ত কোন নদী দেখিতে পাওয়া বায় না। ইহার সহিত আরও হইটা নদী সন্ধিলিতা হইরাছে। উহাদের মধ্যে একটার নাম টেকরার ধাল এবং অপরটী চাল্লিয়া। টেকরার ধাল আজিও বর্ত্তমান রহিয়াছে; কিছু চাল্লিয়া একণে বিল্পু হইরা বহুতর বিল থালে পরিণত হইয়াছে। কিছু পূর্বে এই উপনদী বেমন বরুলোতা, তেমনই বৃহৎ বৃহৎ নোকাদি গমনাগমনের উপযোগিনী ছিল। বে অংশ আজিও চাল্লিয়া নায়ী জ্লাভ্মিতে পরিণত হইয়া রহিয়াছে, তাহাতে সময়ে সময়ে অনেক ভয় নোকাদি গাওয়া গিমা থাকে। কথিত আছে, পূর্বের্ব এই নদী পার হইবার সমন্ধ এক দিনের আহারোপবোগী চাউল ও ইড়ি লইয়া বাইতে হইড। তজ্জ্রেই ইহায় নাম চাউল্হাঞ্জিয়া বা, চাল্লিয়া ছইয়াছে। খাঁটুয়ায় পূর্ব্ব আতে বে বামোড় দেখিতে পাওয়া বার, অনেকেই বলেন, তাহা, এই চাল্লিয়ারই অংশ বিশেষ এবং উহাই কঙ্কণাকায়ে মেদিয়া নামক স্থান বেইন করিয়া রহিয়াছে বলিয়া উহার নাম কছণা হইয়াছে।

চার্থাটের পূর্বাংশে যম্না ইচ্ছামতীর সহিত মিলিতা হইরাছে বটে, কিছে পৌরাণিক মতে জনেকের বিখাদ বে যম্না ইচ্ছামতীর সহিত মিলিতা হইরা গলার জার শ্বরং বুলোপনাগরে পতিত হইরাছে। তজ্জল, টাকীর নিম্নে বে শ্রোত্থিনী প্রবাহিতা হইতেছে, তথাকার লোক তাহাকে ইচ্ছামতী না বলিয়া ব্যুনা বলিয়া থাকে। তত্রত্য জাধিবাদিগণের বিখাদ বে, টাকী ও প্রীপুরের নিম্নন্থা নদী, যম্না ও ইছামতীর সম্মিলিত শ্রোত । শ্রীপুরের নিম্ন দিয়া যে শ্রোত গমন করিয়াছে, তাহাই ইছামতীর শ্রোত এবং টাকীর নিম্ন দিয়া যে শ্রোত গমন করিয়াছে, তাহাই ব্যুনার শ্রোত। জারাক্রের সময় এই শ্রোতশ্বিদীয় মধ্যস্থলে একটা জলের রেথা পরিদ্ধি হইয়া থাকে। লোকে উহাকেই উভন্ন নদীর পার্থক্য-নির্মাপকা রেখা বলিয়া নির্দেশ করে। এতন্তিয়, প্রীপুরের কোন ও হিন্দুর প্রাণ বিয়োগ হইলে, প্রীপুরের লোকেরা তাহার সংকার শ্রীপুরে না করিয়া, তাহার শব নৌকাবোগে টাকীতে লইয়া পিয়া থাকেন এফ টাকীর পারেই তাহার দাহকার্য্য সম্পুর্ণ করেন। ইহাতেও স্পন্ত প্রতীর্মান ক্ইতেছে

মুক্তবেণীর বিশ্বোগ স্থল হইতে ষমুনা ভাগিরখী হইতে বিশ্লিষ্ঠা হইয়া, চার-ঘাটের পূর্বে ইচ্ছামতীর সহিত সন্দিলিতা হইয়া এক খোগে সাগরসঙ্গমে গমন করিলের্ড, উক্ত সন্মিলিত প্রোতের নাম ইচ্ছামতী হয় নাই। উহা উভন্ন নদীরই সন্মিলিত প্রোত।

যাহাহউক, আজি কালি নিজ যম্না অর্থাৎ ভাগিরণী হইতে চারঘাটের প্রাংশত্ব নদীর অবস্থা নিতান্ত শোচনীয় হইয়া উঠিয়াছে। স্থানে প্রভালা চড়া পড়িয়াছে যে, বর্ষাকালেও নৌকাযোগে এই নদী বহিয়া গোবরডালা হইতে ক'চড়াপাড়া বা মদনপুর যাইতে পারা যায় না। কিন্তু ইতিপূর্ব্বে আনেকেই গোবরডালা হইতে নৌকাযোগে এই নদী দিয়া মদনপুরে গমনাগমন করিতেন এবং তথা হইতে ইপ্তার্গ বেঙ্গলার্জনাও ছায়া যে দিকে ইচ্ছা সেই দিকেই যাইতে পারিতিন। কলিকাতা হইতে অনেক বাণিজ্য পোতও তথন এই পথে গমনাগমন করিত। এতন্তিয়, স্থান্থবনের মধ্য দিয়া খাল পথে হাসনাবাদ উত্তীর্গ হইয়া টাকীর পথেও লোকে কলিকাতা হইতে গোবর-১ ডালার আগমন করিত। নানাবিধ, পণ্যজ্ঞান্তও তথন এই পথে কলিকাতা হইতে গোবর-১ ডালার আগমন করিত। নানাবিধ, পণ্যজ্ঞান্তও তথন এই পথে কলিকাতা হইতে গোবর-১ ডালার আগমন করিত। কিন্তু আজি কালি এক থানি জেলে-ভিলীও এই পথে গতায়াত করিতে পারে না।

তৈরব নদ। আমরা আর একটা নদীর নামও শুনিতে পাইরা থাকি।
সেই নদীতীরত্ব কোন কোন নগরের সহিত্ত আমাদিগের কুশ্দীপবাসী ব্যবদায়ী তান্দ্লীগণের অনেক ব্যবসা কার্য্য নির্নাহ হয়। উক্ত নদী তৈরব নদ
নামে প্রসিদ্ধ। উক্ত নদ চৌগাছার কিছু উত্তরে কবতক্ব হইতে নিঃস্থতা হইয়া,
দক্ষিণপূর্ব্য সূথে পমন করত যশোহরের ভিতর দিয়া প্রবাহিত হইতেছে।
এক সময়ে এই প্রোত্তরতী যশোহর জেলার বাণিজ্যোপযোগিনী প্রধান নদী
ছিল; কিন্তু বিগত শতাব্দীর শেব ভাগে উহার মূলদেশে চড়া পড়িতে আরম্ভ
হয়। আজি কালি যদিও ইহাতে জোয়ার ভাঁটা খেলিয়া থাকে, তথাপি
বাসন্তিয়ার নিয় পর্যান্ত উহা গ্রীম্মকালে এককালে শুদ্ধ হইয়া য়ায় এবং ভীষণ
বর্ষাকালে থাল অপেক্ষা অধিক প্রশন্ত থাকে না। যশোহরের অনতি দূরবর্ত্তী
বাসন্তিয়ার নিয়ে আজিও ইহা সমধিক প্রবল ও ইহাতে অনেক দেশীয় পণ্যজাতপূর্ব্ব নৌকাদির স্মাগম দেখিতে পাওয়ান যায়। ইহার তীরে যে সকল

বন্দর ও বাণিক্যস্থান আছে, তাহাদিগের মধ্যে মশোহর, রাজহাট, রূপদিরা বাসন্তিয়া, নপাড়া, ফুলতলা, সেনহাটি, খুলনা, সেনবাজার, আলাইপুর, ফ্রির-হাট, বাগেরহাট ও কচুয়া প্রধান।

হরিহর নদ। যশোহরের আর একটা নদীর সহিতও কুশদীপবাসী ব্যবসায়িগণের বিশেষ সম্বর্ধ দেখিতে পাওয়া বায়। এই নদ পূর্বে ঝিঁকারগাছার
উত্তরে কবতক হইতে বহির্গত হইয়া, দক্ষিণ পূর্বাভিমুখে গমন করতঃ, মিণিরামপুর ও কেশবপুরের নিম্ন দিয়া, ভদ্রা নদীতে পতিত হইয়াছে। ইহার
মূলদেশও ভৈরব নদের স্থায় এককালে মজিয়া গিয়াছে এবং মিণিয়ামপুর
অঞ্চলে উহাতে এক্ষণে আবাদ হইতেছে। মূল নদীগর্ভ এক্ষণে এক বিলে
পরিণত হইয়া রহিয়াছে। কিন্তু কেশবপুর হইতে ত্ই ভিন মাইল দুরে
জোয়ারের সময় এই নদীতে নৌকাদি গমনাগ্মীন করিয়া থাকে।

পূর্ব্বোক্ত বমুনা নদী ভিন্ন, কুশহীপে বামোড়, থাল ও বিল অনেক দেখিতে
পাওদা বাদ। দেই লকলের মধ্যে খাঁট্রার বামোড়, রামনগরের বামোড়, ড্নোর বামোড়, কুলের বিল, বায়সার বিল, রুরের বিল, রুরাথাল ও চালুন্দিযার বিল প্রভৃতি প্রধান। এই লকল থাল ও বামোড়ে অনেক মংভা পাওয়া যার।

মংশ্বব্দা।—এথানকার কোন এক প্রামের সমস্ত অধিবাদী শুদ্ধ ধীবরের ব্যবদা করিয়া জীব্রিকা নির্মাহ করে না। প্রায় অধিকাংশ প্রামেই হই চারি ঘর ধীবর বাস করিয়া থাকে। কুশদীপের প্রায় সকল বামোড় ও বিল থাল হইতেই মংশ্র ধরা হইয়া থাকে। ইছামতীতে এই কার্য্য অধিক পরিমাণে হইয়া থাকে এবং বর্ষাকালে তথা হইতে প্রায় প্রতিদিন বহুসংখ্যক ইলিশ মংশ্র এত-দঞ্চলে আমদানি হয়। ইলিশ মংশ্রের কার্য্য বর্ষাকালে আরম্ভ হইয়া প্রধানতঃ শীতের প্রাক্তাল পর্যান্ত চলিয়া থাকে। এই প্রদেশের কোন কোন ধীবর শুক্তি ও লোগা মংশ্রের ব্যবসাও করিয়া থাকে। মংশ্রের ব্যবসার নিমিত্ত প্রত্যেক বামোড় ও বিল থালের অধিস্থামিগণ স্ব স্থ জলকর কোন এক নির্দিষ্ট হারে জমা দিয়া থাকেন। ইহাতেও জাহাদের প্রচুর আয় হয়। কিন্ত হারে জমা দিয়া থাকেন। ইহাতেও জাহাদের প্রচুর আয় হয়। কিন্ত হারে জমা দিয়া থাকেন। ইহাতেও জাহাদের প্রচুর আয় হয়। কিন্ত হারের জমা দেয়া থাকেন। ইহাতেও জাহাদের প্রচুর আয় হয়। কিন্ত হারের জমা দেয়া থাকেন। ইহাতেও জাহাদের প্রচুর আয় হয়। কিন্ত হারের জমা করমা ও জমীনারগণের প্রধান আয়ের উপায়ভূত, জাহার প্রতি ভাহারা বিন্দুমাত্রও দৃষ্টি রাধিন না;

প্রত্যুত, এই সকল জলাশরের জল অপরিশ্বত ও শৈবালময় করিয়া রাখিয়া, বর্ষে বর্ষে অগণ্য জীবের প্রাণবায় হরণ করিয়া থাকেন। সেই সকল জলাশয় পরিষ্কার করিবার জন্ত একটি পয়সা ব্যগ্ন বা বিন্দুমাক্র আয়াস স্বীকার করিতেও তাঁহারা কষ্ট বোধ করেন।

বক্তরত্ত ।—নেকড়ে বাঘ ও বক্ত শৃক্র এতদঞ্চলে অনেক দেখিতে শাওরা বার। "মধে মধ্যে শীনগর প্রভৃতির জঙ্গল হইতে বড় বড় ব্যায়ও আদিরা থাকে। বক্ত কুরুট ও বক্ত রাজহংসও বিল খালে অনেক বিচরণ করে। বিষধর সর্প চারিদিকে অগণ্য দেখিতে পাওরা বার এবং প্রতি বর্ষে হই নশ অন অধিবাসীর প্রাণবায়্ত হরণ করিয়া থাকে। ইছামতীতে কুন্তীরাদি অনেক জল জন্তুও আছি। ব্যায় ও কুন্তীর মারিয়া শিকারীরা মধ্যে মধ্যে গবর্ণমেণ্ট হইতে বিলক্ষণ প্রস্কার লাভ করিয়া থাকে। কিন্তু হুংখের বিষয়, সাপুড়েরা বিষধর সর্প ধরিয়া গবর্ণমেণ্টের নিকট হইতে একটী পর্যাও প্রস্কার পায় না।

প্রাকৃতিক জাতি বিভাগ।—কুশদীপে কর্টী জাতি দেখিতে পাওয়া ব যায়। যথা,—

- (১)। বার্গালী জাতি। অধিবাসিগণের মধ্যে ইহাদের সংখ্যাই শঞ্জি এবং ইহারাই প্রকৃত অধিবাসী বলিয়া পরিজ্ঞাত।
- (২)। মুসলমান জাতি। ইহাদের মধ্যে করেক ঘর পাঠান বংশীর ব্যতীত অপর সকলেই বালাগী। অধিবাসিগণের মধ্যে মুসলমানের সংখ্যা অত্যন্ত অধিক। সামাজিক অবস্থানে, ইহাদের অবস্থা তাদৃশ উরত নহে। উহাদের মধ্যে কেহ কেহ সামাজ সামাজ তালুকদার ও ব্যবসারী। কিন্ত হিন্দুগণের অপেকা মুসলমানগণের অবস্থা অত্যন্ত হীন। এতদক্ষলে মুসলমানের সংখ্যা অধিক হইবার কারণ এই বে, মোগস সামাজ্যের পূর্বের, পাঠানেরা বলদর্শে অনেক হিন্দুকে মুসলমান করিয়াছিলেন; তাহাদের সম্ভান সম্ভতিগণ ক্রমশঃবৃদ্ধিত হইয়া, এই শ্রেণী সমধিক সবল করিয়াছে। এ অঞ্চলে মুসলমানগণের যতগুলি সম্প্রদার দেখিতে পাওয়া বায়, সেই সকলের মধ্যে 'করাইজি' বা 'সরাই' দল সর্বাপেকা বিধ্যাত ও পরাক্রান্ত। কিন্ত ইহারাও সাধারণ করিজীবিগণের সাম হলটোলন করিয়া, জীবিকা নির্বাহ করে। প্রায় হণাহের বৎসর গত হইলা, তিতু মিঞা নামক ইহাদের জনৈক দলপতি কন্তকগুলি সরা একতা করিয়া,

চবিবশপরগণার অন্তর্গত নারিকেলবেড়ে নামক গ্রামে বিদ্রোহী হয় এরং অচিরাৎ বিটাশ অগ্নিবাণে ভত্মীভূত হইয়া প্রাণত্যাগ করে।

- (৩)। বুনা জাতি।—বাঙ্গালার পশ্চিমভাগন্থ সাঁওতাল প্রভৃতি বন্থ বা পাহাড়ী জাতি। ইহারা সচরাচর বাঁকুড়া, বীরভূম, হাজারিবাগ, ভাগলপুর ও ছোট নাগপুর প্রদেশ হইতে আসিয়া, এ প্রদেশে বাস করিতেছে। যে সময়ে এ প্রদেশে প্রথমে নীলের চাস ইউরোপীয়গণ কর্তৃক বহুলপরিমাণে স্থারম্ভ হয়, সেই সময় হইতেই ইহারা এদেশে আসিতে আরম্ভ করিয়াছে। ইহাণের মধ্যে যাহারা অপেকাকত অবস্থাগন্ন, তাহারা প্রধানতঃ মুটিয়া ও ক্ষকের কার্য্য করিয়া জীবিকার্জন করে। কিন্তু যাহারা অপেকাকত হীনাবন্ধ, তাহারা যাম্বড়িয়া, ঝাড় দার প্রভৃতির কার্য্য করে।
- (৪) রাজপুত।—ইহারাও পশ্চিম দেশ হইতে আদিরা এ প্রদেশে বার্স করিতেছেন। সামাজিক অবস্থানে রাজপুতগণ অতীব উচ্চপদবিশিষ্ট- এবং উহাদের মধ্যে কেহ কেহ জমীদার। ইহারাও অতি অর দিন এ প্রদেশে আগমন করিবার জন্ত, এদেশে আগমন করিবার জন্ত, এদেশে আগমন করিবার জন্ত, এদেশে আগমন করিবার জন্ত, এদেশে আগমন করিবাছিলেন। আপাজতঃ উঁহাদিগের রীতি নীতি ও বেশভ্ষা বাঙ্গালীর ক্লায় হইয়াছে বটে; কিন্তু আজিও উঁহারা বাঙ্গালীদিগের সহিত এককালে স্মিপ্রিত হইতে পারেন নাই।
- (৫) চামার। ইহারাও রাজপ্তদিগের আয় পশ্চিমদেশীর লোক। ইহারা অতীব হীনজাতি এবং সংখ্যাতেও নিতান্ত অল্ল। উপানং প্রস্তত্ত করাই ইহাদের একমাত্র ব্যবসা। ইহারাও অতি অল্লদিন মাত্র এদেশে আগ-মন করিয়াছে।
- (৬) বেদিয়া।—ইহারা এদেশীয় আদিম জাতিবিশেষ। ইহারা না হিন্দু,
 না মুসলমান; অথচ, ইহারা হিন্দু মুসলমান কোন দলভুক্ত নহে। ইতিপূর্বে
 ইহারা ভ্রমণশীল জাতি ছিল। প্রকাশ্যে দিনের বেলায় গণক ও বাজিকার
 প্রভৃতির বেশ ধারণ করিয়া, জীবিকানির্কাহ করিত; কিন্তু রজনীযোগে চুরী
 ও ডাকাইতি করিয়া লোকের সর্বানাশ করিত। ব্রিটীশ গ্রমণিটের অধীনে
 বর্তমান শাসনে যদিও অনেকে তাদৃশ হঃসাহসিক কার্য্যে হস্তার্পণ করিতে
 পারে না; কিন্তু আজিও অনেকে নির্দিষ্ট বাসগৃহ প্রস্তুত করে নাই। ইহারা

আজিও গ্রামে গ্রামে সপরিবারে ভ্রমণ করিয়া বেড়ায়—শিবির মধ্যে বাস করে—পশুপাল চারণ করে—বাজিকারের বেশ ধরিয়াংনানাবিধ ক্রীড়া কৌতুক দেখায়,—কখন বা ভিক্ষাবৃত্তি অবশ্যন করে—এবং স্থ্যোগ পাইলে, দস্যু বা চৌর্যাবৃত্তি করিতেও কুণ্ঠিত হয় না।

শামাজিক জাতি বিভাগ।—বাঙ্গালীদিগের মধ্যে হিন্দু ও মুসলমান উভয়ই দেখিতে পাওয়া যায়। ইতিপূর্কো আমরা মুসলমানগণের বিবরণ সংক্ষেপে বর্ণন করিয়া আসিয়াছি। এক্ষণে কুশ্দ্বীপবাসী হিন্দুগণের তালিকা ও সামাজিক অবস্থানে উহাদের কুশ্মর্যাদা ও ব্যবসায় নিয়ে প্রকটন করিতেছি।

- (১) ব্রাহ্মণজাতি।—হিন্দ্দিগের মধ্যে এই জাতি স্কাপেক্ষা সন্ধান্তবংশীর ও উচ্চপদস্ক। এথানে সচরাচর চারি পাঁচ শ্রেণীর ব্রাহ্মণ দৃষ্টিগ্রোচর হয়। উহাদের মধ্যে রাঢ়ী জাবারেক্স অধিক। জাদশ শতালীতে রাজা ব্রাহ্মণেন এদেশীর ব্রাহ্মণগণকে যে তির তির প্রদেশ নির্দ্ধারিত করিয়া দেন, সেই ভিন্ন তির প্রদেশের নামান্ত্রনারেই উক্ত হুই শ্রেণীর নামকরণ হুইয়ছে। রাঢ়ীর ব্রাহ্মণের প্রথমতঃ ভাগীরথীর পশ্চিম প্রান্তর পরগণা দকল হুইতে এবং বারেক্স ব্রাহ্মণরা প্রান্তর ভূতাগ দকল হুইতে আদিয়াছিলেন। হিন্দু স্মাজে ব্রাহ্মণজাতিই মহামান্ত এবং পোরহিত্য, শান্তান্ত্রশালন, শান্তাব্যাপনা, ভূম্বামির, বাণিজ্য ও দাসত্ব প্রভৃতি দকল কার্যাই করিয়া থাকেন। কোন প্রামে বত কেন জাতিসংখ্যা থাকুক না, উহাদিগের মধ্যে কিয়দংশ ব্রাহ্মণজাতি থাকিবেই থাকিবে। ইহাদের মধ্যে সর্ক্রবিধ অবস্থাপন্ন লোকই দেখিতে পাওয়া যায়।
- (২) বৈদিক ব্রাহ্মণ।—ইহারাও উচ্চপদম্ব ব্রাহ্মণ; ইহাদের মধ্যে এক শ্রেণীর আহার্যাগণ ব্রাহ্মণগণের তম্মেক্ত দীক্ষা প্রদান করেন ও অতীব পূজনীয়। ভট্টপল্লাতেই তাদৃশ ব্রাহ্মণগণের সংখ্যা অধিক। ইহাদের অবস্থা, অস্তান্ত ব্রাহ্মণদিপের অবস্থা অপেক্ষা ন্যুন নহে।
- (৩) আচার্যা।—গ্রহবিপ্র, গণক, দৈবজ্ঞ ও জ্যোতিষী প্রভৃতির কার্যা ইহাদিগের ব্যবসায়। সামাজিক অবস্থানে ইহারা রাঢ়ী ও বারেন্দ্র ব্রাহ্মণগণ অপেকা হীনস্থদন্ত; অবস্থাও তাদৃশ্ উন্নতনহে। পূর্বকালে ইহারা বৈদিক মন্ত্রের ব্যাথ্যাকর্তা ছিলেন। ইহাদিগকে দৈবজ্ঞ বাহ্মণ্ড বলিয়া থাকে। শাস্ত্রে ক্থিত আছে—

উপনীয় তু য: শিষ্যং বেদাধ্যাপয়েৎ দ্বিজঃ। সঙ্কলং সরহস্তঞ্চ তুমাচার্য্যং প্রচক্ষাতে॥

(৪) ভাট বা ভট্ট।—স্তুতিপাঠ ও কুলপঞ্জিকা কীর্ত্তন প্রভৃতি ইহাদিপের জাতীয় ব্যবদায়। সামাজিক অবস্থানে, ইহাদের অবস্থা তাদৃশ্র উন্নত নহে। ইহারাও রাঢ়ী, বারেন্দ্র, বৈদিক, ও আচার্য্য বান্ধণগণ অপেক্ষা হীনপদস্থ। পূর্বাকালে বে বান্ধণ, বেদচভূইনের একথানি কঠন্থ করিতেন এবং মুখে মুখে উহা আদ্যোপান্ত যথায়থ আহত্তি করিতে পারিত্তেন, তিনিই 'ভট্ট' উপাধি লাভ করিতে পারিতেন। শান্তে কথিত আছে,

বৈখ্যারাং শুদ্রবীর্ষ্যেশ পুমানে কো বভূব হ। স ভটো বাবদ্কশ্চ সর্কেষাং স্তৃতিপাঠকঃ॥

- (৫) বর্ণজ ব্রাহ্মণ ।—ইহারা উচ্চশ্রেণীস্থ খ্রাহ্মণ ছিলেন; কিন্তু শ্দের দান গ্রহণ করিয়া এবং শ্দ্রগণের ঘাজন কার্য্য করিয়া হীনপদস্থ হইরাছেন। বাঢ়ীয়, বারেন্দ্র, বৈদিক ও আচার্য্য ব্রাহ্মণগণের সহিত ইহাদিগের চলন নাই। সংব্রাহ্মণগণ ইহাদিগের জলও স্পর্শ করেন না। ইহাদিগের অবস্থা তাদৃশ উৎকৃষ্ট নহে।
- (৬) রাজপুত জাতি।—ইহারাও সর্বাদা সামাজিক ক্রিয়াকলাপের জুমু-ছান করিয়া থাকেন। ভ্রামী, বণিক, রাজদৃত প্রভৃতি পদেও ইহারা অভি-বিক্ত হইয়া থাকেন। সামাজিক অবস্থানে, ইহারা ব্রাহ্মণগণ অপেকা কথঞিং হীনপদত্ব; কিন্তু অপরাপর জাতি অপেকা সমধিক সমূরত।
- (৭) কেত্রী বা ক্ষত্রিয়।—প্রকৃত প্রস্তাবে ইহারা পশ্চিমদেশীয় বণিক। ইহারা পূর্বতন আগ্য ক্ষত্রিয়গণের বংশধর বলিয়া গৌরব করিশ থাকেন। ইহাদের সংখ্যা অত্যস্ত বিরল।
- (৮) বৈদ্যজাতি।—ইহারা পুরুষাত্বন্দে চিকিৎসা ব্যবসায় অবদন্ধন করিয়া জীবিকাষাত্রা নির্কাহ করেন। কিন্তু এক্ষণে ইহাদিগের মধ্যে অনেকেই বাণিজ্যাদির অনুসরণ করিতেছেন এবং অক্যান্ত সম্রমশালী কার্য্যেও ব্যাপ্ত হইতেইন। ইহারাও সচরাচর সমূরত, ও উৎকৃষ্ট অবস্থানন। সামাজিক অবস্থানে, ইহারা কায়স্থগণ অপেক্ষা উচ্চপদ্ধ নহেন। পূর্বে ইহারা বজ্ঞানিবিত ধারণ করিতেন না; কিন্তু অন্ত্যাদশ শতাকীতে রাজা রাজবল্লভ ইহানিগকে

উপবীত ধারণ করাইয়াছেন। সামাজিক নেয়মানুসারে এই উপবীত কটিদেশে ধারণ করিবার অধিকার আছে ; কিন্তু কালধর্মে আজি কালি অনেকেই ব্রাহ্মণ-গণের স্থায় স্করদেশেই উপবীত ধারণ করিতেছেন। ইহারা প্রাণোক্ত কংস-কাব, শঙাকার ও গন্ধবণিকের স্থায় বর্ণশঙ্কর জাতি। ইহারা বৈশ্রার গর্ভে ও ব্রাহ্মণের ঔরদে জন্ম গ্রহণ করেন। শাস্ত্রে উক্ত হইয়াছে—

বৈশ্যায়াং ব্ৰাহ্মণাজ্জাতো অম্বৰ্ছোগান্ধিকে। বণিক্। কংসকারশুঝকারৌ ব্রাহ্মণাৎ সংবভূবতুঃ ॥

- (৯) কায়স্থ। —ইহারা শূদ্রগণের মধ্যে সর্কোংকৃষ্ট জাতি; আদিশ্র ্বাজার যজ্ঞকালে ইহাদের আদিপুক্ষগণ কান্তকুজ হইতে, আগত পঞ্চ-ব্রাহ্মণের প্রিচারক বেশে এদেশে সমাগত হইয়াছিল। পরে রাজা বল্লালসেনের সময় হইতে ইহারাও কৌলীভ মর্যাদা প্রাপ্ত হইয়াছিল। ফলতঃ ইহারা ব্রাহ্মণগণের উপর অতীব ভক্তিমান। ব্রাহ্মণগণও ইহাদের পরিচর্য্যায় অতীব সম্ভূট। সামাজিক অবস্থানে, ইহারা সম্ধিক সমুনত এবং ইহারাই কেরাণী, মুত্রী, দেওয়ানী ও ফৌজদারী সংক্রাস্ত উচ্চ কর্মচারী, তালুক্দার, বণিক ও বছবিধ সম্রমশালী কার্য্য করিয়া জীবিকা নির্মাহ করেন। ব্রাহ্মণগণের নিমেই ইছা-দিগের আসন প্রদত্ত হয়। সামাজিক আচার, ব্যবহার, রীতি, নীতি ও শাস্ত্রীয় ক্রিয়াকলাপের অনুষ্ঠানে ইহারা সম্পূর্ণরূপে ব্রাহ্মণগণেরই অনুকারী। অধ্যয়ন ও অধ্যাপনাতেও ইহারা গ্রাহ্মণগণ অপেকা ন্যুন নহেন। ছেবে, বেদপাঠে ইহা-দিগের অধিকার নাই।ইহাদিগের গৃহের বালবিধবাগণ ও বেরূপ ত্যাগ স্বীকার ক্রিয়া কঠোর ব্রহ্মচারিণী হন, তাহাতে তাঁহাদিগকে ব্রাহ্মণের বিধ্বা জ্ঞান হয়।
 - (১০) ' গন্ধবণিক । —ইহারা নানাবিধ মদলা বিক্রম ও দোকানাদি করিয়া, জীবিকা নির্দ্ধাহ করে। ইহাদের অবস্থা মধ্যবিধ। ইহারাও বৈভগণের ন্তায় পারাণিক বর্ণশঙ্কর জাতি।
 - (১১) আগুরি বা উগ্র ক্ষত্রিয় ৷—ইহারা উচ্চশ্রেণী স্ কৃষিজীবী ; ইহাদের অবস্থাও সম্ধিক সমূলত। ইহারা আধুনিক জাতি।
 - (১২) বাক্ই বা বাক্জী।—ইহারা পান আবাদ ও বিক্রয় করিয় জীবন ্যাত্রাসুনর্বাহ করে। ইহারা সচরাচর নির্দ্ধন। ইহারা পরাশর সংহিত্যেক নবশায়কের অন্তর্গত সংকীর্ণ জাতি। শান্তো ক্রথিত আছে—

্রোপোমানী তথা তৈনী তন্ত্রী মোদকবারুজী। কুলানঃ কর্মকারুচ নাপিতো নবশারকাঃ॥

পরাশর সংহিতার পূর্জোক্ত সদ্যোপ, মালাকার,তেলি, তাঁতি, ময়রা, বারুই, কুম্বকার, কর্মকার ও নাপিত, এই নয় জাতি নবশায়ক নামে, প্রসিদ্ধ। ইহারাও সংকীর্ণ জাতি বটে, কিন্তু ইহারা সংশুক্ত এবং ইহাদের জল আহ্মণ প্রভৃতির আচরণীয়।

(১৩) তাদুলী।—পান প্রস্তুত করিয়া বিক্রয় করাই ইহাদিগের প্রধান , উপদীবিকা। ইহাদের প্রায় সমন্ত লোকই পৈতৃক ব্যবদা পরিত্যাগ করি মাছে এবং একণে চিনি ,ও নানাবিধ ব্যবদার অবলয়ন ও বৃহৎ বৃহৎ দোকানাদি করিয়া জীবিকা নির্বাহ করিতেছে। ইহাদের অবস্থা অতীব সম্মৃতু। ইহাদের অধিকাংশই প্রচুর ধনশালী। ফলতই ইহাদের আঁয় বাণিজ্য-প্রিয় ও ব্যবদার-বৃদ্ধি-সম্পন্ন জাতি হিন্দ্দিগের মধ্যে অতি অরই দেখিতে পাওয়া যায়।
ইহারা অত্যন্ত সঞ্চয়ী ও কৌলিক প্রথার অনুগামী। শান্তীয় ক্রিয়াকাণ্ডেও ইহাদের যার পর নাই প্রনা দেখিতে পাওয়া যায়। কিন্তু আজি কালি তুই চারিটি বিলাসী নব্য বাব্ও ইহাদিগের মধ্যে শিরোভোলন করিয়াছে। ইহারা আধুনিক বর্ণশঙ্কর জাতি।

^{*} কুশদীপৰাসী মাননীর প্রীযুক্ত বাবু দুর্গাচরণ ভূতি মহাশয়, নিয়লিখিত ত্রি-অবয়বঅমুমান-বাক্যামুসারে প্রমাণ করিয়াছেন বে, তালুলীজাতি পূর্বাতন বৈশাবর্ণ বলিয়া পরিগৃহীত, পূর্বতন বৈশাগণের ন্যায় উপাধি ও উপবীতধারী এবং সেইয়প নদাচার সম্পন্ন
হওয়া একান্ত আবশাক। তিনি বলেন, তালুলীগণ বর্ণসকর হইলেও, পূর্বকালীন অমুলোম
বিবাহামুসারে বৈশাবর্ণ ভিন্ন অন্য কোনও বর্ণ বলিয়া প্রতিপন্ন হইতে পারে না। মাননীয়
ভূতি মহাশয় স্পষ্টাক্ষরে ও অতি প্রশংসীয়য়পে প্রতিপাদন করিয়াছেন বে,

১। পুর্নকালে গুণামুসারে বর্ণভেদ হইত ;

২। বাঙ্গালার পথিকাংশ বঙ্গায় সংশূদ্র বৈশ্য গুণায়িত ; 💛 🕟

৩। হতরাং অধিকাংশ বঙ্গীর সংশূদ্র বৈশ্যত লাভ করিতে পারে;

পূর্বোক্ত ত্রি-অবয়ব-অত্মান বাক্যাত্রসারে দেখা যাইতেছে, বঁখন তাঘুলীগণ বসীয়
সং-শূস বলিয়া পরিচিত, তখন উহাদিগের বৈশাস লাভ অবশাই অশাস্ত্রীয় ও অনুধিক্ত,
নহে। আময়া বলি, বসীয় সং-শূসমাত্রেরই এইরূপ শূমভাব পরিত্যাগ ও পৌরাণিক

- (১৪) তেলী বা তৈলী।—তিলাদি শদ্যের ব্যবসায়ই ইহাদিগের প্রধান উপজীবিকা; ইহারাও তামুলীগণের স্থায় ব্যবসাপ্রির। ইহারাও গৈতৃক ব্যবসা ত্যাগ করিয়াছে এবং জ্মীদারী ও ব্যবসা বাণিজ্য করিয়াই জীবিকা নির্কাহ করিয়েছ। ইহারাও ধনশালী ও ক্ষমতাপন্ন এবং পরাশর সংহিত্যেক্ত নবশায়-
- (১৫) সদ্যোপ।—ইহারা ক্তবিজীবী ও স্চরাচর নির্দ্ধ। ইহারাও স্বশায়কের অন্তর্গত সংকীর্ণ জাতি। পুরাণে ইহারা গোপ নামে প্রাসিম।
 - (১৬) মালাকার বা মালী।—ইহারা উদ্যান রক্ষক, ফুল বিক্রেতা ও মালা প্রস্তুকারী। ইহারা সচরাচর নির্দ্ধন। ইহারাও নবশায়কের অন্তর্গত এবং পুরাণোক্ত বট্ শিলীর মধ্যগত বর্ণশঙ্কর জাতি। শাঙ্কে লিখিত আছে,—

অর্থাৎ বিশ্বকর্মা শ্লার গর্ভে বে গর্ভাধান করেন, তাহাতে ছর পুত্র জন্ম গ্রহণ করে। সেই ছয় পুত্রের বংশধরেরাই ক্রমান্তরে মালাকর, কর্মকার, শন্ধকার, কুবিন্দক (তাঁতি), কুন্তকার ও কংসকার এই ছয় প্রকার শিরী বলিয়া প্রসিদ্ধ হয়। ইহারাই পৌরাণিক শিরী জাতি।

আর্থান্তাব আগ্রির জনা; কারমনোবাকো চেষ্টা করা উচিত। হিন্দুধর্মাবলবী হিন্দুলাতির মধ্যে এই পৌরাণিক আর্থান্তাব মতই সংক্রামিত হইরা আসিবে—বতই হিন্দু আগনাকে হিন্দুবালার চিনিতে পারিবেন—যতই হিন্দুর স্পবিত্র স্থানির সকল দৃচ্মুল হইরা, কল্বিত বর্তমান হিন্দুসমাল নথো চিরপ্রোথিত ও বছমুল হইতে থাকিবে—ততই অধংপতিত হিন্দুর প্রীবৃদ্ধি সাধিত হইবে। আলি কালি বেরূপ দেখিতে পাওয়া বাল, তাহাতে সহজেই বোপে হর, যেদ বৈশ্যবর্ণ বাঙ্গালার হিন্দু সমাজ হইতে এককালে নিছাশিত ও বোপপ্রাপ্ত হইন্যাছে। কিস্তু বন্ত্রগত্যা তাহা নহে;—বৈশ্যবর্ণ এইরূপে সংশ্রমগুলীর সহিত সংমিত্রিত হইয়া রহিয়াছে। সেই জনা, যাহাতে এই স্ক্রীণ্ডা বিদ্বিত হইয়া, বর্তমান সমাজ সংস্কৃত ও প্রিত্র হয়়, তজ্জনা চেষ্টা করা, বন্ধীর সংশ্রম্ ও আর্থাসমাজ সংস্কৃত ও কর্তবা।

- (১৭) কামার বা কর্মকার । —ইহারা লোহগঠন কারক; কেহ কেহ সর্বের অলুঙ্কারাদিও প্রস্তুত করে। ইহাদের অবস্থা মধ্যবিধ। কামার ও শেকরা উভয়ই নবশারক ও ষট্ শ্বিলীর অন্তর্গত সংকীর্ণ জ্ঞাতি; বৃত্তিভেদে ইহাদের আখ্যা বিভিন্ন হইয়াছে। পরাশর সংহিতার উভয় জ্ঞাতি - কর্মকার নামে প্রাসিদ্ধ।
- (১৮) শেকরা বা স্বর্ণকার।—ইহারা স্বর্ণ রৌপ্যাদির অলঙ্কার প্রস্তুত ক্রিয়া জীবিকানির্কাহ করে। ইহাদিগের মধ্যে কেহ ক্লেছ লৌহের গঠনও প্রস্তুত করিয়া থাকে। ইহারা সচরাচর মধ্যবিধ অবস্থাপর।
- (১৯) কাঁসারি বা কংসকার বা কাংস্য বণিক্।—ইহারা কাঁসা ও পিত্তলের তৈজস প্রস্তুত করিয়া সংসার যাত্রা নির্বাহ করে। ইহাদের অবস্থা অপেক্যুত কত উন্নত। ইহারা প্রাণোক্ত ছম প্রকার শিল্পীর মধ্যে অক্সতম এবং নবশারকের অন্তর্গত বর্ণশঙ্কর জাতি।
- (২০) কুমার বা কুস্তকার।—ইহারা মৃথার পাত্র ও মৃত্তিকার মৃত্তি প্রস্তুত কারী। ইহারাও সচরাদ্র মধাবিধ অবস্থাপর। ইহারা নবশায়কের অন্তর্গত ও পুরাণোক্ত ষট্ শিলীর মধাগত বর্ণশঙ্কর জাতি।
- (২১) শাঁথারি বা শভাকার বা শভাবণিক।—ইহারা শভাের গঠন প্রস্তুত-কারী। ইহাদের অধিকাংশই নির্নন। ইহারা পুরাণাক্ত ছয় প্রকার শিলীর মধ্যে অন্ততম এবং এবশায়কের অন্তর্গত বর্ণাক্তর জাতি।
- (২২) তন্তবায় বা তাঁতি।—ইহারা বস্ত্র-বয়ন করিয়াই জীবিকা নির্কাই করে। ইহাদের অবস্থা অপেক্ষাকৃত উন্নত। ইহারা পুরাণোক্ত বৈদ্যজাতির তায় বর্ণাকর বট শিলীর অন্যতম ও নবশায়কের অন্তর্গত জাতি।
- (২৩) ময়রা বা মোদক।—ইহারা নামাবিধ মিষ্টান্ন প্রস্তুত ও বিক্রন্ন করে। ইহারা সচরাচর মধ্যবিধ অবস্থাপন। ইহারাও নবশারকের অন্তর্গত সংকীর্ণ জাতি।
- (২৪) নাপিত।—ইহারা ক্ষোরকর্ম করিয়া জীবিকা নির্মাহ করে। ইহারা সচরাচর নির্দান। ইহারা নবশায়কের অন্তর্গত সংকীর্ণ জাতি।

নিম্ন লিখিত কমটী জাতি অপেক্ষাকৃত অৱ সম্ভাস্ত ; কিন্তু এককালে স্থাণিত বা অপুশ্ৰ নহে।

- (২৫) গোপ বা গোয়ালা।—ইছারা ধেমুপালক ও ধেমুরক্ষক, এবং ছগ্ধ ও নবনীতাদি থিক্রয় করিয়া জীবিকা নির্দ্ধাহ করে। ইছারা প্রায়ই নির্দ্ধন।
 - (२७) (काइँदी। ইহারা कृषिजीवी; किंख अध्य निर्मन।
 - (২৭) কুর্মী।—ইহারা ক্ষিজীবী ও সচরাচর নির্দ্ধন।
- (২৮) কৈবর্ত্ত।—ইহারা জোৎ জমা রাখিয়া থাকে, এবং সামান্ত সামান্ত বাণিজা ব্যবসাও করিয়া থাকে। ইহাদের কেহ কেহ রুবিজীবী ও ভূতা। শান্তান্ত্রসারে ইহারা প্রথমে মংশুজীবী ছিল। কিন্তু আজি কালি ইহাদের অতি অল সংখ্যক লোকই উক্ত ব্যবসা করিয়া থাকে। এই জাতি বঙ্গদেশের সর্বত্রই অগণ্য বাস করিয়া থাকে। ইহারা সচরাচর মধ্যবিধ অবস্থাসম্পন্ন। স্থী পুক্ষেরা প্রধানতঃ প্রত্যহ বাজারে তরকারি ও ফলম্ল বিক্রন্ম করে।
 - (২৯) স্ত্রধর বা ছুতার ।—কাঠের গঠনাদি নির্মাণ করিয়াই ইহারা প্রধানতঃ জীবিকা নির্কাহ করে। ইহারা অধিকাংশই অমিতব্যয়ী ও নির্দ্ধন।
 - (৩০) বৈষ্ণব।—ইহারা কোনও বর্ণ বিশেষ নহে; সম্প্রদায় বিশেষ মাত্র। ইহাদের বিষয় আমরা স্থানান্তকে বিশদভাবে আলোচনা করিব। ইহারা প্রধানতঃ ভিক্ষোপজীবী ও নির্দ্ধন।

িনিয়লিথিত কয়েকটা জাতি দ্বণিত ও উচ্চতম শ্রেণীর অস্পা।

- (৩১) তিলী।—তৈল প্রস্তুত করাই ইহাদিগের প্রধান জীবিকা; কিন্তু আজি কালি অনেকেই পৈতৃক ব্যবদা ত্যাগ করিয়াছে। একণে ব্যবদা বাণিজ্য করিয়াই, ইহারা জীবন্ধাত্রা নির্বাহ করে। ইহারা সচরাচর মধ্যবিধ অবস্থাপর।
 - (৩২) স্থবর্ণ-বণিক।—ইহারা স্থবর্ণ ও রৌপ্য বিক্রন্ধ করিয়া থাকে। ইহা দের মধ্যে অনেকেই বৃদ্ধিজীবী ও জনীদার। ইহাদের অবস্থা অতীব উন্নত। ইহাদের মধ্যে করেক ঘর বিশেষ ধনশালী।
 - ' (৩ং) চাসাধোবা।—ইহারা ক্ষিজীবী ও সচরাচর নির্দ্ধন।
 - (৩৪) গাঁরারি বা গাঁড়াল।—ইহাদের সংখ্যা নিতান্ত অল্ল। সচরচির কবি-কর্মাই ইহাদিগের ব্যবসা। ইহাদের অবস্থা অতীব দ্বণিত।
- ্তিও) শৌণ্ডিক বা শুঁড়ি।—স্থরা প্রস্তুত ও সুরা বিক্রম করিয়াই ইহারা জীবিকা নির্কাহ করে। ইহাদের অবস্থা উন্নত।

- (৩৬) রজক বা থোপা।—ইহারা সাধারণের বস্ত্র পরিষ্কার ও থোঁত করিয়া, জীবিকা নির্কাহ করে। ইহারা সচরাচর নির্দ্ধন।
- (৩৭) যোগী।—ইহারাও এর বন্ধন করিয়া জীবিকা নির্মাহ করে।ইহারাও নচরাচর নির্দ্ধন । ইহাদের মধ্যে কেহ কেহ সংপ্রতি উপবীত ধারণ করিতে আরম্ভ করিয়াছে। কিন্তু সামাজিক অবস্থানে ইহারা ইতিপূর্কে ষেরপ হের ও ঘণিত ছিল, এখনও তাহাই আছে। সাধারণে ইহাদের জল পর্যান্ত স্পূর্ণ করে না।
- (৩৮) কলু।—ইহারা পেষণী যন্ত্রে (ঘানিতে) তৈল নিশোষণ ও বিক্রন্ন করিয়া জীবিকা নির্কাহ করে। ইহারা প্রধানতঃ নির্দ্ধন্ত।
- (৩৯) কপালী বা কাপালিক।—ইহারা গনি ও থনি প্রস্তুত করিয়া জীবিকা ু নির্বাহ করে। ইহারা প্রধানতঃ নির্দ্ধন।
- (৪·) জেলে।—ইহারা মৎস্তজীবী ও নৌকাদি চালনা করিরা থাকে। ইহারা সচরাচর নির্দ্ধন।
- (৪১) মালা।—ইহারাও মৎস্তজীবী ও নৌকাদির চালনা করে। ইহারাও সচরাচর নির্দ্ধন।
- (৪২) গাটনী।— ইহারাও নৌকাদির চালনা করে; কিন্ত ইহারা প্রধানতঃ
 থেয়াঘাটার পারাণি কার্য্য সম্পাদন করিয়া থাকে। ইহারাও নির্দ্ধন।
 - (৪৩) রাজবংশীয় 🖟 ইহারা মংস্যজীবীও কৃষিজীবী। ইহারাও নির্দ্ধন।
- (৪৪) তিওর।—ইহারা মংশুজীবী ও ধীবর জাতীয়। কিন্তু একণে উহারা পৈতৃক কার্য্য ত্যাগ করিয়া প্রায় অনেকেই রাজমিন্ত্রী, কান্তমিন্ত্রী, ঘরামি ও নানাবিধ কার্য্যকলাপ করিয়া, জীবিকা নির্কাহ করিতেছে। ইহারাও-নির্দ্ধন।
 - (৪৫) পোদ।—ইহারা দামান্য মংস্যজী ঝুও ক্ষিকুশন; ইহারাও নির্দ্ধন।
- (৪৬) বেহারা।—ইহারা শ্রমজীবী; প্রধানতঃ ইহারা শিবিকাব্ছন কার্য্য করিয়া দিনপাত করে; ইহারাও নির্দ্ধন।
- (৪৭) রমণী কাহার।—ইহারা শুদ্ধ শিবিকা বহন কার্য্য করিয়া জীবিকা শির্কাহ করে। ইহারাও নির্দ্ধন
- (৪৮) চুনারি।—শস্কাদি ভশ্ব করিয়া চুন প্রস্তুত করাই ইহাদিলার প্রধান উপজীবিকা। ইহারাও নির্দান।

- (৪৯) লাহেরী বা হুরী।—ইহারা গালার চুড়ী ও অস্তান্ত গালার দ্রবা প্রস্তুত ক্রিয়া জীবিকা নির্কাহ করে। ইহারাও নির্দ্ধন।
- (৫০) কান বা কিন্নর।—ইহাদের কি স্ত্রী, নি পুরুষ সকলেই নৃত্য গীতাদি করিয়া জীবিকা নির্বাহ করে। একণে ইহাদের অনেকেই পৈতৃক ব্যবসা ত্যাগ করিয়াছে এবং ইহারা দৈনিক শ্রমজীবী হইয়াও সামান্ত ক্ষিকার্য্য করিয়া, সংসার্যাত্রা নির্বাহ করে। ইহারাও নির্দ্ধন এবং ইহাদের সংখ্যা নিত্তান্ত অন্ন। বিখ্যাত চপ ও কার্ত্তন গারক মধুসদন কান এই বংশসন্ত্ত।

(৫১) চণ্ডাল।—ইত্বারা কবিজীবী, মৎস্যজীবী, গ্রাম্য চৌকিদ্বর এবং কখন
ত্রিকা মৃটিয়ার কাষ্ও করিয়া থাকে। ইত্বারা সচরাচর নির্দ্ধন। ইত্বারা অভি
পৌরাণিক জাতি।

- (৫২) বেলদার।—ইহারা নিত্য শ্রমজীবী ও নির্দ্ধন।
- (৫৩) বাইতি।—ইহারা মাছর চেটাই বুনিয়া এবং মহোৎসবে ঢোক ও সানাই প্রভৃতি বাজাইয়া জীবিকা নির্বাহ করে। ইহারাও নির্দ্ধন।
- (৫৪) বাগ্নী।—ইহারা মৎসাজীবী, ক্নমী, গ্রাম্য চৌকীদরি প্রভৃতির কার্য্য করিয়া দিনপাত করে। ইহারাও সচরাচর নির্দ্ধন।
- (৫৫) বাউরি।—ইহারা বাগ্দী জাতীর এবং মংসাজীগী, ক্ষিজীগী ও শিবিকাবাহক। ইহারাও নির্দ্ধন।
- (৫৬) ভূইমালী।—ইহারা মৃত্তিকার প্রাচীর প্রস্তুত করে এবং ইছারা উন্যানপালক ও কৃষিজীবী। ইহারাও নির্দ্ধন।
- (৫৭) মাল। ইহারা সর্প ধরিয়া থাকে ও সর্পের জীড়াদি দেখাইয়া জীবিকা নির্দাহ করে। ইহারাওনেচরাচর নির্দ্ধন।
- (৫৮) শিকারী।—ইহারা ব্যাধের কার্য্য করিয়া জীরিকা নির্নাহ করে। ইহারাই পৌরাণিক ব্যাধ জাতির বংশসম্ভূত ও চণ্ডাল জাতির সমশ্রেণীস্থ। ইহারাও নির্দ্ধন।
- (৫৯) ছলিয়া।—ইহারা বাগ্লী জাতীয়; শিবিকা বহন কার্য্যে ইহারা কিত্যস্ত তৎপর। ইহারাও নির্দ্ধন।
 - '(৬-) ডোম।—ইহারা বাঁশের ও বেতেরুঝুড়ি চুবড়ী প্রভৃতি প্রস্তুত করিয়া,

জীবিকা নির্দ্ধাহ করে"। ইহারা শুক্র পালন, চারণ, ভক্ষণ ও বিক্রয় করিয়া। থাকে। ইহারাও নির্দ্ধন ।

- (৬১) কাওরা।—ইহারাও শৃকরের ব্যব্দা করে। শিবিকা বছন কার্য্যও ইহারা তৎপর। ইহারাও নির্দ্ধন।
- (৬২) হাজি।—ইহারাও পূর্ব্বোক্ত জাতিত্ররের ক্যায় পূর্কর ব্যবসায়ী,
 শিবিকা-বাহক ও গ্রাম্য চৌকিদার। ইহারাও নির্দ্ধন। কেহ কেহ বিষ্ঠাদি, ও
 পরিকার করে।
- (৬০) চামার বা মুচি।—ইহারা গরুর চর্ম পরিষ্কার ও বিক্রয় করে এবং বিনামাও অভাভ চর্মের কার্য্য করিয়া থাকে। ইহারাও নির্দ্ধন।
- (৬৪) মেথর।—বিষ্ঠা মৃত্রাদি পরিষ্কার করাই ইহাদের প্রধান উপজীবিকা। ইহারাও নির্দ্ধন ও হাড়িজাতির সমশ্রেণীস্থ।
- (৬৫) মুদ্দকরার।—ইহারা শকাদি বহন করে। ইহারাও অত্যস্ত নির্দ্ধন। ইহাদের সংখ্যাও নিতাস্ত অল।

কুশদীপে হিন্দ্দিগের মধ্যে উলিখিত জাতি গুলি দেখিতে পাওয়া বার।
মুসলমানগণের কোনও জাতিবিভাগ নাই; কিন্তু সামাজিক অবহানে
মুসলমানেরা নিম্নলিখিত কর প্রকার সম্প্রদার বা ব্যবসায়ীকে অত্যন্ত ঘুণা
করিয়া থাকে।

- (১) নিকারি।—ইহারা মংসাজীবী এবং ইহারা নৌকাদির পরিচালন
 ও ফ্লাদি বিক্রুফ ক্রিয়া থাকে। ইহারাও নির্দ্ধন।
- (২) নালুয়া।—ইহারা বেতের চেটাই প্রভৃতি প্রস্তুত, করিয়া জীবিকা নির্বাহ করে। ইহারাও নির্দ্ধন।
- (৩) জোলা।—হিন্দিগের মাধ্যে রোগীরা বে শ্রেণীস্থ, মুসলমানগণের মধ্যে জোলারাও সেই শ্রেণীস্থ। বস্ত্রবন্ধনই ইহাদের প্রধান উপজীবিকা। ইহারাও নির্দ্ধন।
- (৪) কলু।—হিন্দু কলু ও তিলীর স্থায় ইহারাও ঘানিতে তৈল প্রস্তুত করে। শইহারা সচরাচর নির্দ্ধন।
- ৫। পটুয়া।—ইহারা প্রতিমা চিত্র ও পটাদি অন্ধন করিয়া জীবিকা
 নির্দাহ করে। ইহারাও নির্দ্ধন
 ।

৬। ছুতার। ইহারা সাধারণতঃ কুষিজীবী ও দৈনিক শ্রমজীবী। ইহারা পূর্বে হিন্দু ছিল। পাঠানেরা ইহাদিগের পূর্বপ্রুষগণকে বলদর্পে মুসলমান করিয়াছে। কুশদীপের মধ্যে খাঁটুরা গ্রামেই ইহাদের সংখ্যা অধিক দেখিতে পাওয়া যায়। ইহারা অতীব নির্দ্ধন।

সম্প্রদায়।—এই সমস্ত জাতি ভিন্ন হিন্দিগের মধ্যে অনেক সম্প্রদায়
দৃষ্টিগোচর হয়। বথা, বৈষ্ণব, কর্ত্তাভলা, বলরামভলা, ব্রাহ্ম ইত্যাদি; সেই
সকল সম্প্রদায়ের মধ্যে বৈষ্ণব সম্প্রদায় সর্বপ্রধান।

বৈষ্ণব সম্প্রদার। ১৪৮৫ খৃষ্টাব্দে নবরীপে চৈত্য জন্মগ্রহণ করেন।
তিনিই বৈষ্ণব সম্প্রদারের স্থাপয়িতা। বৈষ্ণবেরা প্রথমতঃ এক সম্প্রদার মাত্র
ছিল ৮ পরিশেরে, উহারা অপেকাকৃত বদ্ধন্ন হইয়াও স্থার পিতামাতা ও
স্বজন বাদ্ধব তাগি করিয়া, একটা জাতিরূপে গঠিত হয়। ইহারা বিফুর
উপাসক। ইহারা নীচ হিন্দ্রংশ হইতে স্থার অন্তর বা শিষা সংগ্রহ করে।
ইহানের মধ্যে কোনও জাতিতেদ বা উচ্চ নীচ প্রেণী নাই; সক্রেই
ভাত্তাবে আঘদ্ধ। চৈতন্তের প্রথম শিষ্যব্যের অন্তর্তম অবৈতের বংশধরগণ শান্তিপুরে বাস করিতেছে। তর্জন্ত, ইহারা শান্তিপুরকে অতি পবিত্র তীর্থ
বিলিয়া বিপেচনা করে। প্রথমে যে উচ্চ মত ও উরতিশীল ধর্মনীতি অবলম্বন
করিয়া, এই ধর্ম প্রতিষ্ঠিত হয়, কালক্রমে তাহা নিতান্ত অবনত হইয়া
আইসে। স্ক্রমাং উহা সাধারণের নিতান্ত অবজ্ঞাভাজন হয়। ইহাদিগের
করে। ফলতঃ তিক্ষা, সার্কাজনীন প্রেম ও সম্মানই ইহাদিগের সার্বাম্ম । ইহাদের
মধ্যে ব্যক্তিচারিতা অত্যন্ত প্রবণ; বিশেষতঃ স্ত্রীগণের সতীন্ত নাই বলিলে হয়।
মধ্যে ব্যক্তিচারিতা অত্যন্ত প্রবণ; বিশেষতঃ স্ত্রীগণের সতীন্ত নাই বলিলে হয়।

কর্ত্তাভলা সম্প্রদায়।—বৈষ্ণব দেলের স্থায় কর্তাভলা দল বলিয়াও আর এক সম্প্রদায় আছে। প্রায় তিন চারি পুরুষ অতীত হইল, কাচড়াপ্রাড়া হইতে তিন ক্রোশ পূর্বের, নদীয়া জেলার অন্তর্গত ঘোষপাড়া গ্রামে এই সম্প্রদায় সর্ব্বেথমে গঠিত হয়। রামশরণ পাল নামক জনুক সন্দোপ ইহার স্থাপরিতা এবং আউলচাদ নামক একজন উদাসীন ইহার প্রবর্তিরিতা।

অত্যত ৩১৬ শকের ফান্তন মাসে উলার মহাদেব বারুই তদীয় ইক্ষুক্তে আট বংস্কুরের একটী বালক কুড়াইয়া পাশ্ব। মালকটী বারু বংসর উক্ত বারুই যরে থাকিয়া কোথার চলিয়া ধার এবং নানা স্থানে ভ্রমণ করিয়া, সাতাইশ বংসর বিয়সে বেজপাড়া নামক গ্রামে উপস্থিত হয়। ইহারই নাম আউলচাদ। এই স্থানে তেইশ জন শ্রিয় ইহার অভুগত ও সমভিব্যহারী হয়। তংপরে, য়ামশরণ পাল, ইহার নিকট উপদেশ গ্রহণ করে। এই সময়ে উক্ত স্থানে একটী গান উঠে।—

"এ ভবের মাত্র কোথা হতে এল;
এনার নাইক রোব, সদাই তোরু,
মুখে বল সতা বল।
এনার সাথে বাইশ জন,
সবার একটী মন,—
জয় কর্তা বলি, বাহু তুলি
কলে প্রেমের চলাচল।
এ যে হীরা দেওঁয়ার, মরা বাঁচার,
এর হুকুমে গলা শুকুল।"

১৬০৯ শকে বোরালে গ্রামে আউনটাদের মৃত্যু হয়। হিন্দু ও মুসমনান সকলকেই ইনি মমান ভাবিতেন ও সকলেরই অর গ্রহণ করিতেন। মুসলনমানেরা ইহার নাম আউনটাদ রাথে;—কর্ত্তাভজারা ইহাকে ঈশ্বরাবতার বিনিয়া থাকে। ভাহারা কহে, কফচন্দ্র, গৌরচন্দ্র ও আউন চন্দ্র—তিনে এক, একে তিন। ইহারা আরও বলে, মহাপ্রভু চৈত্তাদেব প্রুষোত্তমে কলেবর ত্যাগ করিয়া, আউন প্রভুরপে আবিভূতি হন। প্রীক্ষের সহস্র নামের ক্যায়, ইহারও সহস্র নাম আছে। কর্ত্তাভজারা বলে, ইনি অনেক আলোকিক ক্ষমতা দেখাইয়াছেন। ইনি অন্তক্ত চন্দু ও থঞ্জকে পদ প্রদান এবং রোগীকে ক্ষমতা দেখাইয়াছেন। ইনি অন্তক্ত ধনী করিয়াছেন। ইনি থড়ম পারে পঙ্গার উপর দিয়া চলিয়া যাইতেন।

রামশরণ, প্রথমতঃ কৃষিকার্য্য অবলম্বন করিয়া জীবিকা নির্বাহ করিতেন। তাঁহার এই সময়ের পবিত্র সভাব দেখিলা, অনেকেই ইহার প্রতি প্রগাঢ়রূপে অনুরক্ত হয়। প্রবাদ আছে, একদিন রামশরণ পশুপাল চারণ করিতিছেন, এমন সময়ে অকুমাৎ আউল চাঁদ আসিয়া তাঁহার নিকট উপস্থিত হন, এবং

তাঁহার নিকট এক পাত্র ছগ্ধ যাচ্ঞা করেন। তাহাতে রামশরণ অতীব ব্যস্ত সমস্ত হইয়া, দলমধ্যগত একটা গাভীকে দোহন করিয়া, আউণ্চাঁদকে একপাত্র হিশ্ব প্রদান করেন। আউলটাদ সেই হুগ্ধ পাত্র পান করিতেছেন, এমন সময়ে একটা লোক রামশরণের বাটী হইতে দৌড়িয়া আসিয়া বলিল-*রামশরণের সহধর্ষিণী অত্যস্ত পীড়িতা হইয়াছেন ;—বোধ হয়, এ যাত্রা তিনি त्रका नाहर्यन ना।" এই कथा छनिया आडेनहाम त्राममत्रपटक निकरि আহ্বান করিয়া, নিকটবত্রী পৃষ্ঠিবী হইতে এক ক্ল্নী জল আনয়ন করিতে আদেশ করিলেন। তদমুসারে রামশরণ জল লইরা আসিলে, আউলচাঁদ সেই জল তাঁহার জীর মুখে ও চক্ষে ছিটাইয়া দিতে কহিলেন। কিন্তু রামশরণ বাস্ত্ৰতা প্ৰযুক্ত সেই জল মাটিতে ঢালিয়া কেলিলেন এবং নিতান্ত ভগাশ ও মুশুপীড়িত হইয়া, আউলচাদেন নিকট ফিরিয়া আদিলেন এবং উপস্থিত ছুর্যুটনার বিষয় ষ্থাষ্থ বর্ণন করিলেন। ইতিমধ্যে রামশরণের ভার্যা ক্রমে ক্রমে মুম্বু ভাবাপল হইয়া আদিলেন। ভিখন আউলচাদ বে স্থানে সেই জন কল্স পড়িয়া গিয়াছিল. সেই স্থানের কিরদংশ মৃত্তিকা ও জল লইয়া সবেগে রামশরণের বাটীর অভিমুখে ধাবিত হইলেন এবং মুম্ধু রামশরণ বনিতার স্বাঙ্গ সেই কর্দমে অভিষিক্ত করিয়া দিলেন। এই দৈবামুগ্রহের ফল দেখাই-বার জন্ম, তিনি ইহাও প্রকাশ করিলেন যে, তিনি অচিরাৎ রামশরণের ভার্য্যা শচীমাতার গর্ডে জন্মগ্রহণ করিয়া, রামত্লাল নামে প্রসিদ্ধ হুইবেন।

অন্তর্নান হইবার পূর্বে, আউলটাদ রামশরণকে ডাকিরা এই আদেশ করিয়াছিলেন ষে, "প্রতি শুক্রবার স্ফ্যার পরে আমার পূজার অনুষ্ঠান করিও এবং তোমার ভার্যা শচীমাতার মৃত্যু হইলে তাঁহার শব এ দাড়িয় রক্ষের মূলে সমাধি প্রদান করিও।" তদবধি উক্ত স্থান রামশরণের সম্প্রদায়ত্ত যাবদীয় লোকের প্রধান তীর্থ রূপে প্রিগণিত হইয়া রহিয়াছে।

থীবনকাল হইতেই রামছলাল তদীয় ভাবি-জীবনের পরিচয় প্রদান করেন এবং যোল বংগর বয়দ উত্তীর্ণ না হইতে হইতেই, আপনাকে অবতার বিশেষ বলিয়া প্রকাশ করেন। প্রাকৃত কর্ত্তাভার দল এই সময় হইতেই প্রতি-ভিত্তই হাছিল। কর্ত্তভা শব্দের প্রকৃত অর্থ, কর্ত্তার (স্প্রটক্তার) উপাদক দল। রামছলাল এই সম্প্রবায়ের প্রধান নেতা বট্টে, কিন্তু রামশ্রণই প্রথম কর্ত্তা বা ঠাকুর বলিরা স্থিরীকৃত হইয়া থাকেন। ইহার পদ পৈতৃক এবং বংশের মধ্যে ভ্রমাত্র প্রথবেরাই এই পদের অধিকারী। ত্রাহ্মণ ও কায়ত্থ প্রভৃতি কর্ত্তাভারা এই কর্ত্তা হা ঠাকুরকে প্রণাম করে—পদধূলি লয়—ও পাতের প্রমাদ খাইয়া পবিত্র হয়। ইহারা বলিয়া থাকে য়ে, পালিদিগকে রক্ষাকরিবার কর্ত্তার ক্ষমতা আছে এবং কর্ত্তাই প্রকৃত প্রস্তাবে পালীদিগের অভ্যদ্দাতা ও প্রতিভূ। কর্ত্তা নিম্পাপ এবং বে কার্য্য অভ্যের চক্ষে ক্ছার্য্য বলিয়া প্রতীত হয়, বদিও তিনি কথন কথন তাদৃশ কার্ম্যে হস্তক্ষেপ করেন; কিন্তু দেবের লীলা খেলার স্থায়, পার্থিব লীলা বলিয়াই সাধারণের অবধারণ করা কর্ত্ত্ব্য। কর্ত্তা বা সম্প্রভাবের নেতা বিবাহ করিতে পারেন এবং প্রকৃত প্রস্তাবে তিনি অনেকগুলি বিবাহও ক্রিয়া থাকেশ। কর্ত্তার উপরে বিশ্বাস ও প্রতিদিন তিন বার ক্রিয়া উহাদের ধর্মের বীজ্যন্ত্র উচারণ করাই উহাদিগের মৃত্তির একমাত্র উপায়।

কর্তার সহিত এই সম্প্রদারের অধিয়ামির সময় পোপের ন্তার চিরন্তন।
কর্তা কতকগুলি প্রতিনিধি বা গুরু দিয়োগ করিয়া, ধর্ম প্রচার করেন।
এই প্রতিনিধি বা গুরুগণকে মহাশয় ও শিব্যদিগকে 'বরাতি' কছে। গুরুল
শিব্যগণকে প্রথমে 'গুরুসত্য' এই এক আনা মন্ত্র দান করেন। শিব্যগণ এই
মত্ত্রে পরিপক্ক হইলে, তিনি তাহাদিগকে বোল আনা মন্ত্র দ্বেন। বোল
আনা মন্ত্র এই, বঙা;—

শক্তা আউলে মহাপ্রভু,
আমি তোমার স্থাপ চলি কিরি,
তিলার্দ্ধ তোমা ছাড়া নহি;
আমি তোমার সঙ্গে আছি,
দোহাই মহাপ্রভু!

কর্ত্তার ব্যয়ভার সঙ্গানের জন্ত সম্প্রদায়ভূক্ত প্রত্যেক ব্যক্তিকে সাধ্যান্ত্ররূপ কিছু কিছু বাংসরিক দান করিতে হয়। নির্দ্ধন ব্যক্তিরাও এই অভিপ্রায়
সাধনের জন্ত প্রতিদিন এক এক মৃষ্টি চাউল পৃথক করিয়া রাখিয়া দেয়। এই
দানকে উহারা "খাজনা" কহে। মহাশয়গণ বংসরান্তে এই দান কর্ত্তার গিদীতে
কর্তার নিকট আনিয়া দেয়। "মহাশয়গণই এই থাজনা আদায়ের জন্ত কর্তার

নিকট দায়ী। মহাশন্দিগের লাভ, তাহারা শিষ্যের বাটীতে প্রমাদ্রে খাইতে পায়—বস্ত্র পায়—এবং, আরও কত নানাবিধ দ্বা পাইয়া থাকে।

য্থন কর্ত্তারা প্রিবার পরিবৃত হইয়া, স্বীয় গ্রাম মধ্যে বাস করেন, তখন তাঁহার। আপনাদিগের বংশগত কুলমর্যাদা রক্ষা করিয়া থাকেন। কিন্ত যথন তাঁহার মেলা মহোৎসবে অবস্থিতি করেন; তথন জাতিভেদ স্বীকার ও উচ্ছিষ্ট বিচার করেন না; কিন্ত ক্লাচড়াপাড়ার বৈশ্বকর্ত্তাভজাগণ জ্লাভিভেদ দ্বীকার করে। ইহারা সমকক্ষবোধে, সকলেই একাদনেও এক পাত্রে অগ্নহার করে এবং পরস্পারকে ভাতা ভগিনীর আয় সমোধন করিতে থাকে। কর্তাদিগের জন্ম-ভূমি ঘোষপাড়াতে বৎসরে দোল ও রাস এই হুই উৎসব হুইয়া থাকে। সেই গময়ে মুসলমান, বৈষ্ণব, নেড়ানেড়ী ও অন্তান্ত স্কল প্রকারের নীচ জাতি, এমন কি, ছাজি ও চামার পর্যান্ত সমাগত হর এবং এক পাত্রে ১২ অন জী ও ৮ জন পুরুষ একতা বসিয়া অগ্লাহার করে। এই সময়ে বোষপাড়ার পালকর্তা-দিগের বাটীতে পর্বতাকার ভাত রশ্বন হয় এবং মহাপরেরা সশিষ্য আদিয়া মহাস্মারোহে দলে দলে আহার করিতে থাকে। ইহাদের ধর্মের মুল সভ্য, সকলেই এক পিতার সন্তান ও সকলেই ভ্রাতা ভগিনী সম্বন্ধে সম্বন্ধ থেমে উহা-দের ধর্মের ভিত্তিভূমি এবং উহার জন্মই তাহারা পরস্পরকে "দাদা" ও "দিদি" সংখাধন করে। উহাদের বিখাদ ষে, যোল আনা মন্ত্রজপলও এই প্রেমানু-ষ্ঠান দ্বারা ক্রমে ক্রমে দিদ্ধি লাভ হয়। ইহারা মধ্যে মধ্যে বৈঠক করিয়া নানা আমোদে সমস্ত রাত্রি অতিবাহন করে। শুনা গিয়াছে, বস্ত্র হরণ পর্যান্ত ইহাদের বাকি থাকে না। কভীভজার মহাশম্বা কহে—মন্ত্রণাতা জগৎ প্রভু আটিলটাদের স্বর্গ। কর্ত্তাভজারা ইক্সির দোষেরও ভূয়োভূয়: নিষেধ করিয়া-(ছন ; —তাঁহারা বলেন,

মেয়ে হিজড়ে পুরুষ খোজা— তবে হয় কর্তাভজা।

সুরাপান ইহাদের পক্ষে এককালে নিষিদ্ধ; এমন কি, সুরা স্পর্শ করাকৈও হিহারা মহাপাপ বলিয়া বিবেচনা করে। কিন্তু বর্ত্তমান কর্ত্তা এতৎসম্বন্ধে মৌলিজ মত হইতে বহুল পরিমাণে ঋলিত পদ হেইয়াছেন। এই সম্প্রদায়ের

লোকেরা মাংস ভক্ষণেও মহা প্রভ্যেবায় জ্ঞান করে; এমন কি, উহারা হিন্দু-मिरिशत वाँन अर्याञ्च प्रत्था ना। कर्छ। हिन्द्रमिरिशत शृका शार्खण विरमयक्तरभ পর্যাবেক্ষণ করেন; কিন্তু ইহার উপাসক্ষগুলীর সে অধিকার নাই। কোন প্রকাশ্য মণ্ডলীতে সাধারণের ভজনা করার প্রথাও, ইহাদের পক্ষে এককালে নিধিদ্ধ। ইহাদের কোনও উপাসকই ধর্ম সম্বন্ধীয় মত কাহারও নিকট প্রকাশ করিতে পায় না। উহাদের কতকগুলি চিহ্ন আছে; তদ্বারাই তাহারা শ্ব স্ব সহযোগীকে চিনিয়া লইতে পারে। কিন্ত ইহ্রারা পরিছদের কোনও বিভিন্নতা করে না। উহারা এই মত পোষণ করে যে, "ঈশব নিরাকার এবং অদৃশ্য নহেন।" ইহাদের কোনও ধর্মগ্রন্থ নাই 🖫 কিন্ত ইহারা পরম্পরা-গত জনশ্রুতিমূলক মতের উপর বিলক্ষণ আহা প্রকাশ করিয়া শ্বাকে ইহাদের প্রধান মহোৎদব দোল ও রাস্যাতা । দোল, কারণী পূর্ণিমাতে ও রাস, কাভিকী পূর্ণিমাতে অমুষ্ঠিত হয়। সহোৎসৰ চাফি মিন ধরিয়া চলিতে থাকে। এতত্পলকে প্রায় পঞ্চাপ হাজার যাত্রী ঘোষপাড়ায় স্মাগত হয়। প্রথম মহোৎদব সময়ে, অর্থাৎ দোলযাত্রার সময়েই, "মহাশয়গণ" পাল-কর্ত্তা দিগের ঘোষপাড়ার গদীতে আদিয়া, বাৎসরিক থাজনা জমা দিয়া থাকে। সেই থাজনা ও অভ্যাগত যাত্রীগণের প্রণামী টাকা, এই উভয়ে মিলিয়া, প্রতি বংসরে প্রায় নগদ পাঁচ ছয় হাজার টাকা আদায় হয়। যাত্রীরা ঘোষ পাড়ার আদিয়া প্রধানতঃ চুইটা স্থান অতীব ভিক্তিযোগ সহকারে দর্শন করে। উহাদের মধ্যে একটা 'হিমসাগর' নামক এক পুঞ্রিণী ও অপরটী এক দাড়িম্ব বৃক্ষ। যে পুষরিণীর জলে রামশরণ-বনিতা আসন্ন মৃত্যু হইতে পরিতাণ পাইয়াছিল, তাহারই নাম 'হিমসাগর'। সকলেরই বিশাস, আজিও এই পুন্ধরিণী-জলের পূর্ববিৎ রোগবিনাশিনী শক্তি আছে। ভাছারা আরও বলিয়া থাকে যে, যাহারা অস্মাবধি ছশ্চিকিৎশু রোগাক্রান্ত অথবা অস্তু কোন-রূপে বিকলান্স হইয়া, চিরদিন ক্লেশ পাইতেছে, ভাহারা এই জল ব্যবহার করিয়া অনায়াদে আরোগ্য লাভ করিতে পারে। সেই জন্ত, অন্ধ, ব্যবির, ধঞ্চ প্রস্থৃতি ব্যক্তিগণ অবিরত ধাকা খাইয়া ও সাংঘাতিক আঘাত প্রাপ্ত হইয়াও, কাতারে কাতারে আসিয়া, এই পুন্ধরিণীতে অবগাহন করে 🔫 💬 ষে দাড়িম বৃক্ষমূলে রামছলাল জননী শচীমাতা সমাধিপতা রহিয়াছেন, «সেই

স্থানের মৃষ্টিমেয় মৃত্তিকা গ্রহণ করে। উহাদের বিশ্বাস, এই মৃত্তিকাতে শত শত শত বোগীর রোগ নাশ হয় এবং চিরপতিত মহাপাপী বীভৎস পাপ সকল হইতে অনায়াদে নিষ্কৃতি লাভ করিতে পারে। এখানে সহস্র সহস্র লোককে ধ্ল্যবলু গ্রিত হয়। অনশনে ক্ষেকদিন দিবারাত্র হত্যা দিয়া থাকিতেও পরিদৃষ্ট হয়। মহোৎসবের সময়ে ঘোষশাড়ার মাঠে ঘাটে এই গান হইতে থাকে—

ও কে ডাঙ্গার তরী বার বেরে,

ু কোন্ রসিক নেয়ে।

আছে দাঁড়িমাঝি দশ জনা, ছয়জনা তার গুণ টানা,

্সে যে জেনেও জান্লে না— আনন্দেতে যাচে বেয়ে, যত অনুরাগী সারি গেখে, এ কোন্রসিক নেমে।

আবার অপর হানে গাহিতে থাকে—

ক্যাপা, এই বেলা তোর মনের মাত্র চিনে ভজন কর। যথন পালাবে সে রসের মাত্র, পড়ে রবে শুক্ত বর।

বলরামভর্জা সম্প্রদায়।—কর্ত্তাভজাদিপের ভার আরও এক সম্প্রদায়
দেখিতে পাওয়া যায়; উহাদিগকে "বলরামভজা" কহে। প্রায় বাইট বৎসর
গত হইল, মেহেরপুর জ্ঞমীদারগণের অধীনে বলরাম হাড়ি নামক এক জন
গ্রামা চৌকিদার ছিল। সেই ব্যক্তি এই সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা। এই দল
নদীয়ার কিয়দংশ, বর্জমান ও পাবনা পর্যান্ত বিস্তৃত হইয়াছে। ইহারা ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়া প্রধানতঃ জীবিকা নির্বাহ করে। বৈশ্বর ও কর্ত্তাভজাদিগের ভায়ে উহাদের বেশ ও ধর্মমত দৃষ্টিগোচর হয়। কুশ্বীপে এই দল
এক কালে নাই বলিলেও অত্যক্তি হয় না। তবে ইহাদের অনেকেই ভিক্ষার্থী
হইয়া, এতদঞ্চলে সর্বাদা আসিয়া থাকে।

মেলা ও তীর্থস্থান।—বঙ্গদেশের মধ্যে অনেক মেলা ও তীর্থস্থান আছে।
সকলের বিবরণ প্রদান করিতে হইলে, একথানি স্বতন্ত্র পুস্তক হইয়া পড়ে।
সেইজন্ত, কুশন্থীপবাসিগণ প্রধানতঃ যে সকল স্থানে পূর্ব্বোক্ত উদ্দেশ্য সাধনের
জিন্ত, সর্বাদা গমনাগমন করিয়া থাকে, আমরা নিয়ে সেই সকল স্থানের বিবরণ
ও নীম প্রদান করিতেছি।

- (১) কালীক্ষেত্র।—এই স্থান কুশদীপ হইতে বিংশতি ক্রোশ দক্ষিণ পশ্চিমে ব্যবস্থিত। দক্ষৰজ্ঞে সতী প্রাণত্যাগ করিলে. নারায়ণ যথন চক্রদারা তাঁহার মৃতদেহ থণ্ড থণ্ড করেন, সেই সমুয়ে দেবীর দক্ষিণাঙ্গুষ্ঠ এই কালীখাটে পতিত হয়; তাহাতেই কালী বিগ্রহ ও নকুলেশ্বর শিবের উৎপত্তি হয় এবং এই স্থান বায়ার পীঠের অন্তর্গত একটি মহাপীঠ বলিয়া পরিগণিত হয়। এই ঠাকুর পূর্বে বড়িশার সাবর্ণ্য চৌধুরীদিগের ছিল; সেই জন্ত, চৌধুরী মহা-য়েরা এই ঠাকুর, ইহার পূজারি হালদার মহাশরগণকে দান করেন। একণে ইহার যথেষ্ট আর হইয়াছে এবং হালদার মহাশরেরাও ইহার প্রসাদাৎ পৌল দৌহিত্র স্বইয়া, পরম স্থাধ কালাতিপাত করিতেছেন। অনেকেই অনুমান করেন, 'কলিকাতা' নামও, কালীক্ষেত্র এই মহাপীঠের নাম হইছে উৎপন্ন হইমাছে। বর্ত্তমান সহর যদিও অধিক দিনের, নহে, কিন্তু কালীকেত্র এই নাম, পুরাণ ও আইন আকবন্ধী প্রভৃতি অতি প্রাচীন গ্রন্থ সকলেও দেখিতে পাওয়া যায়। প্রাকৃত "কালীক্ষেত্র" বছলা (বর্ত্তমান বেহালা) হইতে দক্ষিণে-শার পর্য্যন্ত বিস্তৃত ছিল। ইংরাজাধিকারের স্চনা হইতে, কালীকেত্র সঙ্কীর্ণ হইয়া, বর্ত্যান কালীক্ষেত্রে বা কালীঘাটে পরিণত হইয়াছে ৮ বল্লালসেনের জীবনী পাঠেও এই স্থানের উল্লেখ দেখিতে পাওয়া যায়। আকবর বাদসাহের সময়ে তদীয় রাজস্ব-মন্ত্রী রাজা তোড়র্ম্মল "ওয়াশীল জমা তুমার" নামে একটী রাজস্ব হিদাব প্রস্তুত করেন। তাহাতেও এই কলিকাতা বা কালীকেত্রের নাম আছে। উক্ত বাদসাহের রাজস্বকালে ১৮৮৫ খৃষ্টাব্দে, বেলা তিন ঘটি-কার সময়ে, এক ভয়ানক ঝড় হয় এবং সেই সময়ে সমূদ্রের জল উথলিয়া উঠিয়া, দক্ষিণ দিক নষ্ট করে। সেই সঙ্গে প্রায় তুইলক্ষ প্রাণীপু কালগ্রাসে পতিত হয়। ঐ নষ্ট ও লোপপ্রাপ্ত ভূভাগকে একণে 'স্করবন' কছে। ১২১৬ বঙ্গানে, কালীঘাটের এই বর্তমান মনিশ্ব নির্মিত হইরাছে। কালীঘাটে कान निक्छि फिल्म स्था महारम्य इत्र ना। क्योत क्रमात्र अश्वास একণে •নিত্য মেলা মহৈাৎদৰ হইয়া থাকে এবং প্রাত্যহ সহস্র দাত্রী• স্মাগ্ত হয়।
- (২) ভারকেশর।—এই স্থান কুশরীপ হইতে প্রায় ত্রিশ কোশ দুক্ষিণ পশ্চিমে হুগলী জেলায় অবস্থিত। ইহা বৈল্পবাটী হইতে প্রায় আট কোশ

পশ্চিমদিক্বস্তী। তারকেশ্বর বিগ্র**হ সমুদ্ধে একটা গান** প্রচলিত আছে।

শ্বিদ্দিনে বনের মধ্যে কেপা পশুপত্নি,
চারিদিকে জলাজঙ্গল থাকড়ার বসতি।
মধ্যেতে সিংহলদীপ অতি মনোহর,
ভার মধ্যে বিরাজেন প্রভু তারকেশ্বর।
কপিলা দিত তথ্য একচিত হরে,
দেখিলেন মুকুন্দাঘোৰ কাননে পশিরে।
কপিলার তথ্যে ভুষ্ট ভোলা মহেশ্বর,
মুকুন্দাঘোরের বলেন আমি তারকেশ্বর
তারকেশ্বর শিক আমি কাননেতে বসি,
মোর সেবা কর বাপা হইয়ে সন্নাসী।

বর্ত্তমান সময়ে, যে হানে ভারকেশ্বর মন্দির অবস্থিত, উহার পূর্বে নামু সিংহল দ্বীপ। এই বিগ্রহ এই স্থানের জন্তন্মধ্যে প্রস্তরের আকারে পড়িয়া ছিলেন। রাধালেরা এই প্রস্তরকে সামান্ত প্রস্তর জ্ঞান করিয়া, তত্পরি ফলমূল ছেঁচিয়া থাইত। এই জন্ম তারকেখরের মন্তকে অদ্যাপি একটা গহবর দেখিতে পাওয়া যায়। জঙ্গলের মধ্যে ইনি সামান্ত আকারে পড়িরা থাকিতেন। মুকুন্দ খোষ নামক এক ব্যক্তির গাভী যাইয়া, প্রত্যহ ঠাকুরকে হ্র খাওয়াইয়া আসিত। গাভীর হ্গ্ধ হয় না কেন, মুকুন্দ্ধোষ এই কারণ অনুসন্ধানে বাইয়া, এই অলোকিক ঘটনা প্রত্যক্ষ করে। প্রবাদ, একদিন ঠাকুর মুকুন্দ খোষকে বলেন, "তুমি সন্নানী হইয়া আমার সেবা কর। মুকুন্দবোৰ সন্নামী হইয়া, তারকেখরের সেবা করিতে লাগিল্য এদিকে তারকেখর স্বপ্নে বর্জমান রাজাকে দেখা দিয়া কহিলেন—"আমি অনাবৃত স্থানে অত্যন্ত কট পাই-তেছি; আমাকে একটি বাসগৃহ নির্দ্ধাণ করিয়া দাও"।—রাজা তদস্দারে ইহার মন্দির ও বিষয়াদি করিয়া দেন। এদিকে সাধারণেও উৎকটপীড়াদি হইতে পরিত্রাণ লাভ করিয়া ভক্তিপূর্বক ইহার পূজা দিতে আরম্ভ করে। তাহাতেও ইনি সর্বাত বিখ্যাত ও অতুল ঐথর্যাশালী হন। ইহার মহান্তেরা রাজ। উপাধি প্রাপ্ত হইয়াছেন।

একটা বৃহৎ মন্দির্মধ্যে তারকেশ্বর অধিষ্ঠিত রহিরাছেন। এই মন্দিরের সম্প্রে একটা নাটমন্দির আছে। সেই নাটমন্দিরে অসংখ্যলোক, কেহ রোগ মুক্ত হইবার জন্ত, কেহ ব্যু সস্তান হইবার কামনার, এইছানে হত্যা দিয়া থাকে। মন্দিরের মধ্যে একটা গহরর আছে; উহারই মধ্যে তারকেশ্বর প্রতিষ্ঠিত আছেন। গহররের উপরিভাগ রোপ্যমর ডেকে আর্ত। তারকেশ্বর এক অনাদিলিক্স শিব। বাত্রীদিগের মধ্যে বে অধিক পরসা ব্যর করে, মেইই গহরর মধ্যে হন্ত দিয়া, ঠাকুরের স্পর্শস্থামূত্তব কুরিতে পার। মন্দিরের পার্থে মহান্তদিগের কতকগুলি কবর দেখিতে পাওয়া বার।

প্রত্যহ মহান্ত মহারাজ, সরং তারকেখরের পূজা কুরিয়া থাকেন। মহাত্বের পূজার সময় কোনও যাত্রী বা বাহিরের লোক মন্দিরমধ্যে থাকিছে পায়ু
না। প্রবাদ আছে যে, যে সময়ে মহান্ত নিবের পূজা করেন, সেই সময়ে
তাঁহার সহিত্ত নিবের সাক্ষাংকার লাভ হয়। মহান্ত এই সময়ে নিবকে বিষয়াদি
সম্বন্ধে অনেক কথা জিল্ঞাসা করেন। তাভিয়, "ইহা খাও" "উহা খাও" বিয়য়া
মহান্ত নিবের হতে, পোঁপে, রন্তা, জীর প্রভৃতি নানাবিধ খাদ্য তুলিয়া দেন।
তিনি আর থাইতে পারি না বনিলেও, মহান্ত ছাড়েন না। পূজাপমাপ্ত হইলে
মহান্ত নিবিকারোহন করিয়া ও অগ্র পশ্চাতে ৭।৮ জন প্রহরী পরিবৃত হইয়া,
নিজ প্রাসাদাভিম্থে চলিয়া যান। মন্দিরের পশ্চাতে 'নিবগঙ্গা' নামে বে
দীখী আছে, সেই দুীঘীর দক্ষিণ-পশ্চিম কোণে যে একটা স্থন্দর অট্টানিকা
দেখিতে পাওয়া যায়, তাহাই মহান্ত মহারাজের আবাসভ্যবন। মহান্তমহারাজ
রপার খাটে শয়ন করেন—সোনার থালে ভাত খান—এবং সোনা ও রূপাবাধা হলা ও করসীতে তামাক সেবন করিয়া থাকেন। মহান্ত মহারাজের
গ্তে টানা-পাথা টাঙ্গান ও কক্ষপ্রাচীরে অসংখ্য ছবি লক্ষ্মান রহিয়াছে।

বেশা একটা বা দেড়টার সময় তারকেখরের 'মহুইভোগ' অর্থাৎ পায়স রাধিয়া ভোগ দেওয়া হয়। বেলা ছই বা আড়াইটার সময়, বিগ্রহের 'শৃঙ্গার-বেশ' হয় অর্থাৎ শিবকে পৃষ্পাদি দারা স্থাভিত করিয়া রাখা হয়। রজনীতে শিব মিটার ও লুচি আহার করেন। আহারের পরে, ধুমুচি আকারের একটা কলিকাতে অর্দ্ধপোয়া আন্দাল গাঁজা সাজিয়া, তাহাতে তালের জটার আক্রন্ত দিয়া, গুড়গুড়িতে ব্যাইয়া শিবকে ধ্মপান করিতে দেওয়া হয়। ঐ সম্বে মন্দির মধ্যে কোনও যাত্রীর প্রবেশ করিবার অনুমতি থাকে না। তবে বাহিরে দাঁড়াইয়া সকলেই শুড়গুড়ির শব্দ শুনিতে পারেন। বিছুক্ষণ পরে কলিকাটী আনিয়া উবুড় করিয়া ঢালিলেই দেখিতে পাওয়া যায় যে, শিব সমস্ত গাঁজা থাইয়া ভন্মসাৎ করিয়াছেন।

তারকেখনের অনেক পাওা ব্রাহ্মণ আছেন। তাঁহারাই যাত্রীগণকে সঙ্গে লইয়া পূজা প্রদান করিয়া থাকেন। ভারকেশ্বর হইতে প্রায় এক বা চুই কোশ পথ দূরবর্তী স্থান সকল হইতে, এই সকল ব্রাহ্মণেরা পশ্চাছতী হন। যাত্রীরা তারকেশ্বরে উপস্থিত হইলে, সেই সেই ব্রাহ্মণ, যাত্রীগণকে জিজাসা করেন বে, তোমাদের কোনও পূজা মানা আছে কি না; যদি থাকে, তাহা ুহ্ইলে ব্রাহ্মণ, সেই পূজার টাকা প্রথমে মহান্তের গদীতে জমা দিতে বলেন। পরে, মহান্ত মহারাজ. যাহার কল্যাণে পূজা মানা থাকে, ভাহার কপালে একটী অঙ্গুরীয়কের ছাপ দিয়া দেন। মহান্ত ছাপ দিবা মাত্র, অমনই নাপিত আসিয়া তাহাকে ধরিয়া লইয়া যায় এবং মন্তকস্তন ও কৌরকার্যা সম্পাদন করিয়া দেয়। পরে, যাত্রীগণকে ব্রাহ্মণেরা ত্ধকুমড়া নামক দীঘীতে স্থান করাইয়া লইয়া আইসে এবং যাহার যেমন ক্ষমতা, তদসুসারে আট আনা হইতে পঞ্চাশ বা একশত টাকার পর্যান্ত ডালা সাজাইয়া পূজা দেওয়ায়; কেহ কেহ নিজে দ্রবাদি কিনিয়া ডাশা শাজাইয়া দেয়; কেহ কেহ বা বাজারের ডাশা কিনিয়া এই বাজারের ডালার মূল্য আট আনা হইতে এক শত টাকায় বিক্রীত হয়। বাজারের বিক্রীত ডালাতে একটা ওলা, একটা কলা, চারিটা আতপ চাউল ও তুই চারিটী বিরপত্র ভিন্ন আর কিছুই থাকে না। এই ডালা লইয়া, ব্রাহ্মণ দেবালয়ের দ্বারে যাত্রীগণকে রাথিয়া যায়। পরে, যাত্রীরা সেই ছারের चात्रवान्तक किছू भग्नमा गूम निया. स्निवानय मस्या व्यव्या करता । स्निवानयमस्या আবার কতকগুলি পূজারি ব্রাহ্মণ থাকেন; তাঁহাদের মধ্যে যে কেই একজন সেই ডালাথানি মনিবের এক কোণে ঢালিয়া লন এবং যাত্রীর ডালা পানিডে ু ছুই চারিটী বিস্থপত্র, চারিটী আতপ চাউল, ও যুৎসামাক্ত ওলাভাশা প্রসাদ স্বরূপ দিয়া যাত্রীকে মন্দির হইতে বাহির করিয়া দেন। যদি কাহার অধিক সাহাপ্তাদের প্রয়োজন হর, তাহা হইলে উহা পৃথক পর্মা দিয়া কিনিতে হয়।

্রশিবরাত্রি ও চৈত্রমাদের মহাবিষুব সংক্রান্তির সময়েই ভারকেশ্বরে বছ-

সংখ্যক লোকের সমাগম হয়। এই সুময়ে কথন কথন ২০০টা লোক পর্যান্ত নিহত হইয়া থায়। অতিরিক্ত পুলিশ নিযুক্ত হইয়াও, সেই সময়ের ভীষণ গোলখোগ নিবারণ করিতে পারে না ুবহুসংখ্যক মুসলমান ধর্মাবলয়ী লোকগণও বাবার নিকট হত্যা দিয়া, বাবার প্রত্যাদেশ গ্রহণ করে এবং স্থ অভীষ্ট সাধন করিয়া লয়।

অগ্রহীপ।—এথানে তৈত্র মাসের রুষ্ণপক্ষের ত্রেরেদশীতে গোপীনাথ ঠাকুরের মহোৎদর উপদক্ষে গোপীনাথ মেলা সংঘটিত হয়। রুষ্ণনগরের রাজা-রাই এই বিগ্রহের অধিকারী। এই মেলাতে প্রায় ২৫০০০ লোকের সমাবেশ হয় এবং রুষ্ণপক্ষের একাদশী হইতে আরম্ভ করিয়া ক্রমাগত সপ্তাহকাল এই মেলা অবস্থিতি করে। মেলার প্রথম দিনে ঠাকুর স্বয়ং বিগ্রহ প্রক্তিষ্ঠাতা ঘোষ ঠাকুরের বাৎদরিক প্রাদ্ধ সমাপন করেন।

এই বিগ্রহ প্রতিষ্ঠার সম্বন্ধে **এদেশে একটা আখ্যায়িক। প্রচলিত আছে।** স্থাধারণের প্রীতির নিমিত্ত আমরা সেই আখ্যায়িকা বিবৃত করিতেছি।

বৈষ্ণৰ ধর্ম প্রবর্ত্তক শ্বিখ্যাত চৈতভা দেবের 'ঘোষ ঠাকুর' নামক জনৈক কায়ন্থ শিষ্য ছিলেন। এই ব্যক্তি কাঁটোয়ার তিন ক্রোণ দিক্ষণ অগ্রদ্বীপ নামক গ্রামে গোপীনাথ দেবের বিগ্রহ প্রতিষ্ঠা করেন। ইনি চৈতভার
সঙ্গে থাকিতেন এবং অতি যত্র ও শ্রদ্ধা সহকারে তাঁহার পরিচর্য্যা করিতেন।
এক দিন চৈতভা আুহারান্তে বোষ ঠাকুরের দিকট মুখণ্ডদ্ধি যাক্রা করেন;
তাহাতে তিনি সে দিন তদীয় ভিকালন্ধ— একটা হরিতকীর অস্ধাংশ তাঁহাকে
প্রদান করেন। পর দিন ভোজনান্তে প্রভু প্ররায় মুখ গুদ্ধি চাহিবামাত্র,
ঘোষ ঠাকুর তাঁহার হত্তে সেই হরিতকীর অপরার্দ্ধ প্রদান করিলেন। তাহাতে
চৈতভা জিজ্ঞাসা করিলেন. "তুমি আজি আবাের হরিতকী কোথায় পাইলে ?"
ঘোষ ঠাকুর উত্তর করিলেন—"কালি অগৈনাকে যে হরিতকী দিয়াছিলাম,
আজি তাহারই অপরার্দ্ধ দিলাম। এই কথা শুনিয়া চৈতভা কহিলেন—"আছিও
তোমার বিলক্ষণ সঞ্চয়ের বাসনা রহিয়াছে, দেখিতেছি। স্তরাং তুমি আর ভামার সঙ্গে না থাকিয়া গৃহে ফিরিয়া যাও।" এই শেল সম নিদাকণ বাক্য
শানার সঙ্গে না থাকিয়া গৃহে ফিরিয়া যাও।" এই শেল সম নিদাকণ বাক্য
শানার বিরহে কিয়পে প্রাণ ধারণ করিব গ"— চৈতভা কহিলেন—"তানিন

"আমার প্রতি ভোমার যে বাংসদ্য আছে, প্রীক্তফের বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া তাহাতেও দেইরূপ বাংসদা প্রকাশ করিও।" খোব ঠাকুর অগজ্যা চৈতন্তের সহবাদ তাগি করিয়া, গৃহে ফিরিয়া আদিলেন এবং প্রভুর নিদেশাল্যারে এক ক্ষণ্ণ বিগ্রহ নির্মাণ করাইয়া, অগ্রঘীপে প্রতিষ্ঠা করিলেন ও তাহার নাম গোপীনাথ রাখিলেন। দেই সময় হইতে ঘোষ ঠাকুর গোপীনাথকে যেমন প্রাণ নির্মিশেষে ক্ষেহ করিভেন, গোপীনাথও তেমনই তাঁহাকে পিতার স্থায় প্রদ্ধা ও ভক্তি করিভেন। গোপীনাথ আজিও বারুণীর পূর্বে তৈত্র মাসের ক্ষণা একাদশীতে তাঁহার প্রাদ্ধ করিয়া থাকেন। ঐ দিবস অগ্রঘীপে অর্নেক যাত্রী সমাগত হয়। তাহারা গোপীনাথের পিতৃ প্রান্ধের আত্রক্ত্রার্থে অর্থ প্রশান করে। আজি কালি পূর্বের ন্তায় অর্থ প্রাণ্ডি না হইলেও, আপাততঃ উক্ত দিবস চারি পাচ শতণ্টাকা হারপ্রাপ্তি হয়। আজিও কলিকাতা ও মুরশিদাবাদ প্রভৃতির স্থানের দোকানী প্রার্থিণ উপস্থিত হয়। অগ্রঘীপের অনতি দ্রবর্ত্তী কাশীপুর-বিফ্তলা গ্রামে ঘোষ ঠাকুরের বাটী ছিল। তাঁহার জ্ঞাতির বংশ আজিও তথায় বাস করিতেছে।

প্রথমে পটুলীর জনীদারগণ অগ্রন্থীপের অধিসামী ছিলেন। মহারাজ রক্ষণ্টিলের পিতা রঘুনাথের সমরে অগ্রন্থীপের মেলাতে একবার থাও জন লোক হত হয়। তাহাতে ম্রশিদাবাদের নবাব মহাকুপিত হইরা, ঐ গ্রাম কাহার জমীদারী, তাহাই অমুসন্ধান করিতে আরম্ভ করেন। পাটলীর জমীদারের উকীল, নবাবের কোপ দেখিয়া ভীত হইয়া, ঐ গ্রাম আমার প্রভুর অধিকারস্থ নহে বিলিয়া এককালে অস্বীকার করে। তখন নবাব, বর্জমান ও নবদীপের রাজাদিগের জমীদারী উহার নিকটস্থ দেখিয়া, একে একে উহাদিগকে জিজাসাকরেন। বর্জমান রাজ্যের উকীলও প্রবিৎ অস্বীকার করেন। কিন্তু নবদীপারাজের উকীল বিলক্ষণ বৃদ্ধিমান ও স্বচত্র ছিলেন। তিনি অবসর বৃথিয়া কহিলেন—"ধর্মবতার! ঐ গ্রাম আমার প্রভুর অধিকারস্থ এবং ঐ গ্রামের হার্মাকাণ্ড সত্য। কিন্তু ঐ মেলাতে এক্লপ অসাধারণ জনতা হইর্ম থাকে, যে পাঁচ ছয় জন কেন, ১০০০ জন মৃত হওয়াও অসম্ভব নহে। পোকের করেনি বিশেষ স্বর্জ্যে থাকা বার; সেই জন্তই এত জন্ন লোক মরিয়া থাকে। ঐ মেলাতে

বের শ্বাধারণ জনতা হয়, তাহা সভাস্থ কাহারও অবিদিত নাই।" উকী-লের কথা শেষ হইলে, সভাস্থ অনেকেই বলিলেন "ধর্মাবতার। ষাহা শুনিলেন, তাহার কিছুই মিখ্যা নহে।" নবাব, "আচ্ছা, আমি এবারে অপরাধ মার্জনা করিনাম; কিন্ত বারান্তরে এরপ শুনিলে, সমৃচিত দণ্ডবিধান করিব।" এই বিরা নিরস্ত হইলেন।

রমুরাম এই কথা শুনিরা মহা হর্ষিত হইরা, অগ্রদ্বীপ অধিকার করিলেন্
এবং মহা সমারোহে ঠাকুরের পূজা দিলেন। পরে, ঠাকুরের সেবার্থে কুষ্টিরা
প্রভৃতি কতিপর গ্রাম নিজিপ্ত করিরা দিলেন এবং কৃষ্টিরা গ্রামের নাম গোপীনাথাবাস রাখিলেন। এই সমর হইতে গোপীনাথ নবলীপুরাজার ঠাকুর বলিরা
প্রসিদ্ধ হইলেন।

মহারাজ ক্ষণচন্দ্রের রাজত্বকালে, কলিকাভাবাদী রাজী নবক্রয় এই বিগ্রহ অপহরণ করিনা, কলিকাভার আনমন করেন। তজ্জয়, মহারাজ ক্ষণ্টক্র, তদনীস্তন প্রবর্গর জেনেরল লর্ড হৈছিংদের নিকট অভিযোগ করেন। লার্ড হেছিংস প্রজারপ্রজ্জন্বপে বিচার করিয়া, রাজা নবক্রমের দোষ দেখিতে পান। স্বতরাং হেছিংস, নবক্রমেকে বিগ্রহ ফিরাইয়া দিতে অনুসতি করেন। ইহাতে রাজা নবক্রফ তদত্রপ আর একটা বিগ্রহ নির্মাণ করাইয়া, মহারাজ ক্ষণচন্দ্রকে তদীয় বিগ্রহ চিনিয়া লইতে বলেন। মহারাজ ক্ষণচন্দ্রের বৃত্তিভোগী এবং পূর্ব্ব বিগ্রহের পরিচারক জনৈক ব্রাহ্মণ, উভয় মৃত্তি দেখিয়া নিজের বিগ্রহ চিনিয়া লন এবং সেই বিগ্রহ প্রনরায় অগ্রহীপে আনিয়া প্রতিষ্ঠা করেন। রাজা নবক্রমান্ত বহুম্ল্যের আভরণাদি আজি পর্যান্তও গোপীনাথের অঙ্কে বিরাজ করিতেছে।

স্করপুর।—এই স্থান করিমপুর মহক্ষার অন্তর্গত; এধানে চৈত্রমাণের সংক্রান্তিতে, গোবীক্জী নামক বিগ্রহের তুলসীবিহার' নামক মেলা হয়। এই মেলা এক পক্ষ অবস্থিতি করে এবং ইহাতে প্রায় দুশ সহস্র লোক্ষ সমাগত হয়।

ষোষণাড়া।—এই স্থান চাকদহ মহকুমার অন্তর্গত এবং কর্ন্তাভন্ধা দলের লোকগণের পবিত্র তীর্থ স্থান। এখানকার মেলা ফাল্লণ ও কার্ত্তিক মান্তের কর্ম পূর্ণিমার দিন বসিয়া থাকে। কুখন কখন কর্তাভন্ধা দলের নেতা "কর্ত্রা" কাষ্ট্রময় মঞ্চোপরি আরোহণ করিয়া, এই মেলায় উপস্থিত হন। এখানে প্রায় পঁচিশ হাজার লোক সমাগত হয়।

গোঁদাই ছর্গাপুর।—এখানে কার্ত্তিকী পূর্ণিমাতে রাধারমণ দেবের রাদোপলক্ষে এক মেলা হইয়া থাকে। এই মেলা দশদিন পর্য্যন্ত অবস্থিতি করে
এবং ইহাতে প্রায় দশ হাজার লোকের সমাগম হয়।

ক্ষানগর।—এখানকার রাজবাটীতে মহাদোল বা 'বারদোল' উপলক্ষে প্রতি বংসর ১১ই চৈত্ত্বে গোপীনাথ ও মদনমোহন দেবের মেলা হইয়া থাকে। স্থানে স্থানে কৃষ্ণনগরের মহারাজার বত বিগ্রহ আছে, এই উৎসব উপলক্ষে সেই সমস্ত বিগ্রহ এখানে আনীত হয়। এই মেলা তিন দিন কাল অবস্থিতি করে"। এই মেলায় প্রায় বিংশতি সহস্র যাত্রী আসিয়া থাকে।

নদীরা বা নবদ্বীপ।—প্রতি বৎসর মাঘমাসে চৈতক্সদেবের জন্মতিথি উপক্রমে এখানে প্রায় ৪।৫ হাজার বৈষ্ণব সমার্গত হয়। মতক্ষণ উৎসব চলিতে
থাকে, ততক্ষণই ইহাতে নৃত্য, গীও ও কীর্ত্তন হইতে থাকে। নবদীপে
আরও একটা মেলা হয়; উহাকে "পটপূর্ণিমার" মেলা কহে। এই উৎসব
উপলক্ষে প্রতি বৎসর মৃত্তিকার বিপ্রহসকল অভত হয় এক কার্তিক মালেয়
পূর্ণিমাতে পূজা হইয়া থাকে। এই উৎসব হুই দিন মাত্র থাকে এবং প্রায়
৫।৬ হাজার যাত্রী ইহাতে সমাগত হয়।

শাস্তিপুর।—এখানে কার্ত্তিক মাদের পূর্ণিমাতে ত্রীক্ষেরে রাস হইরা থাকে। গোস্বামী মহাশয় দিগের বিগ্রহ সকল সমূহত দাক্ষমর দোলমঞ্চোপরি দোত্ল্যমান হয় এবং শেষদিনে রাজপথ বহিরা মহাসমারোহ সহকারে গমন করিয়া থাকে। এই মেলাতে প্রান্ন ২৫।২৬ হাজার লোক সমাগত হয় এবং ইহা তিন দিন অবস্থিতি করে। গোস্বামী মহাশয় দিসেয় শ্যামস্থলর বিগ্রহ অতীব প্রসিদ্ধ। এমন স্থলর ও স্বর্হৎ বিগ্রহ বঙ্গদেশের মধ্যে নিতান্ত বিরল। শ্যামস্থলরের মন্দিরও এমন উচ্চ ও বৃহৎ যে, তিন মাইল দূর হইতে দৃষ্টি-গোচর হয়।

বীরনগর বা উলা।—এই স্থান রাণাঘাট মহকুমার অন্তর্গত। বৈশাখ লাসের সংক্রান্তির দিন উলাই-চণ্ডী দেবীর উৎসব উপলক্ষে এই সেলা বসিয়া শকে। সকলের বিশ্বাস, উলাই-চণ্ডী বিস্চিকা রোগের অধিষ্ঠাতী দেবী ও সর্বসংহারক শিবের পত্নী। উলাই-চণ্ডীর যাত অতীব প্রসিদ্ধ ও বিলক্ষণ। শ্রুতিমনোহর। চৈত্রমাসে এই যাত আরম্ভ হয়। যাতের সময়ে এথানে অনেক ছাগ ও মহিষ বলি হয়।

তেহাটা।—এথানে গৌষমাসের সংক্রান্তিতে "রুষ্ণরায়ের মেলা" নামক এক সহোৎসব হইরা থাকে। এই মেলা তিন দিন অবস্থিতি করে। রুষ্ণনগ্র রাজগণের প্রতিষ্ঠিত রুষ্ণরায় নামধের বিগ্রহের উৎসব উপলক্ষে এই কেলা সংঘটিত হয়। এথানেও প্রতিবৎসর ৩৪ হাজার যাত্রী সমাগত হয়।

মুড়াগাছা।—এই স্থান নকাসীপাড়া থানার অন্তর্গত। বৈশাখী পূর্ণিমাতে এথানে প্রতিবংসর সর্বাসলা দেবীর উৎসব উপলক্ষে এক মেলা হইয়া থাকে। এই মেলা তিন দিন অবস্থিতি করে এবং এতত্পলকে প্রায় দ্বিসহক্রশাত্রী স্মাগত হইয়া থাকে।

কুলিয়া — এই স্থান চাকদহ পানার অন্তর্গত। এখানে প্রস্তি বংসর
"উপরোধ ভঞ্জন" নামক উৎসব হইয়া থাকে। গৌরাঙ্গদেখের সহিত তাঁহার
ভার্যার বিবাদ ভঞ্জন কুরাই এই উৎসবের উদ্দেশ্য। ইহাও তিন দিন
পর্যান্ত থাকে এবং ইহাতে প্রায় ৭৮ হাজার যাত্রী স্মাগত হয়।

গাঁড়াপোতা। —এই স্থানও চাকদহ থানার অন্তর্গত। চৈত্রমাসের সংক্রা-ন্থিতে এথানে এক মেলা হইয়া থাকে। সেই মেলাতে প্রায় ৩।৪ হাজার লোক সমাগত হয়। এই মেলা চারি দিন অবস্থিতি করে।

সাঞালপুর, মারুজিয়া ও হোঁগলবাড়িয়া।—এই তিনটী স্থান মেহেরপুর
মহক্মার এবং বীরুই ও পাটলী—এই তুইটা স্থান রাণাঘাট মহকুমার অস্ত
গত। পূর্ব্বাক্ত পাঁচ স্থানেও প্রীকৃষ্ণদেবের পূর্জা উপলক্ষে এক এক
মেলা হইরা থাকে। বৈষ্ণবেরাই এই সকলে মেলাতে অধিক আগমন করে।
শেষোক্ত স্থানে যে মেলা হয়, তাহা মুসলমান মৈলা ব্রিয়া স্পষ্ট প্রতীয়্মান ইয়।

ভাগিরথী-মান।—কুশদীপ ও পূর্বাঞ্চলবাদী লোকেরা গঙ্গামানোপদক্ষে যে যে স্থানে গমন করিরা থাঁকে, সেই সেই স্থানেও সেই সেই সময়ে এক একটা । মেলা হইয়া থাকে। ঐ সকল স্থানের মধ্যে ভাগিরথী ও জলঙ্গীর সঙ্গমস্থল নবদীপ, শান্তিপুর, চাকদহ, হালিসহর, নৈহাটী, ত্রিবেণী ও কলিকাতা প্রধান-ক্রিক অন্যন চল্লিশ বৎসর হইল, চাকদহে মাদী পূর্ণিমার সময়ে এক মহতী মেলা হইও। উহাতে প্রায় ১০।১৫ হাজার কোকের সমাসম হইত। আজি কালিকার হিন্দুগণের ধারণা, চাকদছের নীচে গঙ্গা নাই। সেই জন্ত করেক বংসর হইতে চাকদহে, যাত্রীর সমাগম না হইয়া, উহার নিকটবর্ত্তী যশড়া, রাণীনগর প্রভৃতি স্থানে যাত্রীর সমাগম হয়। একণে উক্তস্থান সক্ষেরও পরিবর্ত্তে কালিগঞ্জের নিম্নে যাত্রীগণ গঙ্গাস্থান করিয়া থাকে।

ি বিবেণী।—এই স্থান হিন্দ্দিগের এক মহাতীর্থ। গ্রহণ ও উত্তরায়ণের
সময় এখানেও অনেক বাত্রী সমাগত হয়। প্ররাগে সান করিলে, বেমন
অক্ষয় পুণ্যবাভ হইয়া থাকে; এখানেও ভাহাই হয়। সার্ভ রম্মন্দন ভট্টাচার্য্য
সহালর ভদীর প্রারশ্ভিক-ভবে বিধিয়াছেন—

প্রহায় হদাৎ যাম্যে সরস্বত্যান্তথোত্তরে।
তদ্দক্ষিণে প্রয়াগন্ত গঙ্গাতো ব্যুনাগতা।
সাখা তত্তাক্ষয়ং পুণ্যং প্রয়াগইব লক্ষ্যতে।

চাকদহ ষ্টেশনের পূর্বের, 'থোজারহাট' নামক একটা স্থান আছে ৷ তাহার দক্ষিণাংশেই প্রান্থ্য দেখিকে পাওয়া বার। প্রবাদ আছে, প্রান্থ্য ধবি 🧠 এইখানে শাপগ্ৰন্ত হইয়া হ্ৰদমধ্যে অবস্থিতি করিভেছেন ক্রিক্টেই ভাগিরথী স্থাত মিলিত হইলেই, তাঁহার উদ্ধার সাধন হইবে। পুর্বে এই ব্রদ ভাগিরথী হইতে যত দূররতী ছিল, এক্ষণে আর তাহা সাই। ভাগিরথী ক্রমশঃ ইহার নিকটবর্ত্তী হইভৈছেন। বাহা হউক, ইহার দক্ষিণে দক্ষিণপ্রসাগ ৰা মুক্তবেণী অবস্থিত। ইহাকেই সাধারণে ত্রিবেণী বলিয়া থাকে। এই স্থানের পশ্চিম পার দিয়া, সরস্বতী ও পূর্ব্বপার দিয়া ষমুনা নদী প্রবাহিতা হইতেছেন। ইহা তিনটী, নদীর সঙ্গমন্থল বলিয়াও, ইহার নাম ত্রিবেণী হইয়াছে। ১৮৫৯ পৃষ্টাব্দের পূর্বে যে মহামারী হইয়া, ত্রিবেণী ধ্বংদ হয়, তাহার পূর্বে এই স্থান অতীব স্বাস্থ্যকর ছিল। সেই সময়ে এখানকার জলবায়ু বঙ্গদেশের যধ্যে সর্কোৎকৃষ্ট ছিল: তথন কলিকাতা ও অন্তান্ত স্থানের জনীদারেরা স্থান পরিবর্ত্তনের জক্ত এখানে আসিয়া বাস করিতেন এবং এখান হইতে পানীয় জল লইয়া যাইতেন। বিখ্যাত সপ্তগ্রাম ইহার সন্নিকটে সরস্থী ভারে স্থব "হিত ছিল। প্রায় ৩৫০ বৎসর গত হইল, কবিকন্ধণ স্বরচিত কাব্য মধ্যে জিবেণী ও সপ্তপ্রাম বন্দর সম্বন্ধে লিপিয়াছেন-

'কুশদীপ-কাহিনী।

াগ্রামের বেপ্তে সব কোথাও না বার;
বের বসে স্থমোক্ষ নানা ধন পার।
তীর্থমধ্যে প্র্যাতীর্থ অন্তি অনুপম,
সপ্তথমি শাসনে বলরে সপ্তগ্রাম।
কাণ্ডারীর বচনে করিয়া অবনতি,
ত্রিবেণীতে স্নান করে সাধু ধনপতি।
নারে তৃলে সদাগর নিল মিঠা পানী,
বাহ, বাহ, বলিয়া ডাকেন ফ্রমানা।"

সাগরসর্থম।—বে হানে ইচ্ছামতী ও বমুনার শ্রিণিত প্রোত্ত গঙ্গাসাগরে ।তিত হইয়াছে, সেই হানেও প্রতিবর্ধে বহুসংখ্যক লোক সান করিছে গিয়া থাকে। এই হানের নাম "কশিলমূনি"। এখানে, মহর্ষি কশিলদের ও সগর রাজার মূর্ষি প্রতিষ্ঠিত আছে। এই হান স্থান্তর্বনের অন্তর্গত। আজি বর্ষের গোন মানের সংক্রান্তির পূর্বা দিন হইতে আরম্ভ করিয়া ক্রখাব্যে তিন দিন কাল এখানে মেলা হয়়। গঙ্গাসাগর বেগে প্রায় লক্ষাধিক লোক কশিলম্মনিত গমন করিয়া থাকে। ইহাকেই সাধারণতঃ 'সাগর-সানি' বলে।

এই সমস্ত বৃহৎ বৃহৎ মেশা ব্যতীত কুশবীপে আরও ছই একটা ছোট ছোট মেলা হইয়া থাকে। একণে সেই সকলের নাম আছে মাত্র; কিন্ত প্রকৃত সমারোহ এককাল্রে নিক্ত হইয়াছে। ধাহাহউক, সাধারণের অবগতির জন্ত আমরা উহাদিগের বিবরণ নিমে প্রকাশ করিতেছি।

চার্ঘাট।—এই স্থান হরেওঁড়ীর দহা ও ঠাক্রবরের আন্তানার নিমিত্ত প্রানিদ্ধ। এখানে কোনও বৃহৎ মেলা হর না বটে; কিন্তু যাত্রীয়া মানসিক করিয়া, প্রায়ই এখানে আসিয়া থাকে ও ঠাক্রবর সাহেবের নির্নি দের। ইহার তিন চারি ক্রোশ প্রেই, ষমুনা ও ইছামতী নদীর "টিপী" নামক সঙ্গম স্থা। কথিত আছে, প্রাকালে চারঘাটে হরি ওঁড়ী নামক একজন সত্যনারারণ ভক্ত ধনীটো ব্যক্তি বাস করিত। পার ঠাক্রবর, উক্ত ওঁড়ীকে নিজের শিব্য হইতে অমুরোধ করেন। কিন্তু হরিও ড়ী তাহাতে অস্বীরুও হয়। তাহাতে পীর ঠাক্রবর মহা কৃপিত হইয়া, উহার বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হন। হরিও ড়ী তাহাতে নিতান্ত উৎপীড়িত হইয়া, জনাভ্নি পরিত্যাগ করতঃ, স্পরিবারে প্রান্তি নিতান্ত উৎপীড়িত হইয়া, জনাভ্নি পরিত্যাগ করতঃ, স্পরিবারে প্রান্তি

য়ন করিতে কৃতসংশ্বর হয়। একদা হরি রক্ষনীনোগে সপরিবারে নৌকারোহণে যম্না দিয়া পলাইয়া বাইতেছে, এমন সময়ে ঠাকুরবর জানিতে পারিপ্না, উক্ত দহা মধ্যে তাহাকে ডুবাইয়া মারেন। তদবিধি উক্ত আবর্তের নাম হরি উদ্ধির দহা হইয়াছে। ফলতঃ যাহাই হউক, এই আবর্ত প্রকৃতিদেবীর ষম্নাব্দস্থ অন্তত্ম বিশাল লীলাক্ষেত্র এবং যম্নার অক্সান্ত আবর্ত অপেকা সর্বশ্রেষ্ঠ।

র্জনেশর।—এই স্থান গোবরডাকার তৃই তিন ক্রোশ পশ্চিমে বমুনাতারে অবস্থিত। এখানে বৃড়াশিব নামে এক বিগ্রহ আছেন। এই বিগ্রহের গাজন উপলক্ষে এক মেলা হয় এবং তিন চারি দিন সেই মেলা অবস্থিতি করে। উহাতে প্রার ১০১২ ইবলার লোক সমাগত হয়। কবিত আছে, এখানে যে বিশাল দীঘী আছে, তাহাতে চড়ক কাঠ ও একখণ্ড প্রস্তর প্রতিবংসর চড়কের সময় পাওরা গিরা থাকে। চড়কান্তে উক্ত চড়ক কাঠ ও প্রস্তর সেই বাপীজনে ভাগাইরা দেওরা হয়। ইহার পরে আর উহাদিগকে দেখিতে পাশুরা বাম না। পরে চড়কের পূর্বে শিব-জাগরণের দিনে উহারা পুনরায় দৃষ্টিগোচর হয়। ব্যার্কালে ভালাকানিক দিনে উহারা পুনরায় দৃষ্টিগোচর হয়।

ইচ্ছাপুর। — কান্তণী পূর্ণিমাতে এখানকার চৌধুরী ক্রাণারেরা মহাস্থাবিহু রাধাপোবিক্ষের দোলোৎসব করেন। তত্পলক্ষে এক বৃহতী মেলা জনানা
বিক্ষের নৃত্যাগীত হয়। এই মেলা একদিন মাত্র অবস্থিতি করে; কিন্ত উৎসব
জিন চারি দিন চলিয়া থাকে। প্রায় তিন সহল্র লোক এই মেলাজে উপস্থিত
হয়। চৌধুরী মহাশ্রগণের ভাগ্যলক্ষীর সহিত এই মেলাও নির্মান্তর্ম বিকট
বদন দর্শন করিতেছে।

খাঁটুরা।—এই গ্রামের পূর্ব প্রান্তে বামোড় জীলে এক প্রাচীন বটর্ক আছে। সকলেই সেই বটর্ককে ৮ ছণ্ডীদেবীর অধিষ্ঠান-ডক বলিয়া অতীব ভক্তি সহকারে পূজা করিয়া থাকে। চৈত্র ও বৈশাধ মাসে নানা স্থান হইতে বহুসংখ্যক স্ত্রী ও পূক্ষ ঢাক ঢোল বাজাইয়া এই স্থানে পূজা দিতে আইসে এবং ভাহারা সমটো সময়ে অনেক ছাগ বলিও প্রদান করে। কান্ধণী পূর্ণি-মাতে এই স্থানে খাঁটুরার বিদ্যাবাচস্পতি মহাশর্দিগের রাধারমণের দোল ইয়া থাকে। তত্বপলক্ষে এখানে একটা সামান্ত মেলা হর। সেই মেলার প্রায়

চড়ক উপলক্ষেও তদম্রপ আরু একটা ক্ষুত্র মেলা হয়। এই তুই সমরে এখানে রীন্ধন মসালা বহুল পরিমাণে আমদানি ও বিক্রম হয়। সকল গৃহীই এই সমরে সেই মেলা হইটে বাৎসরিক মন্ধন মসালা ক্রম করিয়া রাখে।

গোবরভালা।—এথানকার মুখোপাধ্যার জমীদার মুহাশরগণের গোষ্ঠ বিহারোপনকে ১লা বৈশাথে অনেক লোকের সমাগম হয়। জমীদার মহাশর-গণের প্রামাদ সন্মুখন্থ বিস্তীর্ণ রক্ষ ভূমিতে এক গাভীর সহিত একটা শৃক্মশাব-কের ক্রীড়া বা বিহারই এই উৎসবের প্রধান উদ্দেশ্য। ক্রীড়া করিতে করিতে গাভী বতকণ সেই শৃক্রশাবককে নংশন না করে, ততক্ষণ এই বিহারের পরিস্মাপ্তি হয় না। এতন্তিয়, রথ যাত্রার সমরে যমুনা তীক্ষর ষ্ঠীতলায় রথোশলক্ষে এক রহৎ মেলা হয় এবং গ্রামন্থ যাবদীয় ব্যক্তির রথ এই স্থানে আনীত হইয়া থাকে। এই মেলায় অনেক কাঁঠাল ও আনারক বিক্রয় হর্ষয়া থাকে। ইহাতে প্রায় ৫।৬ শত লোকের সমাগ্র হয়।

উরিথিত হান ওণিই কুশ্বীপের প্রাচীন তীর্থ ও মেলাহান। কিছ করেক বংসর হইতে, নিম্নলিথিত হান গুলিও কুশ্বীপের তীর্থ ও মেলা স্থান বলিয়া পরিগণিত হইয়াছে এবং দিন দিন উন্নতির পথে অগ্রসর হইতেছে।

দেয়াড়া।—এই স্থান যম্না ও ইছামতী নদীর সক্ষমন্থল টিপী ও চারঘাটের মধ্যস্থলে এবং গোবরডাকা হইতে ত্ই ক্রোশ পূর্বে অবস্থিত। মাঘী পূর্বিমার দিন হইতে এখানে এক মেলা হইয়া থাকে। যম্না নদীর ত্ই ক্লে এই মেলা বিসিয়া থাকে এবং উহা চারিদিন অবস্থিতি করে। এখানে প্রতি বৎসরে প্রায় ২৫।৩০ হাজার লোক সমাগত হয়। লোকের বিশ্বাস মাঘী পূর্বিমার দিন ভীম্মজননী গঙ্গাদেবী এই স্থানে আসিয়া তদায়া ভগিনী শম্না নদীর সহিত সাক্ষাৎ করেন। এই জন্ত, মেলার সময়ে এথানে গঙ্গা ও যম্নার প্রতিমা পূর্মা হয়।

গৈপুর।—এই স্থান কুশ্বীপের অন্তর্গত এবং গোবরভাঙ্গা টেশন হইতে এক মীইল দূরবর্তী। এথানে ফাল্পুণ মাসের সংক্রান্তির দিন হইতে একটী মেলা হইয়া থাকে ও তিন দিন সেই মেলা অবস্থিতি করে। এই মেলাতে প্রায় এড হাজার লোক সমবেত হইয়া থাকে। এথানে "ওলা বিবি" দেবীয়া এক দুরগা আছে। সেই "ওলা বিবির"পূজা উপলক্ষেই এই মেলা ব্যিয়া থাকে। শিম্লপুর।—ইহাও কুশ্বীপের অন্তর্গত ও গোবরডার্লা হইতে অন্নতিন মাইল দ্রবর্জী। এখানে এক পীরের মদিদ আছে। খাঁটুরা নিবাসী প্রীযুক্ত রামকৃষ্ণ রক্ষিত সেই মদিদের জীর্ণ সংখার করিয়া দিরাছেন। তাঁহার নামানুলারে করেক বংশর হইতে এখানে একটা মেলা হইতেছে। উহা রামকৃষ্ণের মেলা খলিয়া প্রদিদ্ধ। এই মেলাতেও প্রায় ছই হাজার লোক উপস্থিত হয়। প্রাঞ্জ রক্ষিত মহাশর মেলার সমরে জলছত প্রদান করিয়া দর্শনার্থী আগত লোকদিগের বিশেষ পরিচর্য্যা করিয়া থাকেন।

ভূমা।—এই স্থানও খাঁটুরা হইতে প্রায় তিন ক্রোশ দূরবর্তী। এথানে ১২ই বৈশাথে এক মেজা বসিয়া থাকে এবং ১০১২ হাজার লোক সমাগত হয়। তাই মেলা চারি দিন অবস্থিতি করে। ইহা হিন্দু ও মুসলমানের মেলা।

ইতিহান প্রনিদ্ধ হান।—কুপদ্বীপে কোনও ইতিহান প্রনিদ্ধ হান নাই;
কিন্তু নদীরা জেনার তাদৃশ হান ছই চারিটী দেখিতে পাওয়া যার এবং নেই
সকল হানের সহিত মধ্যে মধ্যে কুশ্বীপেরও বিশেষ সংঘর্ষ হইরা থাকে।
নেই জ্ঞা আমরা কুশ্বীপের সরিকটবর্তী ইতিহান প্রাক্তির হান গুণির বিবরণ
নিম্নে প্রদান করিতেছি।

ন্দীয়া বা নবদীপ।—এই নগর ভাগিরথী ও জলসীর সঙ্গম হলে অবহিত। বাঙ্গালার শেষ হিন্দুরাজা লক্ষণ সেন এই নগরে স্থকীয় রাজধানী স্থাপন করেন এবং ঘবন সেনাপতি বথতিয়ার থিলিজীর আক্রমণে ভীতু হইয়া, শ্রীক্ষেত্রে পদায়ন করেন। সংস্কৃত বিদ্যালোচনার জন্তও এ হান অতীব প্রসিদ্ধ।

শান্তিপুর।—রাণাঘাট মহকুমার তিন চারি ক্রোশ দক্ষিণে এই নগর অবস্থিত। শান্তিপুরে ধনপতি সওদাগরের জনম শ্রীমন্ত সওদাগর বাণিজ্য করিতে
আসিতেন। তৈতন্তাদেবের প্রিয় শিশ্য অহৈত এই স্থানে জন্ম গ্রহণ করেন।
শান্তিপুর বহুসংখ্যক লোক পূর্ণ বাণিজ্য স্থান। এখানে ইট ইণ্ডিয়া কোম্পানির এক বাণিজ্যাগার ছিল। ভূতপূর্ব্ব গবর্ণর জ্যেনেরল মাকু ইস্ অব্ ওয়েলেস্লী
এখানে মধ্যে মধ্যে আসিয়া বাস করিতেন। শান্তিপুরের স্ক্র বন্ত-অত্যন্ত
বিখ্যাত। এখানে প্রায় ১০।১২ হাজার তাঁতি বাস করে। শান্তিপুরে জনেক
স্থাস্থামী আছেন; তাঁহারা অবৈতের বংশধর। শান্তিপুরের প্রায় তিন ভাগ
লোক বৈষ্ণবধর্মাবল্যী।

উলা বা বীরনর্গর ।—এই নগর রাণাঘাট মহকুমার অন্তর্গত এবং অতীব প্রাচীন। • এই স্থানে শিবসীমন্তিনী ভগবতী, শ্রীমন্ত সভদাগরের সিংহল বাজা কালে, তথার রণতরি সকল, প্রবল ঝটকা ও ভীষণ বৃষ্টিপাত হইতে রক্ষা করি-য়াছিলেন। সেই জন্ত, উক্ত সভদাগর এই স্থানে নামিয়া, মন্ত্রল চতীর পূজা করেন। সেই চত্তী উলুই-চত্তী নামে বিখ্যাত হইয়া, আজিও এই স্থানে বিরাজ করিতেছেন। "গঙ্গাভজি-ভরজিনী" গ্রহে গঙ্গার যে গতি উলিখিত হইয়াছে, তাহাতে ভাগিরথী ইহার নিয় দিয়া প্রবৃহিত হইতেছেন, এইয়প উল্লেশ আছে।

স্থ্যাগর।—পঞ্চাশং বংসর পূর্বে, স্থ্যাগর অস্তান্ত সমৃদ্ধিশালী নগর

হিল। তথন অটালিকালিতে এই স্থান পূর্ণ ও শোভিত ছিল। এইনকালে

লর্ড কর্ণ ওয়ালিন এই স্থানে আসিয়া বাস করিছেন। এথন বেয়ন প্রবিশ্বেসা

নিম্না পাহাড়ে বান, তথন গ্রীয়কালে তাঁহারা স্থ্যাগ্রে আফিছেন। রেজিনিউ

ব্যের্ড, মুরশিকারাদ হইতে উঠিয়া আসিয়া, এই স্থানে সংস্থাপিত হয়। স্থ্যাগ্রেম

সমস্তই গ্রহণে গঙ্গায় ভাঙিয়া পড়িয়াছে। খুয়ীয় ১৮২৩ বা বালালা ৩০ সালের

বস্তায় স্থ্যাগ্রের বাজার ধ্বংস হইয়াছে।

কুশরীপবাদিগণৈর সামাজিক অবস্থান।—পরিচ্ছদ ও অন্থান্ত ভোগা বার্ম সময়ে কুশরীপবাদিগণ আজি কালি অনেক উরতি লাভ করিরাছে। অধুনাতন অপেকারত বিশিষ্ট ব্যবসারিগণ গ্রীমকালে এক খানি ধৃতি ও একখানি উড়ানি ব্যবহার করে। উত্তরই কার্পান ক্রে নির্মিত এবং ম্লো ছই টাকার অধিক নহে; পাদদেশে এক টাকা মূল্যের এক বোড়া চটী জুতাও ব্যবহার করে। শীতের সময়ে মোটা ক্রার চাদর, মোটা শাল, অথবা এক খানি র্যাপার বা বনাত উড়ানির পরিবর্ত্তে ব্যবহৃত্ত হয়। ইহারা স্চরাচর চারি পাঁচ কুঠারি বিশিষ্ট একটা ইষ্টকময় গৃহে বান করে। গৃহ সামগ্রীর মধ্যে প্রধানতঃ ছই তিন খানি তক্তাপোষ, বস্ত্রাদি রাখিবার জন্ম ছই তিনটী কার্চের সিন্ধক-বাক্স, কতকগুলি পিত্রল, তামা বা কাঁসা নির্ম্মিত তৈজস এবং কতিপর প্রস্তর পাত্র দেখিতে পাঙ্যা বার্ম। স্ত্রীলোকেরা দশ হাত লম্বা পাড়বিশিষ্ট এক থানি ক্তার কাণ্ড পরিধান করে। কিন্তু সম্লান্ত গৃহত্তের সধ্বা স্ত্রীলোক ২০০০ ভরিরক্ষর ও ২০৮০ ভরির রৌপানুক্ষরের পরিধান করিয়া থাকে। প্রত্তাক

সংসারেই ছই তিনটা বিধবা স্ত্রীলোক দেখিতে পাওয়া বায়; উহারা থান কাপড় পরিয়া থাকে এবং কোনও অলঞ্চার ব্যবহার করে নাও স্থানীর স্থর্গারোহণান্তে ইহারা যে ব্রদ্ধচর্গা অবশন্ধন করে, স্থানরণ ভাহা হইতে কদাপি বিচলিত হয় না। ইহাদিগকে দেখিলেই সভীত্বের প্রভাক্ষ প্রতিমা বলিয়া বোধ হয়। আহার, ব্যবহার, বেশভ্যাভেও ইহারা যেরপ নিস্পৃহ ও নিংসার্থ হইয়া দিনপাত করে, ভাহাতে ভাহাদিগকে দেবাজনা বলিতে ইচ্ছা জয়েয়। হিন্দুধর্মে বিদি বিন্দুমাত্রও সারাংশ বিভ্যান থাকে, ভাহা হইলে ইহাদিগের নৈতিক জীবনেই ভাহা পরিলক্ষিত হয়। সংসারে অবস্থিতি করিয়া, সংসার হইতে নিলিপ্ত হইতে, প্রমন আর কাহাকেও দেবা বায় না। হিন্দুবিধবা হিন্দুধর্মের সভ্ত প্রতিমা – এই সকল হিন্দু বিধবা আছেন বলিয়াই, আজিও হিন্দুধর্মের অন্তিও লোপ হয় নাই:

গৃহিগণ, সচরাচর অন্ন, ডাল, ষংশ্র, ছগ্ধ ও নানাবিধ তরকারী আহার করিয়া থাকে। কোনও এক কলেক্টর সাহেব ছন্ন সাত জন পরিবার পরিবৃত্ত মধ্যবিধ গৃহত্তের মাসিক সাংসারিক ব্যন্থ নিম্নলিথিভুরূপে স্থির করিয়াছেন। সাড়ে তিন মণ চাউল, মূল্য ন্নাধিক নম্টাকা; অর্জমণ ভাল, মূল্য ত্ই টাকা; তৈল আড়াই টাকার; স্বত এক টাকার; কাঠ ছই টাকার; ছই কিন্টী গাভীর বিচালী, ছই টাকার; লবণ দশ বার আনার; মসলাদি ও পান ছই টাকার; অপরাপর বাজে ব্যান চারি টাকা; সর্ব্ধ সাকল্যে ২৫। ছইলেই, ছন্ন সাত জন পরিবার পরিবৃত মধ্যবিধ গৃহস্থ স্থ্যে সজ্জনে সংসার্যাত্রা নির্মাহ করিতে পারে।

এতৎসহদ্ধে কৃষিজীবী বিশিষ্ট-কৃষাণের বায় অক্সরূপ। কৃষকেরা এক এক থানি মোটা ধৃতি পরিধান করে এবং উড়ানির পরিবর্তে একথানি স্থনীর্য সামোছা স্কন্ধে ফেলিয়া, সর্বত্র গভায়াত করিয়া থাকে। শীতকালে কৃষকেরা এক এক থানি মোটা মাদ্রাজী চাদর বাবহার করে। এক এক বাটার মধ্যে ছই বা তিন থানি থড়ের ঘর, একথানি বড় গোয়াল বা গোশালা এবং সর্বদা বাছিরে বসিবার ও দাঁড়াইবার জক্ত এবং বন্ধ্ বান্ধব ও আত্মীয়-ক্জনগণের অভ্যর্থনার নিমিত্ত, একথানি চণ্ডীমণ্ডপ বা বাহিরের ঘর থাকে। এই সকল ঘরের প্রাচীর প্রধানতঃ মৃত্তিকানির্মিত জ্পুনা বাঁশের বেড়ার উপর মৃত্তিকার

নেপষ্ক এবং উপরিভাগ বা ছান, তুন বা পর্নাক্তাদিত বার্শের চাল দারা আরুত। গৃহসামগ্রীপ মধ্যে, এক বা গুইঞ্জনি ভক্তাপোষ, গুই একটা কার্ছের সিন্ধ্ক ও বাক্ষই প্রধান। কৃষিজীবী সাধারণ গৃহত্বের সচরাচর আহার্ঘা, মোটা অন, মংস্তা, ডাল, তরকারি ও ছগ্ধ। যথার্থ কথা বলিতে কি, ক্লমিন্তীনী গৃহস্থ, নিজ আবাদ হইতেই অন, ডাল ও তরকারি পাইয়া থাকে। উহাকে শুদ্ধ মংস্তা, তৈল, লবণ, মদাল। এবং পরিধের বদন ক্রের করিতে হয়;—কার্চ কিনিতে হয় না; কেন না, গরুর গোময় হইছে যে কাণ্ডী বা বুটিয়া প্রস্তুত হয় এবং অরহর ও পাট প্রভৃতির যে ওফ কাঠ থাকে, তাহাতেই ভাহার কাঠের অভাব विद्विष्ठ इरेग्रा थारक। প্राश्वक कलक्षेत्र मारहव अक्किन वक्षी क्षिकीवीत মাদিক সাংসারিক বায়ও নিয় লিখিভরূপে নির্দারণ করিয়াছেন। এক সীকার মংস্ত; আট আনার অন্তান্ত ভরকারি; দেড় টাকার ঠৈল,; আট আনার লবণ; দেড় টাকার পান ও নসলাদি; ছই টাকার বস্তু; অভাভ নালে হ টাকা এবং গত্রুর থইন প্রভৃতিতে দেড় টাকা;—দর্ব দাকলো দাড়ে দশ টাকা মাতা। কিন্ত ইহার উপরে তাহার চাউল ও খাজানাদি ধরিলে, উর্জ সংখ্যার কুজি টাকা হয়। কোনও ভাগ্যবান্ ক্ষকপরিবারের নিত্যব্যয় সাধারণতঃ এইরপই হইয়া থাক। কিন্তু অধিকাংশ কৃষক পূর্বোক্ত রূপেও সাংসামিক ব্যয় নির্কাহ করে না। একজন মধ্যবিধ ক্লমক, এক খোড়া বলদ লইয়া, অন্যুন ১৫ বিঘা জমির আবাদ করিতে পারে এবং আহারাদির বায় সমৈত ভাহার মাসিক ব্যয়, দশ টাকার অধিক পড়ে না ৷

ফলতঃ পূর্লকালে প্রজারা পরম স্থান্থই কালবাপন করিত। সামাজিক অবভান সন্থকে ভূমির কর ও আহারাদির সাক্ষণা, এই ছইটা প্রশান। বদি
এই ছইটা স্থানে চলিয়া যায়, ভাছা হইকেই প্রজারা "রামরাজ্যে বাস" বলিয়া
আপনাদিগকে গৌরববান মনে করে। শক্তঃ বে দেশে ভূমির কর লইরা,
প্রজাকে উৎপীড়িত হইতে হয় না, অথচ প্রজারা গ্রাসাজ্যদনেরও কোন কর্ট
পার না, সেই দেশের প্রজারাই অভূল স্থান স্থা হইয়া থাকে। পূর্বাকালে
প্রজাদিগের এই উভর্বিধ স্থাই অপ্যাপ্ত ছিল। তথন একে ত শপ্তকেত্রের
কর, প্রতি বিঘার গড়গড় তা ছই আনা ছিল এবং বাস্ত ও বাগানের কর, প্রতি
বিধার বার্ষিক ছই টাকার অধিক ছিল না; তাহাতে আবার পত্নি, দরপত্নি,

প্রভৃতির বন্দোবন্ত না থাকাতে, ভূমির থাজানাও কোন কালে বড়িত না। আবার, প্রতি গ্রামে নিম্বর ভূমি থাকাতে, ক্রমিজীবী প্রজাগণের আরও স্থবিধা হইত। নিম্বর ভূমির থাজানা আরও অল্প ছিল। বিশেষতঃ যাহারা নিজের নিম্বর ভূমি আবাদ করিত, তাহারা শক্ত না জানিলেও, থাজানা দিতে হইবে না বিসায়, তাদৃশ উৎক ঠিত হইত না। যাহারা অক্সের নিকট নিম্বর ভূমি থাজনা করিয়া লইত, তাহারাও নিশ্চিত্ত থাকিত। কেন না, একে তাহাদিগকে মালের জমী অপেকা খাজানা কম দিতে হইত, তাহার উপর সেই থাজানা কেনও নিম্বারিত সময়ের মধ্যে দিবার আবশ্যকতা হইত না।

क्रिनेबीर्ट सिक्ष ऋथक यात्र भन्न नारे छित्र। भूक्षकारणन कथा पृद्ध थाक्क, প্রশাশ বংশর পূর্বে, এখানে তণ্ডুলের মণ বার আনা; কলাই, ছোলা ও অর-হরের মণ আট আনা; মুগের মণ এক টাকা; তৈলের মণ পাঁচ টাকা; মতের মণ দশ টাকা; এবং মটর, খেঁদারি ও মুহুরির মণ ছয় জানা ছিল। জ্ঞাম খাম্ব ঐরপ স্থলভ মূল্যে পাওয়া বাইত। ইহার পূর্বে ঐ সকল ক্রব্যের म्ना व्यात्र अञ्चा हिन। मूननमान त्राक्षकारम, এপ্রদেশে যে কখন ও তৃর্জিক ब्रेसिक्य रेस स्कान । रेटिक्शन हे विकास किया विकास का । अरत, विकास বিতা যতই প্রবল হইভেছে, কণ্টের পরিমাণও তত্তই অধিক ইইভেছে । এখন একটা লোকের এক বেলার ভার লইতেও, লোকে কণ্ট বোধ-করে; কিন্তু তথন রাতি বিপ্রহরের সময় দশ পনর জন অতিথি, পথিক বা কুটুম্ব আসিলেও, লোকে বিশুমাত্র বিরক্তি বা কন্ত বোধ করিত না। কারণ, তৎকালে আমা-দিগের প্রধান আহার্যা অন্ন, ডাল, তরকারি, দধি, ছগ্ধ, স্বস্ত ও শর্করা বা গুড় লোকের বাটীতে যে কোন রূপেই হউক, অপর্য্যাপ্তরূপে সঞ্চিত থাকিত। প্রত্যেকের বাটীতে একটা পৃষ্ণরিণী ও,তাহাতে বছবিধ মংক্তঞ্জ রক্ষিত্ত হইড; স্ত্রাং অভ্যাগত যে সময়েই উণস্থিত হউক না কেন, গৃহন্থ কোনসপেই অপদস্ত কুঠিত হইত না। প্রত্যুত, গৃহী পরম সমাদরে তাহার সেবা করি-তেন। কিন্ত একণে, লোকের ভোগ স্পৃহা যতই বাড়িভেছে--পুণ্যামুষ্ঠান রহিত করিয়া, তাঁহাদের গৃহলক্ষীর অলকার সভাইবার বাদনা, স্বতই বলবভী इदेर्डिक्—कान इर्डागा वनन वाानान कवित्रा, उउदे डाँशानिगरक शांग कविरड ধাইতেছে ! 1

কৃশনীপের কৃশি ।—কৃশনীপের ভূমি অত্যন্ত উর্বরা। এথানে বিবিধ্ব আত ও ক্রমন্তিক থান্ত, সর্ববিধ হরিৎ-থকা, তামাক, নীল ও পাট জনিরা থাকে। এই ভূতাগের মধ্যে অর্থাৎ নিজ কৃশনীপ হইতে অন্ন ছই জোশ উত্তর পূর্বে, হিঙলী নামে এক সামাক্ত গগুগ্রাম আছে। তাহাতে অতি উৎকৃষ্ট ও স্থমিষ্ট তামাক উৎপন্ন হর। উহাকেই সাধারণে হিঙলী তামাক বলিয়া থাকে। এথানে আত্র, কাঁঠাল, নারিকেল, রক্তা, দাড়িষ, আতা, জাম, •লিচু, গোলাপজাম, গুবাক্, তিন্তিড়ী প্রভৃতি নানাবিধ সুস্মাত্ ফলও উৎপন্ন হয়। এখানে বেনন উৎকৃষ্ট থর্জ্বর গুড় উৎপন্ন হর, এনন সার কোগাও পাওরা বার্ক না। এই গুড়ের বিশ্বমান্তের গরে চারিদিক আম্পেদিত হয়, এবং উহা স্ক্র, স্পরিক্ষত ও মিছরির জার দানা বিশিষ্ট। এই গুড়ে অতি উৎকৃষ্ট চিমিঙ্ক প্রস্তুত হয়। আমরা বধান্থানে এই চিনির বিব্রহ্ণ বিশ্বরূপে আনোচনা করিব।

কুশ্দীপের ক্ষরিকাত প্রধান শহা, থাকা। ইহা উৎপাদন করিবার ছইটী প্রকার ভেদ আছে এবং উহা সংসরের মধ্যে চারিবার উৎপন হইরা থাকে এ প্রকার ভেদ যথা;—

- (১) কর্ষিত ভূমিতে বীজ ছড়াইয়া দিলে, সেই বীজ জছুরিও হইয়া, বুক্ষে পরিণত হয় ও ভাহীতে ধান্ত উৎশন্ন হইয়া থাকে। আঞ্জ জালি ধান্ত আৰু উৎশন্ন হয়।
- (২)। কোনও রানে বীক ছড়াইরা ধাতের গাছ প্রস্তুত করিয়া কইতে হয়। পরে, সেই গাছ প্রার্থ কাম হাত্র বা জিন শোয়া আন্দাল হইলে, উহা তুলিয়া কইয়া গিয়া, ক্লাকরপে করিতে ভ্রান্থ করিতে হয়। পরে সেই গাছ কালক্রনে পরিণত ও শক্তসম্পর হয়। হৈমন্তিক ও শোরো ধান্ত এইরূপে রোপিত হইয়া থাকে।
 - >। আন্ত ধান্ত।—ইহা বৈশাধে উপ্ত ও ভাজে কর্ত্তি হয়। তৈজের শেষ ভাগের বা বৈশাখের নবীন বারি ধারার ধরাতল অভিধিক্ত হইলে, ভূমি পুন: পুন:•কর্ষিত হয় এবং তাহাতে আন্তধান্তের বীজ উপ্ত হইয়া থাকে। উচ্চ ভূমিতেই আন্ত ধান্ত প্রধানত: জ্বিয়া থাকে।
 - ই। হৈমন্তিক বা আমন ধান্ত।—ইহা আবাঢ় মাসে কোপিত ও অগ্ৰ-হাৰণে কৰ্তিত হয়। প্ৰথমত: আমন ধান্তের বীজ, নিম্নরম ভূমিকে উপ্ত

হয়। এক মাস পরে, সেই বীজ অঙ্রিত হইন্না, আধ হাত বা তিন পোরা আন্দাজ গাছে পরিণত হয়। তথন সেই গাছ অল জন বিশিষ্ট কর্মিম্ম নিম্ন জনাভূমিতে রোপণ করিতে হয়। পরে উহা হইতে, শসা উৎপন হইনা থাকে।

০। বোরো ধান্ত।—ইহাও আমন ধান্তের ন্তাম মাঘ মাদে রোপিত হইয়া তৈর মাদে কর্তিত হইয়া থাকে। ইহারও বাজ ধান্ত, আমন ধান্তের ন্তায় উঠা-ইয়া, নিয় জলাভূমিতে রোপিয়া দিতে হয়। বোরো ধান্ত ক্শন্বীপে জন্ম না।

৪। জালি ধান্ত !--ইহাও বৈশাথে উপ্ত কার্ত্তিক মাসে কর্ত্তিত হয়। কুশ্বীপে জালি ধান্তও জন্মে না।

েগাধ্ম।—কার্ত্তিকানে উপ্ত হইয়া, কান্তবে কর্তিত হয়। ইহা সচরাচর আদি ধাতের জমিতে, ধাক্ত কর্তিত হইলে, উপ্ত হইয়া থাকে। এতদঞ্জে গোধুমের চাদ অতি অল হইয়া থাকে।

যব, মদিনা, সরিষা ও রাই সরিষা।—এই করেকটী শক্ত গোধ্যের স্থায় একই প্রণাশীতে, এক মাসে ও একই জমিতে বোনা হইয়া থাকে।

তিগ।—ইহা প্রাবণে উপ্ত ও পৌবে কর্ত্তিত হয়।

হরিৎ বা রবি-থনা।—হরিৎ-খন্দের মধ্যে, মুগ, মটর, ছোলা, মাদক গাই, মুম্বরি ও অরহর প্রধান। উহাদিগের মধ্যে মটর কার্ত্তিক মাণে উপ্ত জ্বান্ত্রণমাণে কর্ত্তিত হয়।—ছোলা, তিলের ভাগ এক সমরে ও একই প্রণালীতে উপ্ত ও কর্তিত হয়;—মাদ কলাই, কার্ত্তিক মাণে উপ্ত ও পৌ্ধে কর্ত্তিত হয়;—মুম্বরি, কার্ত্তিকে উপ্ত ও ফাল্পণে কর্ত্তিত হয়।

লকা।---লকা বৈশাখে উপ্ত জাক্ত্রণে কর্ত্তিত হয়।

পাট। ক্লকুপদ্বীপে পাটও জ্বিয়া থাকে। কিন্তু পূর্বাঞ্চলে ইহা যে পরিনাণে ও যত উংক্ত রূপে হইয়া থাকে, এখানে তেমন হয় না। ইহা আন্তথতের
উপবোগী জ্মির স্থায় উচ্চ ভূমিতে জ্বিয়া থাকে। অর্দ্ধ বালুকা ও অর্দ্ধ
মৃত্তিকা মিপ্রিত "লো-আঁদলা" জ্বমিই, ইহার আবালের সম্পূর্ণ উপবোগী।
ফাল্ল-মাসে ইহার আবাল আরম্ভ হইয়া, পুনঃ পুনঃ চাস হইতেঃ থাকেশ চিসিয়া
চিসিয়া যখন সমস্তংমৃত্তিকা এককালে ধ্লায় পরিণত হয়, তথন ইহাতে বীজ
ছড়ান হয়। প্রতি বিবায় অন্যন তিন সের ক্রিয়া বীজ লাগে। বৈশাখ
মাসে ক্রমিতে বীজ ছড়াইতে হয়। যখন বীজ অ্ছ্রিত হয়া প্রায় আর আগ হাত

পরিমিত গাছ হয়, তখন অস্তান্ত আগাছা ও ঘন বুনানি নিবারণ করিবার জন্ম, ইহাতে বিদা দেওয়া হয়। এক পক্ষ পরে, ঐ জ্মিতে পুনর্য়ে বিদা দিয়া, আগাছা ও ঘন বুনানি উঠাইয়া দেওয়া হয়। ডাদ্রমানে বখন ইহাতে ফুল ধ্য়িতে আরম্ভ করে, তথনই পাট কাটিতে হয়। প্রথম বংসরে যথেষ্ঠ ফনল ১ইয়া থাকে;—দ্বিতীয় বৎসরে ফ্শল কিছু অয় হয়;—ভৃতীয় বৎসরে যথন ভূমির ফদল আরও মল ও অল্ল হয়, তথন ভূমি এককালে অফুর্নর হইয়া •পড়ে। ক্রমাগত অনাষ্ট হইলে, পাটে এক প্রকার দ্বোৰ জন্মে। চলিত ভাষায়, এই দোষকে "কুচারি" কছে। এই দোষ জন্মিলে, পাটের পাতা সকল কেঁকেড়া-ইয়াও প্রস্পর জড়াইয়া যায় এবং পাট গাছ আৰু বাড়িতে পারে না। পাটে আর এক প্রকার দোষও জন্মিয়া থাকে; উহাকে স্কাপোকার উপত্র কহে। পাটে স্মাপোকা ধরিলে, সমস্ত পাতা স্মাপোকীয় এককালে ৰাইয়া ফেলে এবং শুদ্ধ পাটের ভাঁটাটি মাত্র রাশিয়া দেয়। পাট কালৈ হইলে, এক इन्ड दिए इन एक एक है। दोना वादा इन एवर दिन स्टिश्न वादा महा কোন একটী ভারী ক্রবন্ চাপাইয়া, সেই স্কল বোঝা ডুবাইয়া রাখা হয়। তখন পাট পচিতে আরম্ভ হয় এবং ক্রমান্তরে দশ দিন পর্যান্ত জলমধ্যে থাকিয়া, উহার ্ছাল পচিয়া যার। তথন জল হইতে উঠাইয়া, ইহার ডাঁটি হইতে পাট পৃথকু করিয়া লওয়া - হয়। তৎপরে দেই পাট ছইবার কাচিয়া লইয়া, রৌদ্রে শুখাইতে দেওয়া হয়। পরে, সেই পাট জড়াইয়া গাঁইট প্রস্তুত করা হয় এবং ব্যবহার বা বাজারের উপযোগী করিয়া লওয়া হয়।

আমরা বিশেষ অসুসন্ধান করিয়া দেখিয়াছি, আমাদের এডদঞ্লের পাট প্রতি বিঘায় ৬।৭ মণ জনিয়া থাকে এবং উহার সূল্য প্রতি সণ ত্তিন টাকার ন্যুনে বিক্রেয় হয় না।

কলিকাতার বাজারে ছই প্রকার পাট আমদানি হইরা থাকে; প্রথম প্রকারের পাটই উৎক্ষ এবং উহাদিগের সর্বজাতীরই পূর্ব প্রদেশে জন্মিরা থাকে। ছিতীয় প্রকার, কলিকাতার চতুর্দিকে এবং পদ্মার দক্ষিণ পার্নে উৎপন্ন হয়। উহাকে দেশী পাট কহে। ইহা চক্রিশ পরগণা, হুগালী ও নদীয়া জেলার জন্মিরা থাকে। কিন্তু ইহা পূর্বাঞ্চলের পাট হইতে সম্পূর্ণ ভিন্ন জাতীয় নহে। মূল্য ও গুণাঞ্জণ সম্বেদ, এতদঞ্চলের পাট পূর্বাঞ্চলের উত্তম ও

শিষা পাটের মধ্যবর্তী স্থান অধিকার করে। এইরপে কান্সরিপাড়ার পাট, নিরাজগঞ্জের উত্তর প্রান্তস্থ এক স্থান হইতে আইসে এবং উহাই নর্মোৎকৃষ্ট পাট বলিয়া আদৃত হয়। এই পাটের তারগুলি ৭ ফিট হইতে ১০ ফিট লয়া;— অত্যন্ত শেতবর্ণ;—চাকচিক্যশালী; এবং সম্প্রিপে ছাল শ্ন্য। ইহার নিয়ে ভ্রমারি, করিমগঞ্জ, বাকরাবাদ প্রভৃতি পূর্বাঞ্চলের পাট, স্থান লাভ করিয়াছে। বর্ণিও কোম্পানি পলী প্রস্তুত করিবার জ্ঞু, পূর্ণিয়ার অন্তর্গত দৌলতগ্রের পাট অধিক মনোনীত করিয়া থাকে। মোটামোটি ধরিতে হইলে, প্রেসিডেন্সি ও বর্জমান বিভাগের মধ্যে যে পাট জনো, তাহাকেই দেশী পাট করে। এই পাটের মধ্যে মণ্ডলঘাটার (মেদিনীপুর, হগলী ও বর্জমান জেলার মধ্যে অব্যিত্ত পরগণা) নাজীপাট উত্তম;—চক্রিশ প্রগণার অন্তর্গত বারাশত মহকুমার পাট মধ্যম;—এবং চাক্রছ পাট নিরুত্ত স্থান লাভ করিয়াছে। নদীয়ার পাট চাক্রদহের বাজারে আমদানি ও চাক্রম্ব হইতে রপ্তানি হইয়া থাকে; সেইভ্রম্ভ উহা "চাক্র্যন্ত পাট" বলিয়া প্রস্থিত।

থাকে, তাহা হইলে যত দ্র লাভের আশার এই অহিতাচরণ করে, ততদ্র ক্ষতিগ্রস্ত হইয়া থাকে। অক্টোবর মাসেই রুস ইচ্চ স্ল্যে বিক্রীত হয়; সেই জন্ম অনেকেই এই সময়ে এই কার্য্যে হস্তক্ষেপ করিতে অগ্রসর হয়। ষত দিন গাছ কাটা হইয়া থাকে, ডত দিন চাষী থর্জুর বাগান অতি উত্তমরূপে পরিষ্কার ও জঙ্গলশৃন্ত করিয়া রাথে; এমন কি, তাহাতে একটী খাস পর্যান্ত জন্মিতে দেয় না।

রস জাল।--গাছ কাটা সম্বন্ধে পূর্ব্বোক্ত প্রক্রিয়াগুলি একান্ত আবশ্রক। রেদ সংগ্রহের পরবর্ত্তী কার্য্য রদজাল। প্রত্যেক চাদীই ইহা প্রায় আপন আপন কর্ত্তাধীনে করিয়া থাকে। এবং সচরাচর নিজ বাটী অথবা থামারের মধ্যে করিয়া থাকে। রস শীত্র শীত্র জাল না দিলে, গেঁজিয়া উঠে ও নষ্ট হুইয়া যায়। কিন্তু সেই রস জাল দিয়া গুড় করিয়া লইতে পারিলে, **উহা অনেক** দিন পর্যান্ত রাখিতে পারা থায়। সেই জন্ত, চাদী ও সিউলীরা বড় বড় না**দা** করিয়া, চারি বা ছয় মুখ বিশিষ্ট চুল্লীর উপরে সেই রস জাল দিয়া, গুড় প্রস্তাভ করে। এই চুল্লীকে "বাণ" বাণ বলিয়া থাকে। ইহাতে বৃহৎ বৃহৎ কর্ছ জাল দিয়া গুড় প্রস্তুত করিতে পারা বায়; কিন্তু সিউলীরা শচরাচর ভাহা না করিয়া, গাছ কাটিবার সময় যে সকল পাতা কাটিয়া ফেলে, ডাহাই প্রধানত: জালানি কালুরূপে ব্যবহার করিয়া থাকে। <u>,</u>যে রস প্রথমে **অতি** উজ্জ্বল ও স্বচ্ছ থাকে, তাহাই পরিশেষে ঘোর কপিশ বর্ণ ধারণ করে এবং উহার কিয়দংশ অত্যন্ত কঠিন ও কিয়দংশ অত্যন্ত পাতলা হয়। ইহাকেই গুড় কহে। কিন্তু ইহা বতক্ষণ উষ্ণ থাকে, ততক্ষণ উহা অতি তরল অবস্থা-তেই থাকে। কিন্তু শীতল হইলে বিলক্ষণ গাঢ় ও কঠিন হইয়া থাকে, সেই জন্ম শিউলীরা উহা উষ্ণ থাকিতে থাকিতেই নাদা ঢালিয়া ভাঁড় মধ্যে পুরিয়া ফেলে।

গুড় — যথন সাত হইতে দশ সের রসে এক সের গুড়ু উৎপদ হয়, তথন একটা উৎক্ট দারবান্ বৃক্ষে কত পরিমাণে গুড় প্রদান করে, আমরা তাহার আনারাসেই অবধারণ করিতে পারি। সচরাচর চারি বা সাড়ে চারি মাস গাছ কাটাতে, প্রতি বৎসরে প্রত্যেক বৃক্ষে অন্যূন ৬৭ বার কাটা হইয়া থাকে। প্রত্যেক কাটে যদি ৫ সেরের হিসাবে প্রত্যেক গাছ রস প্রদান করে, তাহা হইলে প্রত্যাক বংশরে প্রত্যাক বৃক্ষ ৩৩৫ সের রস প্রদান করে। গড় পড়্তা ৮ সেরে রসে এক সের গুড় জন্মিলেও উক্ত ৩৩৫ সেরে প্রায় এক মণ গুড় উৎপর হয়। শুড়ের মূল্য প্রতি মণ ২॥০ হইতে তিন টাকা, এদিকে এক বিঘা ভূমিতেও প্রায় ১০০ খর্জুর বৃক্ষ জন্মিতে পারে; স্ক্রাং প্রতি বিঘায় যদি সমস্ত বৃক্ষ সমান সারবান হয়, তাহা হইকে জমির আয় প্রতি বিঘায় বৎসরে ২৫০, বা ৩০০, টাকা হইতে পারে।

গুড় জাল দিবার নাদার তারতম্য।—বাইনের অবিরত কঠিন জাল, সকল নাদা সহ্য করিতে পারে না। কিন্তু কোন কোন কুন্তুকার এই নাদা প্রস্তুতকরণ সবমে বিশেষ প্রতিপত্তি লাভ করিরাছে। চৌগাছা ওকোট্টাদপুরের সিউলী-গণ, যশোহরের কিয়দ্র পশ্চিমে বাঘাডালী নামক স্থানের নাদাই, বিশেষ আদর পূর্কক গ্রহণ করে। কুশ্দীপের বাইন সকলে যে সকল নাদা ব্যহতে হল, সে সমন্ত খাঁট্রার সন্নিহিত ত্রিপুলবাসী কুন্তুকারেরাই প্রস্তুত করিয়া থাকে। এই সুইটী স্থানের মৃত্তিকা উক্ত কার্য্যের সম্পূর্ণ উপযোগী বলিরা, এই তুই স্থানের মৃত্তিকাতেই অতি কঠিন ও দার্ঘকাল ভাপসহ নাদা সকল নির্মিত হয়। যশোহর জেলার দক্ষিণ ভূভাগে যে সকল নাদার প্রয়োজন হয়; সেই সকল নাদা খুলনার নিকটর আলাইপুর প্রাম হইতে আসিয়া থাকে।

চিনির কারিকক্তা— চাসী ও সিউলীরা রস জাল দিয়া গুড় প্রস্তুত্ত করে; উহারা তদতিরিক্ত কোনও কাজ করে না। পরে তাহারা সেই গুড় কারধানার অধিকারীগণকে বিক্রয় করে; কারধানার অধিকারীগণ তাহা হইতে চিনি প্রস্তুত্ত করিয়া লয়। কেশরপুর অঞ্চলের অনেক চাসী ও চিনি প্রস্তুত্ত করে এবং সেই চিনি সম্রান্ত ব্যবসায়ীগণকে বিক্রয় করিয়া থাকে। কুশ্দীপে যে চিনি প্রস্তুত্ত হয়, তাহা কারধানার অধিকারগণ কারিকর রাখিয়া প্রস্তুত্ত করিয়া থাকেন। যশোহর জেলার সকল স্থানেই এক দল চিনি প্রস্তুত্তকারী চাসী আছে; তাহারা সচরাচর চিনি প্রস্তুত্ত করে এবং স্থ প্রামমধ্যে তুই দশ বিঘার ভূমি ও আবাদ করিয়া থাকে। কমিকর্মের সহিত ব্যবসা কর্য্য নির্বাহ করাই ইহাদিগের মুখ্যউদ্দেশ্ত। উহারা আবার প্রতিবেশী ক্ষুদ্র ক্ষুদ্র চাসীগণের নিক্রট হইতে গুড় ক্রয় করে, ক্রমন কথন বা সিরহিত হাট সকল হইতে গুড় ক্রিমা আনে ক্রিয়া

সেই গুড়ে চিনি প্রস্তুত করিয়া, বৃহৎ বৃহৎ ব্যবসায়ীর আড়তে চাল্লান পেয় ও যথা মূল্যে বিক্রয় করে।

কিন্ত এই সমস্ত লোক চিনি প্রস্তুতকারী কারিকর দলের অন্তর্ভূত নহে,
ইহারা বিভিন্ন শ্রেণীর লোক। চিনি প্রধানতঃ চিনি প্রস্তুতকারী কারিকর
ঘারাই প্রস্তুত করিয়া লইতে হয়। বাহা হউক শুড় প্রস্তুতকারী চাদী বা
সিউলিগণের হস্ত হইতে গুড় সকল কিরুপে কার্থানার অধিকারীগণের হস্তে
আদিয়া পাকে, একপে আম্রা ভাহাই প্রকাশ করিতেছি।

প্তড় জর প্রধা।— করেখানার অধিকারিগণের মধ্যে অতি অর লোকই চানী বা নিউনীর নিকট হইতে গুড় জর করে। এক এক জন চানী বা নিউনী যে অর পরিমাণে গুড় বিক্রর'করিতে আইসে, ভাহা ক্রম করিয়া এক একটী কারখানার কার্যা নির্কাহ করা নিভান্ত হরহ। হতরাং এই ব্যবণারের মধ্যে এক প্রকার লোক রাখার একান্ত আবশ্যক হয়। এই লোক সকলকে ব্যাপারী বা দালাল বলিয়া থাকে এবং উহারাই চানী বা নিউলীর হত হইতে গুড় সংগ্রহ করিয়া, কারখানায় অধিকারিগণকে বিক্রম করে। ইহারা আবার গুড় উৎপত্র হইবার পূর্বের, ক্রম ক্রম চানীধিগকে কিছু কিছু লালন দিয়া রাখে। লাদনের টাকা গুড়ের বৃল্য হইতে বাদ দিয়া লয়। ব্যাপারিগণ সর্ব্বে ঘ্রিয়া বেড়ায়;—প্রত্যেক চানীর নিকট গুড় ক্রম্ম করে এরং বৃহৎ বৃহৎ ব্যব্বারিগণের আড়তে সেই গুড় চালান দিয়া থাকে।

হাটের সময় আর এক দল ব্যাপারিও দৃষ্টিগোচর হইয়া থাকে। উহাদিগের মধ্যে কেহ কেহ এক বিশাল ব্যবসায়ের অধিকারী। চামীরা শে পথ
বহিয়া হাটে গুড় বিক্রয় করিতে আইসে; উহারা সেই পথের ধারে বসিয়া
থাকে এবং চামীরা হাট মধ্যে প্রবিষ্ট হইবার পূর্বে পথি মধ্যেই উহাদিপের
নিকট হইতে ছই এক খানি গুড় নমুনা শ্বরূপে লইয়া, চামীদিপের প্রার্থিত
ম্লোর উপর কিছু লাভ রাখিয়া কারখানার অধিকারিগণের সহিত একটা
দরের চুক্তি করে, এবং উহাদিপের সমস্ত গুড় বেচিয়া দিয়া কিছু কিছু
লাভ করিয়া থাকে। যে সকল চামীর বৃহৎ কারবার আছে, ভাহারা সময়ে সময়ে
হাটে এত অধিক গুড় লইয়া আইমে যে, ভাহা কারখানার অধিকারিগণকে

নকন গুড়ু নানা উপায়ে আপনাদিগের হস্তগত করিয়া লয়। গুড় যে সকল মুগ্রনভাও পূর্ণ হইরা হাটে বিক্রয় হইতে আইনে, চাসীরা আর সেই সকল ভাও কিরিয়া পায় না। সেই সকল ভাড় কিরাইয়া লওয়াও নিতান্ত অসম্ভব। কারথানার অধিকারিগণ সেই সকল ভাড় ভাঙ্গিয়া গুড় বাহির করিয়া লয়। সেই জক্ত, দেশে যত দিন চিনির কার্য্য চলিতে থাকে, তত দিন কুম্বকারের কাষও অতি স্কচারুরপে চলিয়া থাকে। কারণ, এক দিকে, চাসীরা যেমন গুড় বিক্রয় করিতে থাকে, অন্ত দিকে, গুড় ভরিবার জন্ত তেমনই নৃতন ভাঁড়ের প্রেমাজন হইতে থাকে। যে সকল চাসী গুড় বিক্রয় করিতে হাটে আইনে, ভাহারাই আবার গুড় বেচিয়া কিরিয়া বাইবার সময় অগ্রে নৃতন ভাঁড়ে কিরিয়া লইয়া যায়।

দল্যা চিনি প্রস্তুত করিবার নিয়ম।— শুড় বেরপে কার্থানার প্রমান্ত্রিগণের হল্তে আসিরা থাকে, আমরা তাই। প্রকাশ করিয়াছি; একণে ক্রিপ্রেপ
উহা হইতে চিনি প্রস্তুত হয়, অতঃপর তাহারই সমালোচনায় প্রবৃত্ত হইলাম।
শুড় পরিক্রত করিয়া, চিনি প্রস্তুত করিবার ছয় সাতটী প্রণালী আছে এবং
দেই দকল প্রণালী অবলম্বন করিয়া, তুই তিন প্রকারের চিনি প্রস্তুত হইয়া
থাকে। আমরা শ্রেণীবদ্ধ ভাবে সেই সকলের বিষয় বর্ণন করিতেছি। কিন্তু
প্রথমতঃ দল্যা চিনি প্রস্তুত করিবার প্রণালী লিপিবদ্ধ করিতেছি। দেশীর
লোকেরাই এই কোমল, সরস, গুড়া চিনি ব্যবহার করে; বিশেষতঃ মর্রারা
ইহার নিতান্ত পক্ষপাতী।

কারথানার অধিকারিগণ বে সরুল গুড় ক্রয় ও সংগ্রহ করে, ভাহারা দেই
সকল গুড় প্রথমে ভাঙ্গিয়া ফেলে এবং এক মণ করিয়া গুড় ধরিতে পারে,
এমন এক একটা চ্বড়ীতে সেই গুড় ঢালিয়া কেলে। এই সকল চ্ব্টী বা
ঝুড়ির গভীরতা সপ্তরা হাত বা দেড় হাত হইবে। এই গুড় পূর্ণ চ্বড়ীর
উপরিভাগ সমত্র করিয়া রাখিতে হয়; তজ্জ্ঞ চ্বড়ীতে গুড় ফেলিয়াই
উহার উপরিভাগ আঘাত করিয়া সমতল করিয়া দিজে হয়। পরে,
এই বড় বড় চ্বড়ী সকল বৃহং বৃহৎ মৃত্তিকার গামলার উপর "তেকাটা"
দিয়া বসাইতে হয়। আট দিন কাল এই ভাবে রাখিলে, উহার কোত্রা বা

এবং গুড়ের সারভাগ বা চিনি চ্বড়ীতেই থাকিয়া ধার্ম। প্রকৃত কথা বলিতে হইলে, গুড়, চিনি ও কোৎরা বা পার্লনা গুড়ের মিশ্রণ ভিন্ন আর কিছুই নহে। কোৎরার সংমিশ্রণে প্রকৃত উৎকৃত্ত গুড়ও কৃষ্ণবর্ণ হয়; স্থাং গুড় পরিষ্কার করিবার উদ্দেশ্যেই গুড় হইতে মাৎ বা কোৎরা পৃথকী-কুত হয়। ডিয়ে অন্ত কোন উদ্দেশ্য সাধনের অন্ত নহে।

গুড় এইরূপে আট দিন রাথাতে, অধিকাংশ কোৎরা বা মাৎ গুড় বিন্দু বিন্দু করিয়া, নিয়বভী গামলায় বা নালায় পভিত হয় ; কিন্তু সমন্তই এককালে অপশারিত হয় না। আবার, এই রীতি আরও স্থপালী বন্ধ করিবার জন্য পাটন শেওলা নামক এক প্রকার শৈবাল চুবড়ীর উপর দেওয়া হয়। এই শৈবাল কবতক্ষ, যমুনা, ইচ্ছামতী ও অনেক পুক্রিণী জলাপয়ে উৎপন্ন হইয়া খাকে। এই শৈবাল চুবড়ীর উপর রাখিবার কারণ এই যে, ইহার দারা গুড় ক্রমাগত সরস থাকে, এবং এই সরস পদার্থ চিনির ভিতর দিয়া নামিবার সময় উহার সহিত মাংভাগও নামাইয়া বর এবং চিনি অপেক্লারুত ভুল্র ও গুড় হইতে এককালে পৃথকভূত হয়। গুড় আটদিন কাল শৈবাল কড়িত থাকার পরে,স্মস্ত গুড়-পিণ্ডের চারি ইঞ্চি পরিমিত অংশ পরিষ্কৃত হইতে দেখা বার। পরে এই চারি ইঞ্চি পরিমিত স্থান কাটিয়া লওরা হয় এবং যে গুড় পিণ্ড অবশিষ্ট পাকে, ভাহাই পুনর্কার শৈবাল জড়িত হইরা চুবড়ী মধ্যে নিক্ষিপ্ত হয়। এই বার এবং ইহার পরে আর একবার পূর্বারীতি অবলম্বিত হইলেই, সমগ্র পিও এককাশে পরিশোধিত হইয়া দল্যা চিনির আকার ধারণ করে। এই প্রক্রিয়া দায়া যে চিনি ইত্তিত হয়, তাহা সরস থাকে; স্তরাং উহাকে বিশোধিত করিয়া লইবার অন্ত, উহাকে সুর্য্যোতাপে রাখিতে হয় এবং যাহাতে চাঙ্গ বাঁধিয়া না যায়, পেই জন্য উহা প্রথমে এক প্রকার স্থূলগার অন্ত্র দারা কর্ত্তিত হইয়া থাকে। এই চিনি নীরস হইরা আসিলে, স্বচ্ছ ও স্থন্দর চিনি হইরা থাকে এবং ইহার ওজন আদিপিতের শতকরা ত্রিংশাংশ হয়। ত্রাচার কারখানাধিকারাগণ অধিক ওজন দেখাইবার জন্ত, গুড় শৈবালাচ্ছাদিত করিয়া, চুবড়ীতে আটদিনের পরিবর্ত্তে পাঁচ ছয় দিন রাখিয়া থাকে। ইহাতে কোৎরা অল্ল পরিমাণে নিঃসা-রিত হয় ; সুতরাং চিনির ওজনও অপেকাক্বর্ত অধিক হয়। এই প্রক্রিয়া দারা

কুশদীপকাহিনী।

কৃটিয়া লই লৈ, আর সেরপ মনিন থাকেনা। এই সময়েও, চিনির ওজন বাড়াই-বার জন্য উক্ত ছর্ক্ ভ্রগণ জুন্য এক অস্ত্রপার অবলম্বন করে। কারখানার প্রের মেজের তল, প্রায়ই এক বা দেড় কুটের অধিক উর্জ থাকে না। স্কুরাং চিনি শুখাইবার সময় চারি-দিকের ধ্লিরান্ত্রি নাইট দিয়া আনিরা চিনির সহিত মিশ্রিড করা হইয়া থাকে; তাহাতে চিনির লখ্তা অনেক নই হইয়া বার। জাবার চিনিতে ভাঁড্রের কুটি ফেলিয়া দিরাও চিনিকে ভারি করা হইয়া থাকে।

কোৎরা বা নাংগুড়।—জামরা ইতিপূর্বে কে প্রণালী বর্ণন করিয়াছি, সেই প্রণালী ক্রমে পামলা বা নালার বে গুড় সঞ্চিত্র হর, তাহাতেও চিনি এক কালে গুড় হইতে বিশিষ্ট হর না। থালোর নহিত্র মিশাইয়া থাইবার জন্ত্র, এই গুড় উত্তর পশ্চিমাঞ্চলে ব্যক্তে হইয়া থাকে। স্বত্রাং এই গুড় প্রকুকালেই বিক্রীত হউক, অথবা ঘিতীয়পর চিনি প্রস্তুত্র করণের জন্তুই রক্তির হউক, বালারে ইহার থেরপ মূল্য নির্দারিত হয়, সেই স্লোর উপর নির্ভর করিয়াই ইহার দিতীর প্রকরণ অন্তুত্তিত হয়। দিতীয়বার চিনি প্রস্তুত্ত করিছে হইলে, এই গুড়কে পুনরায় জাল দিতে হয়; গরে, মুত্তিকামধ্যে বে বৃহৎ বৃহৎ গামলা বা নালা প্রোথিত থাকে, শীতল করিবার জন্ত এই গুড় মেই নালাতে ঢালিয়া ফেলিতে হয়। গুড় পূর্ব্বোক্ত রূপে দিতীয়বার আল না দিলে, উহা গেলিয়া উঠে; কিন্তু জাল হইয়া শীতল হইবামাত্র, জালি গুড়ের লাম (যদিও তালুল উৎকৃষ্ট নহে) এক প্রকার পিত্তে পরিণত হয়। তৎপরে সেই গুড়-পিওকে শৈবাল জড়িত করিয়া পূর্বপ্রণালী জবলম্বন করিতে হয়। তাহা হুইলেই শতকরা দশাংশ পরিমাণে চিনি প্রস্তুত্ত হয়। কিন্তু এই চিনি পূর্বে চিনি অপেকা কথিকিৎ ক্রম্বর্ণ ও ক্রফ হইয়া থাকে।

যদি কারখানাধিকারী একটু পরিপক্ক ব্যবসাদার হন এবং উক্ত চিনি শীঘ্রই বেচিয়া কেলিতে অভিলাষ করেন, তাহা হইলে তাহার আর একটা সম্বর্ধ প্রক্রিয়া অবলম্বন করা, একান্ত আবশ্রক। গুড় শীতল হইবায়াত্র, তিনি যেন সেই গুড় একটা থলিয়া মধ্যে নিক্ষেপ করেন এবং তাহাতে সবলে চাপ দিয়া, তাহা হইতে সমস্ত মাৎ পৃথক্ ক্রিয়া দেন। পরে, অবশিষ্ঠাংশ গুড় ও চুর্ণ করিয়া চিনির স্থায় বিক্রেয় করিতে আরম্ভ করেন। প্রথম প্রণাশীক্রমে যে চিনি প্রান্তত

হুইয়া থাকে, তদপেকা ইহা অধিক বিভিন্ন বলিয়া বোধ হয় না। কিন্ত এই চিনি শীঘ্রই মাতিয়া উঠে ও শীঘ্রই বিক্রেয় করিবার প্রয়োজন হয়।

এইরপে, গুড় সবলে নিম্পেষণ করিয়া চিনি প্রস্তুত হইলে, যে মাং-নিঃসারিত হইয়া থাকে, তাহাকে কোৎরা বা চিটা গুড় বলিয়া থাকে। ইহা বিভিন্ন পণ্য রূপে বিক্রীত হয় এবং বহুতর হলে প্রেরিত হইয়া থাকে। পরে ইহার বিষয় উলিখিত হইবে।

পাকা চিনি প্রস্তুত করিবার প্রণালী।—পূর্ব্বোক্ত রীজিক্রমে যে চিনি
প্রস্তুত হয়, ভাহাকে "দল্রা চিনি" কহে। ইহা কথনই সম্পূর্ণরূপে পরিকৃত
হয় না। সচরাচর দেখিতে পাওয়া বায়, যে যে প্রণালীতে এই চিনি প্রস্তুত
হয় সেই প্রণালী ক্রমে গুড়ে যে ময়লা থাকে, এবং চিনি প্রস্তুত
হইবার সময় ইহার সহিভ যে ময়লা মিশ্রিত হয়, তাহা চিনিতেও সর্বশেষে
মিশ্রিত দেখিতে পাওয়া সিয়া থাকে। ইহার আর এক বিহম অন্তরায় এই
বের, ইহা অতি শীঘ্রই মাতিয়া উঠে। স্কৃতরাং ইহা কিছু দিন স্থায়ী হয় না।
আপাততঃ আমি যে পাকা চিনি প্রস্তুত করিবায় প্রণালী নিশিবদ্ধ করিতেছি,
সেই প্রণালীক্রমে চিনি যেমন দীর্বস্থায়ী, তেমনই স্কুপরিস্কৃত হইয়া থাকে।
আই পাকা চিনি আবার অপেক্রাকৃত দানাদার হইয়া থাকে। দল্য়া চিনিতে
সেরপ দানা দেখিতে পাওয়া বায় না। পাকা চিনি প্রস্তুত, করিতে অনেক
বায়ও হইয়া থাকে। ইহার মূল্য প্রতি মণ দশ টাকা; কিন্ত দলুয়া চিনি ছয়
টাকায় পাওয়া যায়।

তি প্রস্তুত করিবার সময়, প্রথমেই গুড় একখানি তকার উপর তালিতে হয়। এই সময়ে যত খানি মাৎ বাহির হইবার থাকে, তত থানি মাৎ সহজে বাহির করিয়া দিতে হয়। পরে, জবশিষ্ট গুড় একটা থলিয়ার মধ্যে শরিরা জনবরত চাপিতে হয়। তাহাতে কিয়দংশ মাৎ নির্গত হয়। পরে, এই শুড়ের সহিত জল মিশাইয়া, বড় বড় নাদাতে জাল দিতে হয়়। এইরূপে জাল প্রিবার সময় উহাতে যত ময়লা থাকে সমস্তই উপরে ভাসিয়া উঠে। তখন ঐ ময়লা ফেলিয়া দিতে হয়। এই ময়লা সকলকে 'গাদ' এবং উক্তরূপে ময়লা কেলিয়া দেওয়াকে "গাদ" কাটা বলে। এই প্রক্রিয়ার পরে যে সারভাগ অব-শিষ্ট,খাকে, ভাহাকে প্রারায় আর একবার জাল দিতে হয় এবং তৎপরে এক

কুশদীপকাহিনী।

প্রশাস মৃতিকাপাতে ছড়াইয়া দিয়া শীতল করিয়া লইতে হয়। উহা শীতল হইলে, এক প্রকার নিরুপ্ত চিনি প্রস্তুক্ত হয়। পরে তাহাই চ্বড়ীতে ফেলিয়া, উপরে শেওলা চাপ দিয়া ,পুনরায় মাৎ বরাইতে হয়। ইহার পরে যে চিনি উৎপত্ম হয়, তাহাই অতি উৎরুপ্ত শুল্র পাকা চিনি হয়। এই সময়েও ষদি চ্বড়ীর তলাম কিছু অপরিস্কৃত সার থাকে, তাহা হইলে তাহাতেও পুনরায় শেওলা চাপা দিয়া রাধিতে হয়। প্রথম মাৎও শেওলার নিয়স্ত মাৎ এক এ করিয়া থলির মধ্যে প্রিয়া,চাপ দিতে দিতে এক প্রকার সার পাওয়া য়ায়; এই সায় পূর্ব প্রণালী ক্রমে ছইবার জাল দিলে, আর এক প্রকার পরিস্কৃত চিনি উৎপত্ম হয়। এই সময়ে থলি হইতে যে মাৎ পড়িয়া থাকে, তাহাকেই চিটা গুড় কছে। এই চিটাতে অত্য কোন প্রকার চিনি প্রস্তুত হয় নী। স্পরিস্কৃত পাকা চিনির আকারে যে জংশ পরিগত হয়, তাহার ওলন আদি গুড়ের শতাহকের বিশাংশ।

কেশবপুরের চিনি প্রস্তুত করণ প্রণালী ৮—কেশবপুরে পাকা চিনি প্রস্তুত করিবার আর একু প্রণালী আছে; উহা উপযুক্ত প্রণালী হইতে অত্যঙ্গ গুড় প্রথমে অতি প্রশস্ত নাদায় জাল দিতে হয় এবং প্রত্যেক নাদাতে চুই এক সৃষ্টি বীজগুড় ছড়াইয়া দিতে হয়। পরে উহাকে শীতল করিতে হয়। পরে তাহার উপর শেওলা চাপাইয়া রাখিতে হয়। তথন সেই শুড় পরিস্বত হইয়া চিনির আকার ধারণ করে। শেওলা চাপাইয়া যে শেষ মাঞ ধাহির হয়, তাহা জাল দিয়া অপেকাকত নীরস ও কঠিন করিলেই, বীজ প্রাস্তত হইয়া থাকে। বীজের কার্য্য স্পষ্টই এই দেখিতে যায় যে, ইহার জন্ম উট্ একবারের অধিক ছুইবার জাল দিতে হয় না। প্রথম প্রধালী ক্রমে যে মাৎ নিঃসারিত হয়, তাহাই বীজের সহিত জাল দিয়া পুনরায় পূর্কাবৎ শীতল করিতে হর ; পরে থলিতে রাখিয়া চাুপ দিতে হয় ; ভাহাতে মাংনিঃশারিত যে সারু-ভাগ অবশিষ্ট থাকে, তাহাতে জল মিশাইয়া জলে দিবামাত উহার জনীয়া অংশ শুখাইয়া যায়। পরে, তাহাই শীতল করিয়া শেওলা ঢাপাঁ দিয়া চ্বড়ীতে বসাইলেই, পরিষ্কৃত চিনি উৎপন্ন হন্ন এবং উহা হইতে যে মাৎ ঝরিয়া পড়ে, তাহাই চিটা গুড় হইুয়া থাকে। এই চিনি ও মূল গুড়ের ওজনের শতাংশের পঁচিশ বা ত্রিশ জুংশ সাত্র।

ইউরোপীয় প্রণালী ক্রমে চিনি প্রস্তুত করণ।—চৌগাছা ও কোটচাঁদপুল্ল ইউরোপীয় বীতি ক্রমে যে চিনি প্রস্তুত হয়, এক্সণে ভাহাই আমাদিপের এক মাত্র বর্ণনীয়। এই প্রণালীতে কাঁচা গুড়ের সহিত কিয়ৎপরিমাণে জল মিশাইরা লইয়া, বৃহৎ লোহ কটাহে জাল দিতে হয়। এই জাল বাইনের সাধার আলের ন্যায় নহে; অঞ্জান্য কার্য্য বান্দীয়যন্ত ছারা বেরুপে সাধিত হয়, ইহাও সেইরূপে সম্পন্ন হইরা থাকে। এইরূপে জাল প্রয়োগ করিতে করিতে, লঘুতর আবর্জনা সকল উপরে ভাসিয়া উঠে। তথন সেই আবর্জনা∕রাশি কাটিরা ফেলিয়া দিতে হয়। পরে সেই জালাবশিষ্ট সার, কম্বলের নল স্বারা অপের এক কটাহে ঢালিয়া লইতে হয়। তৎপরে, জল ওখাইয়া লইবার জন্ত, সেই সার আর একবার জীলে বসাইতে হয়। এই সময়ে সেই সারে ষদি প্রয়োজনামুরূপ জাল প্রদন্ত হয়, তাহা ইইলে দানাদার চিনি প্রস্তুত হইয়া থাকে। দেশীয় পাকা চিনি ইইতে তাহার কিছুই প্রভেদ থাকে না। किंद्ध (महे माद्र यमि প্রয়োজনামুরণ কাল প্রদত্ত না হইয়া শুদ্ধ জল শুথাইবার উপবোগী জাল দেওয়া হয়, তাহা হইলে চিনি মিছরি থণ্ডের ভায় চাক্চিক্য-শালী কুঞ্চিত আকার বিশিষ্ট হয়। এই চিনির বস্তাগত কোনও তারতম্য আছে কি না, আমরা তাহা বলিতে পারি না। পরস্ত সাধারণ লোকে স্থন্দর ও উৎक्षष्ठ विद्या यङ्गिन यत्नानी कतित्व, जङ्गिन वर्षे विन वाकात्व উচ্চ মূল্যে বিক্ৰীত হইবে, তাহাতে কোনও সন্দেহ নাই।

চিনির হাট।—যশোহরের পশ্চিমাংশে এবং নদীয়া ও কুশ্দীপের হানে স্থানে চিনি প্রস্তুত হইয়া থাকে বটে, কিন্তু উহাদিগের মধ্যে কোটচাঁদপুর, চৌগাছা, ঝিকারগাছা, জিমোহিনী, কেশ্বপুর, ঘশোহর, থাজুরা, শান্তিপুর ও গোবরডাঙ্গা এই সকল স্থানই চিনি প্রস্তুত হইবার প্রধান স্থান। এই সকল চিনি রপ্তানি হইবার ছইটা প্রধান স্থান আছে—কলিকাতা ও নলছিটি। বাধরগঞ্জ জেলার মধ্যে নলছিটি প্রধান বাণিজ্য স্থান; পূর্বাঞ্চলের মধ্যে এই স্থানই বাণিজ্যের কেন্দ্র ভূমি। দেশীর লোকের ব্যবহারের জন্তু, এই স্থানেই দলুয়া চিনির অধিক প্রয়োজন দেখিতে পাওয়া যায়। শুদ্ধ কোটচাঁদপুর হইতে নহে; পূর্বাঞ্চলের সমস্ত্র স্থান ক্রিটি অধ্যা ইতার সন্থিত ঝালকাটিতে আসিয়া

পাকে। ক্লোটটাদপুর হইতেও অনেক দল্যা চিনি নলছিটিতে প্রেরিড হয়;
কিন্তু দেশীয় লোকের অভাত্ত দুখীকরণ জল্প, কলিকাভাতেই ইহার জমিকাংশ
রপ্তানি হয়। এই চিনি হল পথে কলিকাভায় যাইবারও বিলক্ষণ স্থবিধা
আহে। বস্তুতঃ কলিকাভাতে চিনির হুই প্রেকার জভাব দেখিতে পাওয়া
বায়। প্রথমতঃ দল্যা চিনি, কলিকাভাও অক্তান্ত হানে ব্যবহারের প্রন্য প্রেয়োজন হয়;—িনিজীয়তঃ পাকা চিনি ইউরোপ ও অনুসন্য দ্রদেশে পাঠাই-বার জন্য, প্রেরাজন হইয়া থাকে। কিন্তু এই শেষোক্ত জভাব কেশ্বপুর ও যশোহরের দক্ষিণাঞ্চনবর্তী জন্যান্য স্থান নক্র হইতে বিদ্রিত হয় এবং প্রথমোক্ত জভাব শুদ্ধ কোটটাদপুর হইতেই পরিপ্রিত হইয়া থাকে। স্তুরাং চিনির ব্যবসায় ও রপ্তানি নিয়লিথিতরূপেই নির্দিষ্ট হুইতে পারে। ক্রেক্ষা;

১। শর্করাপ্রধান অঞ্লের উত্তরার্দ্ধে সাধারণের ব্যবহারোপ্রের্মনী দল্মা চিনি প্রস্তুত হয় এবং উহা কণিকতি।ও পূর্বোঞ্জে প্রেরিত হয়।

২। শর্করাপ্রধান অঞ্চলের দক্ষিণার্দ্ধে উভয়বিধ চিনিই উৎপন্ন হয়;— উহাদিগের মধ্যে দলুয়া চিনি প্রধানতঃ চাসীরাই প্রস্তুত করে এবং উহা নদ-ছিটী ও পূর্বাঞ্চলে প্রেরিত হয় এবং পাকা চিনি সম্ভ্রান্ত ব্যবসান্নিগণ কর্ম্বরুত ও কলিকাতার প্রেরিত হইয়া থাকে।

চিনি বাবসায়ের অবস্থা ও আশা।—দল্যাচিনির অভাব দিন দিন বর্দ্ধিত হইতেছে; বিশেষত পূর্বাঞ্চলে এই অভাব অতীব বিস্তৃত হইরা পড়িডেছে। কিন্তু পাকা চিনির অভাব দিন দিন হ্রাস হইরা আসিতেছে। পূর্বে বলা হইরাছে, সাধারণ ব্যক্তিবৃন্দই দল্যা চিনি বাবহার করিয়া থাকে এবং ইউরৌ-পীয়েরা পাকা চিনির বাবহার করে। স্কতরাং সাধারণ ব্যক্তিবৃন্দের সোভাগ্যোদয়ের সঙ্গে সঙ্গে যতই দল্যার বাবহার বাড়িতেছে, ততই দল্যার অভাব প্রসারিত হইতেছে। পক্ষান্তরে, অন্যান্য বৈদেশিক পাকা চিনির আমার ইউরোপীর বাজারে যতই আমদানি হইতেছে, দেশীয় পাকা চিনির আমার ইউরোপীর বাজারে ততই হ্রাস হইরা আসিতেছে। বস্তুতঃ ইউরোপীর বাজারে আদি কালি দেশীর পাকা চিনির অনেক প্রতিবৃন্দী হইরাছে। সেই সকলের মধ্যে, আজি কালি দেশীর পাকা চিনির অনেক প্রতিবৃন্দী হইরাছে। সেই সকলের মধ্যে, আজি কালি মরিশশ চিনি স্বাধাণকা প্রবল প্রতিবৃন্দী। এই মরিশশ চিনির ব্যর্থায় মন্ত্রী প্রথান্য মন্ত্রী প্রথান্য মন্ত্রী প্রথান্য মন্ত্রী ব্যবহান্য মন্ত্রী প্রথান্য মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী প্রথান্য মন্ত্রী প্রথান্য মন্ত্রী প্রথান্য মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী প্রথান্য মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী প্রথানীয় মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী প্রথানীয় মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী প্রথানীয় মন্ত্রী ক্রির ব্যর্থায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্রির বাল্য ব্যায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্র ব্যায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্রির ব্যায় মন্ত্রী ক্র ব

আদর ততই হাস হইবা আসিতেছে—উহার ব্যবসাও ক্রমশং অবনত হইবা বাইতেছে। বিশেষতঃ দেশীয় পাকা চিনি অপেকা মরিশশ চিনি লকপ্রসর হইবার বেরূপ শ্ববিধা আছে, তাহাতে দেশীয় পাকা চিনির গৌরব এককালে নষ্ট হইবারই সম্পূর্ণ সম্ভাবনা।

প্রাপ্তক্ত কারণ বশতঃ ষ্ণোহরের চিনিপ্রধান অঞ্জের দক্ষিণাংশের ও আমাদিগের কৃশ্দীপের চিনির বাবসা, বশোহরের উত্তরার্ক অপেক্ষা অনেক আর হইরা আসিয়াছে। ত্রিমোহিনী কেশ্বপুর, গোবরভাকা প্রভৃতি, স্থানের অনেক কার্থানা এককালে বন্ধ হইরাছে।

ক্ষাবপুরে পাঁচ বংসরের মধ্যে ১০০টী কারথানার স্থলে ৪০ বা ৫০টী নাত্র ক্ষাবিদ্ধি রহিয়াছে। পূর্ব্বে, ত্রিমোহিনী কেশবপুরেরই একটী আড়াছিল; এবং উহাতেও প্রায় ১০০২টী কারথানা চলিত; কিন্তু, আজি কালি উহাতে একটা কারথানাও দেখিতে পাওয়া যায় না। গোবরডালার অবস্থাও ভক্রপ হইয়া উঠিয়াছে। ইতিপূর্ব্বে উহাতে ৮০টী কারথানা ছিল, কিন্তু আজি কালি ২০০২৫টী কারথানার অধিক নাই এবং যাহাও আছে, তাহাও আজা গোচনীয় দশাপ্রত। ইহাও শ্বরণ রাখা আবশ্যক বে, কেশবপুর ও ত্রিমোহিনী শুদ্ধ মাত্র চিনি প্রস্তুত হয় বলিয়াই প্রসিদ্ধ নহে; এই উভয় স্থান হইতে মহাজনগণ জনেক চিনি ক্রয় করিয়াও থাকেন। আমরা এই উভয় স্থানের সম্বন্ধে পূর্বে বলিয়া আসিয়াছি যে, এখানকার অধিকাংশ চাসী, নিজেরাই শুড় জাল দিয়া চিনি প্রস্তুত করে এবং যথন উহাদিগের চিনি, শেশবুলার প্রধান প্রধান মহাজনগণের গোমস্তাদিগের নিকট, কারখানার বাহিরেও বিক্রীত হয়, তখন এই উভয় স্থানে নিশ্চয়ই অপর্য্যাপ্ত চিনি জন্মিয়া খাকে।

এদিকে, কেশবপুর ও তৎসন্নিহিত স্থান ধেমন উনিথিত কারণ বশতঃ
বিশেষ ক্ষতিগ্রস্ত হইরাছে, তেমন অপর একটা কারণ বশতঃ কি উত্তর কি
দক্ষিণ উভয় অঞ্চলের প্রত্যেক নগরই বিলক্ষণ ছর্দ্দশাপন হইরাছে। পাশ্চাত্য
বনিক্ষল আনিয়া থর্জুর বৃক্ষের আবাদ আরম্ভ করিবার কিছু পরে, দেশীয়
ক্ষিক্ষণ দলে দলে আনিয়া উপস্থিত হইল এবং পাশ্চাত্য বনিক্ষণ ক্তের মুখের
আন্ত কাড়িয়া লইতে লাগিল। এদিকে, পাশ্চাত্য বনিক্ষণ ক্ত অত্যংক্ষ

চিনি অপেকুা, দেশীর ব্যবসারিগণকত চিনির অভাব ও আদর অধিক হইয়া আসিল। ইহাতে দেশীয় ব্যবসায়িগণ অনায়াসেই পাশ্চাত্য বণিকগণকে কার্য্যক্ষেত্র হইতে বিদ্রিত করিতে সমর্থ হইল। কিন্তু পাশ্চাত্য বশিক্ষণ ও ছাজিবার পাত্র নহে; ভাহারাও এই ব্যবসায়ের জন্ম, বিষম প্রতিবোগিতা করিতে আরম্ভ করিল। থর্জুর বৃক্ষ অস্ততঃ সাত বৎসরের না হইলে,গুড় প্রাদান করিতে পারে না ; স্কুতরাং এরূপ স্থলে, ইউরোপীয় বণিক্গণ হঠাৎ গুড় প্রস্তুত বা সংগ্রহ করিয়া, চিনি প্রস্তুত করিতে পারিল না বটে, কিন্তু দেশীয় ব্যবসায়ী-গণের প্রতিক্লাচরণ করিতেও প্রতিনির্ত্ত হইন না। ইহাতে নিরুষ্ট জাভীয় প্রাড়েরও মূল্য বৃদ্ধি হইল;—ব্যবসারীগণের লাভাংশ অয় হইয়া পড়িব;— ব্যবসায় এককালে: অবনতির পরাকাঠা প্রাপ্ত হইস ;—এবং সর্বভাবে এই ক্রে লাভ হইল কে, সেই সাবদতি শীরাই অধিকাংশ ধণিক, এই ব্যবসার ক্ষিত্র এক কাকে পূথক্ত হইন। ইতিমধ্যে, চাদীগণ স স প্ৰোর তাদৃশ উচ্চ মূল্য পাইমা, বিলক্ষণ লাভবান্ হুইয়া, খৰ্জুরের চাস,আরও বাড়াইয়া ফেলিল। ইহাতে গুড়ের মূল্য হ্রাদ হইল কিন্তু চিনির অভাব অধিক থাকাতে, মধ্যবন্তী ক্রামীয় ব্যবসায়ীদল অধিক লাভ পাইতে লাগিল। দৈবাত্ত্তহে এই সময়ে যদি পূৰ্মা-ঞলের অভাবের অন্তর্ম চিনি প্রস্তুত হইত, তাহা হইলে এই অবনতি শীল্লই দ্রীভূত হইত এবুঃ এই ব্যবসায় পূর্কাপেকা সমর্থিক শ্রীবৃদ্ধি লাভ করিত।

চাদীগণ।—চিনির মহাজন ও কারখানার অধিকারীগণ, চিনির বাবনায়ে ক্ষতিগ্রন্থ হইরাছেন বটে. কিন্তু উহা অপরদিকে চাদীগণকে বিশক্ষ লাভিবান্ করিরাছে। উহারা গুড়ে ক্রমান্তরে উচ্চ মূল্য প্রাপ্ত হইরা আদিনতেই এবং এতদ্র প্রীর্দ্ধি লাভ করিরাছে যে, চারিদিকে খর্জুরবুক্ষের আবাদ আরম্ভ করিরাছে। তদমুদারে, কেশবপুর ও ত্রিমৌহিনীর নিকট যে দকল চাদী নিজেই স্ব স্ব গুড় হইতে দল্য়া চিনি প্রস্তুত করে, তাহারা এই ভীষণ ঝটিকার বেগ এক দিনের জুক্তও সহু করে নাই। কলিকাতার পাকা চিনির মূল্য যেমন হ্রাস হইরা গিয়াছে, নলছিটে দল্য়া চিনির মূল্য তেমনই বৃদ্ধি প্রাপ্ত হইরাছে। মতেরাং চিনি ব্যবদায় সম্বন্ধে ইহাই স্পষ্ট উপলব্ধি হয় যে, চিনির ব্যবদায়ে চাদীদিগের অবস্থা যেন্ন উৎকর্ষতা প্রাপ্ত হইয়াছে, মহাজনেরা ক্রেমনই ক্রিমাণ্ড্রেক ক্রমাণ্ডেক ক্রমাণ্ডেক

চিনির হাটের বিবরণ। আমরা যাহাকে হাটের অবনতি বুলিয়া নির্দেশ করিলাম, তাহা শুদ্ধ উপমাবাচক কথা মাত্র। কারণ, কোটচাঁদপুরে বা কেশৰ-পুরে চিনির সুময়ে যে দৃশ্য দেখিতে পাওয়া যায়, অপেক্ষাক্ত অন্ত কোনও কোলাহলময় নগরে ভাহা দৃষ্টিগোচর হয় না। চারি বা পাঁচ মাস ধন্মিমা, চিনি ও গুড় প্রতিদিন প্রভ্যেক দিক দিয়া অবিরত প্রবিষ্ট হইতে থাকে। শুদ্ধ মাত্র শোটচাঁদপুরেই প্রত্যহ হুই তিন হাজার মণ এবং কেশব-পুরে সম্ভবত: হাজার মণ গুড় আসিয়া থাকে। যখন চাসীরা গুড়ের কলসী-পূর্ণ গোষান সকল লইয়া আসিতে থাকে, তখন এককালে সকল পথ পরিপূর্ণ ক্রিয়া ফেলে,---মহাজনগণের দোকান ও কারখানা সকল ক্রেভাবর্গে সমাচ্চ্য **হয়,** এবং গুড়ের ওজন ও চালান অন্বর্ত চলিতে থাকে। কার্থানার দার-**দেশেই মহাড়ম্বরে কার্য্য নির্দ্ধাহ হয়। এক দিকে ধেমন ওজনাদি হইতে** थारक, व्यममरे व्यात এक मिरक श्वर्ष्यं कनमी পূর্ণ গোরান সকল কারখানার ওড়ে উঠাইয়া দিবার জন্ত, প্রক্রীকা করিতে থাকে। অল হউক বা অধিক হউক, কোটটাদপুরে ইহা প্রতিদিনই সংঘটিত হয়। এতদ্বিয় হাটবারে এই সকল কার্য্য আরও অধিক পরিমাণে হইয়া থাকে। কেশবপুরেও প্রত্যহ বাজার বসিরা থাকে, কিন্তু অন্তান্ত হানে নির্দিষ্ট হাটবারেই এইরূপ কার্য্য **নির্কাহ হইতে স**চরাচর দৃষ্টিগোচর হইয়া থাকে।

চিনির কারধানা।—প্রত্যেক কারধানাই এক একটা বৃহদাকারের মৃক্ত চতুর্জ ক্ষেত্র। ইহার চতুর্দিক বেড়া দ্বারা পরিবেটিত এবং ইহার এক বা শুই দিকে শ্রেণীবদ্ধ ঘরের দারি দেখিতে পাওয়া যায়। এই সকল ঘরে কারধানার সামান্ত সামান্য কার্য্য সম্পন্ন হয়; প্রধানতঃ শুড় ও চিনি এই সকল দানে সঞ্চিত থাকে। যে সমস্ত কারধানায় পাকা চিনি প্রস্তুত হয়, সেই সকল কারধানার প্রান্ধণ ভূমিতে জনেক বাইন দেখিতে পাওয়া যায় এবং প্রত্যেক বাইনেই লোকপণ কর্ম্মে ব্যাপ্ত থাকে। কেহবা বৃহচ্চুলীর আয়ি রক্ষা করে;—কেহ বা গাদ কাটতে থাকে;—কেহ বা চিনি প্রস্তুত করে। আর যদি উহা দল্য়া চিনির কারধানা হয়, তাহা হইলে শ্রেণী বদ্ধ চুবড়ী সকল সঞ্জিত থাকে; সেই সকল চুবড়ী পাটা শেওয়ালা দ্বারা আচ্ছাদিত

মুক্ত প্রাক্ষরের চারিদিকেই প্রচলিত প্রণালী ক্রমে চিনি প্রস্তুত হইডে থাকে।

অগ্রহায়ণের প্রথম হইতে চৈত্রের শেষ পর্য্যন্ত চিনি, প্রস্তুভ করি-বার প্রকৃত সময়। অগ্রহায়ণের প্রথমে বা কার্ত্তিকের শেষে চিনি ব্যবসায়ী 😙 কারধানার অধিকারীগণ নিজ নিজ ব্যবসা-স্থানে আগমন করিতে থাকে এবং টৈত্র মাস পর্য্যন্ত কার্য্যক্ষেত্রে অবস্থিতি করিয়া, কালোচিভ কার্য্য সাধন করতঃ স্ব স্ব গৃহে প্রতিগমন করিতে থাকে। এই পাঁচ মাস কাল, কোটটাবপুর ও কেশবপুর প্রভৃতি স্থান সকল, যেরূপ অবস্থাপন হয়, ভাহার সহিত বৎসরের অবশিষ্ট মাস সকলের তুগনা করিলে, উক্ত স্থান সকল নির্মাসিত ও পরিত্যক शांन विनिन्न महस्वहे अजीजि करका। या मनदर हिनिन्न कार मा हरता, सिह সময়ে কার্থানা সকল বন্ধ হইয়া যায়;—কোন প্রকার ওড়েরই আন্ত্রানী হয় লা। এবং বাজারে কোনও কাষ্ট হয় না। শান্তিপুর ও গোবরভালার আনেক ব্যবসামী চিনির সুময়ে কোটচাঁদপুরে গিয়া অবস্থিতি করে। শাস্তি-পুরের মহাজনেরা শান্তিপুরেও কুদ্রাকারের এক একটী কারথানা স্থাপন্ করিশা থাকে। কোটটাদপুর, যাদবপুর, ও ঝিকারগাছা হইতে সেই সক-লের জন্ত অনেক গুড় প্রেরিত হয়। কিন্তু গোবরডাঙ্গার এই সকল স্থা<mark>নৈর</mark> প্তড় কদাপি আইুদে না। টাহড়িয়া, কলারোয়া প্রভৃতি স্থানে যে পক্ষ প্রজ্ উৎপন্ন হয়, সেই সমস্তই গোবরডাঞ্চান্ন আসিয়া থাকে ও চিনির নিমিত্ত ব্যবহৃত হয়। কেশবপুর ও ত্রিমোহিনীর ব্যবসায়িগণ শান্তিপুর প্রভৃতি কোনও খানের সহিত সংস্রব রাধে না ; উহারা কলিকাতার সহিত স**কল কর্মটে** সম্পন্ন করে। যে সময়ে কোটটাদপুর চিনির নিমিত্ত লব্ধপ্রতিষ্ঠ হইয়াছে, সেই সময় হইতে ইহা ব্যবসায়ীগণের প্রতিযোগিতায় অপরাপর সকল স্থান অপেক্ষা সমধিক ক্ষতিগ্ৰস্ত হইয়াছে। অস্ত কোন স্থানে তাদৃশ অনিষ্টা-পাত দেখিতে পাওয়া যায় না। উহার নিমিত্ত কোটগাঁদপুরের চিনি অতীব ভুর্ণামগ্রস্ত হইরাছে। এই প্রতিযোগিতার সময়ে **অনেক, অ**সাধুব্যবহার অহুষ্ঠিত হইয়াছিল। আমরা ইতিপূর্বো তৎসমুদয়ের কিছু কিছু বর্ণন করিয়া আসিয়াছি। বিশেষতঃ এই ব্যবসায়ে আরও হুর্ভাগ্যের বিষয় এই ব্য नौलकरददा नौर्ल रयमन ভिन्न ভिन्न मार्क वा हिरू निमा थारक, हिनि প্রস্তুকারী

ব্যবসায়িগণ এই ব্যবসায়ে তেমন ভিন্ন ভিন্ন মার্ক ব্যবহার করে না। তাহাতেই এতদকলের উত্তন অধন যাবদীয় চিনি একই ফুর্নামের ভাগী হইয়াছে এবং অতি সদাশর সাধুব্যবসায়ীর চিনিও অতীব কট সহকারে বিক্রীত হয়। সেই জন্ত, বে গুড় কোটচাঁদপুরে অনায়াসে চিনি হইতে পারে, তাহা তথায় চিনি না হইয়া, শান্তিপুরে আসিয়া চিনি হয়। যে মহাজনের চিনি কোটচাঁদপুরে অতীব হর্নামগ্রন্ত হইয়াছে, শান্তিপুরের কার্থানায় সেই মহাজনের চিনি অতীব অনাম সহকারে বিক্রয় হইয়া থাকে।

পর্জুর চিনি সম্বন্ধীয় যাবদীর বিষরই আমর। একে একে লিপিবদ্ধ করি-মাছি; শুদ্ধ চিনির হাটগুলির বিশেষ বিবরণ এ পর্যান্ত প্রকাশ করি নাই। স্থাভরাং আমরা এক্ষণে চিন্দি প্রধান অঞ্চলের হাট সকলের বিশন বিবরণ বর্ণন করিতে প্রবৃত্ত হইলাম।

যত গুলি চিনির হাট দেখিতে পাওয়া যায়, সেই সকলের মধ্যে কোটটাদপুরই সর্কাপেকা প্রধান। এই স্থান এবং ইহার সরিহিত সলেমানপুর গ্রাম ওজ-মাত্র চিনির কারখানাতেই সমাচ্ছয়। এই উভয় স্থানে বত চিনি প্রস্তুত হয়, তংসমূদ্যই প্ৰান্ন কলিকাতায় প্ৰেরিত হয়, কেবল চতুৰ্থাংশ ৰা এক ভূতীয়াংশ মাত্র নলছিটি ও বাধরগঞ্জ জেলার অন্তর্গত ঝালকাটিতে গমন করিয়া থাকে। ঝালকাটতে প্রেরাইতবা চিনির পরিমাণ ক্রমশঃ বাড়িয়া উঠিতেছে। কোটটাদপুর ইইতে কলিকাতায় আসিবার জুইটা পথ আছে; একটা জলপথ এবং অপর্টী স্থলপথ। কলিকাতায় স্থলপথে যে চিনি রপ্তানি হয়, তাহা প্রেক্ত গোয়ান প্রভৃতি স্বারা ইষ্টার্গ বেঙ্গণ রেলওয়ে কোম্পানির কৃষ্ণাঞ্জ ও স্বামনগর ষ্টেশনে উপস্থিত হয় এবং তথা হইতে রেলপথে কলিকাতায় পোহু-ছিয়া থাকে। যে সকল চিনি গোষানে ক্লফগঞে বা রামনগরে আসিয়া থাকে, সেই সকল গোয়ান কোটচাঁদপুরে ফিরিয়া যাইবার সময়, গুড় সংগ্রহ করিয়া লইয়া গিয়া থাকে। প্রতি বর্ষে কোটটাদপুর ও তৎসনিহিত স্থান সকল হইতে প্রায় লক্ষ মণ চিনি বিদেশে প্রেরিত হয়। উক্ত চিনির মূল্য অন্যন ছয় লক্ষ টাকা হইবে। চিনিপ্রধান অঞ্লে যত চিনি প্রস্তুত হয়, সম্ভবতঃ উহা তাহার চতুর্থাংশ মাত্র। এতদঞ্লের যাবদীয় প্রধান প্রধান চিনির

দাস প্রাথান্ত্রিক ভির অপর স্কলেই কুশ্রীপ্রাসী ভাষ্ণী। বংশীরদন প্রথমে অভি সামান্ত মূলধন অবলম্বন-করিয়া, এই কার্য্যে হস্তার্পণ করেন। পরে, স্বনীয় অসামান্ত ব্যবসাবৃদ্ধির প্রাথর্য্যে বিপুল বিত্ত সম্রম লাভ করিয়া, এজদকলের একজন যশস্বী বণিক হইয়া উঠেন। চিনিপ্রধান অঞ্লের প্রসিদ্ধ প্রসিদ্ধ সকল স্থানেই ইহার কার্থানা ও কলিকাভাতে এক প্রধান দোক্ষিন আছে।

কুশ্দীশবাসী মহাজনগণের মধ্যে খাঁচুরা নিবাসী খ্যাতনামা ধনকুবের স্বর্গীয় কালীকুমার দত্ত মহাশর সর্বাত্তো এই ব্যবসারের পথ প্রদর্শন করেন। বহুপূর্ব্বে প্রোক্ত মহাত্মা কলিকাতার বড়বাজারে এক দোকান করিয়াছিলেন। তদীয় কনিষ্ঠ মাননীর বৈদ্যনাথ সেই লোকানের অধ্যক্ষ ছিলেন। ছিনির ব্যবসারে কথঞিৎ উন্নতি লাভ করিয়াই, তিনি প্রধান প্রধান চিনির ব্যবসারে কথঞিৎ উন্নতি লাভ করিয়াই, তিনি প্রধান প্রধান চিনির ব্যবসারে কথিছে উন্নতি লাভ করিয়েই করেন এবং সেই সমস্ত চিনি কলিকাতার আনাইয়া বিক্রয় করিতেন। ক্রফ্রদরাল রায় নামক জনৈক লোক প্রথমে ইহার গোমন্তা হইয়া কোটচাঁদপুরে কার্য্যারন্ত করেন।

উক্ত থ্যাতনামা চিনির মহাজন স্বর্গীয় কালীকুমারের অফুকরণ করিষ্ট্রা, খাঁটুরা নিবাদী স্বর্গীয় রামজীবন আশ মহাশয় এই কার্য্যে ব্যাপ্ত হন। পীতাম্বর মুখোপাধ্যায় নামক জনৈক কুশদীপবাদী ব্রাহ্মণ ইহার গোমস্তা। হইয়া কোটচাঁদপুরে উপস্থিত হন এবং ব্যবসাকার্য্য আরম্ভ করেন।

ইহার কিছু কাল পরে, হ্রদাদপুরনিবাসী বড় বাজারের স্থাসিক দেশীর বাবসারী স্টেধর কোঁচ মহাশ্র এই স্থানে এক গদী সংস্থাপন করেন এবং হ্রদাদপুর নিবাসী তামুলী জাতীর শ্রীরামচক্র আশ মহাশ্রকে অংশীদার ও কার্যাধ্যক্ষ করিয়া পাঁঠাইরা দেন। অহুমান, ২২৭৩ বা ১২৭৫ সালে কোঁচ মহাশ্রের এই কারখানা স্থাপিত হইয়াছিল। শ্রীরামচক্র স্থকীর অসাধারণ তীক্ষ বৃদ্ধি, অদম্য পরিশ্রম, অটল অধ্যবসার ও অলৌকিক বন্ধ প্রভাবে ইহার যেরূপ লোকাতীত উন্নতিসাধন করিয়াছিলেন, তেমন আর কাহাকেও দেখিতে পাওয়া যার মা। প্রাতঃশ্রবণ্য কালীকুমার দন্ত মহাশ্র কুশ্বীপবাসী মহাজন গণের অগ্রণী ছিলেন বটে, কিন্তু উলিধিত আশ মহাশ্র, সময়ে সময়ে তাহারও প্রতিযোগিতা করিয়া কাহাকেত সমার সময়ে তাহারও প্রতিযোগিতা করিয়া কাহাকেত সমার সময়ে তাহারও প্রতিযোগিতা করিয়া কাহাকেত সমার সময়ে সময়ে তাহারও প্রতিযোগিতা করিয়া কাহাকেত সমার সমার সময়ে

ফলতঃ কোটচাঁদপুরে আমাদিগের কুশরীপের ষতগুলি মহাজন গুফন করিয়া-ছিলেন, তাঁহাদের মধ্যে কাহারও অপেকা ইনি হীন পদ ছিলেন না, এবং কার্য্যতৎপরতা ও দক্ষতা প্রভাবে কাহারও কার্য্য ইহার কার্য্যের স্থায় এতি র দৃচ্মূল ও দীর্ঘস্থারী হইতে পারে নাই। ব্যবসা কার্য্যের অবন্তির সঙ্গে সঙ্গে প্রাম্ম সকলের কার্য্যাই উঠিয়া গিয়াছে, কিন্তু এই জীরামচন্দ্রের কার্য্যকুশলতা গুণে আজিও স্ষ্টিধরের কার্য্য কোটচাঁদপুরে অটল হইরা রহিয়াছে। এথানে তুই এক জন ইউরোপীয় বণিকও ব্যবদা কার্য্য নির্কাহ করিয়া থাকেন; কিন্ত প্রতিযোগিতায় ভাহারাও এই আশ মহাশমের সমকক্ষতা লাভ করিতে পারেন নাই। কি ব্যবসায়ের লাভালাভে, কি সাধারণ হিতকর কার্য্যে, কি স্থানীয় ক্রেভুরুদের সহামূভূতি ও অন্থ্রাগ আকর্ষণে—সকল বিষয়েই এই আশ মহাশম সকলের অগ্রগণ্য হইয়াছিলেন। এমন কি, ইউরোপীয় বশিক্রুদের প্রতি-যোগিতার বিক্দেও মিউনিসিপালিটার উচ্চাদন, ইহারই করতলগত হইয়া-ছিল। প্রীরামচন্দ্র করেক বৎসর ধরিয়া এতদঞ্লের লোক সাধারণের দওমুভের কর্ত্তা হইয়া রহিয়াছেন। ফলতঃ শ্রীরাম বাবু, এতদঞ্চলে অবস্থিতি করিয়া, এ প্রদেশের বিস্তর উপকার সাধন করিয়াছেন। সেই জন্য, এই স্থানে আমরা তাঁহার এক সংক্ষিপ্ত পরিচয় এবং তাঁহার জীবনের করেকটী কার্য্য সংক্ষেপে বর্ণন করিতে প্রবৃত্ত হইলাম।

শ্রীরাম্চক্র হয়দাদপুরের আদিম অধিবাদী নহেন। ইহাদিগের পুর্কানিবাস বশোহর জেলার অন্তর্গত পুরাতন বনগ্রাম। বর্গীর হাঙ্গামাকালে, ইইনি অন্তান্ত তামুলী স্ব স্থ বাসন্থান ত্যাগ করিয়া, খাঁটুরা প্রভৃতি স্থানে বাস করেন, সেই সময়ে শ্রীরামচন্দ্রের পিতা স্থগীয় রামকুমার আশ মহাশয়, স্থকীয় বাসন্থান পুরাতন বনগ্রাম ত্যাগ করিয়া, হয়দাদপুরের আদিয়া বাস করেন। শ্রীরামচন্দ্র ১২৪৮ সালে হয়দাদপুরের ভবনে জন্ম গ্রহণ করেন। তথনকার প্রথানুসারে শ্রীরামচন্দ্র পঞ্চমবর্ষ উত্তীর্ণ হইলেই, গুরু মহাশয়ের পাঠশালায় লেখা পড়া শিবিতে আরম্ভ করেন। ত্রয়োদশ বর্ষ বয়্রজ্মকালে ইনি পাঠশালা ত্যাগ করিয়া, স্বজাতীয় এক আত্মীয় তামুলীর দোকানে ত্ই তিন বংসর কাল চাকুরী করেন। তৎপরে, উক্ত চাকুরী ত্যাগ করিয়া,

স্থাপন করেন। গোবরডাঙ্গার চিনির কারখানার অধিকারীমাত্রকেই চাঁহড়িয়ার গিয়া, প্রতি সন্থাহের হাটে গুড় কিনিয়া আনিতে হইত। তদহুসারে, শ্রীরামচন্দ্রও এই অল বয়সে চাঁহড়িয়া গিয়া নিজে গুড় কিনিয়া আনিতেন এবং সেই গুড় জাল দিয়া চিনি প্রস্তুত করিয়া, কলিকাতায় বিক্রয়ের জন্ত পাঠাইয়া দিতেন।

করেন বংশর পরে, প্রীরামচন্দ্র এই কর্ম্ম ত্যাগ ক্রিরা, কেশবপুরে গমন করেন এবং তথার এক কারথানা স্থাপন করেন। ত্ই এক বংশর কেশবপুরে কার্য্য করিয়া, প্রীরামচন্দ্র কলিকাতায় আইনেন এবং তাঁহার গুড়াতি প্রাতা গোপালচন্দ্র আশের সহিত মিলিভ হইয়া, বড়বাজারের চিনিপটীতে এক থানি চিনির দোকান করেন। এই দোকানে উভয় ক্রাভারই কিছু কিছু লাভ হইডে লাগিল। কিন্তু এই সমরে বড়বাজারের বিখাতে চিনির মহাজন ক্রিয়েক স্থানির কেলের কর্মের অংশীদার ও কার্যায়ক করিয়া, তথায় পাঠাইয়া দেন। এই সমর হইভেই ভাগ্যলন্দ্রী প্রসার ইয়া, প্রীরামচন্দ্রকে স্থকীয় স্থময় অঙ্কে স্থান দান করেন।

বলায় ১২৭০ কি ৭৫ সালে, প্রীরামচক্র সর্ব প্রথমে কোটচাঁদপুরে উপনীত হন। এই সময়ে, প্রাভঃশারণীয় কালীকুমার দত্ত ও স্বর্গীয় রামজীবন আঁশ, এই হই মহোদয়ের কার্য্য কোটচাঁদপুরে মহার্ভ্রেরে নির্বাহিত হইতেছিল। কিন্তু প্রীরামচক্র, কোটচাঁদপুরে 'দোকান খুলিয়া, ধেরূপ ধীরতা ও বিচক্ষণতা সহকারে কার্য্য করিতে লাগিলেন, তাহাতে অতি সম্বরেই স্প্রিধরের স্থনাম এতদঞ্চলের সর্বাত্র প্রচারিত হইল এবং স্পৃষ্টিধরেও একজন বিশিষ্ট মহাজন বিশিষ্ট মহাজন বিশিষ্ট মহাজন বিশিষ্ট মহাজন বিশিষ্ট মহাজন ও কোলাচাঁদ কুন্তু প্রভৃতি করেক জন তামুলী মহাজন ও কোটচাঁদপুরে গদী সংস্থাপন করিয়াছিলেন কিন্তু কেহই ইহার সমক্ষতা লাভ করিতে পারেন নাই। গোলক্রমে, চিনির্ব ব্যবসায় দিন দিন হীনভাব প্রাপ্ত হইলে, সকল তামুলী মহাজনই একে একে কোটচাঁদপুরের ব্যবসা ত্যায় করেন, কিন্তু প্রীরামচন্দ্রের যত্ত্বে, স্পৃষ্টিধরের কার্য্য আজিও অতি স্থন্দর্বরূপে চলিয়া আসিত্রেছে। এবং স্বর্গীয় কালাচাঁদ ইপ্তুর কার্য্য, তদীয় আয়ন্ত স্থ্যোগ্য শশীভূষণ

শীরামচন্দ্র কোটচাঁদপরে নিয়া, যে শুদ্ধ করেক জন দেশীয় মহাজনের সহিত প্রতিযোগিতা করিয়া, স্বকীয় ব্যবসায়,কার্য্যের উন্নতি সাধন করিয়া-ছিলেন, এমন নৃহে; তাঁহাকে ছই চারি জন পাশ্চাতা প্রবল বণিকের সহিত ও প্রতিপক্ষতা করিতে হইয়াছিল। তৎকালে, কোটচাঁদপুরে ই, জি, ম্যাক্লাউড্ নামক ছই ব্যক্তির চিনির কারখানা ও ভ্রা মালের দোকান বহুদিন হইডে চলিতেছিল। এতজিয়, বর্দ্ধমানের "ধোবা ভ্রগার কোম্পানি" যে নিউহাউস্ সাহেবকে আপনাদিগের গোমন্তা করিয়া এই স্থানে পাঠাইয়া দেন, সেই নিউহাউস্ সাহেবকে আপনাদিগের গোমন্তা করিয়া এই স্থানে পাঠাইয়া দেন, সেই নিউহাউস্ সাহেবক নিজে এখানে এক চিনির কল স্থাপন করেন। বর্ত্তমান সময়ে, উক্ত নিউহাউস্ সাহেবের ছই পুত্র হেনেরি নিউহাউস ও আলেকজপ্তার নিউহাউস ও এই কল স্থন্দররূপে চালাইন্তেনের। ইহারা সকলেই প্রারমচন্দ্রের প্রবল প্রতিপক্ষ কিন্তু শীরামচন্দ্রে, বিচক্ষণতা, অধ্যবসায়, সরল ব্যবহার ও মিষ্ট বচনে সকলকেই বশীভূত করিয়া, আপামার সাধারণ সকলেরই গ্রিড্ও শ্রেমাভাজন হইয়া রহিয়াছেন।

অধিক কি বলিব, কিয়াদিবস হইল, কোটাচাদপুরের মিউনিসিপালিটির কমিন্দর্গণ ম্যাকলাউড্ সাহেবকে মিউনিসিপালিটার চেয়ারম্যান করিয়াছিলেন এবং গবর্ণমেণ্ট তাঁহাকে অনররি ম্যাজিপ্রেট পদে উন্নীত করেন।
এই সমর্থে, শ্রীরামচন্দ্র ও উক্ত শ্মিউনিসিপালিটা কর্ত্বক ভাইস্ চেয়ারম্যান ও গবর্ণমেণ্ট কর্ত্বক অনররি ম্যাজিপ্রেট পদে অধিষ্ঠিত হন। কিন্তু হংথের বিষয়,
ম্যাক্লাউড্ সাহেব বহুদিন এই পদ্বর উপভোগ করিতে পারেন নাই;
ক্রিরেই তিনি ঐ পদ্বর হইতে অবস্তুত হন এবং মিনাইদহের ম্যাজিপ্রেট মহাশর কোটাচাদপুরের চেয়ারম্যানের আসন গ্রহণ করেন। সৌভাগ্যের বিষয়, আমাদিগের প্রিরম্বদ কুশ্দীপ ভাতা শ্রীমান্ শ্রীরামচক্র পীড়ায় দেড় বর্ধকাল শ্যাগত থাকিলেও, কোটাচাদপুরের মিউনিসিপালিটা ও গবর্ণমেণ্ট তাঁহাকে উক্ত ছই পদ্ব হুতে অবকাশ প্রদান করেন নাই। উহারা তাঁহাকে অতীব সন্মান মহকারে উক্ত ছই পদে নিয়োজিত রাধিয়াছেন।

শ্রীরামচক্র শুদ্ধ চিনির ব্যবসায়েই যে এরপ প্রতিশতিশালী হইয়াছিলেন এমন নহে; কোটচাঁদপুরে অবস্থিতিকালে, যে করেকটা সাধারণ হিতকর কার্য্যার অনুষ্ঠান করিয়াছিলেন, সেই সকল কার্য্য দারাই তিনি তত্রতা আপামর সাধারণের প্রীতিভাঙ্গন হইরাছিলেন। আমরা সাধারণের অবগতির অন্ত, নিমে সেই সমস্ত সংক্ষেপে বর্ণন করিতে প্রবৃত্ত হইলাম। যত দিন কোটচাদপুরে এই সকল কীর্ত্তির বিন্দু মাত্র চিক্ত থাকিবে, ততদিন শ্রীরাম-চন্দ্রের স্থৃতি এতদঞ্চলের লোকগণের চিত্তপট ইইতে কদাপি বিদ্রিত

আমরা পূর্কে বলিয়াছি, সলেমানপুর কোটচাঁদপুরের একটা অংশ এবং এখানেও অনেক গুলি চিনির কারথানা আছে। প্রীরামচক্র, বাজারের অপরাপর ব্যবাদায়ীগণের সহিত দল্মিলিত হইয়া, এখানে এক দেবালয় নির্মাণ করাইয়া, তাহাতে কালীদেবী ও ৺জগল্লাথের মূর্ত্তি স্থাপিত করেন এবং বাজানের সকল লোকের সমবেত সাহায়ে উক্ত দেবদেবীর নিত্য সেবার মানান্ব করিয়া দেন। সলেমানপুরে অনেক মুসসমানও আস করিয়া বাকে উ্লাদিগের ধর্মকার্য্যা নির্কাহের জক্ত প্রীরামচক্র উক্ত সলেমানপুরে একটা মিদি নির্মাণ করাইয়া দেন। এই মিদিটি দেখিতে বড় স্থলর। ইহাতে মুসলমানগণ দলে দলে আসিয়া সেই জনাদি অনন্তদেবের ভজনা করিয়া থাকে।

শ্রীরামচন্দ্রের আর একটা কার্যান্ত অতীব প্রশংসনীর ও ভেদজ্ঞান রিরহিত নিংযার্থতার চূড়ান্ত দৃষ্টান্ত। বহুকাল হইতে এখানে ৬ জগরাথ দেবের একথানি রথ ছিল। রথবাত্রাকালে, সেই রথোপলক্ষে বিলক্ষণ সমারোহত্ত মেলা হইরা থাকে। মেহেরপুর নিবাসী রামকৃষ্ণ চক্রবর্ত্তী মহাশর এই রথের অধিকারী ছিলেন। কালক্রমে এই রথধানি এককালে ভগ্ন হইয়া থাতে সেই রথ খানির জীর্ব সংখারের কোনও সন্তাবনা থাকে না। রথধানির এইরূপ ছরবন্থা দেখিয়া, উদার শ্রীরামচক্রের কোনও সন্তাবনা থাকে না। রথধানির এইরূপ ছরবন্থা দেখিয়া, উদার শ্রীরামচক্রের কোনও সন্তাবনা থাকে না। রথধানির এইরূপ ছরবন্থা দেখিয়া, উদার শ্রীরামচক্রের কোনও ক্রমণ স্থাবন। রথের সমরে এখানো শ্রক বৃহৎ মেলা ইইয়া থাকে; ভাহাতে প্রতি বৎসর প্রায় ৫।৭ হালার লোক সমাগত হয়।

তিনি বর্ষে বর্ষে ত্র্ণোৎসবাদিতে ধ্রেপ ব্রান্ধণ ভোলনাদির অনুষ্ঠান করিয়া থাকেন, তাহা দেখিলে দকলেরই শ্বন্ধ আহ্লাদে নাচিয়া উঠে এবং প্রীরাম্চক্রকে শতম্থে আশীর্ষাদ করিতে ইচ্ছা জন্মে। আজি কালি মাননীরা বিনোদিনী দানী দানালয় স্থাপন করিয়াছেন বটে, কিন্তু প্রীরাম্চক্র ইতিপূর্বেই এইকালে ভিন সহস্র টাকা দান করিয়া দুঃস্থ প্রতিবেশীমগুলীর অলাচ্ছাদনের সংস্থান করিয়া দিতে শ্বুতসংকল হইরাছিলেন। কিন্তু তাছাতে কোন চিরস্থায়ী কলের আশা নাই দেখিয়া তিনি তাহা হইতে প্রতিনিবৃত্ত হইরা, মাসিক দশ টাকা করিয়া দান করিতেন। একবে, উক্ত টাকা কোন এক সম্লান্ত ব্যব্দায়ীর আড়তে জনা হইতেছে; কিন্তু আশা করি, অচিরেই উহার কার্যারম্ভ হইবে।

বিদেশের-শ্বলাভির বা প্রজনের উরভি সাধনে সকলেই ব্রপরিকর হন।
কিন্ধ বিদেশে গিরা, অজ্ঞাতকুলশীল হইয়াও, বাহাদিগের সাধু হুদর পরোপকার ব্রভে ব্রভী ও বর্ষান হয়, ভাহাদিগের অন্তঃকরণই বগার্থ সাধু—বথার্থ
মহান্ ও বর্ষা পরহিভিচিকীর্ । তুর্ভাগ্যের পাদনিপিট কুশ্বীপের ভর্ম
সৌধস্পে আজিও যে এমন ছই একটী মহাপ্রাণের অন্তিত্ব দেখিতে পাওয়া
বার, ইহাই কুশ্বীপের অসারস্থল শপ্তমক্ত্মির অনীব গৌরবের বিষয়।
বাহা হউক, আমরা সেই অনাগনাও ঈশ্বের নিকট কায়মন্নাবাক্যে প্রার্থনা
করি, প্রপৌত্রদি লইয়া, এই সকল, মহাপুক্ষ দীর্ঘজীবী হইয়া, কুশ্বীপের
মিলন ম্পচক্র উজ্জল করেন।

তি গিছা। — কোটচা দপুরের ন্থান্থ চৌগাছাও কপোতাক্ষনদের উপর আন্ধানিত। এথানে পাকাও দলুয়া উভয় বিধ চিনিই প্রস্তুত হয়। আমরা এ স্থানের রপ্তানি সম্বন্ধে বিশেষ কোন কথা বলিতে পারি না, কিন্তু বোধ হয়, কোটচা দপুরের রীতি নীতি হইতে ইহার রীতি নীতি অন্তর্রুপ নহে। প্রেরুর বিভিন্ন কিন্তু প্রেরুর ক্ষান্ত কালিত পারি না, কিন্তু বোধ হয়, কোটচা দপুরের রীতি নীতি হইতে ইহার রীতি নীতি অন্তর্রুপ নহে। প্রেরুর প্রেরুর প্রেরুর কিম্বদংশ জলপথে প্রেরিত হয় এবং অবশিষ্ট অংশ রুষ্ণগঞ্জ স্থোন দিয়া কলিকাতান্ন আদিয়া থাকে। কলিকাতার আড্রোন ওয়ালী কোম্পাদি সর্বপ্রথমে এই স্থানে একটা চিনির কল স্থাপন করেন। এই কলে প্রত্যহ হাজার মণ চিনি প্রস্তুত হইতে পারে। কিন্তু এখানে এরপ

শর্জুর বৃদ্দের অতি বিস্তৃত আবাদ করিয়াছিলেন; সেই জন্তঃ, আদ্ধ কালি টোগাছাকে যেন থর্জুরবনবৃষ্টিত বলিয়া সহসা প্রতীতি জন্মে। শুনিতে পাওয়া যায়, যে যথন প্রথমে এই গ্রামে কল সংস্থাপিত হয়, তথন প্রত্যের ভাঁড়া এখানে এক আনায় বিক্রীত হইয়াহিল। কিন্তু ইহাদ্ম পঁচিশ ত্রিশ বংসক পরেই সেইরপ ভাঁড় ছয় সাত আনায় বিক্রয় হইয়াছিল। তুৎকালে এখান কার বাজারের ভূষামা, সমক্ত বাজার হইতে ১১৮ টাকা ন্রাজক্ষ আলায় করি-তেন (সম্ভবতঃ প্রতি বিদার ৫১ পাঁচ টাকা খাজনা পাইতেন); কিন্তু এক্ষণে ইহার প্রতি বিদার থাজনা চলিশ টাকা হইয়াছে।

বিনারগাছা। —এই হান চৌগাছার আরও ক্ষিণে অবস্থিত। এথানে চিনি প্রস্তত অপেক্ষা গুড় বিক্রমই অধিক হইয়া থাকে। এই হানে তিন বাং চারিটী মাক্র চিনির কারখানা আছে। ব্যবসায়ীরাই এই হানের অধিকাংশঃ গুড় ক্রম করে এবং সেই সমস্ত গুড় শান্তিপুরে কইয়া গিয়া চিনি প্রস্তুত করে। যশোহরের এই অংশ রাজ্পপের উশর অবৃত্তিত ধলিয়া, শান্তিপুরের প্রেক্ত ইহা সমধিক স্থগম বলিয়া বোধ হয়।

যাদবপুর ।—এই প্রাম ঝিঁকারগাছার কিছু পশ্চিমাংশে অবস্থিত। এই স্থানে চিনি প্রস্তুত না হইয়া, ঝিঁকারগাছার ন্যায় শুদ্ধ গুড় উৎপর হইয়া থাকে এবং দেই সকল গুড় সাধারণতঃ শান্তিপুরে প্রেরিভ হইয়া থাকে। বস্তুতঃ এই স্থান গুড়ের এঁকটা বিশাল হাটমাত্র। প্রতি সপ্তাহের। সোমবারে ও শুক্রবারে এথানে হাট বিদ্যা থাকে এবং এই প্রদেশের যারদীর চাদী উক্ত হইবারে এথানে গুড় বিক্রয় করিবার জন্তা, নিজ নিজ প্রমোৎপর্ক গুড় লইয়া আইনে। ব্যাপারীরা আদিয়া মেই গুড় ক্রয় করে এবং শান্তি-পুরে লইয়া যায়।

কেশবপুর।—চাদীর বাটাতে প্রস্তুত দলুয়া চিনি ক্রয় ও পারা চিনি প্রস্তুত বরাই এই স্থানের প্রধান কার্যা। এই স্থানে যে দলুয়া প্রস্তুত হয়, তাহার প্রায় সমস্তই পূর্বাঞ্চলে গমন করিয়া থাকে; ভদ্ধা কিয়দংশমাত্র কলিকান্তায় রপ্রানি হয় । কিন্তু সমস্ত পাকা চিনিই কলিকাতার বাজারে প্রেরিত হইয়া থাকে। অধিকাংশ সলে দেখিতে পাওয়া যায়, ক্রেত্রণণ কলিকাতা গদী-কর্মক নিয়োজিত প্রতিনিধি বা গোমস্তা। এই প্রোমস্তারণ কেশবপ্রের বে

রাস্তার পার্শ্বে অবস্থিতি করে, তাহাকে কলিকাতাপটী' বলিয়া থাকে। কতি-পুর বর্য পূর্বের, কুশদীপের অন্তর্গত খাঁটুরা ও গোবরডাঞ্চার তামুলীগণই প্রধানত: এই চিনির কর্ম্বে ব্যাপ্ত হইয়া কেশবপুরে গিয়া অবস্থিতি করিতেন এবং এই ব্যবসায় উপলক্ষে বিপুল বিভবশালী হইয়া কুশদীপের মুখোজ্জল করিতেন।

ইডিপূর্ব্বে যে গরপ্রেটে চিনির কথা শুনাগিয়াছে, তাহা কেশবপুর হইতেই প্রেরিড হইত। পাঁচ রক্ষ চিনি মিশ্রিত করিয়া এথানে এক প্রকার চিনি প্রস্তুত হইত এবং সেই চিনি বোম্বাই ও মাক্রাজ প্রেসিডেন্সীর নাথোদা ও শেটীগণ মরিশশ প্রভৃতি দূরতর স্থানে প্রেরণ করিত; এই চিনিকেই গরপেটে চিনি বলিত। এই চিনির ব্যবদায়ে লাভ অত্যন্ত অধিক ছিল। কিছ একণে বিট ও মরিশশ চিনি আমদানি হইয়া এই গরপেটের কার্য্য এক-কালে বন্ধ হইয়াছে। আমাদিগের কুশদীপের ভাদুশীগণ এই ব্যবদারে যেমন বিচক্ষণ ও পরিপক ছিলেন, তেমন আর কোন জাতিকেই দেখিতে পাওরা বার না। তৎকালে কেশবপুর ত্রিমোহিনীতে এককালে নোটের ব্যবহার ছিল না। সমস্ত কার্যাই নগদ টাকায় নির্বাহিত হইড। সেইজন্ত ক্লিকাতার প্রধান আড়ত হইতে নগদ টাকা আরিন্ধা দারায় ধাটুরা বা গোবরডাকায় ধনীর নিজ ভবনে প্রেরিত হইত। তথা হুইতে কেশবপুর ও অিমোহিনীতে পুনরায় আরিন্দা কর্তৃক সেই সমস্ত টাকা প্রেরিত হইত। এইরপে প্রতি সপ্তাহেই ৫।৭ টা আরিন্দা হইতে প্রায় ২০।৩০ জন পর্যাস্ত ু প্রাহিনা কেশবপুরেও ত্রিমোহিনীতে গমন করিত। যে সমস্ত মুটে টাকার তোড়া মাথায় করিয়া লইয়া ষাইত, তাহাদিগকেই আরিনা কহে। তৎকাশে এই আরিন্দা বা মুটিয়াগণও এই ব্যবসায়ের জন্ম বিপুল পারিশ্রমিক প্রাপ্ত **হইত ও অপেকাত্বত অনেক সুথ স**চ্ছন্দে সংসার্যাত্রা নির্ব্বাহ করিতে পাইত। ফলতঃ বৈদেশিক চিনির আমদানি হইয়া বেমন এই ব্যবদায় এককালে নত্ত হইয়াছে, তেমনই অনেকেরই অন্নের সংস্থান চিরদিনের জন্ত উঠিয়া গিয়াছে।

নদী পথেই কেশবপুরের রপ্তানি কার্য্য সম্পন্ন হইত; অথবা ধাবতীয় পণ্য গোষানযোগে ত্রিমোহিনীতে আনীত হইত, এবং তথা হইতে পুনরায় নদী

शहर्थ होस्य क्रिक्टरक्षण क्रमंत्रिक ।

কেশবপুরে একটা স্বাহৎ কুমারের কারখানা আছে। চিনি প্রস্তুত করিবার জন্ত, যে সমস্ত সৃথার পাত্রের আবশুক হয়, এই স্থান হইতেই তাহা সংগৃহীত হইয়া থাকে। চিনি-প্রধান অঞ্চলের যাবতীয় স্থান অপেক্ষা কেশবপুরে একটা বিশেষ স্থবিধা দেখিতে পাওরা যায়। এই স্থান স্থান্যরে অতি নিকটবর্তী। উলা নদী এই স্থান হইতে অভি সরলভাবে গিয়া, বন প্রদেশে প্রবিষ্ট হইয়াছে। এই নদী ঘারা বন্তু-ইন্ধনরাশি, চিনি প্রস্তুত হইবার জন্ত, প্রথানে আনীত হয়। এইরূপ নানাবিধ কারণেই এই স্থানে চিনি প্রস্তুত হইবার বিশক্ষণ স্থবিধা থাকে এবং এই স্থান কোটচানপুরের নিয়েই স্থান লাভ করিয়াছে।

কেশবপুর, ত্রিমোহিনী, কুশডাঙ্গা ও বরণ ডালি এই কর্টী স্থান হইতেই প্রধানতঃ গরপেটে চিনির আমদানি হইত এবং এই সকল স্থানেই কুশবীপের নিয়লিধিত খ্যাতনামা ব্যবসারীগণের কারধানা ছিল। এই সকল স্থানক ভিক ব্যবসারীগণ সচরাচর 'নোকাম' বলিতেন। প্রধান প্রধান ব্যবসারীগণের নাম। যথা;—

	_	•	
1.6	খাটুরা	নিবাগী	কালীকুমার দত্ত।
₹ F	AD	29	রামজীবন আশ।
01	30	29	देवमानाथ मञ्जा
8 1	● **	29	গোলকচন্দ্র দত্ত।
¢ }	w	•	কেদারনাথ পাল।
6 1	19	29	রামভারণ রক্ষিত।
1 8	10	? *	পুরুষোত্তম আশ।
ЬI	37	20	কালীবর পাল।
91	হয়দাদপুর	29	রামচক্র কোঁচ।
5-1	27	79	গোপালচক্র রক্ষিত।
1 66	্বো বরডাঙ্গা	29	হারাণচন্দ্র কুন্তু।
. ~ ~			

ত্রিমোহিনী।—ত্রিমোহিনী, কেশবপুরের এক প্রকার সদর আড়া বলিয়া বিখ্যাত। কারণ, এখানে যে মকল মহাজনের গোমস্তা আছে, কেশবপুরেও তাঁহাদিগেরই গোমস্তা দেখিতে পাওরা যায়। এখানে মহাজনগণ চিনি ক্রয় করেন এই মাত্র; নতুবা, এখানে চিনি প্রস্তুত্র হয় না। চামীরা যে কলমা

চিনি প্রস্তুত করে, এবং উহার চতু:পার্মন্থ কারখানা সকলে বাহা প্রস্তুত হইয়া থাকে এবং ঝিকারগাছাতে ও তৎসন্নিহিত স্থানেও বে চিনি প্রস্তুত হয়, সেপ্রমন্ত চিনিই এখানে কেনা হইয়া থাকে এবং সেই সমন্ত চিনিই নদী পথে কলিকাতা ও অক্যান্ত স্থানি হয়।

় শ্রীলা।—এই স্থান আরও দকিণাংশে অবস্থিত; ইহাও চিনির অপর একটী প্রধান হাট একং কেশবপুরের সহিত বিশেষরূপে সংশ্লিষ্ট।

মনিরামপুর।—এই হানে ছই তিনটা চিনির কুঠি আছে; কিন্ত শ্বানীয়া অভাব পরিপূরণ ব্যতীত এধানকার চিনিতে অপর কোনও কার্যা সাধিত হয় না।

ধাজুরা।—এথানকার জিনির ব্যবসা ও অতীব স্থবিস্তুত। থর্জুর শব্দ হইতেই এই স্থানের নামকরণ হইয়াছে। আমরা এই স্থানের বিশেষ বিবরণ অবপত নহি। তবে, আমাদিগের বিশাদ, এই স্থানের উৎপন্ন পণ্যজ্ঞাত নগছিটি ও বাধরগঞ্জে প্রেরিত হয়।

কালিগন্ধ।—থাজুরা যে নদীর উপর অবস্থিত, কালিগন্ধ ও সেই নদীর উপরে, আরও কিছু দক্ষিণাংশে অবস্থিত। ইহ কোটটাদপুর হইতে, আট মাইল দ্রবর্তী। যে চিনি কোটটাদপুর হইতে নলছিটতে রপ্তানি হইয়া থাকে, দে সমস্ত চিনি এই স্থানেই নৌকা বোঝাই হইয়া থাকে। নিজ্কালিগন্ধে অধিক চিনি প্রস্তুত হয় না। কিন্তু ইহার চতুদ্দিকত্ব কোন কোন গ্রামে ঘই চারিটা কার্থানা দেখিতে পাওয়া যায়। সিজিয়া, করাশপুর প্রভৃতি, তান সকলই তাহার দৃষ্টান্ত স্থল। এই স্থানে যত চিনি প্রস্তুত হয়, সেঃ সমস্তই নলছিটি ও ঝালকাটিতে রপ্তানি হয়।

কালেক্টর সাহেব লিখিরাছেন যে, নিজ চিনিপ্রধান অঞ্চলে যে সকলঃ
বিখ্যাত ছাট আছে, আমি একে একে সেই সমস্তেরই বিশদ বিধিরণ প্রদান
করিয়াছি। শুদ্ধ মাত্র, যশোহরের নিকটবর্ত্তী রাসন্তিয়া, কুপদিয়া; বাজহাট
প্রভৃতি স্থানেরই কোনও উল্লেখ করিতে পারি নাই। এই সকল স্থান ও
নারিকেলবেড়িয়া প্রভৃতি গ্রাম পরীকা করিবার কোনও স্থ্যোগ প্রাপ্ত হট

চিনিপ্রধান অঞ্চলের বৃহির্ভাগন্থ যে সকল স্থানে চিনি প্রস্তুত হইয়া থাকে, আমরা এ পর্যন্ত সেই সকল-স্থানের বিল্মাত্র বিবরণত প্রদান করি নাই। প্রথমত: যে পথ বিনাইনহ ও মাগুরার মধ্য দিয়া গমন করিয়াছে, সেই পথ এক বিস্তার্থ প্রস্তুর প্রস্বিনী ভূমির অস্তর্জার্ত্তী। এই অঞ্চলের কোনও স্থানে কোন নিয়মিত চিনির কারখানা দেখিতে পাওয়া যায় না। যাহাও আছি, ভাহাও ক্ষুত্র ও ইতস্তত: বিক্ষিপ্ত। এই পথের উপর্ব অবস্তিত এবং মাগুরা হইতে চারি মাইল দ্রবর্ত্তী ইছাকাদা নামক একটা গ্রাম আছে। এই গ্রামের হাটে অনেক গুড় শিক্রয় হর। চাসীরা প্রত্যেক মঞ্চল ও শুক্রবারের হাটে এখানে অনেক গুড় আনমন করে এবং এখানকার কারখানার অধিকারিগণকে সেই সকল বিক্রয় করিয়া বায়। এখানকার উৎপন্ন কিয়দংশ গুড়, মাগুরা হইতে ছয় মাইল দ্রবর্ত্তী বিনোদপুর নামক স্থানে রপ্তানি হইয়া পাকে। তিনি করিয়া আছে; নেই সকল কারখানাতে এই সমন্ত গুড় চিনি হইয়া থাকে। বিনোদপুরের চিনিও নলছিটে রপ্তানি হয়। ইছায় আরও পুর্স্বর্ত্তী মহম্মদপুর নামক গ্রামেও অর পরিমাণে চিনি প্রস্তুত্ত হয়। এই চিনিও নলছিটে প্রেরিত হয়।

নড়াইল।—নড়াইল বিভাগ প্রধানতঃ অতি নিম্নভূমির উপর অবস্থিত।
থর্জ্ব আবাদের ক্রন্ত বেরূপ উচ্চ ভূমির প্রদ্যোজন, এতদক্ষলে তাহা নাই
বিশিষ্টেও অত্যক্তি হয় না। এই স্থানের সন্নিহিত লোহাগড়া নামক স্থানে
কতকগুলি চিনির কারথানা আছে বটে, লোহাগড়াতে কতকগুলি থর্জ্বর বৃদ্ধ জাম্মা থাকে, কিন্ত ভূমি নিতান্ত নিম্ন বলিয়া, সেই সকলে আদৌ রস নিঃসালি বিত হব না। আবার, লোহাগড়ার নিকটবর্ত্তী স্থান সকল হইতেও গুড় উৎপন্ন হয়। যে সকল স্থানে সাধারণতঃ উত্তমন্ত্রণে থর্জুরের চাদ হইয়া থাকে, সেই সকল স্থানে ধান্ত জ্বোনা। স্প্রত্রাং বখন লোহাগড়া অপেকারত নিম্ন ভূমি, তথন নিশ্চমুক্ট ইহাতে কিছু পরিমাণে ধান্ত জ্মিয়া থাকে। সেই ধান্ত রাশি নৌকাবোন্ধে থাজুরা ও অন্তান্ত স্থানে আসিয়া থাকে। 'আবার, সেই সকল নৌকী লোহাগড়ায় ফিরিয়া যাইবার সময় গুড় বোঝাই লইয়া যায়। এইরূপে, লোহাগড়াতে যে অন্ন পরিলাণে গুড়ের অভাব হয়, তাহা এইরূপে কাংশই পাকা এবং উহা প্রধানতঃ কলিকাতাতেই রপ্তানি হইয়াপাকে। কিন্তু উহার কিয়দংশ বাধরগঞ্জেও গিয়া থাকে।

চিনিপণ্যজীবি ব্যবসায়ী।—যে সকল ব্যক্তি প্রধানতঃ চিনির রপ্তানি কার্য্য সাধন করিয়া থাকে, ভাহাদিগের সম্বন্ধে ছুই একটী বলা একান্ত আব-শ্রুক। কার্থানার অধিকাংশ অধিকারী, রপ্তানি দিবার জন্তই, চিনি ক্রম করিয়া থাকে। চিনি রপ্তানি দিবার জন্ত, বৃহৎ বৃহৎ কার্থানার অধিকারি-গণ যে গুড় বা চিনি ক্রন্ন করে, তাহা ভাহারা স্থানীর মহাজনগণের নিকট অধিক লাভ পাইলেও, বিক্রন্ন করেনা। উহারা স্থানীর চিনি ক্রন্ন করিয়া, স্বীম্ব কার্থানাম্ব প্রস্তুত চিনির সহিত এক যোগে রপ্তানি দিয়া থাকে। এই রূপ, চিনি ক্রম করিয়া রপ্তানি দেওয়াও, একটা পৃথক্ ব্যবসারূপে পরিগণিত হয়। বিশেষতঃ কেশবপুর ত্রিমোহিনীতে আমাদিগের কুশদীপবাদী এমন অনেক তামুলী ব্যবসায়ী আছেন যে, তাঁহারা স্থানীয় চিনিই ক্রয় করেন এবং সেই চিনি কলিকাভার প্রেরণ করিয়া নিজেই লাভালাভ গ্রহণ করেন। কিস্ত এরপ ব্যবসায়ীর সংখ্যা নিভাস্ত অল্ল। চিনি ক্রমকারী ব্যক্তিগণের মধ্যে জুনেকেই কলিকাতা গদী কর্ত্তক নিয়োজিত গোমস্তা। দেশীয় বাণিজ্যের প্রথাসুসারে দেখিতে পাও্য়া যায় যে, কোন গদী অথবা কোন গদীর অংশী-, দারগণ ক্রন্ত অপর গদীর নানা স্থানের শাখা গদী বা দেংকান থাকে, এবং ভিন্ন ভিন্ন গোমন্তা দারা প্রত্যেক স্থানের কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে এবং স্কল স্থানের পণ্যই কলিকাতার বুহৎ গদীতে প্রেরিত হয়। এইরূপে প্রত্যেক "বৃহৎ মহাঙ্গনেরই ৪।৫টি মোকাম ও কলিকাতার একটী বৃহৎগদী দেখিতে পাওয়া যায়। এফলে, গোমস্তাগণের সম্বন্ধেও হুই একটা কথা বলা আবশুক। পূর্বে যাহারা গোমস্তা পদে অভিষিক্ত হইয়া, মোকামে গমন করিতেন, তাঁহা-দিগের বার্যিক বেতন ভিন চারি শত টাকার অধিক ছিল দা; কিন্তু তাঁহারা এই বেতন ব্যতীত, গদী হইতে পাচক ব্রাহ্মণ, ভূত্য ও আহারাদি পর্য্যস্ত সমস্তই প্রাপ্ত হইতেন এবং মোকামে গিয়া মহাড়ম্বরে অবস্থিতি করিতেন। তাঁহাদের অবস্থানের রীতি নীতি দেখিলেই, যেন তাঁহাদিগকে নবাঁব সিরাজ্ঞউ-দৌলার দৌহিত্র বলিয়া প্রতীতি জন্মিত। এই গোমস্তাগণকে সাধারণে

ভূত্য শশব্যস্তে তামাকু দাজিয়া দিয়া, সত্তরে পায়ধানায় জল দিয়া আদিত ;— কর্ত্তা সেই তামাক-কলিকা (ক্লয়ত, ইহার পরেও আরও হুই তিন কলিকা) উত্তম রূপে ভশ্মসাৎ কয়িতেন,—পরে পাল্পানায় যাইতেন; এদিকে ভূতা মুধ প্রকালনের দ্রব্যসন্তার সংগ্রহ করিয়া, অপর, এক ভূজারে জল লইয়া পায়-শানার পার্ঘে দণ্ডারমান থাকিত;—কর্তা পার্থানা হইতে বহির্গত হইলেই, ভূত্য কর্তার হন্তে খানিক মৃত্তিকা প্রদান করিত, এবং নিজে কর্তার হন্তে জল ঢালিয়া দিত। এইরপে, কর্তার শোচ ও মুথ প্রকালনাদি কার্যা শেষ হইলে, কর্ত্তা কিয়ৎকাল বাজারের কার্য্যাদি পর্য্যবেক্ষণ করিতেন, পরে, স্নানাহারের সময় হইত। তথ্ন কর্তা, একটা মন্দোদরী ও এক তাকিয়া লুইয়া স্বাব্যুদ্ধ সেই মন্দোদরীর উপর পতিত হইতেন; এদিকে, ভূত্যু সুরাসিত তৈল স্থানিরা কর্তার সর্বাজে মর্দন করিত। পরে, ভত্য কর্তাকে সান করাইনা বিজ ব্রাহ্মণ ঠাকুর, শাক হুপ প্রভৃতি ব্যঞ্জনাদি প্রস্তুত করিয়া কর্তার আহায়ের যোগাড় করিয়া দিত। আহারান্তে কর্তা, পুনরায় তামাক সেবন ও তাতুল চর্বণ করিতে করিতে গাঢ় নিদ্রায় অভিভূত হইতেন। গাত্রোখান করিয়া কর্তা পুনরায় হস্ত পদাদি প্রকালন করিতেন এবং পুনরায় বাজারের কর্ম্বে মনোনিবেশ করিতেন। গোমস্তা মাত্রেই এইরূপ আড়ন্বরে ছয় মাদ মোক্রিম ও ছয় মান ক্লেশ্রে অবস্থিতি করিতেন। ফলতঃ আমরা দেখিয়াছি, যাঁহারা ণোমতা পদে অভিধিক্ত হুইয়া মোকামে বাইতেন, তাঁহারা ব্রের্প লম্বেদির ও স্বস্কার হইয়া প্রত্যাগত হইতেন, বাটীতে অবস্থানকালে সেরুপ্র হইতেন নাঃ

মোকামে গোমস্তাগণের এইরপ মহাজ্যরে অবস্থান, দেশীর বাণিজ্য-নীতির অন্তত্তম কৃট-রহস্থ। কিন্তু বলিয়া রাথা আবশুক, এই গোমস্তাগণই ধনীর ভাগ্যনেমীর প্রথম পরিচালক। ইহাদিগের দক্ষতা ও বিচক্ষণতা প্রভাবেই ধনীর কারবার উন্নতির উচ্চ শিখরে আরোহণ করিত। ইহাদিগের কেইই এল এ, বিএ, এম এ, বা ইডেন্টেসিপ্ পাশ করিয়া রা বিলাক ইইতে প্রত্যাগত ইইয়া, পাশ্চাত্য শিক্ষার আদ্য প্রাদ্ধ করিয়া, গোমস্তা পদে অভিবিক্ত হইতেন না; এমন কি অনেকে নিরক্ষর ছিলেন ব্লিলেও অত্যক্তি

পণ করিয়াও ধনীর সার্ধ বাঁচাইতেন। তাহাতেই ধনীর যথেষ্ট লাভ হইত।
এবং কারবারও অতি অন্ন দিনের মধ্যে সমৃদ্ধি পূর্ণ হইত। কুশরীপের এই
তাত্দাগণ অন্ত কিছু জাত্মন বা নাই জাত্মন, "কেনার মুখেই ব্যবসা"
এই নীতি টুকুর যাথার্থ্য অতি সুন্দররূপে হৃদরত্মম করিয়া রাখিয়াছিলেন, এবং
আমরণ এই নীতির বিক্লমে কলাপি কার্য্য করেন নাই। স্কুতরাং ইহাদিগের
দক্ষতার বে ব্যবসার উন্নতি হইবে না, ইহা কে বলিতে পারে ? এতত্তির
ইহারা কলিকাতার বাজার দর প্রতি মৃহর্তেই নখদপণে রাখিয়া দিতেন;
সেই দরের সহিত স্থানীর বাজার দর ত্লনা করিয়া, বদি ধনীর স্বার্থ দেখিতে
পাইতেন, তাহা হইলে ধনীর বিনা অসুমতিতেও মাল খরিদ করিতেন ও
কলিকাতার নেই মাল রপ্তানি করিতেন। ইহাদের দক্ষতা প্রভাবে তাহাতে
অধিকাংশ স্থলেই ধনী বিপুল লাভ পাইতেন। স্কুতরাং এই ব্যবসারে ইহারাই
ধনীর দক্ষিণ ও বাম হন্ত স্বরূপ ছিলেন। এবং ইহাদের যত্ন, পরিশ্রম ও
ধেরাগ্যভার উপরে ব্যবসারের বারদীর লাভালাভ নির্ভর করিত।

চিটাগুড়।—চিনি প্রস্তুত্ত হইলে, বে নাৎ বা চিটা অবশিষ্ট থাকে, তাহা কোন্ কার্য্যে প্রয়োজন হয়, জামরা এ পর্যান্ত তাহার কোনও উল্লেখ করি দাই। ইহার কিয়দংশ তামাকের সহিত মিপ্রিত করিয়া, স্থানীয় লোকের ধ্মপানের জন্ত ব্যবহৃত হয়। অবশিষ্ট অধিকাংশ কলিকাতা, নলছিট ও দিরাজগঞ্জে প্রেরিত হইয়া থাকে। তৎপরে থে ইহার পরিগাম কি হয়, আমরা তাহা বলিতে পারি না। ইহা ছারা রম হয়া প্রস্তুত্ত করিবায় জন্ত, তাহির-শ্রুরে হই একবার চেষ্টা করা হইয়ছিল; এজন্ত তথায় একটা চিনির কুঠা ও রম হয়ার তাঁটিতে পরিণত হইয়ছিল। মেই সময়ে যে চেষ্টা করা হইয়ছিল, তাহাতে তাদৃশ ফল লাভ হয় নাই। কিন্তু একণে উহা যে কিরপে এই কার্যের উপযোগী হইয়ছে, আমরা তাহা বিশেষরূপে অবগত নহি। ফলতঃ দেশীয় হয়া প্রস্তুত্তকালে ইহা যে ভাঁটিতে নিত্য প্রয়োলন হয়, তাহাতে কোন সন্দেহ নাই। বৃহৎ বৃহৎ অট্টালিকা প্রস্তুত্তকালেও এই চিটা ব্যবহৃত হয় এবং ইহা ছারা অট্টালিকার দৃচ্তাও বিশেষরূপে সাধিত হইয়া থাকে।

চিনির ব্যবসায়ে ফলাফল।—যশোহরের কলেক্টর সাঙ্বে লিখিয়াছেন যে,

দেধাইয়াছি, তাহাতে অনায়াসেই উপলব্ধি হইবে যে, এই ব্যবসা দারা কিরূপ ধনাগমের সন্তাবনা।

থর্জুর বৃক্ষের আবাদে অতি অল মাত্র পরিশ্রমের প্রয়োজন ;—উহাতে বে আর হইরা থাকে, তাহাও আশাহরপ;—আবার ইহাতে যে পরিশ্রম ও শিক্ষ নৈপুণ্য প্রয়োজন, তাহাও বহু সংখ্যক ক্ষিজীবীর অনায়াস সাধ্য। ⁶ মাটামোটি গণনা করিয়া দেখিয়াছি যে, এক যশোহর ধললাতেই প্রায় চারি লক্ষ মণ চিনি প্রস্ত হয়; উহার মূল্য অন্যুন ২৫ বা ৩০ লক্ষ টাকা। আমারও জব বিখাস, এই গণনা ক্লাপি ভাস্তি-মূলক নছে। সাইকিকেট ট্যাক্স বৎসূরে, কারখানার অধিকারিগণের ৩,২৪,০০০ টাকা আরের উপর ট্যাক্স নির্দারিত হইরাছিল। ইহার যথ্যে আবার বাহাদিপের উপর কলিকাভার ট্যাকুস, ধার্য্য হইয়াছিল এবং বে স্কল্কারধানায় অধিকারীর পাঁচ শত টাকা আৰু ক্রি না, তাহারা এই ট্যাক্সের দার হইতে নিশ্বতি লাভ করিয়াছিল। সমস্থ ব্যবসায়ে যাবদীয় ক্ষবিজীবী ও ব্যবসায়ী যে লাভ প্ৰাপ্ত হয়। থাকেন, আমার বিখাস যে, তাহা কোন সপেই ছয় লক্ষ টাকার ন্যুন নহে। চিনির ব্যবসায়ে ব্যাপৃত ক্লষক, গৃহস্ট, এমন কি '.মুটিয়া পর্যান্ত যে স্বচ্ছন্দা ও শান্তি উপভোগ করে, তাহা একবার স্থিরচিত্তে পর্য্যালোচনা করিলে, চিনি প্রধান অঞ্চলের সংস্থান ও দাচ্ছলা অনায়াদেই উপলব্ধি হইতে পারে।" এই কথা গুলি লিপি-বদ্ধ করিয়াই, ষশোহরের কলেক্টার ওয়েগুল্যাও সাহেব তদীয় প্রস্তাবের উপ-সংহার করিয়াছেন।

ইক্ চিনি।—ইক্ হইতে রস নিজোবণ করিয়া লইয়াও চিনি প্রস্তুত হয়।
কিন্তু অধিক ব্যয়সাধ্য বলিয়া এই কার্য্য বিস্তৃতভাবে সাধন করা নিতান্ত
হুমর এবং ইহাতে যে চিনি প্রস্তুত হয়, ভাহাতেও বিশেষ সন্তোষপ্রদ লাভ
হুইবার সন্তাবনা নাই।

বস্ত্র বর্ষন, নীল্ল প্রস্তুতকরণ ও চিনি প্রস্তুতকরণ ব্যতীত, কুশদীপে আরও বহুবিধ শিল্প ও ধাণিজ্য কার্য্য দেখিতে পাওয়া ধায়। তদ্ধ স্থানীয় লোকের ব্যবহার ভিন্ন, ভদ্ধারা অন্ত কোনও উপকার সাধিত হয় না। সেই অন্ত আমরা সেই সকল কার্য্যের বিস্তৃত বিবরণ প্রদান না করিয়া শুদ্ধ উহাদিগের

কুস্তকার বা কুমার বৃত্তি—দেশীর লোকের নিতা ব্যবহারের জন্ত মৃথার পাত্র দকলের বিশেষ প্রয়োজন হয়। গুড়ও চিটা রাখিবার জন্ত অনেক ভাঁড়, কলদী ও জালারও আবশুক হয়; এই সমস্তই কুন্তকারেরা প্রস্তুত করিয়া থাকে। এতন্তির যে সমস্ত পুতল, প্রতিমা ও মৃথার খেলানা দেখিতে পার্ডরা থার, সেই সকলও কুন্তকারেরা প্রস্তুত করিয়া থাকে। কুশ্দীপের স্থানে হানে তৃই এক রের কুন্তকার বাস করে। তাহারাই উক্ত মৃথার পাত্রাদি প্রস্তুত করিয়া বাজারে বিক্রয় করে। শিহুলীরাও ইহাদিসের নিকট হইতে ভাঁড় কিনিয়া লইয়া যায়। কুশ্দীপের মধ্যে ত্রিপুল নামুক স্থানেই এই বাবসায়ের অধিক্য দেখিতে পাওয়া যায়।

পট্রা-বৃত্তি।—পট্রারা মৃত্রর পাত্র ও নানা প্রকার গঠন বছবর্ণে চিত্রিত করিয়া থাকে। পূর্বের কৃষ্ণ নগরেই এই কার্য্য অতি উত্তমরূপে সাধিত হইত। কৃষ্ণ নগরের কুন্তকার ও পট্রাগণের নিকট শিক্ষা করিয়া, কুশ্বীপের পট্রারাও এই ব্যবসায় অবলম্বন করিয়াছে। কিন্তু কুশ্বীপ বা কৃষ্ণনগরে এই ব্যবসায়ের কোনও বিস্তৃত কারখানা দেখিতে পাওয়া যায় না। কৃষ্ণনগরের কুন্তকার ও পটুয়াগণ কৃত চিত্রিত মৃত্রয় গঠন ও প্রত্তাদি লগুন ও পারিস সহরের মেলায় প্রেরিত হইয়াছিল এবং সেই সেই কার্ব্যের উৎকর্ষ সাধনের নিমিত্ত উহার নিস্মাতাগণ ফুর্বর্ণ ও রৌপ্য পদক পুরস্কার পাইয়াছিল।

কাঁনারি বৃত্তি।—কাঁনারিরা পিত্তল ও তাঁনার গঠন প্রস্তুত করে। কলিকাতা, মেহেরপুর ও নবদীপ, এই তিন স্থানে এই ব্যবসা অতি বিশ্বতভাবে অপ্রচলিত আছে। কুশ্বীপে যদিও কোন কোন কাঁসারি তৈজন দ্রব্য প্রস্তুত্ত করে সত্য, কিন্তু এখানে কাহারই এই কার্য্যের বিস্তীর্ণ কারখানা নাই। তবে এখানকার অনেকেই পিত্তলাদি তৈজন দ্রব্যের কেরী, দোকান ও বিনিমর সাধন করিয়া স্ব স্থ জীবিকা নির্মাহ করে; কাষেই শেষোক্ত কার্য্য বহুলরূপে সর্মাত্তই দেখিতে পাওয়া যায়।

উলিখিত -শিল্প ও বাণিজ্য কার্য্য ব্যতীত আরও কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প ও ব্যবসা কুশদীপে দৃষ্টিগোচর হয়। যদিও কুশদীপবাসিগণ অতি বিস্তৃত-ভাবে সেই সকল ব্যবসায়ের অনুসরণ করে না; কিন্তু অনেকেই সেই সকল কার্যা অবলম্বন করিলা, সংসাব যাতা নির্বোচ করে। ভাজভা আম্বানিয়ে · (महे मक्न कार्यात नाम निर्द्धन कित्रनाम। यथा; (১) नीनगांकनकाती কারিকর; (২) লাক্ষাজীবী : (৩) স্থতি ; (৪) করাতী; (৫) শক্ট-নির্মাণকারী মিস্ত্রী; (৬) নৌকাগঠনকারী মিস্ত্রী;(৭) টিন, শিল্পী; (৮) জহুরী; (১) ঝুড়ি, চুবড়ী নির্মাণকারী শিল্পী; (১০) মালী বা মালাকস; (১১) শাঁকারী (১২) ঝালাকর; (১৩) ছত্রনির্দ্মাণকারী কারিকর; (১৪) চিনিপ্রস্তকারী কারিকর ; (১৫) ছুতার মিস্ত্রী ; (১৬°) চিত্রকর ও পটুরা; (১৭) পালকীপ্রস্তকারী মিন্ত্রী; (১৮) কলাইকান্ধী কারিকর; (১৯) ঘটিকা প্রস্তকারী কারিকর; (২০) মাচ্রপাটী নির্দ্রাণকারী কারিকর) (২১) চাবুক প্রস্তুতকারী কারিকর ; (২২) ছকাও ছকার নলিচা প্রস্তুতকারী কারিকর; (২৩) বেতের দ্রব্য প্রস্তেক্ষারী কারিকর; (২৪) শাল্ভ বনান্ত সংস্থারক ও পরিফারক; (২৫) দর্জি; (২৬); থনি প্রস্তুতকারী কারিকী; (২৭) কম্বল প্রস্তেকারী কারিকর; (২৮) মেদব্যবসারী; (২৯) মরামি; (৩০)কুপথনক;(৩১) ্সর্বার; (৩২) কর্মকার; (৩৩) পাথাপ্রস্তত-কারী কারিকর; (৩৪) থেলনা প্রস্তুতকারী কারিকর; (৩৫) গিণ্টিকারক; (৩৬) গালিচা প্রস্তুতকারী কারিকর; (৩৭) চর্ম্মকার; (৩৮) জালপ্রস্তুত্ত-কারী কারিকর; (৩৯) রেশম পরিদারক কারিকর; (৪০) ন্যায়র।

কুশদীপের জ্বাতিবিভাগ প্রবন্ধে আমরা এই শেষোক্ত জাতির বিবরণ প্রকাশ করি নাই। ফলতঃ ইহারা মুবলমান ধর্মাবলদী। স্বর্ণারের দোকানে প্রত্যাহ যে আবর্জনা জমিয়া থাকে, ইহারা স্বর্ণারের নিকট হইতে সেই আবর্জনারাশি ক্রয় করে এবং তাহা পরিষ্ণার ও বিশোধিত করিয়া স্বর্ণ, রৌপা বাহির করে। স্বর্ণ ও রৌপা ও ইহারা বিশুদ্ধ করিয়া থাকে। ইতি-পূর্বে কুশদীপে এই জাতি জনেক ছিল। কিন্তু আজি কালি ইহানের সংখ্যা নিতান্ত অল্ল হইয়া আসিয়াছে। ইহানের অবস্থা জবন্য।

পণ্য জব্য । ক্রশনীপের পণ্য জব্যের মধ্যে, নীল, চিনি, লঙ্কা, হরিদ্রা, পাট, তিনী ও তামাক প্রধান। অল্ল পরিমাণে হউক, কি অধিক পরিমাণেই হউক, শ্যা, পিতলবামন, ও তুলার কাপড় এখান হইতে রপ্তানি হইয়া থাকে। কিন্তু ঐ সকল জ্ব্যু এত অধিক পরিমাণে বিদেশে প্রেরিত হয় না যে, সেই

একটা দ্ব্যপ্ত উল্লেখযোগ্য। এখানকার পৈতা এরপ উৎকৃষ্ট ও স্ক্র বে ক্রতী বড় এলাচের খোদার মধ্যে ১২টা প্রমাণ জিল্ডী হইতে পারে, এমন একটা পৈতা রাখিতে পারা বায়। এখানে কাপড়, পাথরিয়া কর্মনা, শালকার্চ, লবণ, ছত্র, জ্তা, চাউল, গুবাক এবং নানাবিধ মদলা ও স্থানি দেয়া আমদানি হইয়া থাকে।

প্রধান বাণিজ্য হান।—কুশহীপের মধ্যে কোন স্থপ্রসিদ্ধ বাণিজ্যস্থান দেখিতে পাওয়া যায় না। তবে, গোবরডাঙ্গা অপেকাকৃত প্রধান ও বিখ্যাত এবং চাছড়িরা, বাছড়িয়া, গোপালনগর ও কলিকাভার সহিত ইহার বিশেষ সংঘর্ষ দেখিতে পাওয়া যায়। ঐ সকল স্থান হইতে অনেক বাণিজ্য দ্রব্যও এখানে আদিয়া বিক্রীত হয়-। আজি কালি রেলপথের স্থবিধা হওয়াতে, ক্লিকাতাই ইহার আমদানি ও রপ্তানির কেন্দ্রভূমি হইরাছে। জবে, নানাবিধ ভূষিদ্রব্য, ও লক্ষা হরিদ্রা প্রভৃতি করেকটা পণ্য পূর্বোক্ত স্থান স্কল হইতে আসিয়া থাকে এবং যাবদীয় থর্জুর গুড় চাঁছড়িয়ার হাট হইতে ক্রীত হয়। ফলত: সমস্ত আমদানি ও রপ্তানি কার্য্য চিরপ্রবাহ্মান হাট বারাই নির্বাহিত ছ্ট্য়া থাকে। মেলা মহোৎসব সকলও সময়ে সময়ে এই ক্লপ ৰাণিজ্যকাৰ্য্যের বিশেষ সহায় হইয়া থাকে। এবং আমরা ইতিপূর্বে যে সমস্ত মেলা মহোৎসবের কথা বর্লিয়া আসিয়াছি, সেই সকলে বেমন কিয়ৎ পরিমাণে ধর্মের ভাব দেখিতে পাওয়া যায়, তেমনই ইহাতে বাণিজ্য কার্য্যের প্রকৃতিও বহুল পরিমাণে লক্ষিত হয়। নীল চিনি ব্যতীত আর আর যাবদীয় সামগ্রী দেশীয় সমগ্র ≕অভাব পরিপূরণ করিয়া উদ্বর্ড হয় না; স্তরাং সেই সকল দ্রব্য বিদেশে প্রের্থিতব্য পণ্যরূপেও পরিগণিত হয় না।

মূলধন ও হান।—বাণিজ্য, শিল্প, তেজারতীকার্য্য, ও ভূমি ক্রমের জন্ত প্রেচ্ন অর্থের প্রয়োজন হয়। এতদঞ্চলের সচরাচর হাদের হার নিমে শিধিত হইতেছে। সামান্ত মান বাগারে, যথন অধমর্ণ কোন বর্জ বা তৈজ সাদি বন্ধক রাথিয়া কুড়ি, টাকা পর্যান্ত ঋণ করে, তথন প্রতি টাকায় মাসিক এক আনার হিসাবে বা শতকরা ৬। হিসাবে স্ক্রেদ দিয়া থাকে। কিন্ত হার্ বা রোপ্যালকার রাথিয়া টাকা কর্জ্জ লইলে, চবিবশ টাকা পর্যান্ত সচরাচর একপ্রসা বা শত করা, ১৮/০ হিসাবে স্কন্ধ লাগিয়া থাকে। কিন্ত স্বর্ণ

বা রৌপ্যালয়্বার রাবিয়া, শৃতকরা হিসাবে ঋণ গ্রহণ করিলে পঁচিশ টাকা হইতে এক শত টাকা পর্যান্ত শতকরা এক টাকার হিসাবে স্থান লাগিয়া থাকে। কিন্তু বৃহৎ বৃহৎ ঋণ ব্যাপারে, অথবা যখন কোন মন্ত্রান্ত বাবসায়ী টাকা কর্জ্জ করেন, তথন শতকরা আট আনা হইতে এক টাকা পর্যান্ত স্থান দিয়া থাকেন। কোন কোন স্থলে জমি বা পাকা বাটী রাধিয়া, ঋণ গ্রহণ করিবার সমযে শতকরা ১২ টাকা হইতে কুড়ি টাকী পর্যান্ত স্থান হুইয়া থাকে।

তেজারতী কার্যা। তেজারতী কার্য্যে ক্লবকেরা যখন উত্তমর্ণের নিকট হইতে ঋণ গ্রহণ করে, তখন সচরাচর টাকায় ত্ই পয়সা অথবা শতকরা বার্ষিক ৩৭॥০ সাড়ে সাইত্রিশ টাকার হিসাবে স্থদ দিরা থাকে। কিন্ত ঈদৃশ ভ্ৰে মৃশধন কুড়ি টাকার অধিক হইলে, শতকরা বার্ষিক চক্ষিশ টাকার হিসাবে মুদ ধার্য্য হইয়া থাকে। ভেজারতী ব্যাপারে যথন ক্রমকেরা ফসলের ৰদ্যোবস্ত করিরা, ধান্তাদি, শস্ত ঋণ গ্রহণ - করে, তথন ভাহারা মুলধন বা মূল-শন্তের দেড় বা সুওয়া গুণ হিসাবে হৃদ দিয়া থাকে। এই হৃদকে বাড়ি বা বৃদ্ধি কহে এবং এইরূপ উত্তমর্গকে মহাজন, অধ্মর্গকে থাতক ও এই রূপ স্থাত্থ ব্যবসাকে তেজারতী কারবার কহে। কুশ্রীপের অনেক সম্রাস্ত ব্রাহ্মণ ও•সংশ্রে এইরুপ তেজারতী কার্বার করিয়া, বিপুল বিভব-শালী হইয়াছেন। অদ্ধশতাকীর কিছু পূর্বের, ইহাই সাধারণের আহা-রাচ্ছাদনের এক প্রকার উপায় ছিল। মহাজনেরা টাকা ও শস্ত উভয়ই কর্জ দিয়া থাকেন। নিজ গ্রামেই হউক অথবা পর গ্রামেই হউক, প্রধান প্রধান মহাজন দিপের এক একটী গোলাবাড়ী থাকে। তাঁহারা সেই স্থানে অবস্থিতি করিয়াই, তেজারতী কর্ম সমাধা করিয়া থাকেন। আমাদিগের কুশনীপের পূর্বতন তামুশীপ্রণের প্রধানতঃ ইহাই উপজীবিকা ছিল। খাঁটুরা গোবরডাঙ্গা হইতে বহুদূরবভী পল্লীগ্রাম সকলে তাঁহাদিগের পৃথক পৃথক গোলাবাড়ী ছিল। উহাদিগের মধ্যে কেহ কেই এই তেজীরতী কারবার উপলক্ষে, কোঁন কোন স্থানে এক একটা ন্তন গ্রামণ্ড পত্তন করিয়া গ্রিয়া-ছেন। তাঁহাদের নামানুসারে সেই সেই গ্রামের নামকরণ হইয়াছে। কাহিনীর ক্রম ব্স্তারে পাঠকগণ তাহা জানিতে পারিবেন।

পীড়াদি।—কুশদীপের প্রবহমান সাধারণ পীড়া, নবজর, পালাজর, বসস্ত.
উদরাময়, রক্তামাশর, প্লীহা-যক্ত বিবর্জন ও বিস্তৃচিকা ইত্যাদি। সাস্থ্যের
উৎকর্য বিধানার্থ পতিত জললাদির কর্ত্তন, কৃষি কার্য্যের উন্নতি সাধন, ও
বিল থাল প্রভৃতির সংস্করণ পূর্বক জল নিকাশের উপারাবধারণ প্রভৃতি
কোন প্রকার স্বাস্থ্যজনক কার্য্যের অনুষ্ঠান, এতদঞ্চলে আপাততঃ সংঘটিত
হল্প নাই বলিয়া প্রতীতি জল্মে। এথানে বিস্তৃতিকা রোগ প্রায়ই দেখিতে
পাওয়া যায় এবং প্রবাদ আছে, প্রায় ৭০ বৎসর পূর্বের, এই রোগ মহামারীর
আকার ধারণ করিয়া, প্রথমে এতদঞ্চলে প্রায়ভূত হল্প। এই রোগ কুশদীপের সন্নিহিত যশোহর জেলার ১৮১৭ প্রীষ্টান্দে প্রথম দৃষ্টিগোচর হল্প এবং
উহা ১৮৪২ প্রীষ্টান্দে নদীয়া জেলার গমন করে।

পরে, ১৮৪৫ খ্রীষ্টাব্দে এক প্রকার সংক্রামক জররোগ মহামারীর আকার ধারণ করিয়া এই স্থানে উপস্থিত হয়। কিছু দিন পূর্বের, হগলী ও বর্জমান জেলা বে ভাষণ মহামারীতে প্রাভিত্ত ইয়। কিছু দিন পূর্বের, হগলী ও বর্জমান মহামারী বিলয়া বোধ হয়। এই ভাষণ মহামারী এক সময়ে এতদক্ষণে বে অন্মবিদারক মহাত্রাস উৎপাদন করিয়াছিল, তাহাতে আজিও ইহার নাম ভনিলে, সকলেরই প্রাণ চমকিয়া উঠে। এই ভাষণ ব্যাধি কোণা হইতে উত্ত হইয়াছিল, কিরূপেই বা সমগ্র মধাবঙ্গ এককালে আলোড়ন ও বিদলন করিয়াছিল, তাহা জানিবার জন্ত অনেকেরই কোতৃহল হয়। সেইজন্ত, আমরা এই ব্যাধির প্রসার নিয়ে পূর্ণাবয়বে প্রদান করিলাম। এই ব্যাধির শ্রথম আবির্ভাব—

১৮২৪ কি ২৫ খৃষ্টাব্দে, যশোহরের অন্তর্গত মহম্মদপুর্গ্রাম ; পরে দালগা নলডাঙ্গা ও চাসড়া ;—কিছু দিন পরে ভৈরব নদের কুলবর্তী কশবা প্রভৃতি।

১৮৩৫ কি ৩৬ খৃষ্টাকে গদঘাট গ্রাম; পরে, নিজ যশোহর,

১৮৩২ কি ৩৩ খৃষ্টাব্দে নদীয়া জেলার গদখালি প্রভৃতি হান ;

১৮৩৫ কিণতভ খৃষ্টাব্দে শুয়াতেলি, কাদ্বিলা, স্থপপুথুরিয়া ;

১৮৪० युष्टारक श्रूनत्राय गम्थानि ;

১৮৪৪ কি ৪৫ খৃষ্টাব্দে শ্রীনগর ও তৎসন্নিহিত গোপালনগর বাহুরামপুর, দীবঁড়া, চৌবাড়িয়া, শিমুলিয়া ও গাঙ্গদারি:

কুশদ্বীপকাহিনী।

১৮৫৬ কি ৫১—গোরপোতা, দেবগ্রাম, মাঝেরকালী ও মুড়াগাছা; ১৮৫৬ —উলা বা বীরনগর;

১৮৫৭—রাণাঘাটের নিকটবর্ত্তী আহুলিয়া, কায়েওপাড়া, জগপুর ও চাকদহ;

১৮৫৯—কাচড়াপাড়া, তৎপরে হুগলীর দক্ষিণ পূর্বাংশ ও বারাশত জেলা;
১৮৫৭ হইতে ৬০। উলা হইতে বারাশত, বাদফুলা, থামার শিম্শিয়া
প্রভৃতি;

১৮৫৯--৬০-- ফুলে, বেলগড়িয়া ও মালিপোডা দিয়া শান্তিপুর;

১৮৬০—শান্তিপুরের উত্তর গোবিন্দপুর, দিগনগর ও তরিকটবর্ত্তী **অনেক** গ্রাম;

১৮৬৪—কুফানপর।

এই বিষম ব্যাধি ১৮৪৫ খৃষ্টাব্দে কুশন্বীপে উপনীত হুইয়া, ইহায় প্ৰান ভিন চতুর্থাংশ লোককে এককালে কাল কবলে নিকেপ করে। সেই অবধি কুশদীপের পূর্বাগোরব চির দিনের মত অন্তমিত হইয়াছে। নতুবা ইতিপূর্বে এখানকার জল বায়ু এরূপ উৎকৃষ্ট ও সাস্থ্যকর ছিল যে, লোকে দূরদেশে পীড়িত হইরা এথানে আসিয়া কিয়দ্দিন অবস্থিতি করিবামীত আরোগ্য ও স্থা হু হইয়া যাইতেন। আজ কালিও ফান্তন হুইতে আধাঢ় পর্যান্ত কয়েক মাস এহান মেরূপ স্বাহ্যকর থাকে, অনেক স্থান সেরূপ দেখিতে পাওয়া যায় না। কিন্তু আযাঢ় হইতে মাঘ পর্যান্ত ক্ষেক মান ইহা অতীব অস্বাস্থ্যকর হইয়া উঠে। এই সমধ্যে যদিও মারীভয় ভাদু ष्मिथिक रुप्त मा, उथाभि (भोनः भूनिक जात्र जिथितानित्रत्व अश्वितर्भ कर्जन्ती ज्ञ হয় এবং সাধারণ লোকবৃন্দ অন্থিসার ও কঞ্চালমাত্রাবশিষ্ট হইয়া, কায়ক্লেশে দিনপাত করিতে থাকে। ফলতঃ এই ব্যাধির আক্রমণের পূর্কে, ধে কুশদ্বীপ বিভাক জ্যোভিতে ও বাণিজ্যের কমনীয় সৌন্দর্যো এক দিন দকলেরই শ্রদ্ধী ও ষড়ের সামগ্রী হইয়াছিল, সেই কুশদীপ আজি এককালে হীনাভ হইষা গিয়াছে। ইচ্ছাপুরের জমীদার বংশ পূর্ব হইতে হীনাবস্থ হইয়া আসিলেও, এককালে ধ্বংসের শেষাত্ব অভিনয় করেন নাই; কিন্ত

হইরা, নামমাত্রে পর্যাবসিত হইরা আসিরাছেন। এই সমরে ইহাদিগের দৌহিত্র বংশধরগণ সোবরভালাতে প্রতিষ্ঠিত হইরা, ভাগালক্ষার পূর্ণাশীর্বাদ কিরৎ পরিমাণে উপভোগ করিতেছিলেন বটে; কিন্তু যে বিমল পূর্ণ শশধর সেই সমরে ছর্জ্জর রাহুমুখে উপপ্লুত হইতে বসিয়াছিল, কিছুতেই তাহা আর নিম্নুডিলাভ করিতে পারিল না;—বোর ঘনঘটাছেন ক্প্রানিত কুশ্দীপ-গগন-পটে বে কাল মেঘের উদ্দর হইরাছিল, কিছুতেই তাহাও আর অপনারিত হইল না। স্ক্রোং বলিতে গেলে, সেই হুরস্ত প্রচণ্ডব্যাধিই কুশ্দীপের ভীবণ ক্ষম্কে সদৃশ হইরা, কুশ্দীপকে এককালে নই ও প্রীত্রন্ত করিরাছে এবং তৎসঙ্গে সঙ্গে ইহার অধিবানিগণের স্থাস্ক্রন্তা হরণ করিরা, ইহাকে মহাশাশানের চিরাদর্শ করিরা তুলিরাছে।

পশুবাধি।—এথানে গোমহিষাদি জন্তর "এঁদে" নামক এক প্রকার পীড়া হইরা থাকে। এই পীড়া হইলে, গরুর ক্রম্নে ভীষণ করে। কিন্তু ইহাজে কোন কথন সংক্রামক পীড়ার জাকারও ধারণ করে। কিন্তু ইহাজে কোন সাংঘাতিক জনিষ্ট হয় না। পাজীদলের পশ্চিমা নামক এক প্রকার মহামারী হয়। এভত্তির, বসস্তরোগেও জনেক পরু নষ্ট হইরা থাকে। এই রোশ্ব জন্তান্ত ভ্রানক এবং ইহাজে গোরালের সমস্ত গরুই এক কালে নষ্ট হইর্মী ঘায়। বন্যার পরে জল সরিয়া গেলে, নিম্ভূমিতে এক প্রকার বিষাক্ত নবভূগ জন্মিয়া থাকে। সেই ঘাস গরুর পক্ষে জত্যন্ত ভ্রানক। উহা ভক্ষণ করিলে, গরুর গলদেশ ক্ষীত হয় এবং গরু ২৪ ঘণ্টার মধ্যে দিশ্যম মরিয়া যায়। বন্যার পরে গাভীদলে যে মহামারী হয়, ইহাই তাহার মৃশ কারণ। মেষের উদরাময় রোগ সচরাচর সংঘটিত হয়। এই রোগ উহাদিগের পক্ষে অভ্যন্ত সাংঘাতিক ও অনিষ্টকর।

চিকিৎসা ব্যবস্থা ।—ইতিপূর্বের, কুশদীপে এলোপ্যাথিক বাং হোমিও-প্যাথিক মতের চিকিৎসা প্রচলিত ছিল না। তৎকালে নিদান, চরক, শুক্রত, বাগ্ডট প্রস্তৃতি স্থপ্রসিদ্ধ চিকিৎসাগ্রন্থে ব্যুৎপর অনেক চিকিৎসক বর্ত্তমান ছিলেন। তাঁহারা যে সমস্ত ব্যবস্থা প্রদান করিতেন, তদকুসারেই সকলে চিকিৎসিত হইতেন। তাঁহারা প্রথমে নানাবিধ পাঁচনাদি সেবন করাইরা

দিন কাল রোগীকে অতি লবু আহার প্রদান করিয়া, এমন কি এককালে উপবাসী রাধিয়া, তাঁহারা মুহজে রোগীকে আরাম করিবার প্রশাস পাই-তেন। তাহাতে রোগ আরোগ্য না হইলে, কঠিন ঔষধির ব্যবস্থা করি-তেন। ইহাতে রোগী ধেরূপ স্থুত্ব হউত তেমন আর কিছুতেই দেখিছে পাওয়া যায় না। এমন কি, আমরা দেখিয়াছি, কোনও কোনও রোগী এইরূপে আরাম হইয়া ১৫।২০ বৎসর পর্যান্ত নীরেশা থাকিত। এক মৃহর্তের জন্ত তাহাদের শিরংপীড়া বা উদর ফীতিও হইত না। পয়ে, সংক্রামক জররোগ ঘেষন প্রবল হইয়া উঠিল, অমনই ডাক্রারী চিকিৎ-সাও সেই সঙ্গে প্রবেশ লাভ করিল। বৎকালে কুশ্রীপে কবিরাজী চিকিৎসা বহলরূপে প্রচলিত ছিল, তৎকালে এই কবিরাজ্বপণ আয় চিকিৎনা করিতেন না। উহা ক্রোয়কার ও মালগণ বারা সম্পর্ম হইত। শেঘাকে ব্যক্তিগণ বদিও ডাক্রারগণের ন্তার শারীম্ববিদ্যার ডাদৃশ পরিপক ছিলেন না। কিছু অন্তচিকিৎসার বিলকণ পারদ্শী ছিলেন এবং যাবদীর অন্তকার্য্য ইহারাই সম্পন্ন করিতেন।

আজি কালি কুঁশনীপে অনেক বিষয়েরই পরিবর্তন হইয়াছে। আহারে বিহারে, শয়নে, ভ্রমণে যে দিকে দৃষ্টিপাত করা বার, সেই দিকেই পরি-বর্তনের প্রিয়ম্রোত ভির আর কিছুই দৃষ্টিগোচর হর না। কিছু সঁর্বাশেকা সাধারণচিকিৎসা ও শিক্ষা এই হই বিষয়ের পরিবর্তনই সমধিক গক্ষণীয়। বস্তুতঃ কণকাল স্থির চিত্তে বিবেচনা করিলে, স্পষ্টই বোধ হর বেন সমাজ এই ছই বিষয়ে ভিন্ন মৃত্তি ধারণ করিয়াছে অথবা এক বিভিন্ন চমরে সম্পূর্ণ তাই হইয়াছে। বেশ বিস্তাস, আহার, বিহার, প্রভৃতি অপরাপর বিষয়ের পরিবর্তন আংশিক বলিয়া বোধ হয়, কিছু চিকিৎসা ও শিক্ষা সম্বন্ধের পরিবর্তন পূর্ণ তাবেই লক্ষিত হইয়া থাকে। কারণ অমুসন্ধান করিলে বে ইহার প্রকৃত করেব প্রাপ্ত হওয়া বায় না, এমন নহে; ইহার বিশিষ্ট কারণই বিদার্মীন রহিয়াছে। ক্রণমাত্র অমুধাবন করিলে, ভাহা সকলের চক্ষেই হেমাকরে প্রকৃতি হইতে পারে।

শাধাপত্ৰহীন বটবৃক্ষ কতক্ষণ পথিককে স্থশীতল ছায়া প্ৰাণান করে ?---প্ৰাণহীন দেহ কোথা স্বলভাব ধারণ করিয়া থাকে ?--- দেবগর্ম কিন্তু

পারিজাত গন্ধবিধীন হইয়াই কি সামান্ত মাদার পুষ্পে পরিগণিত হয় নাই ?— কুশদ্বীপত্ত সেইরূশ শিক্ষিতচিকিৎসক ও সদাচার সম্পন্ন অধ্যাপকমণ্ডলী বিহীন হইয়াই, এই বিরাট পরিবর্তনের বশবর্তী হইয়াছে। ১৮৪৮ খুষ্টাব্দে যথন মহামারী জীনগর, উলা, রাণাঘাট, চাকদহ, কাচড়াপাড়া প্রভৃতি উদর্দাৎ করিয়া, এডদঞ্লে প্রবেশলাভ করে, তথন যেমন একে এখানকার জলবায়ু পনিভাস্ত অস্বাস্থ্যকর হইয়া আইদে, ভেমনই, রামপ্রাণ, রামগতি, কালীকিম্বর, রামরতন, বিখন্তর, ভগবান প্রভৃতি সর্বা শাস্ত বিশারদ প্রধান প্রধান দিগ্গজ চিকিৎসক্ষণ্ডলী কুশ্বীপ গগন্পট হইতে এককালে অন্তর্হিত হইয়া যান। অধ্যাপক মণ্ডলী ও টোলের অবস্থাও তৎকালে প্রায় তদমুরূপ হইয়া উঠে। বেধানে চক্রশেশর, রামধন, রাম-কুমার, ভগবান প্রভৃতি মহামহোপাধ্যার স্থীমণ্ডলী প্রচণ্ডভান্ধরের স্থায় মহাপ্রতাপে স্ব স্ব টোলচতুম্পাঠীতে বণিয়া, কর্ণাট, দ্রাবিড় প্রভৃতি দেশ হইতে স্মাগত ছাত্রবৃদ্ধের অধ্যাপনাকার্য্য স্মাধা করিতেন, দেইথানে এখন এক জন দশকর্মবিদ্ ব্রাক্ষণের অন্তিত্ব পর্যান্তও লোপ হইয়াছে। স্থ্তরাং এই মহাসঙ্গটে যে এই মহাপ্রলয় নির্কিয়ে সমুপস্থিত হঁইবে না, ভাহা কে বুলিতে পারে ? ফলতঃ শিক্ষা পরিবর্ত্তন আমাদিগের আপাততঃ আলোচ্য নহে। বিষ্ট অক্ত আমরা উক্ত প্রসঙ্গ ত্যাগ করিয়া, সাধারণ চিকিৎসা প্রণালী পরিবর্তনের বিবরণ বর্ণন করিতেছি।

১৮৪৮ খৃষ্টান্দে, এক দিকে বেমন মহামারীর প্রচণ্ড প্রকোপ-প্রতিদিন কুশরীপের প্রত্যেক গ্রামে ছই দশ জন করিয়া লোক ইহ্যাত্রা সম্বরণ করিতেছে—অন্ত দিকে, তেমনই চণ্ডী কবিরাজ, হর বৈরাগী, বাহাছর মাল প্রভৃতি লোকের ভাষ অশিক্ষিত ইতর লোকের হস্তে কুশরীপবাসী জনগণের প্রিয় প্রাণ ন্যন্ত। এরূপ সম্বট সময়ে, ধন ও সমৃদ্ধিপূর্ণ কুশরীপে অতি অরমাত্র ছিদ্র অবলম্বন করিয়াই, যে কোনও আপ্রতমনোরম অভিনব চিকিৎসাঞ্জালীর লব্ধপ্রসর হওয়া নিতান্ত অসম্ভব নহে। কুশরীপের অদৃষ্টচক্রে বাস্তবিক তাহাই সংঘটিত হইল। ঘটনাস্থ্র অবলবন করিয়া, এলোপ্যাথিক চিকিৎসাপ্রণালী এই সময়ে পরমান্থীয় ভাবে আমাদিপের

কুশদীপকাহিনী।

প্রণালীর পরিবর্ত্তে উাহাকেই সাদরে আহ্বান করিল এবং সেই অবধি এলোপ্যাথিক চিকিৎসা প্রণালী কুশদীপ বাদীর জীবন মরণের একমাত্র নিরামক হইয়া রহিল। যে ঘটনাস্ত্র অবলম্বন করিয়া, এই মহা পরিবর্ত্তন সংঘটিত হয়, নিতাস্ত আবশুক বোধে, আমরা তাহা নিমে বর্ণন করিতেছি।

১৮৪৮ খৃষ্টাজের কিছু পূর্বে, কথকশিরোমণি রামধন তর্কবাগীশ মহা-শরের কনিষ্ঠাত্মজ মহামহোপাধ্যার পণ্ডিত স্বর্গীয় শ্রীশচক্র বিদ্যারত মহাশর, খাঁটুরার স্বর্গীয় ভগবান্চক্র বিদ্যাল্ভার মহাশরের টোলে ব্যাক্রণ ও সাহিত্য পাঠ সমাপন করিয়া, কলিকাতান্থ গবর্ণমেণ্ট সংস্কৃত বিদ্যালয়ে প্রবিষ্ট হন এবং তথায় কিয়দিবস পাঠানস্তর প্রয়োজনীয় যাবদীয় শান্ত অধ্যয়ন করিয়া তথাকার পাঠাগারের সাহিত্যাধীপক পদে প্রতিষ্ঠিত হন। এই সমরে প্রাতঃমরণীয় জগদ্বিখ্যাত ঈশ্বরচন্দ্র বিদ্যাদগের মহাশর উক্ত প্রিদ্যালয়ের অধ্যক্ষ পদে সমাসীন হিলেন এবং বাবদীয়ু শিক্ষা বিভাগের উপর তাঁহার অথওনীয় প্রতুত্ব ছিল। এই সময়ে উক্ত মহাত্মারে ষত্নে মেডিকেল কলেজে প্রথম বাঙ্গালা শ্রেণী স্থাপিত ইইরা, নেটিভ ডাক্তারের পদ স্প্ত হয়। আজি কালি পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারিলে, বেমন কেহ মেডিকেল কলেজের বাঙ্গাণা শ্রেণীতে ভর্ত্তি হইতে পায় না, তথন এরূপ নিয়ম ছিল না। যোগাযোগ করিতে পারিলে, যেমন তেমন বাঙ্গালা শিথিয়াই, সকলে এই শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিত। তদমুদারে, শ্রীশচক্র, বিদ্যাদাগর মহাশন্নের সাহায্যে আপনার করেকটী আত্মীয়কে এই শ্রেণীতে প্রবেশ — করাইয়া দেন এবং স্বীয় জনককে বলিয়া, শিমুলিয়ার নিজ ভবনে উহাদিগের আহার ও থাকিবার বনোবস্ত করেন। এই সুযোগে, মানদীয় স্বাীয় গন্ধাধর বন্দ্যোপাধার, জন্ত্রগোপাল বন্দ্যোপাধ্যায় ও গোপালচন্দ্র চক্রবর্ত্তী, মৈডিকেল কলেজের বাঙ্গালা শ্রেণীতে প্রথম প্রবিষ্ট হন। ঈশ্ব-বেচ্ছায় ইহারা সকলেই শিক্ষিত ও উত্তীর্ণ হইয়া, স্থানে স্থানে গ্রব্নেটের কর্মে নিয়োজিত হইলে, মাননীয় বীরেশ্বর বন্যোপাধ্যায় ও পূর্ণচক্র বন্যো-পাধ্যায় মহাশয়দ্বও পুনরায় এই শ্রেণীতে প্রবিষ্ট হন। কিয়দিবস এই শ্রেণীতে পাঠ করিয়া, ইংরাজী চিকিৎসাশালে ক্রিয়ৎ পরিমাণ ব্যুৎপতি লাভ

করিয়া, বীরেশ্বর বাব্ সদেশে প্রত্যাগমন করেন; কিছু দিন পরে, স্বর্গীয় পূর্ণচন্দ্র সেই পথের পথিক হন।

এই সময়ে কুশ্দীপে মহামারীর প্রবল প্রাহ্রভাব ;—প্রতি গৃহে প্রতি
নিন হই চারিটী করিয়া লোক কালকবলে নিপতিত হইতেছে;—সকলের
দাহজিরা সম্পন্ন হওয়া হজর হইয়া উঠিয়াছে;—অনেকেই সৎকার করিতে
না পারিয়া, য়মুনার পুলিনে অথবা গৈপুরের থালথারে শব ফেলিয়া
দিয়া আসিতেছে;—য়মুনার জলও অব্যবহার্য হইয়া দাঁড়াইয়াছে;—শবের
কেশ ও মেদ অনবরত মমুনার জলে ভাসিতেছে;—ছই চারিটি শবও ভাসিয়া
ঘাইতেছে;—শাশানের পার্য দিয়া, য়মুনার জল থাইতে বা সান করিতে
যায়, কাহার সাধ্য ?—য়মুনার দিকে দৃষ্টিপাত করিলেও, ভয় ও য়ণায় আদয়
য়্রপৎ আকুল হইয়া উঠে;—মহাভয়ে প্রণ সিহরিত হয় !—,সকলেই ভীত
ও সম্রান্ত;—চারি দিকেই হাহাকার রব; সকলের অনয়ই মহাশোকে
আছেয়;—কেহ কাহারও কথা জিজ্ঞানা করে, এমন লোকও দেখিতে
পাওয়া যায় না;—বৈকালে বেলা ছই চারি দণ্ড থাকিতে বাটার বাহিয়
হইতেও, কাহার সাহস হয় না। আজি সন্ধ্যার সমন্ধ বাহাকে দেখিতেছে,
প্রত্যাবে উঠিয়া আর ভাহাকে দেখিতে পাওয়া বাইতেছে না। ইস্ক চক্ষ
বায়ু বর্মণ সদুশ দিক্পালগণও চিরদিনের জন্ত ধরাপ্র্য আশ্রম করিয়াছেন।

এই মহাসম্ভটের সময়ে, বীরেশর বাবু মেডিকেল-কলেজ ত্যাগ করিয়া,
পীড়িতের পিতা, ব্যথিতের মাতা, আর্ত্তের স্থী, অসহামের পরিচারক, ও
নিরাশ্রমের আশ্রম স্বরূপ হইয়া, কুশদীপে উপস্থিত হন এবং খাঁটুরা নিবানী
স্থাীয় ভ্বনমোহন দানিয়াড়ি মহাশয়ের সহিত মিলিত হইয়া, উক্ত দানিয়াড়ি মহাশয়ের চণ্ডীমণ্ডপে এক ডিস্পেন্সরি স্থাপন করেন ও স্থানীয়
চিকিৎসায় প্রবর্ত্তক হন। এই সময়ে কি ইতর কি তদ্র যে তাঁহাকে আহ্বান
করিল, বীরেশ্বর বাবু অম্লান বদনে তাহার বাটীতেই উপস্থিত হইলেন—
সাধ্যাক্রসারে, যে যাহা দিয়া সম্বন্ত হইল, বিনা বাক্যবারে বীরেশ্বর বাবু
তাহাই গ্রহণ করিতে লাগিলেন; এমন কি অনেকে শুদ্ধ ঔষধের মূল্যের
কিয়দংশ মাত্র প্রদান করিল, বীরেশ্বর প্রমাহলাদে তাহাই গ্রহণ করিলেন
বিরং মকলকেই অতি মত মহকারে চিকিৎসা করিয়া নিবোগ করিবার চেটা

পাইলেন। বলিতে কি, এই সমধে বীরেখর বাবুর ভারে সরল, অমায়িক, দেশামুরাগী ও অর্থলোভহীক লোকের হঙ্তে চিকিৎসার ভার না পড়িলে, কুশদীপের অদৃষ্টে যে কি ঘটত, ভাহ। বলিতে পারা যায় নঃ। এই সময়ে অনেকেই মৃত্যুগ্রাদে পতিত হইয়াছিল বটে, কিন্তু বারেশ্ব বাব্ব অবির্ভ ষত্র চেষ্টা ও শুশ্রায় কেহ কেহ মুক্তিলাভ করিল। অবশ্র বারু ডাক্তারী চিকিৎসার পার্দীমা দর্শন করিয়া, চিকিৎসা কার্য্য আরম্ভ করেন নাই, কিন্তু তিনি একে যেরূপ অসাধারণ চিকিৎসাশাস্ত্র বিশারদ মহামহো-পাধ্যায় চিকিৎসকের আত্মজ, তাহার উপর কৌলিক চিকিৎসাপ্রতিভা এতাদৃশ অর বয়সেই তাঁহাতে যেরূপ পূর্ণভাবে ফুরিত হইয়াছিল, তাহাতে তিনি যে অতি স্থানিকতার সহিত চিকিৎসাকার্য্য সম্পন্ন করিখেন, ইহা বিদ্দু মাত্রও আশ্চ-র্ব্যের বিষয় নহে। বস্ততঃ তাঁহার এই অসাধারণ গুণে মুগ্ধ হইয়াই, স্বদেশ-বৎসল, দর্কপূজ্য, প্রাতঃস্বরণীয় স্বর্গীয় জ্বীদার দারদাপ্রদায় মৃথোপাধ্যায় মহা-শর তাঁহাকে তদীয় সদর ও অতঃপুরের একমাত্র গৃহচিকিৎসক পদে অভিযিক্ত করেন, তদবধি আজি পর্য্যন্তও উক্ত জ্মীদার ভবনের যাবদীয় চিকিৎসা কার্য্য ইহার পরামশান্ত্রগারে নির্বাহিত হইতেছে। ইনি প্রাগ্তক স্বর্গীয় জ্মীদারু মহাশ্রের সভাদদ ও প্রিয়ণাত ছিলেন, এমন নহে; তিনি ইহাকে এতদ্র ভাল বাসিতেন যে ইহাকে প্রিয় বয়দ্যের স্থায় জ্ঞান করিতেন এবং যথন কোনও দ্রদেশে গমন করিতেন, তথনই ইহাকে দকে লইয়া বাইতেন।

বীরেশ্বর বাব্র কুশন্বীপে আগমনের কিছু পরেই, পূর্বাবৃত্ত কলেন্ধ ভ্যাগ করিয়া থাঁটুরা প্রভ্যাগত হন এবং স্থাঁর জয়গোপাল বন্দ্যোপাধার মহাশরের অর্থামুকুলা ও পরামর্শানুসারে স্থগাঁর ধরণীধর কথক চূড়ামণি মহাশরের এক বহিঃপ্রকোঠে ডিদ্পেন্দরি স্থাপন করেন এবং বীরেশ্বর বাব্র অনুস্ত গথের পথিক হন। পূর্ণ বাবৃত্ত সদয় ও সরল বাবহারে সকলকে বিমোহিত করিতে লাগিলেন বটে, কিন্তু তিনি কোন রূপেই বীরেশ্বর বাব্র সমক্ষতা লাভ করিতে পারিলেন না। অতি অল্ল কালের মধ্যেই বীরেশ্বর বাবু থাঁটুরা, গোবরডাঙ্গা, ইচ্ছাপুর, গৈপুর, বালিনী, মাটিকোমরা প্রভৃতি ভক্ত সমাজ মধ্যে সুর্কোস্কা হইন্থা পড়িলেন, কিন্তু পুন্ববার এক্মাত্র খাঁটুরা

এই সময়ে প্রসন্ন চক্ত সেন নামক জনৈক বন্ধদেশীর বৈদ্য গোবরভাঙ্গার অবস্থিতি করিয়া আয়ুর্কোদীয় মতে চিকিৎসা ব্যবসায় আরম্ভ করিয়া ছিলেন। কিন্তু ইনি জতান্ত মদ্যপায়ী ছিলেন বলিয়া বিশেষ ফললাভ করিতে পারেন নাই। কাথেই, বীরেশ্বর বাবু চিকিৎসার গুণে অচিরেই লব্ধপ্রতিষ্ঠ ইইপেন ও এলোপ্যাথিক মতের চিকিৎসা প্রধালী এতদক্ষণে এককালে বন্ধমূল করিলেন।

বাঁরেশ্বর বাবু স্থনামখ্যাত পুরুষ। কিন্তু ইহার কৌলিক পরিচয়ও নিতান্ত সামাত নহে। খাঁটুরার যে আক্ষণকুলভিলক নব্দীপাধিপতির নিকট নিগৃহীত ও কারাবদ্ধ হইয়া, স্বীয় অলোকিক চিকিৎদা বলে রাজবৈদ্যগণকে পরাভূত ক্রিয়া, রাজকুষারের প্রাণনান ক্রিয়াছিলেন এবং মহারাজের নিক্ট বিপুল ভূদম্পত্তি লভে করিয়া, খাঁটুরার ব্রাহ্মণমণ্ডলীমধ্যে অগ্রগণ্য হইয়াছিলেন এবং খাহার বংশধরগণ আজিও কুশদীপের শ্রেষ্ঠাসন একায়ত্ত করিয়া রাখিয়া-ছেন, বীরেশ্বর বাবু দেই বর-চিকিৎসক চিরম্মরণীয় রামরাম তর্কালকার মহাশয়ের প্রপৌত্র। স্থবিখ্যাক রামপ্রাণ বিদ্যাবাচপ্রতি মহাশম ইহার খুল পিতামহ। খাঁটুরার আদি সম্রাস্ত ও ধরুকুবের ব্রাহ্মণ প্রাপ্তক স্বর্গীর রুমরাম তর্কালভার মহাশদের তিন পুত্র হিল ; জেষ্ঠা রামহরি, মধাম কালীশঙ্কর 🕝 ও ক্ষিষ্ঠ রামপ্রাণ। বীরেখর বাবু রামহরির একমাত্র পুত্র রামগতি বিদ্যানিধি মহাশ্রের কনিট তনয়। এথানে বলিয়া রাখা আবশ্যক, পূর্বাবৃও বীরেশ্ব বাব্র নিতান্ত নিকট জ্ঞাতি। বাঁরেশ্বর বাব্র মধ্যম পিতামহ কালীশঙ্করের ছই পুত্র জ্বো; জ্যেষ্ঠের নাম বিশ্বস্তর এবং কনিষ্ঠের নাম রাজচক্র। পূর্ণবাবু এই রাজচন্দ্রেরই দর্মকনিষ্ঠ তনয়। রামগতি বিদ্যানিধি মহাশন্ন সাহিত্য ব্যাক-রণাদির অধ্যয়ন শেষ করিয়া, নিদান প্রভৃতি আয়ুর্কেদীয় গ্রন্থ অধ্যয়ন করেন এবং সাহিত্যাদি সাধারণ বিদ্যায় যেমন ব্যুৎপন্ন, চিকিৎসাশান্তেও তেমনই অসাধারণ জ্ঞানলাভ করেন। কুশদীপ অঞ্চলে বিদ্যানিধি মহাশয় একজন স্থপতিষ্ঠিত কবিরাজ ছিলেন। প্রধানতঃ ইনি সাধারণে গতি বিদ্যানিধি বলিয়াই পরিচিত ছিলেন। বিদ্যানিধি মহাশর ছইবার দার্পরিগ্রহ করেন। তাঁহার প্রথমা স্ত্রীর গর্ভে শ্রামাচরণ নামে এক পুত্র এবং কনিষ্ঠা স্ত্রীর গর্ডে স্ষ্টিধর ও বীরেশর নামক ছই পুত্র ও বরদা^রামী এক কুক্তা জন্মে। যাবদীর

বাব্র পিতৃবিয়োগ হয়। এই সময়ে ইহার জ্যেষ্ঠ শ্রামানরণ আবগারি বিভাগে কর্ম করিয়া বিলক্ষণ দশ টাকা-উপার্জন করিতেন ও বিশেষ সম্রমশালী হইয়াছিলেন বটে, কিন্তু শ্রামানরণ তদীয় বিমাতা ও বৈমাত্রেয় জাতৃষ্বয়ের প্রতি তাদৃশ মেহবান্ ছিলেন বলিয়া বোধ হয় না। যাহা হউক, বীরেশরের জননী অতি করে স্থীয় তনয়বুগলের লালনপালন করেন। কিন্তু হৃঃথের বিষম, জ্যেষ্ঠ পুত্র স্প্রিধর উপায়ক্ষম হইয়া, জননীর অশ্রাশি মোচন না করিতে করিতেই, কালকবলে পত্তিত হন। তাঁহার বিধবা ভার্য্যার অলাচ্ছাদনের ভারও অপোগও বালক বীরেশরের গলদেশে পতিত হয়। যাহাহউক, এই সময়ে বীরেশর বাব্ বাঙ্গালাভাষার কালোচিত জ্ঞানলাভ করিয়াছিলেন। স্পতরাং শ্রীশচক্ষ বিদ্যারত্ব মহাশয় তাঁহাকে কলিকাতার বাটাতে লইয়া গিয়া, মেডিকেন কলেজের বালালা শ্রেণীতে প্রবেশ করাইয়া দেন। ইহার পরে বীরেশর বাব্র অদৃষ্ঠিতকে যাহা যাহা সংঘটিত হইয়াছে, পাঠকগণ ইভিপূর্বেই তাহা অবগত হইয়াছেন।

বীরেশ্বর বাবু উপায়ক্ষন্ হইরাই, প্রথমে বারাশত হইতে তদীয় বিধবা ভগিনী বরদা দেবী ও তদীয়া অপোগও বালকদ্বয় পরেশনাথ ও অক্ষয়চক্রকে নিজ বাটীতে আনাইয়াঁ, জননীর দীর্ঘসন্তপ্র হৃদয়ে শান্তিবারি সেচন করেন। বীরেশ্বর বাবু ভাগিনেয়দ্বয়কে পুল্লনির্মিশেষে পালন ও যথারীতি লেখাপড়া শিখাইবার জন্ম বিস্তুর চেটা করিয়াছিলেন। কিন্তু ত্রদৃষ্টক্রমে ভাগিনেয়দ্বয় তাদৃশ স্থাশিক্ষিত হইতে পারে নাই। যাহা হউক, তথাপি ইনি উহাদিগের বিবাহাদি দিয়া, নিজবাটীর নিকটেই উহাদিগের পৃথক্ বাটী করিয়া দিয়াছেন।

বীরেশর বাব্র ছই বিবাহ। খাঁটুরা নিবাসী স্বর্গীয় চক্রশেথর সর্থেল মহাশয়ের জ্যেষ্ঠা কল্যা শিবমোহিনী ইহার প্রথমা ভার্যা। চত্র্দশ বর্ষ বয়ংক্রম উত্তীর্ণ না হইতে হইতেই এই ভার্য্যা গভায় হওয়াতে, বীরেশর বাবু দিতায়বার জাগুলিয়ায় বিবাহ করেন। এই স্ত্রীর গর্ভে তাঁহার তিন পুত্র ও ছই কল্যা জন্মগ্রহণ করে। বীরেশর বাবু ধনে পুত্রে অতীব সৌভাগ্যশালী হইয়া, পরমন্ত্র্যে কাল্যাপন করিতেছেন। ছংথের মধ্যে, দেশাচারের বশবর্তী হইয়া, ইহাকে জ্যেষ্ঠা কল্যার সংক্রম ত্যাগ করিতে হইয়াছে। বীরেশর বাবু, তদীয় জ্যেষ্ঠা কল্যা হালিসাইর নিবাসী শ্রীমান্ অতুলক্রক রাম্বচৌধুরী মহাশয়তে সম্প্রান্ত করেন। অতল বাব এখানে এম এ প্রবীক্ষার উত্তীর্গি

হইয়া, ইংলুওে গমন করেন এবং তথাকার বিশ্বিদ্যালয়ে উদ্ভিজ বিদ্যায় ও এনাটমি পরীক্ষোত্তীর্ণ হট্যা ভারতবর্ষে প্রত্যাগত হন। এক্ষণে ইনি কুষ্ঠি-য়ার ডেপুটী ম্যাজিষ্ট্রেটের কর্ম্মে নিযুক্ত রহিয়াছেন। বিলাত গমন করাতে, দেশীয় হিন্দুগণ অতুল বাবু ও তাঁহার ভার্যার সংস্রব ত্যাগ করিয়াছেন। কাজেই বীরেশ্র বাবুকেও কলা ও জামাতার সংস্রব ত্যাগ করিতে হই-মাছে। এক্ষণে মাতাপিতাও কন্তা জামাতার পরস্পর দেখাগুনা ভিন্ন অন্ত কোনও সংস্রব নাই। সামাভ মনঃক্ট হইলেও বীরেখর বাবু সংপাতে ক্সা সম্প্রদান করিয়া পরম স্থাই কালযাপন করিতেছেন। ধরিতে গেলে, বীরেশ্বর বাবুর এ কষ্ট কট্ট নছে; যথন কলা সংপাত্রের হন্তগ্তা হইয়া, প্রমন্ত্রে ও মহানদে কাল্যাপন করিতেছে, তথন তাহাই বীরেশর বাবুর পক্ষে স্বর্ণাভ। বাস্তবিক, যদি কতা, সৎপাত্রস্থা এবং ধনমান সম্ভ্রম ও গৌর্ববের উচ্চাসনে আসীনা হইয়া, পিতার সংস্রব ত্যাগ করে, তাহাহইলেও কি পিতা তাহাতে গৌরববান্ হন না ?--কভার দেই অতুল ঐশর্যের কথা লোকমুথে প্রবণ ক্রিয়াও কি পিতার চ্ই চকু দিয়া আননাশ্র নির্গলিত হুয় না ? অবশ্রই হইয়া প্লাকে। সেই জন্তই বলিভেছি ষে, সামান্ত মনঃকট হইলেও, বীরেশ্বর বার পর্মস্থ দিনপাত করিতেছেন।

অধুনা বীরেশ্বর বাবু গোবরডাঙ্গা মিউনিসিপালিটার কম্শিনর ও তথাকার জমিদার মহোদয়গণের বাটার ডাক্তার পদে প্রতিষ্ঠিত রহিয়াছেন। অন্ন্ন পঞাশৎ বর্ষ হইবে, তিনি শেষোক্ত পদে একাদিক্রমে অধিষ্ঠিত থাকিয়া, জমিদার মহোদয়গণের বিশেষ প্রিয়পাত্র হইয়া রহিয়াছেন।

সাধারণ হিতকরকার্যোও ইহার বিশেষ অনুরাগ আছে। শীযুক্ত রামকৃষ্ণ রক্ষিত মহাশয়ের যে দকল দিদনুষ্ঠান দেখিতে পাওয়া যায়, বীরেশ্বর বাবুই তাহার প্রথম উদ্যোগী ও একমাত্র পরামর্শদাতা। ইহার তথাবধানে রামকৃষ্ণ বাবুর অনেকগুলি কার্যাও সম্পন্ন হইয়াছে। স্থানাস্তবে আনুরা তাহার বিশদ বিবরণ প্রকশি করিলাম।

কম্বেক বংসর হইল, এক দানশীলা তামুলী মহিলার বদান্ততাগুণে খাটুরা চতুষ্পাঠী গ্রামে এক চতুষ্পাঠী প্রতিষ্ঠিত হইস্ক্রীছে। গোবরডাঙ্গা নিবাসী হরদেব

কুশদীপকাহিনী।

চতুষ্পাঠীতে মাসিক ২০।২২ টাকা ব্যয় হইয়াথাকে। কিন্তুইহার অবস্থা কিরূপ, এই প্রশ্নের উত্তর প্রাদান করিতে হইলে, স্থায় আকুল হইয়া উঠে।

ক্ষেক বংশর অভীত হইল, শ্রামাচরণ দেন নামক একজন তামূলী স্তার ব্যবদা করিয়া, বিলক্ষণ ধনশালী হইরা উঠেন। ইনি বাল্যকালে গুরুমহাশয়ের পাঠশালায় সামান্তরপ লেথাপড়া শিক্ষা করিয়াছিলেন। অতি অল্ল বয়দেই শ্রামাচরণের গিতৃমাতৃবিয়োগ হয়। সেইজন্ত, শ্রামাচরণ অংসামান্ত লেথাপড়া শিথিয়াই, তদীয় আত্মীয় বংশীধর পাল মহাশয়ের কলিকাতান্ত স্থতার দোকানে ব্যবদাকার্য্য শিক্ষা করিবার জন্ত প্রবিষ্ট হন। এই দোকানে কার্য্য করিয়া, শ্রামাচরণ বংকিঞ্চিৎ অর্থোপার্জন করেন এবং স্থতাপটীতে একটা বারাগ্রার কিয়দংশ ভাড়া লইয়া, ছই দশ মোড়া স্তা ক্রের্মিক্র করিতে থাকেন। অতি সতর্কতাপূর্বক কর্ম করাতে, শ্রামাচরণ এই সামান্ত দোকান করিয়াই, কিঞ্চিৎ ধনসঞ্চয় করেন। ন্যাধিক পঞ্চবিংশতি বর্ষ বয়াক্রমকালে শ্রামাচরণ থাঁটুরার উত্তরপাড়া নিবাদী ক্ষেত্রনাথ রক্ষিতের দ্বিতীয়া কন্তা দশমবর্ষীয়া যোগমায়ার পাণিগ্রহণ করেন। কথিত আছে, এই যোগমায়াকে বিবাহ করার পর হইতেই, শ্রামাচরণের ভাগ্যলক্ষ্মী প্রসলা হইরা উঠেন।

বিবাহের ছই তিন বংসর পরেই শ্রামাচরণ শোভাবাজারের নন্দর্মী সেনের গলিতে অবস্থিত ঈশ্বরচন্দ্র দত্তের বাটার দ্বিতলে একটা ঘরভাড়ী করিয়া যোগমায়াকে লইয়া, বাস করিতে আরম্ভ করেন। এই দোকানথানি অবলম্বন করিয়া শ্রামাচরণ ক্রমশঃ লাভবান্ হইলেন। ছই এক বর্ষ এইরূপে গত হইলে, শ্রামাচরণ একথানি দোকানগৃহ ভাড়া লইয়া, রীতিমত দোকান করিলেন। এইরূপে কিছুকাল উত্তীর্ণ হইলে, খাঁটুরাবামী রাজেন্দ্র পাল শ্রামাচরণের মিতব্যয়িতা, মিইভাষিতা ও ব্যবমা-বৃদ্ধির প্রাথ্যা দেখিয়া, বিশেষ সম্ভই হইলেন এবং শ্রামাচরণের সহিত একষোগে স্তার দোকান করিতে মনস্থ করিলেন। অচিরেই শ্রামাচরণ ও রাজেন্দ্রের ইচ্ছা কার্য্যে পরিণত হইল। রাজেন্দ্র, শ্রামাচরণের সহিত বোগদান করিলেন। ক্রেক বংসর দোকান করিয়াই, উভয়ে বিলক্ষণ সম্পতিশালী হইয়া উঠিলেন এবং উভরেই কলিকাতাতে এক একখানি ট্রীকাণ্ড বাটা ক্রেম্ব করিয়া বাস করিতে লাগিলেন।

শ্রামাচরণ অতি সামান্ত অবস্থা হইতে ক্রমশঃ উন্নতি লাভ করিয়া, অতুল ধনসম্পত্তির অধিকারী হইয়ছিলেন বটে, ক্রিন্ত ধনের আনুষ্কিক রোপ তাঁহাকে কদাপি ম্পর্শ করিতে পারে নাই। তিনি সামান্ত অবস্থাতেও ধেমন প্রফুর্লিন্তে, লোকপ্রিন্ন ও ইতর ভক্র সকললোকের সহিত সদালাপী ছিলেন, অতুল ধনশালী হইনাও সেইরূপ রহিলেন। অহন্ধার বা পর্ব্ব কাহাকে বলে, তাহা তিনি জানিতেন না বলিলেও অত্যুক্তি হয় না। দেবদিজেও শ্রামাচরণের অপরিসীম ভক্তিশ্রদ্ধা ছিল। দেশস্থ একটা সামান্ত ব্রাহ্মণকুমারকে দেখিলেও শ্রামাচরণ সাম্ভালে প্রণিপাত করতঃ হাসিন্না হাসিন্না তাহার অনামন্ত্র কুশল জিজ্ঞানা করিতেন। দোল, ছর্গোৎসব, পিতৃমাতৃশ্রাদ্ধ ও অত্যন্ত ক্রিন্না করিয়া, শ্রামাচরণ প্রান্তই ব্রাহ্মণ ও কুটুন্বগণকে নিমন্ত্রণ করিতেন এবং খাঁটুরার ও কলিকাতার উভন্ন বাটাতেই স্মান স্মাদর ও বিনীত অভ্যর্থনা সহকারে তাঁহাদের পরিচর্য্যা করিতেন। যখন ব্রাহ্মণগণ নিমন্ত্রিত হইন্না, তাহার বাটাতে পদার্পণ করিতেন, তথন শ্রামাচরণ স্বন্ধং ভ্রমার হতে লইন্না, শ্রারদেশে দণ্ডান্নমান থাকিতেন এবং স্বত্তে ব্রহ্মণগণের পাদ ধৌত করাইন্না, আন্ত্রিপূর্ণ পাদেশিক পান করিতেন।

বাহাহউক, শ্যামাচরণ অতুল ঐশর্যের অধিকারী ও প্রিয়্কারিণী মনোমোহিনী সহধর্মিণী লাভ করিয়াও, সকল স্কুথে স্থুণী হইতে পারেন নাই।
এই সময়ে যোগমায়া সন্তান প্রস্বকাল অভিক্রম করিয়াছিনেন। একটা অপত্যের
অভাবে শ্যামাচরণ সর্কানাই জ্বংখিত থাকিতেন। পুনরায় দারপরিগ্রহ করিবার
পরামর্শ দিলেও, শ্যামাচরণ সে পরামর্শ গ্রহণ করিতেন না। বরং যাগাদি
ক্রিয়াকাও ও কবচাদি ধারণ করিয়া, যাহাতে সহধর্মিণীর বন্ধ্যা-দোষ কাটিয়া
যায়, শ্যামাচরণ তাহারই প্রয়ান পাইতেন। ফলতঃ বহুবিধ কার্য্য করিয়াও,
শ্যামাচরণ সন্তানমূথ নিরীক্ষণ করিতে পাইলেন না।

অবশেষে, গুরুপুরোহিতের প্ররোচনায় ও প্রিয়তমা ভোর্যার সনির্বাদ্ধ অনুরোধে, শ্যামাচরণ অগত্যা ভার্যান্তর পরিগ্রন্থ করিতে ক্রভদংকল হইলেন এবং স্বীয় গ্রামবাদী বনমালী দাঁ নামক জনৈক সম্রান্ত তামুলীর কনিষ্ঠা কন্তা বিনোদিনীর পাণিপীড়ন করিলেন। এই ইবিবাহে শ্যামাচরণের সহধর্মিণী প্রদর্শন করিয়াছিলেন, তাহাতে সেই সময়ে তাঁহাকে দেবী বলিয়া অনেকের প্রতীতি জনিয়াছিল।

এইরপে যোগমায়া স্বহস্তে ও সীয় উদ্যোগে পতির বিবাহকার্যা সম্পন্ন
করিয়া, কনিষ্ঠা ভগিনী নির্বিশেষে বিনোদিনীকে পালন করিতে লাগিলেন।
বিনোদিনীও কস্তার স্তার জ্যেষ্ঠা সপত্নীর অনুগতা হইলেন। ফলতঃ যেখানে
লক্ষীর সমাবেশ থাকে, সেখানে সকল দিকেই স্থথের স্রোত প্রবাহিত হয়।
শ্যামাচরণ যে ভয়ে পুনর্বার দারগরিগ্রহ করিতে অস্বীকৃত হইয়াছিলেন, সে
ভয়ের আর বিল্বিসর্গ চিহ্নও দেখিতে পাইলেন না। প্রত্তাত, শ্যামাচরণ
দেখিতেন, যেখানে তাঁহার যোগমায়া অবস্থিতা, সেই থানেই যোগমায়ার ছায়ারূপিণী বিনোদিনীও যোগমায়ার পার্যাবলম্বিনী।
•

বাহা হউক, প্রগাঢ় স্নেহ ও 'বন্ধনহকারে পালন করিয়া যোগমায়া বিনোদিনীকে বেমন সম্বর্ধিতা তেমনই গৃহকুশলা করিয়া তুলিলেন। যোগমায়ায়
অলৌকিক ও অক্তরিম যত্নে বিনোদিনী দেখিতে দেখিতেই বন্ধঃপ্রাপ্তা হইলেন—
দেখিতে দেখিতেই স্লকুমার যৌবনভারে ভাদ্রের গঙ্গার ভাল চল করিতে
লাগিলেন। শ্যামাচরণের অনস্ত প্রেমরাজ্যে যোগমায়া একমাত্র অধীশরী
ছিলেন। ঘর দ্বার গৃহসজ্জা সকলই তাঁহার বলিয়া জানিতেন; তাহাতে যে
আবার একজন অংশভাগিনী হইবে, যোগমায়া স্বপ্লেও তাহা একবারের জ্ঞা
বিবেচনা করেন নাই শ কিস্তু দৈবের বিভ্রনায় আজি সে সমস্তই তাঁহাকে
বিভাগ করিয়া দিতে হইল। ইহাতেও যোগমায়া বিন্দুমাত্র হংথাস্কভব করেন
নাই। আজি বিনোদের একটী প্রস্থান হইবে,—সেই পুল্রটীকে লইয়া
যোগমায়া লালনপালন করিবেন—ভাহাকে লইয়াই গৃহিণী হইবেন—পুত্র
প্রস্ব না করিয়াও, পুত্রবতী হইয়া, পুলাম নক্ষক হইতে উদ্ধার হইবেন—শুত্র
প্রহ আনলেই যোগমায়ার স্থলয় উৎফুল্ল হইল; বিনোদ হইতে একটী পুত্র

ঈশবের অপ্নীগ্রহে ও ভবিতব্যতার নির্বন্ধে বিনোদিনীও ষ্থাকালে এক পুত্ররত্ব প্রসক করিলেন। সকলেই অপার আনন্দসাগরে নিমগ্র হইল। শ্যামা-চরণের শুদ্ধ দেহু মঞ্জরিত হই । যোগমায়া স্বেহভরে সেই সন্তানের নাম সাধ্যচল বাথিলেন। সাধ্য আজি অন্তর্গতি জ্ঞানের মাধিক স্কিটি বিভিন্ন লতার সমিলিত কাণ্ডের একমাত্র মধুমর কুমুম। সাধনকে পাইয়া, যোগমায়া ও বিনোদিনীর স্থথের প্রবাহ নূত্রন ধারায় প্রবাহিত হইল; শ্যামাচরণও দিন দিন অপার আনন্দ্যাগরে ভাসিতে লাগিলেন।

করেক বংগর অতীত হইতে না হইতেই, এই স্থার প্রবাহ ভিন্ন পথে
ধাবিত হইল। কেহই চিরস্থায়ী নহে; কাল সকলেরই প্রতীক্ষা করিতেছে।
নির্দ্ধারিত সময় উপল্ডিত হইলে, সকলকেই কালের সহগামী হইতে হইবে।
এই অভ্রাস্ত সভ্যের অমুবর্তী হইয়াই, শ্যামাচরণ অররোগাক্রান্ত হইলেন।
সেই জর ক্রমশঃ প্রবল হইয়া, ভাষণ মৃত্তি পরিগ্রহ করিল। স্বতরাং শ্যামাচরণ আর দে যাত্রা অব্যাহতি পাইলেন না; অপ্রাপ্তকালেই তাঁহার জীবন-কোরক বিভিন্ন হইল। তথন তিনি বোগমায়া, বিনোদিনী, সাধন, দাসদাসী
ও আত্রীয়স্ত্রন সকলের নিকট বিদার লইয়া, সকলকেই অপার তৃঃখ্বাগরে
নিক্ষেপ করিয়া, জন্মের মত বিদায় গ্রহণ করিলেন।

বে কাল সকল স্থের মূল—স্কল শান্তির অনন্ত প্রস্তাবণ—সকল সম্পাদের একমাত্র কারণ; সেই কালই আবার সক্ষা ত্থের একমাত্র নিয়ামক—সেই কালই একে একে সকল কঠ যন্ত্রণা ডাকিয়া জানে। শ্যামাচরণের ইত্যুর কিছু দিন পরেই, সাধনচন্ত্রপ্ত বিষম জ্বররোগে আক্রান্ত হইল এবং অচিরে কালকবলে পতিত হইয়া, শ্যামাচরণের জ্বলগণ্ডু হের শেষ আশা অবধি লোপ করিল। এদিকে, কি এক তুর্ট্দিব প্রভাবে, এই সময়ে যোগমায়া ও বিনোদিনীতেও মনান্তর উপস্থিত হইল। তথন যোগমায়া সংসার শ্রা ও অরণ্য প্রায় দেখিতে লাগিলেন। উভয় সপত্রীতে এক সঙ্গে সংসার করা যেন উভয়েরই বিষম দায় হইয়া উঠিল। বিশেষতঃ যে বিনা-স্তার্ক হারে উভয়েই এক বন্ধনে অন্বন্ধ ছিলেন, সেই বন্ধন, ছিল হইয়া যেন উভয়েই অলিম্র্তি ধারণ করিলেন। স্থতরাং গ্রামন্থ ভল্র আল্লানের সাহায্যে, যোগমায়া শ্যামাচরণের ঐশ্রেয়র কিয়দংশনাত্র গ্রামাছ ভল্র আল্লানের বায়রূপে গ্রহণ করিলেন এবং বিনোদিনীর সহিত সংস্থবশ্ব্যা হইয়া, স্কণীয়া পিতৃভবনে অবস্থান করিতে লাগিলেন।

বিনোদিনীও নিঃসন্তান হইয়া, খ্রামাচ্ইবৈর অবশিষ্ঠাংশ গ্রহণ করিলেন

706

লাগিলেন। কিছুদিন পরে তাঁহারাও বিষরের তত্বাবধারণ হইতে ক্ষান্ত হইলেন। কাষেই বিনোদিনী তথন খ-প্রধানা হইয়া, স্বামীর নাম ষশ রক্ষা করিতে রুভসংক্ষা হইজেন।

বিনোদিনী অনেকগুলি পুণ্যকর্ষের অনুষ্ঠান করিয়াছেন। সেই
সকলের মধ্যে ইন্টক ছারা খাঁট্রার বাজার গৃহ নির্মাণ, একটা অবৈতনিক
চতুম্পাচী স্থাপন, ও দরিত্রগণের সাহায্য দান, এই করেকটা প্রধান। আমরা
বিশ্বস্তুহত্তে শুনিরাছি, বিনোদিনী শেষাক্ত কার্য্য তুইটার জন্ত এককালীন
ে০০০ টাকা প্রাযুক্ত ভূতনাথ পালের নিকট জন্ম রাধিরাছেন। তিনি
উক্ত টাকা গুলি থাটাইরা, মাসিক ত্রিশ টাকা করিয়া প্রীর্ক্ত ক্ষেত্রমোহন
দত্তের নিকট প্রদান করেন। ক্ষেত্র বাব্ উক্ত ত্রিশ টাকার মধ্যে ২০০ টাকা
চতুম্পাচীতে ও ১০০ টাকা দরিক্রগণের সাহায়ার্থে ব্যর ক্রিয়া থাকেন।

খাঁটুরা গ্রামের সর্ব্ধ প্রকার দেশহিতকর কর্মে ক্তেমোহন বাবুকে উদ্যোগী দেখিতে পাওয়া যায়। কুশ্বীপের উর্ভির জন্ত 'কুশ্দহ' নামে এক-ধানি পাক্ষিক সংবাদ পত্র প্রচার করিয়াছিলেন। নানা কারণে বার্তাবহ স্থায়ি হয় নাই। স্থলভ সমাচারের সহিত মিলিত করিয়া কুশদহকে পুনজীবিত করা হইয়াছিল। খাটুরা বঙ্গবিদ্যালর কেত্রমোহনের যত্ত্বে পরিচালিভ 🛦 গ্রামস্থ বালিকাগণের বিদ্যাশিকার জত্য তিনি করেকবার পাঠালয় স্থাপন করিয়াছিলেন। 🖛 গ্রামে বালকগুণ বিদ্যোপার্জনে রত নহে, তথায় বালিকা বিদ্যালয়ের আবেশ্যক্তা লোকের বোধগম্য হওয়া অসম্ভব। কলিকাভার ন্তার মহানগরীতে বালিকা বিদ্যালয়ের উপযোগীতা সাধারণে স্বীকৃত হয় ' নাই। কেহ আগন কস্তাকে বিদ্যালয়ে প্রেরণ করিতে ইচ্ছা করিলে খৃষ্টধর্মা প্রাচারকগণের স্থারণ গ্রাহণ ভিন্ন স্থাবিধাজনক স্থান পাইবেন না; ও অবস্থার খাটুরার মত প্রীতে বালিক। বিদ্যালয় তিষ্ঠিতে পারে নাঃ ফেত্র মোহন ও তাহার অভুপুত্র বসন্তক্ষার ভাষুদী সমাজের প্রথম কুভবিদা ৷ তাঁহাদের বিদাবিভায় সজাতিয়েরা ভীত হইয়াছিল। ইহাতে ইংরাজী শিক্ষার দার আঃগ্রীয়গণের নিকট উদ্যাটিত হইতে পারে নাই। তাঁহারা চ্ইজনেই ব্রাক্ষ ইচলেন: বাজদের দোষ এই, হিনু**ছ্ আচার ব্যবহারকে অতি** স্থার চক্ষে

আজার প্রতি অশ্রদ্ধা প্রকাশ করিতে কুণ্ঠিত হন না, ইহাতে অভিভাবকগণ নিতান্ত বাণিত হইয়া থাকেন, ভাহাতে ব্ৰাহ্ম সন্তানের স্বকীয় উন্নতি হইতে পারে বটে, কিন্তু তিনি যে সমাজে জন্মিয়াছেন. তাহার সহিত সমন্ধ বিচ্ছিন্ন করিতে হয়। স্থতরাং ভাঁহা দারা বংশের কোন উপকার হয় না।, স্বায়-• বর্ত্তিতা দোষাবহ নহে, হিন্দু সমাজ ইহা বুঝেন না, ব্রাহ্মগণও তজ্প। অশিক্ষিতের কেমন করিয়া বুঝিবে, এই ভাবিয়া শিক্ষিতগণের উদার্ভা প্রদর্শন করা কর্ত্রা। হিন্দুধর্ম ছিভিছাপকতা গুণ বিশিষ্ট, তাহার মত ও বিখাদের পরিবর্তন করাইতে পারা যায়। কিন্ত ক্রমশঃ সহ্স করাইতে হয়। ব্রাহ্মগণ প্রশাস্তভাবে কার্য্য করিলে একটি পৃথক জ্বান্তির স্পষ্ট করিতে হইড না। বোদ্বাই প্রদেশের ব্রাহ্মগণ হিন্দু সমাজকে পরিত্যাগ করেন নাই, তাঁহার। হিন্দু থাকিয়া হিন্দু সমাজকে সংস্কৃত করিতে চাহেন। বঙ্গীয় ব্রাহ্ম কহিবেস, যাহাই কেন হউক না, কপটভার প্রশ্র দিতে পারি না। স্বর্গ ও যদি চুর্গ ইইয়া যায়, তথাপি স্থায়কে রাজত্ব করিতে দিতে হইবে। এই কথা অত্যস্ত শ্রেষ সন্দেহ নাই। নিজে ত্যাগ সীকার না করিলে পরের উপকার করিতে পারা ে যার না। সমাজের মঙ্গল করিতে হইলে আপনাকে ক্রিঞিৎ সঙ্গুচিত করিতে ্হইবে। স্বান্থ্যন্তিতা থকা করিয়া সমাঞ্চান্থতিত। বৃদ্ধিকরা উচিৎ, নতুৰা সমাজ তোমার কথা শুনিবে না। ধাহার সহিত সহাতুভূতি নাই, ভাহার নাক্যবা দৃষ্টান্তের প্রতি আজা প্রদর্শন ক্রা অসম্ভব। শমস্যা অগ্রে স্থীয় ভদনস্তর পরিবারিক, পরে জাতীয়, সর্বশেষে বিশ্বজনিন হিত কামনা করিবে, ্ ইহাই প্রাকৃতিক নিয়মু। সোপান ত্যাগ করিয়া একেবারে সার্বজনিক সমাজ সংস্কারে প্রবৃত্ত হওয়া বিভূগনা মাত্র। কেত্রমোহনের স্বশুর ব্রাহ্মমতাবল্যিনী ক্যাকর্ক নির্দাত কার্পেট দারমেয় শোভা সম্পাদনের জন্ম ও প্রীতিচিহ্ন স্বরূপ গৃহভিত্তিতে আলম্বিত করিয়াছিলেন। কেত্রমোহন হিন্দুমতাবলম্বী খণ্ডর কত্ত্ক লিখিত ''তুর্গানামের শিব''-চিত্র গৃহে স্থান দিতে পারেন নাই।

বিনোদিনীর উদ্দেশ্য অতি মহৎ—অতি উদার—অতি সংগ্রাণগৈত। তিনি হিন্দু গৃহের বদ্ধ পক্ষ বিহঙ্গিনী হইয়া, নিজের পুণ্যান্তগান ও মৃতপতির পারলৌকিক শান্তির জন্ম, মাহা করিকার, তাহা করিয়াছেন। পতিলোকে

অন্ত বাসাধিকারিনী হইবার ইহা অতি প্রথমত সহজ পথ।

ষ্ণান্তান ও শান্তীয় ক্রিয়াকলাপ।—কুশ্বীপের মধ্যে ক্রেক্টী অতিথিশালা ছিল। প্রথমতঃ, খাঁটুয়া নিবাসী স্বর্গার অনন্তরাম দক্ত মহাশ্রই এই
পথের প্রথম প্রদর্শক। তাঁহার স্বর্গারোহণের পর, এই পুণা কর্মের লোপ
হইয়াছে। ইহার বর্তমান বংশধরেরা নিতান্ত অক্ষম নহেন; তথাপি পৈতৃক
ধর্ম ক্রিয়ার এককালে লোপ করিয়াছেন।

এই অতিথিশালা তিরোহিত হইলে, অনন্তরামের জ্ঞাতি স্বর্গীয় ফালী-कूरांत वत वहां नम निक्ष खरान এक खिलिनाना मःशानन करतम । अहे অভিথিশালা আজিও বর্ত্তমান রহিয়াছে। কিন্তু জঃখের বিষয় কুশ্দীপে রেগপণ প্রস্ত হওয়ার পঙ্গে, এই অভিধিশালা নিভাস্ত ভিষ্ঠিভ ভাব অবশ্বৰ कत्रियारम्। काणीक्षाद्वत्र वर्षमान यश्मध्वत्रश्लित क्षेकास्त्रिक वक्ष विकास এখানে আজি কালি অভিথিয় স্মাগ্ম অভ্যন্ত বিয়ল হইয়াছে। রেল্প্র ছওরাতে সাধারণ লোক একণে প্রারই পথিমধ্যে কর্মিতি করে না। পূর্বে এই অভিথিশালা অতীব বিস্তৃত ছিল। আমরা সচকে ৰেখিয়াছি, গলামানের কোনও যোগ উপস্থিত হইলে, কালীকুমার বা তাঁহার বংশধরগণ গ্রামস্থ অধিকাংশ ব্রাহ্মণের বাটাতে ছই একটা চুরী কাটিয়া রাখিতেন এবং নিজ অভিথিশালায় সম্গ্রন না হইলে, প্রভিবেশী ব্রাহ্মণগণেয় বাটীভে অভিথিগণেয় স্থান করিয়া দিন্দ্রতন ও সমস্ত ব্যুস্তার নিক্রেরা বহন করিভেন। প্রাণাত্তেও কোন অতিথিকে বিসুধ হইতে দিতেন না। ধোগের সময় অন্ধকায়ে অভিধি-গণের আদিতে ক্লেশ হইবে বলিয়া ১০৷১২ জন লোক আলোক হন্তে গ্রাম হইতে চুই তিন ক্রোশ পর্য্যন্ত গমন করিয়াও, অভিথিগণকে পথ দেখাইয়া 💆 মহাসমারোহে নিজ ভবনে গইয়া আসিতেন। কলত: আজি কালিও উহাঁয় বংশধরগণের ষড়ের কোনও ক্রটি দেখিতে পাঁওরা বার না; কিন্তু আজি কালি অতিথি সমাগম তাদৃশ হয় না।

গোবরভাঙ্গার ভূসামী মহাশরগণের বাটীতেও অতিধি দেবা হইত; কিন্তু
পূর্বোক্ত কারণে আজি কালি দেখানেও অতিথির তাদৃশ সমাগম হর না
বলিয়া ভূসামী মহাশরেরা উহা এককালে উঠাইয়া দিয়াছেন।

পূর্বে মণিরাম রক্ষিত ও উবানীপ্রসাদ রক্ষিক নামক ছই জন তামুলী ভিলেন । তাঁহাছের বালিকে ভিলেন নালন অর্থ, প্রতি দিন গ্রামন্থ রান্ধণগণের বাজার করিবার জন্ত যত অর্থ প্ররোজন হইত ইহারা সেই অর্থ প্রত্যন্থ রান্ধণগণকে দান করিতেন। রান্ধণগণ, বাজারের সময় ইহাদের বাটাতে উপস্থিত হইয়া, দৈনন্দিন বাজার পরচ চাহিয়া লইয়া, বাজার করিয়া আসিতেন। তথনকার রান্ধণগণ প্রতাহ বাহা ব্যয় হইত, তদতিরিক্ত এক কপ্রদিকও অধিক বাজা করিতেন না। তৎকালে কড়ি দিয়াই বাজার করিবার প্রথা ছিল, জিনিব পত্রও তেমনই স্থাত ছিল।

খাঁটুরার বড় রক্ষিতদিগের আদিপুরুষ বিজয়রাম রক্ষিতের প্রাদ্ধােশলকে তদীয় পুত্র মণিরাম রক্ষিত দম্পতিবরণ করিয়ছিলেন। অর্থাৎ সেই প্রাদ্ধােশ-লক্ষে এক সন্ত্রীক ব্রাহ্মণকে বরণ করেন এবং তাঁহাদিগের বংশধরগণের বাটী ঘর, নির্মাণ করিয়া দিয়া আজীবন তাঁহাদের ভরণপােষণ নির্মাহ করিবার ভার গ্রহণ করেন। হংথের বিষয়, এই ব্রাহ্মণদম্পতী কোন পুত্র প্রোত্রাদি না রাখিয়া মানবলীলা সম্বরণ করেন। মণিরাম ব্রাহ্মণদম্পতীকে আনেক অর্থ দান করেন। ব্রাহ্মণ প্রথমে কালগ্রাদে পতিত হইলে, ব্রাহ্মণী সেই বিপুল অর্থের অধিকারিণী হন। কিন্তু এই রমণীও নিঃসন্তান হওয়াতে ব্রাহ্মণী সেই অর্থ খাঁটুরার উত্তর প্রান্তরে এক স্থাম্মণী খনন করাইয়াদেন। আজিও সেই বাপীকে সাধারণে ঠাক্কণ পুকুর বলিয়া থাকে।

কুদ্দীপের অনেক স্থানে প্রাণ পাঠও হইয়া গিয়াছে এই পুরাণ উপলক্ষেও এক এক মহোৎসব হইত। কুদ্দীপের সধ্যে যওঁওলি পুরাণ হইয়াছে,
কেই সকলের মধ্যে গাঁটুরা নিবাসী ৮সিদ্ধিরাম রক্ষিতের পুরাণ সর্বাপেকা
প্রধান। এই পুরাণোপলক্ষে সিদ্ধিরাম খাটুরার নিত্য সমাজস্থ ভ্রাহ্মণগণকে
(অন্যন ৩০০) প্রায় ৬০।৬৫ টাকা মূল্যের স্বর্ণরোপ্যের অলম্বার ও বস্তাদি
দান করেন। এই পুরাণ ক্রিণ করিয়াই, স্বর্গীয় রামধন তর্কবাগীল মহালয়
অভিনব কথকতার প্রণালী উদ্ভাবন করেন। খাঁটুরার বামোড় তীরে যে
চণ্ডিকাদেবী আছেন, তাঁহার ইউক্সয় বেদী এই সিদ্ধির মই প্রথমে প্রস্তুত
করিয়া দেন।

দেবালয় ও মন্দির প্রতিষ্ঠা।—কুশদীপে ধে সমস্ত দেবালর ও মন্দির-প্রতিষ্ঠা হইয়াছে. সেই সকলের মধ্যে কুশদীপ্রতি রঘুনাথ চক্রবর্তী চতুর্দ্ধুরীণ

ডাঙ্গার স্বর্গীয় জ্মীদার কালীপ্রসন্ন মুখোপাধ্যায় ক্বত দাদশ শিবমন্দির সম্বলিত ৬ জানন্দময়ীয় বাটী;—খাঁটুরার স্বর্গীয় বিদ্যাবাচপতি মহাশয় ক্ত বামোড়-তীরস্থ কালীবাটী ও তদীয় বাটী সংলগ্ন যুগল শিবমন্দির; স্বর্গীয় কালীকুমার দত্ত ক্বত তদীয় প্রধান পুষ্করিণীর ঘট্টসংলগ্ন শিব্যন্দির দ্বয় ও স্বর্গীয় শ্রীশচন্ত্র বিদ্যারত্ব মহাশয় ক্লন্ত, ভদীয় জননী কর্তৃক উৎস্থীকৃত বামোড় তীর্ত্ব ঘট্ট ও তৎসংলগ্ন শিবমন্দিরদক্ষ সর্কাপেক্ষা প্রধান। এই সকল দেবালর প্রতিষ্ঠার সময় কুশ্দীপ সমাজের যাবদীয় ব্রাহ্মণ আমন্ত্রিত ও অতীব সমারোহ সহকারে কার্য্য নিষ্পন্ন হইয়াছিল। সেই সেই সময়ে অনেক কালালী, ফাঁকিয় বৈষ্ণব, ভাট প্রভৃতিও যথোচিত আহার ও দান প্রাপ্ত হইরাছিল। কাশী, নব্দীপ, ভট্নলী, কুমারহট্ট, কামালপুর, প্রভৃতি প্রধান প্রানেশ অধ্যাপকমগুলীও এই সময়ে নিমন্তিত হইবা সভাহনে উপস্থিত ও উপস্থ পাথের ও বিদার গ্রহণ করিয়া পরম পরিকৃষ্ট হুইয়া স্বদেশে প্রভাগর্ভন করিয়া-ছিলেন। ইছাপুরে যে চারিটী প্রাচীন দেবালয় দেখিতে পাওয়া যায়, ভাহারা জীণাবশিষ্ট বটে, কিন্তু উহাদিগের কাক ও স্থপতি কার্য্য এতদ্র উৎকৃষ্ট যে, সকলেই ঐ দেবালয় চতুষ্টয়কে দেবশিল্পী বিশ্বকর্মা নির্মিত বলিয়া কীর্ত্তন করিয়া থাকে। ফলতঃ আমরা যতদ্র অবগত হইয়াছি তাহাতে বলিতেই, কুশদীপপতি রঘুনাথ চক্রবর্তী চতুর্কুরীণ মহাশক্ষের সহিত নদীয়ারাজীরাঘ্যের অত্যস্ত সম্প্রীতি ছিল। সেই স্থানে নদীয়াপতির তনম রুদ্রাম, রুদ্রাথ চতুর্কুরীণ মহাশয়কে পিতার ভায়ে ভক্তি ও শ্রন্ধা করিতেন। দে**ই জন্ত**, তিনি ঢাকা হইতে আলান বুখস নামা অদ্বিতীয় স্থপতিকে আনাইয়া স্বাস্তক, নাচ ঘর, পীলখানা ও নহবৎখানা প্রভৃতি স্কৃষ্ট সোধাবলী নির্মাণ করাইয়াছিলেন। সেই স্থপতি দারাই **এই দ্রোলয় চতু**প্তয় ও নির্দ্মাণ করাইয়া দেন। তাইাতেই এগুলি এতাদৃশ উৎকৃষ্ট ও স্থদৃশ্য হইয়াছিল। নতুবা প্রকৃত প্রতীবে উক্ত দেবালয়গুলি বিশ্বকর্মা নির্মিত নহে।

আমরা বিশ্যাবাচপতি মহাশয় কত যে কালীবাটীর উল্লেখ করিয়াছি, এক্ষণে তাহা বিলান হইয়াছে। আজি কালি বামেড়েতীরে প্রীযুক্ত নগেজনাথ বন্দ্যোপাধ্যায়ের হয় বাগান অ্ব্রুছ, এই বাগানেই সেই কালীবাটী প্রতিষ্ঠিত হইয়াছিল। এথানে বলিয়া রাখা আবশুক, স্বর্গীয় কালীকুমার দত্ত মহাশয় মন্দির প্রতিষ্ঠার সমরও বিপুল উৎসবের আবোজন করিয়াছিলেন। কিন্তু এই সময়ে তাঁহার জ্যেষ্ঠতনয় স্বর্গীয় সিরিশচক্ত দত্ত মহাশয়ের সহিত ইছাপুরের স্বর্গীয় ক্রমীদায় যজ্ঞেশ্বর চৌধুরী মহাশয়ের কথান্তর হওয়াতে, সমারোহের অনুষ্ঠান এককালে স্থানিত হয়, এবং নিয়ম রক্ষার ক্রায় কোনও প্রকারে প্রতিষ্ঠা কার্য্য সম্পান করেন। স্থারোহের জন্ত বে সমস্ত জ্ববাদি আহত ইইয়াছিল, কালীকুমারের চতুর্থতনয় স্বর্গীয় হরিশ্বক্ত দত্ত মহাশর সেই সকল কলিকাতার ফিরাইয়া আবেন।

এই সমস্ত মন্দির ও দেবালয় ব্যতীত, কুশবীপবাদী প্রধানতঃ ধাঁটুরান্থ তাদুলীগণ বিদেশেও ছই চারিটি মন্দির ও দেবালয়াদির প্রতিষ্ঠা করিয়াছেন। দেই সকলের মধ্যে নিয়লিখিত কর্মী অপেক্ষাক্ত উল্লেখ যোগ্য।

১। হয়দাদপুর নিবাসী উমেশ্চন্ত রিশিত মহাশর ৺কাশীধামে যে যুগল শিবমন্দির প্রতিষ্ঠা করেন, তাহাই প্রথম উল্লেখবোগ্য। ইনিই প্রথমতঃ এই পথের প্রদর্শক। ইহার সাধিকতা ও ধর্মার্ম্ভান লোক বিশ্রুত।

১২৬০ সাল হইতে কালীবাসী হইয়া ইনি বেরপ শ্বর্দান্তানে দিনপাত করিতেছেন, তাহাতে ইহাকে আজি কালি দর্শন করিলে, ভগবৎপ্রেমে উন্মন্ত এক বেগেরত তপন্থী বলিয়া সহসা প্রতীতি জ্বে। ইনি কুশ্বীপের দাতাপ্রের স্থাসিদ্ধ ভবানীচরণ রক্ষিত মহাশরের ভাতৃস্পুত্রন কলিকাতার বড়বাজারত্ব চিনিপটীতে যে রামকুমার রক্ষিতের লেন আছে, ইনি সেই রামকুমার রক্ষিতেরও জ্ঞাতিসম্বন্ধে ভাতৃস্তান কুশ্বীপের যে সমন্ত তামুলী প্রথমে চিনির ব্যবসায়ে প্রবৃত্ত হইয়া, ইউরোপকে ভারতবর্ষায় চিনির অমৃতর্মান্বাদন প্রদান করিয়াছিলেন, ইহার প্রিস্থিতামহই তাঁহাদিগের অন্যতম ও অগ্রপ্রণা ছিলেন।

উমেশচক্র ১২২০ সালের ২৪এ মাঘ, দাতাপ্রবর ভবাদীপ্রসাদের কনিষ্ঠ
সহোদর শতুচক্রের ওরসে এবং গাঁটুরাবাসী রামহরি রক্ষিতের কন্যা ব্রহ্মমন্ত্রীর
গর্ভে জনগ্রহণ করেন। অতি কিশোরকালে উমেশচক্র পিতৃদীন হইমা,
গাঁটুরার রামহরি রক্ষিত সহাশরের ভবনে সাতুলাপ্রায়ে বাস করিতে আরম্ভ
করেন। প্রতিশ বংসর বয়ংক্রমকালে, ১২৫৫ সালের ১০ট মাঘ দিবসে

ইনি কলিকাতান্থ বর্তমান ১৫৩/১ সংখ্যাত গৃহে চিনির বাবসায় আরম্ভ করেন। এই ব্যবসায়ে তিনি দিন দিন লাভবান্ হইতে লাগিলেন বটে, কিন্তু এই সময়ে তাঁহার মন ভগবচ্চিন্তান্ন একান্ত আগক্ত হইন্না উঠে। সেই জন্ম তিনি আট বৎসর উর্ত্তীণ না হইতে হইতেই. বিষন্ন কার্য্য তদীয় মাতামহের অন্তত্তর দৌহিত্রীতনম্ন শ্রীযুক্ত নবীনচন্দ্র রক্ষিতের হত্তে অর্পণ করিন্না, ১২৬০ সালের শ্রীপঞ্চমীতে সপরিবারে নৌকাযোগে ৮ কাশী বাঁত্রা করেন। নবীন-চন্দ্রের কর্তৃত্বাধীনে ব্যবসান্ন দিন দিন শ্রীবৃদ্ধিশালী হইতে লাগিল বটে, কিন্তু তিনি স্বদেশে বাস করিতে ইচ্ছা না করিন্না, এককালে কাশীবাসী হইতে কত্ত-সংকর হইলেন। ভজ্জন্ম তিনি সোনারপুরাতে এক দিতল বাটী ক্রম্ন ক্রিলেন এবং ভাহাতে হই শিবপ্রতিন্তা ক্রির্না পারকৌকিক্ষ চিপ্তাতে ব্যাপ্ত রহির্নেন। মধ্যে মধ্যে ইহার পরিবারাদিও খাঁটুরার বাটীতে আসিন্না বাস করিতেন।

১২৬১ সালের ২৪এ আখিন তদীয় কৃনিষ্ঠতনয় ঐব্ তুর্গাচরণ রক্ষিত্ত
মহাশয় খাঁট্রাতে জয় গ্রহণ করেন। ইনি পিতৃসন্নিধানে থাকিয়া,
তথাকার সংস্কৃত বিদ্যালয়ে অধ্যয়ন করেন। বহুকাল হইল, উমেশচন্দ্র
বাসভবনাদি স্বীয় পুরোহিত মহাশয়কে দান করিয়া, খাঁটুরা হইতে এককালে সংস্কৃবশৃন্ত ইইয়াছেন। ইহার কনিষ্ঠাত্মজ পূর্ব্বাক্ত ইুর্গাচরণ
১২৭৮ সালে মহুসংক্তি পাঠকালে বৈজ্ঞোচিত "ভূতি" উপাধি ধারণ
করিয়াছেন এবং পৈতৃক ব্যবসায় উপলক্ষ করিয়া এক্ষণে সপরিবারে কলিকাতায় বাস করিতেছেন। আন্দেশব ইহার রীতি ও স্থভাব যেরূপ মধুর ও
পূর্ণবিকসিত, তাহাতে ইনিও যে পৈতৃক গুণাবলীর সম্পূর্ণ উত্তরাধিকারী
হইয়াছেন, তাহাতে বিশ্বমান্ত সন্দেহ নাই ক্ষর্কি শতাকী অতীত হইল,
উমেশচন্দ্রের পুণ্যবলে তদীয় ব্যবসায় অক্ষম্ম ও নিক্লক্ষভাবে চলিয়া আদিতেছে। অনেতেই বলেন, প্রবঞ্না ও প্রতারণাশ্স্ত হইয়া ব্যবসা কার্যা
নির্ব্বাহ্ন করিতে পারা যায় না। যাহাদিগের এই ধারণা আছে, তাহারা যেন
উমেশচন্দ্রের ৩৫০/১ সংখ্যাত ভবনস্থ ব্যবসামের অন্ত্রকরণ করেন।

দস্যাও তম্বর 🏲 তথন দস্যা ্ট্রীমরের ভয়ে অধিবাগিরা অত্যন্ত শক্ষিত ও

তম্বরের ভয়ে অতি দীনাবন্থার কালাতিপাত করিত। এমন কি, ঋণের আদান প্র্যান্তও অতি সংগোপনে সম্পন্ন হইত। লোকের কর্ণগোচর হইবার আশহায়, ঋণপত্রে অন্ত সাক্ষী না করিয়া, শুদ্ধ মাত্র ধর্ম সাক্ষী করিয়াই ঋণপত্র লিখিত হইত। পাছে, দম্য ভস্করের লোভপথে পতিত হইতে হয়, এই ভয়ে ধনিগণের অর্থ চন্দ্র স্থর্যেরও গোচর হইত না। তাঁহারা অ স্থান সম্পত্তি গৃহের প্রাচীর মধ্যে অথবা ভূগর্ভে প্রোধিত করিয়া রাখিতেন। সাধারণ লোকগণ গৃহের মধ্যস্থলে একটী গর্ভ্ত করিয়া রাত্তিতে আভরণ ও তৈজ্পাদি তন্মধ্যে রাখিয়া, ভত্পরি এক থানি কাঠকলক আচ্ছাদন করিয়া ভাহার উপর শ্যারেচনা করিভেন। অর্থবলে অট্টালিকাবানে সমর্থ হইলেও লোকে পর্ণকৃটীরে বাস করিত্ব। স্বর্ণ অর্পকা জল পথে আরও অধিক ভয় ছিন।

কুশ্দ্বীপের ভূস্বামীগণ চৌর্য্যাপরাথে অভি গুরুতর দণ্ড প্রদান করিতেন।
ভনা গিয়াছে, তাঁহারা চৌর ও দস্যাগণকে বিবিধ শারীরিক দণ্ড প্রদান করি-তেন, সর্বাদা কারাবদ্ধ করিয়া রাধিতেন এবং তণ্ডুলের পরিবর্ত্তে ধান্ত ভৌজন করাইতেন। এতদ্র শান্তি বিধান করিয়াও, উহাদিগের উপদ্রুব কিছু প্রশান্তি হইত না। যবনাধিকারকালে ভ্যাধিকারীগণের উপর দেশ শাসনের যে ক্ষমতা ছিল, ইংরেজাধিকারের প্রারম্ভে তাহাও বিলুপ্ত হইয়াছিল। স্কুতরাং এই সময়ে দস্যাদল অত্যন্ত প্রবল হইয়া উঠিয়াছিল। এই সময়ে আবার অনেক জমীদার দস্যাদল পোষণ করতঃ দস্যাবৃত্তি আরম্ভ করিয়াছিলেন।
সেই দেহা কথন কোম্পানির সৈক্তের পরিছেদ পরিয়া লুটপাট করিত, কথন বা সয়াসী ও ফকিরের বেশ ধারণ করিয়া, শোকের সর্বানাশ করিয়াছিল। তৎকালে ঠগ ও ডাকাইত নামে ছই প্রকার তম্বর সম্প্রদাম ছিল। তাহারা গ্রামে অগ্নি প্রদান করিয়া, লুগুন কার্ফ্র সম্প্রদাম ছিল। তাহারা গ্রামে অগ্নি প্রদান করিয়া, লুগুন কার্ফ্র সম্প্রদাম করেব।

তখন এই ছর্দ্ধি দস্থাদল, লাঠী, সড়কি, তীর তরবারি লইয়া সাধরণের

তদত্রপ ছিল। তাহারাও লাঠী, সড়কি, তীর, তরবারি লইরা, সেই হুর্জয় দস্যবেগ বিমুখ করিত। তখনও প্রতিগ্রামে হই একটী লাঠিয়াল, হই একজন সড়কিওয়লা, হুই একজন তীরনাজ, এবং হুই চারি জ্বন তরবারিধারী বীরপুরুষ বহির্গত হইত। ভাহাদিগের প্রভাবেই, হয়ত, অনেক দস্তা. দ্র হইতে প্রণাম করিরা চলিয়া যাইত। সে দিন নবগীপাধিপতি রাজা রামকৃষ্ণ দামাক্ত বংশদত্তের সাহায়োই, ক্লফনগরের তুর্গতোরণে দ্বাদশ সহজ্র বঙ্গীর বীর পুরুষ সমবেত ক্রিয়া, ত্রস্ত মোগলস্বাদার মুরশিদক্লী খাঁকেও তৃণের ভাষ জ্ঞান করিয়াছেন—ছুর্জন্ন আরক্ষীবের বিপুল মোগল-চন্ব সমূথেও, একাদশবর্ষ রাজস্ব প্রদান না ক্রিয়া ন্বিতীয় ক্তান্তের স্থায় অথিল বঙ্গরাজ্যের আসদও হইরা, সাধারণের মহাভীতি সম্ৎপাদন ক্রিয়া-ছিলেন। জাবার যথন বর্গিগণের ভ্রুত্ম পোনঃপুনিক জাক্রমণে সমস্ত ভারতভূমি আলোড়িত হইভেছিল, 'নব্দীপাধিপতি মহারাজ ক্ষচক্রও যথন সেই ত্র্ার অরাতিদলের ভারে সম্ক্রিত হ্ইয়া, ক্ফানগরের ত্থময় রাজভবন ত্যাগ করিয়া, নসরৎ-বেড়ের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন-তথ্ন কুশদীপপতি কাশীশ্ব চৌধুরী মহাশ্ম, ক্ষেক্টী বংশদত্তের প্রভাবেই সেই বিপুল অরিবাহিনী উপেকা করিয়া স্বকীয় বক্ষঃত্বে তাসুলী ও নবাগত ব্রাহ্মণগণকে স্থাপ্রন করিয়া, মাভৈঃ মাভিঃ শব্দ করতঃ তাহাদিগকে অনুক্রণ রক্ষা করিয়াছিলেন । এই লাঠাই একদিন আমদিগের ধন, মান ও প্রাণস্ক্রপ ছিল। ইহার প্রভাবে দহা ভয়বেরা আমাদিগের সর্বস্থান্ত করিত বটে, কিন্তু তথনও আমরা এককালে হাতদর্বস্ব হই নাই।

বর্ত্তমান শতাকীর প্রারম্ভে, কৃষ্ণনগরের পূর্নাংশে ছয় ক্রোশের মধ্যে আশা
নগর গ্রামে, বিখনাথ, বৈদ্যনাথ ও পীতাষর নীমে তিন জন প্রাসিদ্ধ দহ্য ছিল।
ক্যোপানির রাজত্বের প্রারম্ভে নবদীপের রাজগণের শাসনাধিকার লোপ পাওয়া
প্রযুক্ত হউক অইবা কোম্পানির প্রশিদল পূর্ব্বোক্ত দহ্যগণের বিরুদ্ধে দণ্ডায়মান হইতে অসমর্থ হইয়াই হউক, এই অঞ্চল দহ্য ও ডাকাইতগণের প্রধান
আড্রাম্বর্নপিইইয়া উঠে। উহাদিগের ভয়ে কুশ্ঘীপ দূরে থাকুক, সমগ্র বঙ্গদেশ এককালে অব্থপাত্রের স্থান্ধ সর্বাদা কম্পিত হইত। ইহাদিগের অধীনে

ও বৈদ্যনাথ বান্দীজাতীয় ছিল। কথিত আছে, ইহারা ধনবান্ ব্যক্তিগণকৈ গত্র লিখিয়া দিবাভাগেই ডাকাইতি করিত। উহারা লিখিত, "তুমি অমুক সময়ে অমুক স্থানে, এত টাকা পাঠাইবে, বদি না পাঠাও, তবে অদ্য বা কল্য ভোমার সহিত আমাদের সাক্ষাৎ হইবে" এই পত্র পাইয়া অনেকেই প্রাণভয়ে টাকা পাঠাইয়া দিত। বিশ্বনাথের নলদহা, ক্লঞ্চদদার ও সন্ন্যাসীনামক তিন জন সর্দার ছিল; উইাদিসের মধ্যে নলদহা বহুক্ষণ পর্য্যন্ত জলে ডুবিয়া থাকিতে পারিত। এক সময়ে বিশ্বনাথ কালাপুলা করিতে মানস করে, কিন্তু পূজার বামোপযোগী টাকার অনেক অপ্রতুল ছিল। ইতিমধ্যে বিশ্বনাথের চরেরা আসিয়া বলিল, বৈদ্যপুরের নন্দীদিসের কালনান্থ গদীতে দশ হাজার টাকা আসিয়াছে। তাহা ভনিয়া বিশ্বনাথ রাত্রিতে পিন্তল ও তর্বারিধারী ৪ জন ডাকাইতকে সঙ্গে লইয়া, নৌকাযোগে কাল্নায় আসিয়া উপস্থিত হয় এবং উক্ত গদীর দারোগাকে ডাকাইয়া একরায় নামা লিখাইয়া লয়। পরে বিশ্বনাথ নৌকা হইতে অবতরণ করিয়া ধনাধ্যক্ষের নিক্ট গিয়া উক্ত দশ হাজার টাকা লইয়া আইনে। বিশ্বনাথের নাম শুনিয়া কেহ বাক্নিশিতি করিতেও সাহসী হয় নাই।

অন্ত এক সময়ে, বিশ্বনাথ লোক মুখে শুনিতে পার যে, নদীয়ার অন্ততম নীলকর স্যাম্যেল সাহেবের কুঠিতে কলিকাতা হইতে অনেক টাকা আসিমাছেন সেই কথা শুনিয়া, বিশ্বনাথ স্বকীয় দলবল লাইয়া রজনীযোগে
সাহেবের বালালা আক্রমণ করে। সাহেবের বিবি তথন প্রাণভয়ে আকুল
হইয়া, উপায়াস্তর না দেখিয়া একটা কৃষ্ণবর্ণ ইাড়ে মস্তকে স্থাপন
করিয়া বাটার সীমাস্থিত এক পুন্ধবিণী মধ্যে ভূবিয়া থাকেন। সাহেব
ডাকাইতদিগের হস্তগত ও তার্হাদিগের আড্ডাতে আনীত হয়। ডাকাইতের
সন্দারগণ সাহেবকে বধ করিবার জন্ম উপরোধ করে এবং জনৈক ডাকাইত
শানিত তরবারি উত্তোলন করিয়া সাহেবের প্রাণবধে উদ্যত হয় কিন্ত বিশ্বনাথ
তাহাতে সম্মত্য না হইয়া সাহেব যাহাতে তাহাদের শুপুন্থান প্রকাশ না
করেন এইরূপ শপথ করাইয়া লইয়া, ডাকাইতের হস্ত হইতে অসি কাড়িয়া
লইয়া সাহেবকে ছাড়িয়া দিতে আদেশ করে। এদিকে সাহেব শপথ

নিকট গমন করিয়া অভিনয় সকল কথাই প্রকাশ করিলেন। কিন্তু তদানী-अन পूनिम, विश्वनार्थत एकीस परनत मञ्बोन इहेवात मन्पूर्व आसामा বিবেচনা করিয়া, ইলিয়াট সাহৈব কলিকাতায় লিখিয়া পাঠাইলেন এবং কেলা হইতে দিপাহী পাঠাইতে অমুরোধ করিলেন। তদমুসারে, কলিকাতার ভদানীস্তন ম্যাজিট্রেট সী, ব্লাকরার সাহেব জ্বেণ্ট ম্যাজিট্রেটের ভার গ্রহণ করিয়া ইলিয়ট সাহেবের সহবোগী হইলেন, এবং কলিকাভার ইউরোপীয়ান দৈজ ও বিখনাথের দলবলের স্থাদপ্রদানস্মর্থ কতক্ঞালি শান্তিপুরবাসী উপরগন্তি সঙ্গে লইরা, নদীয়ার উপত্তিত হইলেন। আসিয়াই অনৈক উপরগত্তির মূথে শুনিলেন যে, সেই দ্বি বিশ্বনাথ ডাকাইজি করিছে গমন করিরাছে। এই কথা শ্রবণ করিরা সাহেব সহলে তথার উপস্থিত। रुरेलन जवर किथितन, विश्वनाथित नर्मात्रगण वाणित वाहित्त याणि क्रिया, **ज**ञ्ज স্থাপন ক্রিভেছে, এবং ভাহাদের অপরাপর লোকেরা বাটীর মধ্যে প্রবেশ করিয়া গৃহত্তেব সর্বাধ লুওন করিতেছে। ব্র্যাকরার সাহেব সন্ধারগণের প্রতি অন্তপ্রশোগ না করিয়া জীবিতাবস্থায় বন্দী করিবার জন্ত সিপাহীগণকে আদেশ করিলেন কিন্তু তাহারা তাহা অসম্ভব বলিয়া প্রতিবাদ করিল। সাহেবেরা বহু কটে ও বিবিধ উপায় অবলয়ন করিয়া, উহাদিগ্রে বন্দী क्रिलिन। क्रिक्त विश्वनाथित मक्कान शाहेत्वन ना। व्यवस्थित ১२১६ वक्रांक বা ১৮০৮ খ্রীষ্টাব্দে, উহার দলভূক্ত ছুই একজন ডাকাইডের বিশাস-ঘাতকতার, বিশ্বনাথ ও তাহার কতিপর সঙ্গী এক বনমধ্যে আহারাদির আয়োজন করিতেছে এমন সময়ে পুলিশের হস্তগত হয় এবং ফাঁসিকার্ছে শারোহণ করিয়া স্ব স্ব ছয়ভির ফল ভোগ করে।

তৃতীয় অধ্যায়।

কুশদ্বীপবাসী।

কুশদীপ-বাসীর পরিচয় দিতে হইলে অত্যে ইছাপুরের জমীদার মহাশয় শিগের পরিচয় দিতে হয় ১, পৃৰ্বে বলা হইয়াছে ৺রাঘব সিদ্ধান্তবাগীশ মহাশম ইহাদের আদিপুরুষ। একারণ অত্যে দিদ্ধান্তবাগীশ মহাশয়ের ইতিবৃত্ত লেখা ষাইতেছে। পরস্ত এই ইভিত্ত জনশ্রুতি মূলক। ৺রাঘব সিদ্ধাস্ত-বাগীশ মহাশয় একজন মহাপুরুষ ছিলেন। ইনি শাস্তে যেমন মহামহোপাধ্যায় পণ্ডিত ছিলেন, যোগেও তেমনই বাক্সিদ। ইহার ভার স্তানিষ্ঠ, সংশ্রহত, অধ্যবসামশালী পুরুষ অতি অলুই শ্রুত হইয়া থাকে। ইহার এই অসাধারণ গুণ ও পুণ্যপ্রভাবেই ইহার বংশধর্গণ আজিও কুশহীপের শিরোভূষণ হইয়া র্হিরার্ছেন। বোগদিন্ধি প্রভাবেই ইনি অতুল ঐশর্ব্যের অধীশ্বর হইয়াছিলেন। ইনি সমাট্ আকবর, মহারাজ মানসিংহ ও ভবানন্দ ম্জুমদারের সম্সাম্ত্রিক ছিলেন। ভবানন ধে সময়ে সমাট্ জাহাঙ্গীরের নিকট হইতে ১০১৫ হিজরী বা ১৬০৬ খৃষ্টাব্দে ফ্রম্যান্ প্রাপ্ত হইয়া নদীয়ার অধিপতি হন, তথন ইনিই ইছাপুরের ভূমাধিকারীর আগনে আসীন থাকিয়া কুশ্বীপ পরিচালন করেন। বোধ হয় ১৫৫০ খুষ্টাব্দের পূর্বেট্ট ইনি প্রাছভূতি হন এবং যে সময়ে মহারাজঃ প্রতাপাদিতা দোর্দণ্ড প্রতাপ দহকারে যশোহরে স্বকীয় শাসনদণ্ড পরিচালন করিতেছিলেন, সেই সময়ে ইনিও প্রভূত পরাক্রম ও যশঃসূহকারে কুশদীপের ব্লাজাদন অলম্বত করিতে ছিলেন।

কথিত আছে, রাধব সিদ্ধান্তবাগীশ এরপ ধর্মনিষ্ঠ ছিলেন যে, ইছাপুর হইতে ৮ ভাগীরথী আট্জোশ দ্রবর্তী হইন্মেও, ইনি প্রভাহ প্রভাবে উঠিয়া, ভাগীরথীতে সান করিতে যাইতেন এবং তথা হইতে প্রভাগত হইয়া সিদ্ধান্তবাগীশ মহাশগ্নের সম্বন্ধে এতদ্বেশে অনেক জনপ্রবাদ আছে। তন্মধ্যে মহারাজ প্রতাপাদিতা সম্বনীয় জনশ্রুতিই স্কাপেকা প্রচলিত। সেইজন্ম আমরা নিয়ে উহা প্রকটন করিলাম।

এক সময়ে কোন আন্ধণ কন্সভারগ্রস্ত হইরা মহারাজ প্রভাগাদিত্যের রাজ্যভার গমনোদাত হন। সিদ্ধান্তবাগীশ মহাশর তাহা শ্রবণ করিয়া, সেই আন্ধাকে স্বকীয় সভার আহ্বান করেন এবং মহারাজ প্রভাগাদিত্যের দান-গ্রহণ করিতে নিষেধ করেন। তাঁহার কন্সার বিবাহকার্য্য সিদ্ধান্তবাগীশ মহাশর নিজেই সম্পাদন করেন।

কোনও তৃষ্টাশন এই কথা মহারাজ প্রতাপাদিতোর কর্ণগোচর করে।
তাহাতে মহারাজ প্রতাপাদিতা জোধাদ হুইরা, সিদ্ধান্ধবাগীশকে মমুদ্ধি
দণ্ডবিধান ক্রিবার জক্ত সনৈক্তে ইছাপুরাভিমুখে আগমন করেন ও গোবরভাজার জনতিদ্রে নমুনার দক্ষিণ-পুর্কোশিবির সরিবেশ করেন।

এই কথা সিদ্ধান্তবাগীশ মহাশরের কর্ণগোচর হুইলে, সিদ্ধান্তবাগীশ
মহাশর প্রত্যুবে সানাহ্নিক করিয়া ছদ্মবৈশে মহারাজ প্রতাপাদিত্যের শিবিশ্রে
গমন করিলেন এবং শাল্ত-বিচারে সভাস্থ সকলকেই নিরুত্তর ও পরাস্ত করিল
লোন। এইরূপে সিদ্ধান্তবাগীশ মহাশয় মহারাজ প্রতাপাদিত্যের শিবিশ্রে
২া৪ দিন যাতায়াত করিতে লাগিলেন।

পরিশেষে একদিন সভার গমন করিয়া শাস্ত্রালোচনা করিতেছেন, এমন সমরে হঠাৎ বলিয়া উঠিলেন, "আজি পূর্ণিমা, সক্লে সকাল গাজোখান করা ষাউক।" কিন্তু শে দিন পূর্ণিমা নহে, সম্পূর্ণ জমাবস্যা। ইহাতে সভাস্থ যাবদীয় পণ্ডিত হো হো করিয়া হাসিয়া উঠিলেন এবং এরূপ ভ্রমপ্রমাদের কারণ জিজ্ঞাসা করিলেন। তাহাতে সিমান্তবাগীশ মহাশয় কহিলেন— "মহারাজ। যদি আজি রাত্রিতে চল্লোদয় হইতে না দেখিতে পান, তাহা হইলে তথন আমাকে মিধ্যাবাদী বলিয়া ভর্মনা করিবেন।

এই কথার পরে সিদ্ধান্তবাদীশ মহাশর বমুনা নদীতে স্থান করিয়া নিজ-ভবনে গমশ করিলেন এবং সেই সময় হইতে সন্ধ্যার পর পর্যান্ত যোগাসনে উপবেশন করিয়া জপ করিছে লাগিলেন। সন্ধ্যার কিয়ৎপরে সিদ্ধান্তবাদীশ মহাশয় জপ সম্পান করিয়া উথিত হইলেন এবং পুনরায় মহরাজ প্রভাগা-

দিত্যের শিবিরে গমন করিলেন। সিদ্ধান্তবাগীশ মহাশয়কে দেখিয়া সকলেই
"টাদ কৈ, টাদ কৈ" বিসিন্না বিজ্ঞপ করিতে জাগিল। তথন সিদ্ধান্তবাগীশ
মহাশয় প্রতাপাদিতাকে সম্বোধন করিয়া কহিলেন—"মহারাজ। হন্তপদাদি
প্রকালন করতঃ ক্তন্তদ্ধি হইয়া আমার গাত্র স্পর্শ করুন।—" মহারাজ
তজ্ঞপ করিয়া দেখিলেন, গগনমগুলে পূর্ণচন্দ্র বিমলভাস্বরে বিরাজ
করিতেছেন।

এই অংশক্তিক কাশু দেখিয়া মহারাজ প্রতাপাদিত্য সাতিশন বিশিত হইলেন এবং দিদ্ধান্তবাগীশ মহাশরকে শতমুথে প্রশংসা করিতে লাগিলেন। পরিশেষে মহারাজ প্রতাপাদিত্য গললগ্নীক্তবাসা হইরা দিদ্ধান্তবাগীশ মহাশনের পদতলে পতিত হইলেন এবং তাঁহার পরিচর জিজ্ঞাসা করিলেন।

তথন সিদ্ধান্তবাগীশ মহাশন্ত নিজের প্রকৃত পরিচর প্রদান করিয়া কহি-লেন—"মহারাজ! আপনার খ্যাভিলোপ বা সন্তমনাশের জন্ত আমি ত্রাহ্মণকে আপনার রাজসভার বাইতে নিষেধ করি নাই। আপনি ত্রাহ্মণকন্তার বিবাহ-কার্য্য সমাধা করিয়া দিলে, শুদ্রের দান গ্রহণ কক্ত ত্রাহ্মণকে পতিত করিতেন এবং ত্রাহ্মণকে পতিত করার জন্ত নিজেও পতিত হইতের্ন। মহারাজ আমি সেই জন্তই ত্রাহ্মণকে আপনার নিকট বাইতে নিষেধ করিয়াছিলাম এবং দাতা গৃহীতা উভিয়কেই পাতিতা হইতে রক্ষা করিয়াছি। ইহা ভিন্ন আপনার বিপক্ষতাচরণ করা আমার উদ্দেশ্য নহে।"

সিদ্ধান্তবাগীশ মহাশয়ের এই যুক্তিযুক্ত কথা শুনিরা মহারাজ প্রতাপাদিত্য আরও অধিক সন্তই হইলেন এবং তাঁহার বিরুদ্ধাচরণ করা দূরে থাকুক, যাহাতে সিদ্ধান্তবাগীশ মহাশয় তাঁহার উদ্ধতাচরণাপরাধ মার্জনা করেন, তজ্জ্য শত শত বার কাতরে প্রার্শনি করিলেন।

এইরপে মহারাজের সহিত সিদ্ধান্তবাগীশ মহাশরের স্থাতা স্থাপিত হইলে, সিদ্ধান্তবাগীশ মহাশয় একদিন মহারাজ প্রতাপাদিত্যকে আহার করাইবার জন্ত অহরোধ করিলেন। কিন্ত আমি নিজাধিকার ভিন্ন অন্তর্ত্ত আহার করি না বলিয়া, সিদ্ধান্তবাগীশ মহাশয়ের সেই অমুরোধ প্রত্যাখ্যান করিলেন। ইহাতেও সিদ্ধান্তবাগীশ মহাশয় নিবৃত হইপেন না। তিনি রাজ। একণে প্রতাপপুর আপনার অধিকারভুক্ত হইরাছে। স্থতরাং নিজা-ধিকারে অবস্থিতি করিয়া অনায়াসেই আমার আতিথ্য গ্রহুণ করিতে পারেন।"

এইবার মহারাজ প্রতাপাদিত্য সিদ্ধান্তবাগীশ মহাশর্কে প্রত্যাধ্যান করিতে পারিলেন না। স্থতরাং সিদ্ধান্তবাগীশ মহাশর তাঁহাকে স্নাক্তরণে ভোজন করাইলেন। তদবধি আজি পর্যস্ত সেই স্থান প্রতাপপুর নামে খ্যাত হইরা রহিরাছে।

এই সিদ্ধান্তবাগীশ মহাশয়ের বংশাবলীর সহিত খাঁটুরা গোধরডাঙ্গা প্রভৃতি স্থানের ইতিহাস সমস্তে গ্রথিত এবং ইহার জ্যেষ্ঠপুত্র রামচক্র সার্কভৌষ মহাশবের পুত্র রঘুনাথ চক্রযন্তী চৌধুরী মহাশবের সমবেই তামুলীগণ সপ্তগ্রাম হইতে আসিয়া বড়া, কাওলা, বনগ্রাম, শিস্পপুর, মধুস্দনকাটি, বিষ্পুর, মলিকপুর ও শন্মীপুর প্রভৃতি ছানে বাস করিরাছিলেন এবং তাঁহার সমর হইডেই কুশ্বীপ শুক্লপক্ষের শশধরের ক্লান্ত দিন দিন উন্নতির উচ্চ সোপানে व्याह्बांर्ग कतिशाहिल। पार्थ मराश्क्षिर हेहाशूरतत त्रीशावली, नवत्रक्र, খোড়বাঙ্গালা, নাটমন্দির, দোলমঞ্চ, ও মঠমন্দির প্রভৃতি অপূর্বে কার্য্য-কলাপের অফ্টান করিয়া, ইছাপুরকে অমরাবতীর জায় স্থসমূদ নগরে পরিণত করিয়া যান। বস্ততঃ উক্ত অট্টালিকা সমূহে এরপ শিল্পচাত্রীয় দেখিতে পাওয়া যায় যে উহা দেবনির্দাত বলিয়া বোধ হইয়া থাকে। নেই জন্ত, আজিও এতদখলের লোকগণের বিখাস যে, রঘুনাথ চৌধুরী মহাশয়, প্রপিতামহ সিদ্ধান্তবাগীশ মহাশয়ের স্থায় সিদ্ধ হইয়া দেবশিলী বিশ্বকর্ষা দারা ঐ সকল নির্মাণ করাইয়াছিলেন। এই রঘুনাথ চক্রবর্তী চৌধুরী মহাশ্যুই অমীদারীর বহুল উন্নতি সাধন করেন এবং নবাব সরকার হইতে চৌধুরী উপাধি লাভ করিয়া, বঙ্গদেশীয় ভূসানীগ্রণের শ্রেণীভুক্ত হন।

রত্নার্থ চৌধুরী মহাশ্রের পুত্র রামেশ্বর চৌধুরী ও মধুস্দন চৌধুরী মহাশয়ও পুর্কেশ্ব অটালিকা সমূহের সংস্কার ও পিতৃনির্মিত সৌধাবলী বিদ্ধিত করিয়া ইছাপুরের বহুল উন্নতি সাধন করেন।

100

```
ইছাপুরের চৌধুরী মহাশয়গণের বংশাবলী নিরূপক তালিকা।
```

```
কান্তকুজবাদী।
           ( আদিশূর রাজার বজে বানীত। )
 কাকত্য (হড়োগ্রামবাদী।)
 হৃশভিদান
  ঞীশাস্
  পর্বপতি
শ্ৰীকৰ ৰাখব
   के महा
 নীলকণ্ঠ ঠাকুর
  প্ৰকাপতি
ৰগদীশ তৰ্কাচাৰ্য্য
```

			3	া প ৰ সিদ্ধা প্ত ৰাগী।	1		
১ কুখা, ১ ২ রামচন্দ্র		সাৰ্বভৌম,	৩ সনাত্তন	৪ গোপাশ	क्रम	9	
3	•	রঘুনাথ চ	ক্ৰেৰতী চত্ৰ্বীপ		•		
ब्रांटकत्त्र,	রামেশ্বর	মধুহদন	योगदवङ				
কু শীখন, ব		ঐক্ষদেব,	টাদশেখর,	হ রিরাম			
বা ন দেব	গোৰিক	রাম	* প ঞ্চানন	রামচরণ * (নবঠাকুর) •	হ রিবোশ		
	রামচন্দ্র	1		শ্ৰামচন্ত্ৰ			
		কাণী বর	বিশস্ভর	দেবীবস			বজেখন (দত্তক)
	÷		নারারণ	ইন্ত্রনারায়ণ		বিধৃভূষণ	গঞ্চামণি
				८६ महत्त्र ॣ		र् ग्रा	

্ পঞ্চাননের কন্তা ক্রফনগরাধিপতি মহারাজ শিবচন্তের ভাতা শভুচক্র বিবাহ করেন এবং রামচণের কন্তাকে খেলারাম

অধিকস্ক, মধুস্দন চৌধুরী মহাশরই পিতৃপ্রতিষ্ঠিত দেবমূর্ত্তি গুলির যথারীতি সেবা করাইবার জন্তু ইছাপুর নিবাসী সমধেল প্রাহ্মণগণকে প্রাপ্তক্ত দেবালয় সকলের পরিচারক রূপে মিয়োজিত করেন। পরে, তামুলীগণ খাঁটুরাম বাসত্বন প্রস্তুত করিলে, প্রোহিতের জন্ত উহাদিগের ক্রিয়াকলাপ এক প্রকার বন্ধ ছিল। কিন্তু মধুস্দন চৌধুরী মহাশর সর্বেল মহাশর্মদিগকে ইছাদিগের পৌরহিত্যে নিমোজিত করিয়া দেন। তৎপরে বেড়েলা বৈতি ছইতে তামুগীগণ কর্ত্ব আনীত সাণ্ডিলা প্রাহ্মণগণ লব্ধ প্রতিষ্ঠ হইয়া উঠিলেন।

মধুসদনের পরলোকাত্তে তদীর প্রাতৃপ্ত কাশীধর চৌধুরী মহাশর, বিষয়ধিকারী হন। ইহার সমরেও ইছাপুরের অনেক উন্নতি সাধিত হইরা-ছিল। কাশীধর স্বকীর তৃতীরপুত্র রামচরণের হত্তে জ্মীদারীর ভার অর্পণ ক্রিয়া স্বর্গারোহণ করেন।

রামচরণ চৌধুরী মহাশরের বংশধরগণ নবঠাকুরের বংশ বলিয়া প্রাণিদ্ধ ।
ইহার সমর হইতেই ঘাঁটুরা সোবরভালার ইতিহাস এক নৃতন জগতে পদার্পণ
করেন। এই রামচরণ চৌধুরী মহাশরের নিকট সারসা নিবাসী স্পামাচরণ
মুখোপাখ্যার নামক এক বাজি ঘাঁটুরার পাটোরারি কার্য্যে নিযুক্ত ছিলেন।
ঘাঁটুরার ঘটক মহাশরদিগের বাটার পূর্বেধারে এবং সদর রাস্তার পশ্চিম
ভাগে চৌধুরী মহাশরগণের কাছারি ছিল্। স্থামাচরণ মুখোপাখ্যার
মহাশর সেই কাছারির নায়েব বা পাটোরার ছিলেন। মুখোপাখ্যার
মহাশরের কুলমর্য্যানা ও অসাধারণ গুণরাশি দেখিয়া, রামচরণ মুখোপাধ্যার
মহাশর অত্যন্ত মোহিত হন এবং তাঁহার সহিত নিজ ক্সার পরিণয় কার্য্য
সমাপন করেন এবং ঘাঁটুরার আয়ের অন্তমাংশ সেই বিবাহের যৌতৃক স্বরূপ
স্কীর কন্যাজামাতাকে প্রদান করেন। এই বিবাহে স্থামাচরণ মুখোপাধ্যার
মহাশরের ঘুইপুত্র উৎপর হয়। জ্যেষ্ঠ জগরাণ ও কনিষ্ঠ থেলারাম।

শ্রামাচরণ মুখোপাধ্যার মহাশরের স্বর্গান্তে থেলারাম মুখোপাধ্যার মহাশরই মাতামহ প্রদত্ত জ্মীদারীর অধিকারী হন। শ্রামাচরণ মুখোপাধ্যার মহাশর জ্মীদারীর অংশ পাইরা গোবডাঙ্গার এক প্রকাণ্ড বাটী নির্দ্ধাণ করেন। কিন্তু থেলারাম মুখোপাধ্যার মহাশর পিতার পরলোকান্তে সেই বাটী ত্যাগ করির।

জ্ঞান ক্রমে বাড়াইতে লাগিলেন। এদিকে এই সময় হইতেই চৌধুরী মহাশয় দণের প্রভৃত্ব ও সম্পত্তি হ্রাস হইয়া আসিতে লাগিল এবং তাঁহাদের ভাগ্যলক্ষী মুখোপাধ্যার মহাশরসণেরই অকশান্তিনী হইলেন। এক্রণে, এই থেলারাম মুখোপাধ্যায় মহাশরের বংশধরগণই খাঁটুরা গোবরডাঙ্গার সর্বেদ্র্বা, সমাঞ্চাতি ও একমাত্র ভ্রামী।

অধ্যাপক মণ্ডলী।

এক সমঙ্গে বাঁহাদের বিদ্যার বিমল জ্যোতিঃ কুণদীপকে উন্তাসিত করাতে উহা বন্দের শীর্ষ স্থান বলিরা পরিগণিত হইরাহিল; দেশ বিদেশ হইতে অধ্যাপক ও ছত্রমগুলী বাঁহাদের শুণে আক্রপ্ত হইরা কুশদীপে আগমন করাতে কুশদীপবাসীক পরিচর হইত, রাশ্ব নিজান্তবাগীশ সহাশ্রের পরেই একণে তাঁহাদের নামের তালিকা ও সূল সুল বিবঁরণ প্রকটন করিলাম।

- ১। সার্ত্ত অনন্তরাম বিদ্যাবাগীশ। -
- २। " কালীকিকর তর্কবাগীশ।
- ०। निवायिक शोतस्याह्य छात्रावकात्।
- ৪। 💂 রাম রাম ভকালভার।
- ৫। স্মার্ত্ত ,শভ্চক্র বিদ্যানিধি।
- ৬। " ভৈরীবচক্র বিদ্যাদাপর।
- শ। " বৈয়াকরণিক ও নৈয়ান্ত্রিক রামক্ত তারালভার।
- ৮। " রামপ্রাণ বিদ্যাবাচপাতি।
- ৯। 🔳 त्रायकानाई विष्णाहरू।
- ১০। " নৈয়ামিক রামকুমার ভালপঞ্চীন।
- ১১। ু , বৈদ্য রামগ্রিত বিদ্যানিধি।
- ১২। " বীমরত্ন ভর্ক সিদ্ধান্ত।
- ১৩। ৣ বিশ্বস্তর ন্যাররত্ন।
- ১৪। 🥌 কেদারনাথ কবিক্ঠ।
- ১৫। " কুলীকিন্ধর বিশোভ্যণ।
- 391 SANTAGE CC

```
১৭। 🚆 কবি বামধন ভর্কবাগীশ, কথক।
```

- ১৮। 🚆 কথক উমাকান্ত শিরোমণি। 🛪
- ১৯। " বের্দ্বাকরণিক ও বৈদ্য ভগবান্ বিদ্যালন্ধার—জ্যোতিধী।
- ২০। " রাজীব তর্কভূষণ।
- २)। " नियायिक (शाविनहिक्त छात्रवाशीन।
- ২২। ু কালাচাঁদ তৰ্কবাগীশ।
- ২৩। ু কালীচরণ বিদ্যারত্ব।
- ২৪। "দশকর্মবিদ্হরমোহন সার্কভৌষ।
- ২৫। ্র কথক ধরণীধর শিরোমণি।
- ২৬। " যহনাথ চূড়ামণি।
- ২৭। " সাহিত্যাধ্যাপক শ্রীশচক্র বিদ্যারত্ন ।

অনস্তরাম বিদ্যাবাগীশ, কালীকিন্ধর তর্কবাগীশ ও গৌরমোহন স্থামান্তরার—খাঁটুরায় আসিয়া রপনারায়ণ বন্দ্যোপাধ্যার মহাশবের যে সমস্ত সন্তান সন্ততি জন্মগ্রহণ করেন, তাঁহাদের সকলের মধ্যে উপরি উক্ত তিন মহান্ত্রাই শাল্রান্থশীলনে সর্ব্বাপেকা বিখ্যাত ছিলেন। ইহাদিণের মধ্যে প্রথমোক্ত হুইজন স্থতিশাল্রবিশারদ ছিলেন। কালীকিন্ধর তর্কবাগীশ, অনস্তরাম বিদ্যাবাগীশ মহাশবের ছাত্র ছিলেন। কিন্তু ঘটনাক্রমে উভরের মধ্যে মনাস্তরছিল। কলিকাতার হাতীবাগানে অনস্তরাম বিদ্যাবাগীশ মহাশবের এক চতুশাতী ছিল এবং তিনি অনেক ছাত্রের অধ্যাপনাকার্য্য সমাধা করিতেন। শোভাবাজারের রাজবাতীতে অনস্তরামের বিলক্ষণ প্রতিপত্তি ছিল। একদা ঘটনা ক্রমে আনস্তরাম রাজবাতীতে এক ব্যবস্থা দেন। ঐ ব্যবস্থা ভ্রম-সন্ধূল। স্তর্বাং অস্ত্রান্ত অধ্যাপকগণ তাহাকে অনস্তরামের দোব প্রদর্শন করিয়া অনন্তরামকে অপদস্থ করিবার উপক্রম করেন। তথ্ন অনন্তরাম বিচারার্থী হইলেন। তদন্ত্র-সাবে শোভাবাজারপতি যাবদীয় ব্রাপ্রণমণ্ডলীকে আহ্বান করিয়া অনন্তরামের সহিত্ত বিচার করিবার জন্ত এক দিনস্থির করিলেন।

এদিকে অনন্তরাম স্বকীয় ব্যবস্থার ভ্রম দেখিতে পাইলেন এবং মহাভীত হইয়া সত্তরে কালীকিস্করের নিকট উপস্থিত হইলেন। কালীকিস্কর ছাত্রগণকে

কুশদীপকাহিনী।

ছারে উপস্থিত হইলেন। কালীকিঙ্কর, শশব্যস্তে গাত্রোখান করিয়া সাষ্টাঙ্গে প্রণিপতি পূর্বক গুরুদেবের পদধূলি গ্রহণ করিলেন এবং এরূপ অতর্কিত-ভাবে আসিবার কারণ জিজ্ঞাসা করিলেন।

তথন অনন্তরাম কালীকিন্ধরকে নিভতে লইয়া গিয়া কহিলেন,— 'বৎস ॥
কালি ! এইবার আমার সর্বনাশ হইল !—তথন কালীকিন্ধর মহা বিশ্বিত

হইয়া কহিলেন, "কেন ? কি হইয়াছে ?"

অনস্তরাম আনুপ্রিক সমস্ত বিবরণ প্রকাশ করিবেন। তথন কালীকিন্ধর গুরুকে আশাস প্রদান করিবা কহিলেন—"ভর নাই! কালি যথন
আপনি সভায় গমন করিবেন, তথন শিব্যবেশে আমাকে সঙ্গে লইয়া মাইবেন
এবং নিজে বিচার না করিশা আমার উপরেই বিচার-ভার প্রদান করিবেন।
পরে যখন আমি বিচারে পরাভ্তক্ইব, তথন কথা কহিবেন।—

কাশীকিকর শুরুকে এইরূপ প্রবোধ প্রদান করিয়া বিদায় করিলেন এবং
সে দিন ছাত্রবর্গকে আর পাঠ না দিয়া, উক্ত ব্যবস্থার পক্ষপুরক একথানি
ব্যবস্থা চূর্ণক প্রস্তুত করিতে লাগিলেন সমস্ত দিবারাত্রি পরিশ্রম করিয়া
কালীকিল্লর সেই চূর্ণক থানি প্রস্তুত করিলেন এবং ২১৫ ইইতে আরম্ভ করিয়া
উক্ত চূর্ণকের পত্রাক্ত প্রদান করিলেন। পরে চূর্ণক থানি মথাস্থানে স্থাপন
করিয়া স্থানাহ্নিক সমাপন করিয়া শুরুদেবের প্রতীক্ষা করিতে লাগিলেন।
এদিকে, তাঁহার শুরুদেবেও মথা সময়ে উপস্থিত ইইলেন। কালীকিকর শুরুদ্ধ
সম্ভিব্যাহারে রাজবাটীতে গমন করিলেন। গমনকালে কালীকিকর একজন
ছাত্র সঙ্গে লইয়া গেলেন।

এদিকে, অধ্যাপকগণ সকলেই অনস্তরামের প্রতীক্ষা করিতেছেন এবং অনস্তরাম আনিতেছেন না দেখিয়া, অনস্তর্যমু লজ্জায় প্লায়ন করিয়াছেন, সকলেই এই বলাবলি করিতেছেন, এমন সময়ে অনস্তরাম সন্যায় সভায় উপ্রিত হইলেন এবং সর্বাগ্রে কালী কিন্তরকে দেখাইয়া ছাত্রের সহিত বিচার করিতে কহিলেন। কালী কিন্তরের সহিত সকলেরই ঘোরতর বিচার হইল, কিন্ত কেহই কালী কিন্তরের সহিত পরভেব করিতে পারিলেন না। বরং কালী কিন্তর সেই চুর্গকের দেখাই দিয়া সমুলাভ করিলেন। তথন অধ্যাপকসগুলী সেই চুর্গকের দেখাই দিয়া সমুলাভ করিলেন। তথন অধ্যাপকসগুলী সেই

চুর্বিধানি বেস্থানে ছিল, বলিয়া দিয়া আনিতে আদেশ করিলেন এবং কহি-লেন সমস্ত চূর্বিধানি না আনিয়া শুদ্ধ চূর্বনের ২১৫ পৃষ্ঠা হইতে ২৫০ পৃষ্ঠা পর্য্যস্ত আনিও। ছাত্র ভাহাই করিলেন। তথন অধ্যাপকবর্গ প্রকৃত চূর্বক দেখিয়া বিশ্বিত হইলেন ও কালীকিন্ধরের নিকট পরাভব স্বীকার করিলেন। পরে গুরু ও শিষ্য উভয়েই মহাহর্ষে বাটীতে আগমন করিলেন।

এদিকে কাণীকিন্তর ভাবিলেন, সভার জয়লাভ করিয়াছি বটে, কিন্তু এ ব্যবস্থাস্থারে কার্য্য ইইলে, কার্য্যটী নিভান্ত পশু হর। ভক্ষপ্ত তিনি ভং পরদিন শুরুদেবের সভিত রাজ বাটীতে গমন করিয়া রাজাকে কথিলেন— "মহারাজ। মভান্তরে এইরূপ ব্যবস্থা আছে বটে, কিন্তু বঙ্গদেশে এ মতানুসারে কোন কালে কার্য্য হয় নাই। অধ্যাপক মহাশয়গণ যে ব্যবস্থা দান করি-ছেন ভদনুসারেই ক্রিয়া নিষ্পার হয়। স্তরাং আমার মতে অধ্যাপক মহাশয়-গণের ব্যবস্থানুসারেই আপনি কার্য্য সমাধা করুন। কালীকিন্তরের এই মুক্তিযুক্ত কথা শুনিয়া সকলেই সম্ভন্ত হইলেন ও একবাক্যে সকলেই কালী-কিন্তরকে সাধুবাদ প্রদান করিতে গাগিলেন।

এক্ষণে অনন্তরাম ও কালীকিয়র উভয়েই পরলোকগর্ভ ইইয়াছেন। কিছুদিন হইল, গোবিলা ভারবাগীশ নামে খাঁটুরাতে বে একজন নৈয়ায়িক পণ্ডিও
ছিলেন, তিনি অনন্ত বিদ্যাবাগীশ মহাশরের প্রপৌত্র। কালীকিয়রের
চক্রকান্ত নামে এক পুত্র ছিল। কিন্তু এক্ষণে কালীকিয়র নির্বাংশ ইইয়াছেন।
ইহার রচিত অনেক কবিভা আমাদের দৃষ্টিপথে পভিত ইইয়া থাকে। ইনি
স্বহন্তে বেসকল গ্রন্থ লিখিয়াছেন সেই সকলের শেষেই নিজ নামের ভনিভা
ও যে শকে লিখিভ তাহার এক একটা কবিভা লিখিয়া গিয়াছেন। বাঙ্গালা
১১৫৯ সালে কালাকিয়র বিদ্যুক্তর ছিলেন। এই কালীকিয়র কোন সরকারি
কার্য্যে বেতন গ্রহণ করিয়া, য়েছেরে বৃত্তি গ্রহণ অপরাধে স্বজার্ডীয়ের নিকট
বিলক্ষণ অপদস্থ হন।

গৌরমোহন স্থায়ালকার—ইনিও রূপনারায়ণ বন্দ্যোপথ্যায় মহাশয়ের বৃদ্ধ প্রপৌত্র। কলিকাভায় হাভিবাগানে ইহারও চতুস্পাঠী ছিল এবং তাহাতে ছাত্রগণ অধ্যয়ন করিত। চিনিপটীর বিখায়ত দোকানদার ভবানীপ্রসাদ ধারা সময়ে বিশেষ আমুকুলুক্পাইতেন। ইহারই বৃদ্ধ প্রপৌত্র যত্নাথ
চূড়ামণি একজন গুণশালী কুথক হইয়াছিলেন। কিন্তু তঃখের বিষয়, ইহার
গুণগ্রাম প্রদারিত না হইতে হইতেই ইনি মানবলীলা সম্বণ করেন। যত্নথের পুত্র অন্নদাচরণ বন্দ্যোপাধ্যার আজিও বর্তমান সহিয়াছেন।

রামরাম তর্কালকার—ইনিও রূপনারায়ণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের অন্ততম বৃদ্ধ প্রপৌজ এবং ইনিই বর্তমান বড়বাড়ীর শান্তিলাগনের আনিপ্রের। খাঁটুরায় আদিয়া রূপনারায়ণের যে সকল সন্তান সন্ততি হয় তাঁহাদিগের সকলের মধ্যে ইনি সর্কাপেকা জ্ঞানালোকসম্পন্ন ও বিখ্যাত। চিকিৎসা শান্তেও ইনি বিলক্ষণ পারদর্শিতা লাভ করিয়াছিলেন। ইনি মহায়াল ক্লফ্লিক্রের পৌজ শভ্চক্রের সমসাময়িক ছিলেন এইার নির্দ্ধিট চতুস্পাতি ছিল না। ইনি সর্কাশান্তে মহামহোপাঝার পতিত ছিলেন বটে, কিন্তু ইনি প্রধানতঃ চিকিৎসা ব্যবসার অবলম্বন করিয়াই জীবিকা নির্দ্ধাহ করিতেন। ইহার সময় হইতেই বড়বাড়ীর শান্তিলারা ধনাতা হইয়া উঠেন। ইহার সম্বন্ধে একটী গল্প প্রচলিত আছে।

এক সময়ে ইনি কোন অধ্যাপক সভায় বিচারার্থে নিমন্ত্রিত হন। সেই
সময়ে মহারাজ শস্ত্চক্রের সভাপতিও তথায় নিমন্ত্রিত হইয়া আগমন করেনী।
পরস্পর বিচারাদির পরে, ইনি কথায় কথায় মহারাজ শস্ত্চক্রেরীনন্দাবাদ
করেন।

কিয়দিবদ পরে মহারাজ শস্তুচক্রের সভাপণ্ডিত দেই কথা মহারাজের কর্ণগোচর করেন। তাহাতে মহারাজ নিতান্ত কুপিত হইয়া রামরামকে ধরিবার
জন্ম চারিজন সোয়ার (জায়ারোহী দৈয়া) পাঠাইয়া দেন। রামরাম এই
কথা শুনিতে পাইয়া, তুই দিন বাটীর মধ্যে ল্ট্রুরিত থাকেন। কিন্তু পরিশেষে
দেখেন, এরপ ল্কাইয়া থাকা বিদ্রুষনা মাত্র। আজি কালি বা তুই দিন
পরে অবশ্রই ধরা পড়িতে হইবে। এই ভাবিয়া রামরাম অগত্যা ধরা দেন
এবং উক্ত অস্থারোহী চতুপ্তরের সহিত রাজ সভায় গমন করেন। রাজ সভায়
উপ্তিত হইবামাত্র মহারাজ শস্তুচক্র কিছুমাত্র বিচার না করিয়া, রামরামকে
য়াবজ্জীবনের জন্ম করেন।

कि अगरम जीवाका करे

থাকেন। রাজ সংসারে তথন ছইজন খ্যাক্সামা রাজবৈদ্য ছিলেন। তাঁহারা ক্রমাগত করেক দিন পর্যান্ত দেখিয়া, রাজকুমারের পীড়ার কিছুমাত্র শান্তি করিতে পারিলেন না। একদিন রাজমহিষী উচ্চৈ:স্বরে কাঁদিয়া উঠিলেন। সক্ষি সঙ্গে অন্তঃপ্রচারিলী সকলেই কাঁদিয়া উঠিল ও অন্তঃপ্রে মহা গোলোযোগ উপস্থিত হইল।

এই কথা মহাপাজের কর্ণগোচর হইল। স্তরাং মহারাজ অত্যস্ত উরিগ্ন হইরা শশবাতে মহিষা সমীপে আগমন করিলেন। মহিষী নরপতিকে দেখিয়া আরও উজৈঃস্বরে কাঁদিতে লাগিলেন এবং কহিলেন—

"মহারাজ। যদি থাঁটুরার রামরাম তর্কালন্ধার ইইতেন, তাহা ইইলে এত দিন কোন্ কালে রাজকুমার হুএরোগ্য লাভ করিতে পারিতেন। আপনার অনেক মহিবা আছেন, অনেক পুত্র সন্তান ইইবারও সন্তাবনা আছে। কিন্তু মহারাজ। ছংখিনার এইটীই একমাত্র অঞ্লের ধন, অন্ধের ষষ্টি। আমি ইহাকে হারাইয়া কিরুপে জীবন ধারণ করিব ?

শুনিরা মহারাজের হুদর বিগলিত হইল; নয়ন যুগল অকসাৎ জলভারে
পূর্ণ হইয়া আসিল। মহারাজ আর অন্তঃপুরে থাকিতে পারিলেন না।
তৎক্ষণাৎ ক্রতপদে রাজসভায় আসিয়া, মন্ত্রীকে কহিলেন্—"মন্ত্রিনৃ! এখনই
থাঁটুয়ার সোয়ার পাঠাইয়া রামরাম তর্কালয়ারকে লইয়া আইয়। রাজীর
মূথে শুনিলাম উক্ত তর্কালয়ার মহাশয় নাকি জনৈক বিখ্যাত করিয়াজ।
যথন রাজবৈদ্যেরা এই কয় দিনে কিছুই করিতে পারিলেন না, তখন একবার
তাহাকে আনাইয়া দেখান কর্ত্ব্য। আয়ু কেইই দিতে পারিবে না; তরে
মনের ক্ষোভ রাথিবার প্রয়োজন নাই।"

শুনিয়া মন্ত্রা কহিলেন—"মুহরোজ! খাঁটুরায় সোয়ার পাঠাইবার প্রয়োজন নাই। রামরাম তর্কালঙ্কার রাজবাটীতেই বন্দীতাবে বাস করিতেছেন। তিনি রাজনিন্দাপরাধে যাবজ্জীবন কারাবদ্ধ আছেন।—"

মন্ত্রীর কথা শুনিয়া মহারাজ তৎক্ষণাৎ রামরামকে কারাগার হইতে আনয়ন করিতে আদেশ করিলেন এবং স্বয়ং তাঁহাকে সঙ্গে লইয়া সভঃপুর মধ্যে প্রবেশ করিলেন। আদেশ করিলেন এবং যাহাতে রাজকুমার সে যাত্রা রোগ হইতে মুক্তিলাভ করিতে পারেন, ডজ্জ্জা বিশেষ শ্লেমুরোধ করিলেন।

রাজার কথা শুনিয়া রামরাম কহিলেন—"মহারাজ। যথন বৈদাক্শতিলক প্রালির রাজবৈদাবর ক্যারের চিকিৎদা করিতেছেন, তথন আমি সামাল্য লোক হইয়া কিরপে ক্যারের চিকিৎদা করিব ?—তবে যথন মহারাজ আদেশ করিতেছেন, তথন আমি অবশুই দেখিতেছি।—" এই বলিয়া তর্কালয়ার মহাশয় ক্যারকে বিশেষ করিয়া দর্শন করিলেন। পরে কহিলেন—মহারাজ! ক্মাবরের গীড়া অতি দামাল্য মাত্র। বোধ হয় তিন দিনেই এ পীড়া আরাম হইতে পারে। কিন্তু মহারাজ! আমার নিকট কোনও ঔষধ নাই। পরের প্রস্তুত ঔষধও আমি ব্যবহার করি না।"

কুমারকে জিল দিলে আরাম করিবার কথা গুনিয়া, মহারাজ নিরজিশর বিশিত হইলেন কিন্ত ঔষধের গোলবৌগ গুনিয়া নিতাত উলিয়ও হইলেন। এবং তর্কালকার মহাশয়কে তাহার উপার জিজ্ঞানা করিলেন।

তথন তর্কালয়ার মহাশয় কহিলেন—"মহারাজ চিন্তিত হইবেন না। যথন
আমার উপর মহারাজ এককালে নির্ভন্ন করিয়াছেন, তথন অবশ্রই আমি
উহার উপায় অবধারণ করিতেছি।" 'এই বলিয়া তর্কালয়ার মহাশয় ছই জন
ভূত্য সঙ্গে গইয়া অঙ্গল মধ্যে প্রবেশ করিলেন এবং ছই চারিটী গাছ গাছড়া
সংগ্রহ করিয়া আনিলৈন। পরে তাহাতেই তৎক্ষণাৎ ঔষধ প্রস্তুত করিয়া
কুমারকে সেবন করাইলেন। ছইদিন ঔষধ সেবন করাইয়াই কুমার বিজ্ञর
হইলেন। ভূতীয় দিবসে কুমারকে পথ্য দিবার বন্দোবস্ত করিলেন। কিন্তু
ইহাতে মহারাজের বিশ্বাস হইল না। স্পত্রাং তিনি রাজবৈদ্যভম্বকে অন্তঃপুরে
আহ্বান করিলেন এবং কুমারের রোগমুক্তি ইয়াছে কি না পরীকা করিতে
আদেশ করিলেন।

রাজবৈদ্যদ্বর কুমারকে বিশেষরপে পরীক্ষা করিয়া দেখিলেন, কিন্তু রোগের কোনও লক্ষণ দেখিতে পাইলেন না। স্কুতরাং রাজবৈদ্যদ্বর আর কোনও আপত্তিনা করিয়া অগ্তাা তর্কালদ্বার মহাশধ্বের ব্যবস্থার স্থাতি প্রদান করিলেন। এবং উহা আস্থ্রিক চিকিৎসা বলিয়া নির্দেশ করিলেন। মহারাজ তর্কালভার মহাশরের এই অহুত ক্ষমতা দেখিয়া অতাস্ত আশ্চর্যা হইলেন এবং রাজসভার আহ্বান ক্ষিয়া, এক যোড়া স্ভার ক্ষিত্ত ও নগদ ে টাকা প্রদান করিয়া, রাজকুমারের প্রাণের নিজ্ঞার স্বরূপ তর্কালভার মহাশয়কে কারামুক্ত ক্ষিয়া প্রাণ দান করিলেন।

ভর্কালয়ার মহাশয় মুক্তি লাভ কবিয়া, মহায়ালকে বথোচিত আশীর্কাদ করিলেন এবং বথেষ্ট পুরস্কৃত হইয়াছেন বলিয়া বারস্থার ধন্যবাদ প্রদান করিতে লাগিলেন।

মুক্তি লাভ করিয়া তর্কাল্যার মহাশয় নিজভবনে প্রত্যাগমন করিতে অভিনাম করিলেন এবং মহারাজের আদেশ প্রার্থনা করিলেন কিন্তু আরও বহু চারি দিন থাকিয়া কুমারটে সান করাইয়া, সদেশে প্রত্যাগমন করিতে মহারাজ আদেশ করিলেন। স্ত্রাং তর্কাল্যার মহাশয় আরও ২৪ দিন রাজনাটিতে অবস্থিতি করিয়া অসংশ্রিতরূপে কুমারকে আরোগ্য করিয়া স্থতনে প্রত্যাগমন করিলেন।

তর্কালকার মহাশন মহারাজের নিকট হইতে বিদান হইলে, রাজী তর্কালক্ষার মহাশরের বিদারবার্তা শ্রবণ করিলেন এবং পুত্রের প্রাণদাতা ক্ষিরাজের
রীতিমত পারিতোষিক হন্ন নাই শুনিরা পুনরার কাঁদিতে লাগিলেন।

সেই কথা মহারাজের কর্ণগোচর হইল। মহারাজ আবার কোন বিপদাশস্বা করিয়া শশব্যত্তে রাজ্ঞীর নিকটে আগমন করিলেন এবং রোদনের কারণ জিজ্ঞাসা করিলেন।

তথন মহিনী কহিলেন—"মহারাজ! এখন দেখিতেছি, ঘর্ণীন একজন বৃদ্ধ ব্রাহ্মণের প্রণের সহিত আমার পুত্রের প্রাণ এক করিয়াছেন, তখন আমার পুত্রে আব্যোগ্য হওয়া অপেক্স মৃত হইলেই ভাল হইত। কারণ, আপনার পুত্রের প্রাণরক্ষা করিয়াছে নলিয়া, আপনিও ব্রাহ্মণকে কারামুক্ত করিয়াছেন। স্তরাং আমার পুত্রের প্রাণ ও বৃদ্ধ ব্রাহ্মণের প্রাণ আপনার বিবেচনায় একই দাঁড়াইয়াছে। অতএব আমার পুত্রের মরণই ভাল ছিল।

ইহা শুনিয়া মহারাজ অত্যস্ত লজ্জিত হুইলেন এবং রাজ্ঞীকে সীল্বনা করিয়া তৎক্ষণাৎ রাজসভায় আগমন করিলেন ও গুনরায় তর্কাল্কারকে আনাইবার ক্রম সেয়ের প্রামান্ত্রা জিলেন। এজিকে জ্রুলিকার মুঁলাগ্য প্রায় বারীক নিকট আসিরা পৌছিরাছেন, ছই এক ক্রোশ মাত্র অবশিপ্ত আছে, এমন সমরে অখারোহীগণ আসিরা পথিমন্ত্রা তর্কালকার মহাশরের পথরোধ ক্রিল ও মহারাজের আদেশ জ্ঞাপন করিল। সেই কণা শুনিরা তর্কালকার মহাশর সাতিশর জীত হইলেন; কিন্তু কি করিবেন, রাজাদেশ অবশুই পালন করিছে ছইবে, এই ভাবিরা পাল্কী ফিরাইরা পুনরার রাজসভার উপনীত ছইলেন।

রাজস্মীপে উপস্থিত হইবামাত্র রাজা কহিলেন—তর্কালয়ার মহাশয়!
আপনি বে প্রস্থার পাইরাছেন তাহা কুমারের পথ্য প্রদান করিবার জন্মই
আপনাকে দেওয়া হইরাছে, নত্বা আপনি এখনও প্রস্তুত প্রস্থার প্রাপ্ত হন
নাই। আজি হইতে গাঁটুরার স্লিকটে আপনাকৈ ২৫০ বিখা ভূমি ব্রশ্নোভার
শান করিলামণ আপনি পুত্র পোতাদি ক্রমে তাহা ভোগ করিবেন এবং এই
লাল বোড়াটা ও নগদ ৫০০০ টাকা পাথের স্বন্ধণে গ্রহণ কর্মন।—"

এই বলিয়া ভর্কালয়ার মহাশয়কে বিদাধ করিলেন। মহিবীও উপযুক্ত
দানের কথা ভনিরা যথেষ্ট প্রীত হউলেন। বাঁটুরার বন্দ্যোপাধ্যায় মহাশরেরা
যে ব্রক্ষোত্তর উপভোগ করেন, সেই ব্রক্ষোত্তর ভর্কালয়ার মহাশয়ই এইরুপ্রে
মহারাজের নিকট প্রাপ্ত হইয়াছিলেন।

রামরাম তর্লালভার মহাশন্ম রামহরি, রামশকর, শিবশকর, কালী-শকর ও রামপ্রাণ এই পাঁচ পুত্র রাধিয়া বৃদ্ধ বন্ধসে কালী যাত্রা করেন। কিন্তু তুর্ভাগ্যবশত: তাঁহার মৃত্যু বাঁট্রাতেই হইয়াছিল। পরবর্ত্তী প্রভাবে পাঠকগণ তবিষয় জ্ঞাত হইবেন।

রাম প্রাণ—বিদ্যাবাচপতি।—ইনি রাম রাম তর্কালকার মহাশয়ের কনিষ্ঠ পুত্র। বালাজীবনে রামপ্রাণ অত্যন্ত ত্র্কৃত ও ইংটোর বলিয়া প্রাণিজ ছিলেন। সেই জন্ত ইহারে পিতা ও ভাত্তগণ কেহই ইহাকে ভাদৃশ ভাল বাসিতেন না। এক সমরে কথার কণায় এক দিন তর্কালকার মহাশয় রামপ্রাণকে অভিশন্ন ভংগনা ও তিরকার করেন এবং "যা আমার বাটী হইতে দ্র হ," আমি ভোর্ ম্থাবলোকন করিতে চাহি না" ব্লিয়া বাটী হইতে চলিয়া বাইতে আদেশ করেন।

এই কথা শুনিক্ষ বামপান মান প্র কটে ত্রুভিক্ত কল

না বলিবা, বিবাদী হইবার ইচ্ছার, বাটী হইতে বহির্গত হন। রামপ্রাণ বাটী ভাগি করিবা ক্রমাগত পদত্রকে চলিরা রঙ্গপুরে উপস্থিত হন। রামপ্রাণ তথাকার চতুপাঠীতে বিদ্যাবাচপতি উপাধি প্রাপ্ত হইলেও, পিতার ব্যবসারের অনুসরণ করেন। স্কুতরাং রঙ্গপুরে গিরা তাহাই তাহার জীবিকার্জানীর এক-মাত্র উপায় স্কুলপু হইল।

ুই সময়ে রঙ্গপুরৈ জনৈক কৃতিয়াল ইংরাজ সন্ত্রীক বাস করিতেন। কোনও দিন তাঁহার পরিবারের পীড়া হয়। সেই সমরে রঙ্গপুরে রামপ্রাণেরই বিশেষ প্রসর বৃদ্ধি হই মাছিল। স্বভরাং কৃতিয়াল সাহেব রামপ্রাণকে স্ত্রীর চিকিৎসা করিবার জন্ত নিরোগ করেন। ভাগ্যক্রমে রামপ্রাণের চিকিৎসাতেই বিবি নিয়তি লাভ করেন। ইহাভোলাহেব রামপ্রাণের উপর বিশেষ সম্ভট হন।

বিবি সম্পূর্ণ রূপে আরোগ্য লাভ করিলে সাহেব রক্তপুর ত্যাগ করিয়া কলি-কাতার আসিরা বাস করিতে কৃতসংকর হল। স্থতরাং তিলি এক দিন রাম-প্রাণকে ডাকিয়া বলেল বে, কবিরাজ মহাশয়। একবে আমার আর এখানে থাকিবার ইচ্ছা নাই। আমি একবে কলিকাতার গিরা থাকিব। আমার এখানে বাহা কিছু আছে, আমি সেই সমস্তই আপেনাকে দিরা বাইডেছি। আপনি সমস্তই বুঝিরা লউন্।—"

রামপ্রাণ, সাহেথের অভিনাষামূরণ কার্যা করিলেন এবং সাহেব রঙ্গপুর হইতে বিদার গ্রহণ করিলে, রামপ্রাণও সেই স্থান ভ্যাগ করিয়া বাটা আসিতে ইচ্ছুক হইলেন। স্কুতরাং সাহেবপ্রদত্ত যাহা কিছু সম্পত্তি পাইয়াছিলেন, সমস্তই বিক্রের করিয়া বিপুল অর্থ সংগ্রহ করিলেন এবং ছালা বন্দী করিয়া গোহানে বোঝাই দিয়া, সেই বিপুল ধনরাশি নিজ বাটীতে আনম্বন করিপেন।

বাটাতে আসিয়া রামপ্রাপ্ত মহাড়মর সহকারে বাস করিতে লাগিলেন।
এদিকে, নানাবিধ ক্রিয়া কলাপেরও অনুষ্ঠান করিলেন। ইহা দেখিয়া রাম-প্রাণের অন্যান্য ভ্রাড়গণ বিষম স্বর্ধান্তিও কুপিত হইয়া উটিলেন এবং রাম-প্রাণের নিকট বিষয়ের অংশ প্রার্থনা করিতে লাগিলেন। কিছু রামপ্রাণ কিছুতেই ভ্রাত্রগণকে স্বোপার্জিত ধনের অংশ দিতে স্বীরুত হইলেন না।
প্রত্যুত, রামপ্রাণ ভ্রাত্বিরোধের হস্ত হইতে পরিত্রাণ পাইবার ইচ্ছায়
বামোড়ের ধারে ৮ চন্তী পীঠের দক্ষিণাংশে এক কালীবাহ্নী ও নিক ভ্রাসন

বাটী নির্মাণ করাইলেন। এবং ভাতৃসধের সহিত পৃথক্তাবে বাস করিতে

এদিকে, প্রাভূগণ কোন রূপেই রামপ্রাণকে বনীভূত করিতে না পারিয়া, ৮ কাশীধামে পিতৃ সরিধানে সমাদ প্রেরণ করিলেন। এবং সদেশে আসিয়া গিতাকে বিবাদ ভঞ্জন করিয়া দিবার জক্ত জন্মরোধ করিলেন। বৃদ্ধ রামরাম কি করেন, পুরেগণের সেই জন্মরোধের বশবর্তী হইরা, জগত্যা ৮ কাশীধাম ত্যাগ করিয়া বাটী আদিলেন। কিন্তু গুংগের বিষয়, এখানে আসিয়া সপ্তাহ-কাল জত্তীত না হইতে হইতেই, বিষয় জররোগে জাক্রাক্ত হইরা এই থানেই জন্মত্যাগ করিলেন এবং বে ভাশীলাভ ইচ্ছান্ন বহদিন ধরিয়া কাশীবানী হইনাছিলেন, সেই কাশী প্রাথির আশরে জন্ম নিজেল করিলেন। প্রেগণকে রামপ্রাণের উপার্জিত অর্থের জংশপ্রদান করাইতে গারিলেন না, নিজের কাশীলাভক ছটিয়া উঠিল না। সাহা ইউক, এই সমন্ন হইতেই রামপ্রাণ দোল গুর্গোৎসব প্রভৃতি, বাবদীয় ক্রিয়া কলাপ করিতে প্রবৃত্ত হইলেন এবং নিজগুণে খাঁটুরার মধ্যে সর্মেসর্মা হইরা উঠিলেন।

পিতা ও লাত্গণের সহিত সম্প্রীতি না থাকিলেও, রামপ্রাণ, উদারু, পরোপকারী ও অত্যন্ত স্বন্ধনপ্রির ছিলেন। তিনি চিকিৎসা ব্যবসার অবলম্বন করিয়া. অনেকেরই প্রাণরকা করিতেন। এতত্তির, প্রতিদিন প্রত্যুবে ও বিবাদে সকলের বাঁটাতে বাটাতে লমণ করিয়া, কে কেমন আছে, কাহার কিয়ণে জীবন্যাত্রা নির্মাহ হইতেছে, কাহার সন্তান ভাতা বা স্বামী রীডিমত সংসার থরচ পাঠাইতেছেন কি না, প্রভৃতি বিষয়ের স্বাদ লইতেন। উহার মধ্যে যদি কাহারও অর্থের অপ্রভুল নিবন্ধন সংসার অচল দেখিতে পাইতেন তাহা হইলে তৎক্ষণাৎ তাহাকে তাহার অত্বাহারুল পর্যা পর্যাদের কর্মান্তান করিছেন আহা নিজের টাকা আদার করিয়া লইতেন। রামপ্রাণের এই সদাশমতার জক্ত সকলেই রামপ্রাণকে প্রাণের মত ভাল বাসিত ও দেবতার স্তামী পৃদ্ধা করিত। কুদাচ কেই তাহার বাকোর অস্ত্র্থাচরণ করিতে পারিত না। প্রামে কে কোন বিবাদ বিস্থাদ হইত, রামপ্রাণ্ই

বাবহারের জন্ম, আজিও তাঁহার বাটী "বড় বাটী" বলিয়া প্রসিদ্ধ হইয়া বহিয়াছে।

রামপ্রাণ মৃত্যুকালে পাঁচ পুত্র রাধিয়া পতায় হন। (১) রামরতন (২) কেদার, (৩) রামধন, (৪) রাধামোহন ও (৫) উমাকাস্ত।

রামপ্রাণের সমরে অনেকগুলি মহামহোপাধ্যার পণ্ডিত খাঁটুরাভূমি আলোকিত করেন। উইাদিগের মধ্যে রামক্ত স্থায়বাচস্পতি ও গৌরমণি স্থায়ালকার স্ক্রিধান। বলিতে কি, ইহারাই কুশ্বীপের মুধ উজ্জল করেন এবং ইহাদিগের চতুষ্পাঠীতে নবৰীপ, ভটুগল্লী, কাশী ও জাবিড় প্রভৃতি সকল স্থান হইতে ছাত্রগণ আসিয়া অধ্যয়ন করিতেন। ইহাণের উভয়ের নিকট অধ্যয়ন করিয়া, গাঁটুরার অফেকেই বিলক্ষণ জ্ঞানালোক সম্পন ইইয়া-हित्सन। रञ्ज अंडिवात बाक्यमञ्जी এक्षिन रिव अत्योकिक कानात्मारकः ू দাকিণাত্য ও মাদ্রাজ প্রেসিডেন্সি পর্যান্ত বিমোহিত করিয়াছিলেন, দিখিল্মী মহামহোপাধ্যায় পণ্ডিত বলিয়া সর্বত্ত আখ্যাত ত্ইয়াছিলেন, আকণ মাত্তেই অস্ততঃ ব্যাক্রণ, সাহিত্য ও দশক্রস্কান সম্পন্ন ইইডেন, ভাহা রামক্র জায়বাচপাতি এবং গৌরমণি জায়ালভারের অসাধারণ অধ্যাপনারই মধুময় ফুল। ইহাদিগের সময়েই খাঁটুরা বেমন সমৃত্বিশালী ও একথানি গওগ্রাম ক্লপে পরিণত হইয়াছিল, তেমনই এই সময়েই বিদ্যার বিষল জ্লোতিতে ভাষর হইয়া উহা সকলের ভক্তি শ্রদ্ধা ও আদরের র'ল হইরা উঠিগছিল ■ এই সময়ে রামক্ত স্থাস্বাচম্পতি মহাশম যে চতুপাঠী স্থাপিত করিরা-ছিলেন, তাহা খাঁটুয়ার বক্ষঃস্থলে প্রতিষ্ঠিত হইয়াছিল এবং দেশীর ছাত্রসংখ্যা ইহাতে যেমন অধিক পরিমাণে হইয়াছিল, বৈদেশিক ছাত্রও তেমনই সংখ্যাস ন্যুন ছিল না। এই সময়ে প্রারমণি ভাষালকার মহাশম কলিকাভার হাতী-বাগানে চতুপাঠী স্থাপন ক্রিয়া ছাত্রগণের অধ্যাপনাকার্য্য সমাধা করিতেন।

রামক্ত ভারবাচম্পতির ছাত্রগণের মধ্যে, চক্রকান্ত তর্কণিদ্ধান্ত, রামকুমার ভারপঞ্চানন, রামরতনভর্কণিদ্ধান্ত, কেদারনাথ কবিকণ্ঠ, রামধন তর্কবাগীশ, উমাকান্ত শিরোমণি, বিশ্বস্তর ভাররত্ব এবং কালীকিঙ্কর কবিভূষণ প্রভৃতি খ্যাতনামা পণ্ডিভগণ প্রধান। ইহাদিগের মধ্যে চক্তকান্ত ওক্সিদ্ধান্ত ও রাম-

-MIRE OF REPRESENTATIONS --

কুশদীপকাহিনী।

শিক ছাত্রগণকৈ শাস্ত্রাধ্যয়ন করাইতেন। অধ্যাপনা ও শাস্ত্রবাবসায়ই ইহাদিগের প্রধান অবলয়ন! রাম্বতন তর্কসিদ্ধান্ত, কেদারনাথ কবিকণ্ঠ, বিশ্বন্তর
আয়রত্ব, রামগতি বিদ্যানিধি ও কালাকিশ্বর কবিভূষণ প্রভৃতি থ্যাতনামা ও
সর্বাশাস্ত্রে বৃৎপন্নকেশরী ছিলেন বটে কিন্তু ইহারা প্রধানতঃ চিকিৎসা ব্যবসায়
অবশহন করিয়াই জাবিকা নির্বাহ করিতেন।

রামধন তর্কবাগীশ ও উমাকান্ত শিরোমণি কথকগুরাবসায়ী ছিলেন।
ইংলিগের জোট রামরতন তর্কসিদ্ধান্ত মহাশয় শাল্রে ও আয়ুর্কেনে স্থপতিত
ইংলেও, একজন লকপ্রতিঠ বাগ্মী ছিলেন এবং কথকতাও অভ্যাস করিয়াছিলেন। কিন্তু কথন কথকতা ব্যবসায় অবলয়ন করেন নাই। কিন্তু
ভিকিৎসা ব্যবসারে ইমি বিলক্ষণ প্রামিত্তি গাভ কুরিয়াছিলেন।

এক সমঙ্গে ইনি কোন দুরদেশে চিকিৎদা করিতে বান। তথনকার শোক অধানতঃ পাল্কী করিয়াই চিকিৎসা করিতে বাইতেন। তদ্মুসাঁ র ইনিও একদিন ডেওপুলের ভিতর দিয়া যাইতেছেন, এমন সময়ে ছুই তিন জন লোক আসিয়া তাঁহার গতিরোধ করিল। বেহারাগণকে তৎক্ষণাৎ জিজ্ঞাসা করিয়া শুলিলেন যে, উহাদিগের এক জনের পুরের অভ্যস্ত পীড়া হইরাছে। তাহাদিগের ইচ্ছা তাঁহা দ্বারা পুত্রটীর চিকিৎদা করায়। কিন্ত ডেওপুলের বেদেরা ভয়ানক চোর ও দহ্য বলিয়া যদি তিনি ভরক্ষে না আইনেন, এই সন্দেহ করিয়া তাহারা তাঁহার বাটাতে যায় নাই। রামর্ভন দহাদদের কাতরতা ও বিনীতপ্রার্থনায় দয়ার্ত্র হইলেন এবং প্রাণের ভয় না ক্রিয়া, সেই দুখ্যুর বাটাতে গমন ক্রিয়া দুখ্যুপুত্রের পীড়া আরোগ্য ক্রিয়া তাহাতে দক্ষদণ এককাণে রামরতনের করতগ্য হইণ এবং यथानाधा व्यर्थानि नरेवा একদিন जामत्रकत्त्व वाठीरक व्यानिवा, এकथानि স্বৃহৎ থাণা, একটা প্রকাত কাঁসার বাটা ও কিছু অর্থ প্রদান করিল এবং স্পষ্টাক্ষরে এই কথা বলিয়া গেল যে, আপনার সপ্তম পুরুষের মধ্যে আপনার বাটীতে ডাকাইতি হইবে না। এইরূপ প্রবাদ আছে, যে, তাহারা একটা কি अवा भारत मारतत निरम ८ थाथिङ कतिया शिवाहित। स्मिरे अवा श्वराहे दाय-ব্ৰতনের বাটীতে টোর্যা বা ডাকাতি 💶 না। ফলতঃ প্রবাদ বাহাই থাকুক, প্রায় পঞ্চম পুরুষ উ িছইয়া যাইজেছে - এ পর্যাত্ত মাহারজন্মের সাহীকে কৌর্যাত

বা ডাকাতি । নাই এবং আমরা দেখিয়াছি, তাঁহার বাটীর পরিবারগণ প্রায়ই সদর ও থিড়কী রীতিমত বন্ধ না করিয়াই রাত্রিকাণে, নিজা গিয়া থাকেন। কিন্তু এপর্যান্ত কাহারও একগাছি তৃণও স্থানান্তরিত হয় নাই।

রামরতন বৃদ্ধ বর্ষে ৮ কাশীধামে গিরা বাশ করেন। পুত্র ও কনাতে ইহার ২১টী স্ভান হর। সেই সমস্ত স্ভানের মধ্যে তাঁহার এর পুত্র দীনবন্ধুর জোঠসন্থান বর্জমান-হারাণচক্র ভাক্তার মহাশর একণে তাঁহার একমাক্র বংশধর।

রামরতনের চত্র্থ ভাতা রাধামোহন অপ্রক ছিলেন এবং সর্বাদাই প্রের নিমিত্ত ক্ষোভ করিতেন। সেই জন্য রামরতন তাঁহার এক প্রুকে দত্তকরপে রাধামোহনকে দান করেন। এই দত্তক প্রের নাম মহেন্দ্রনাথ ছিল এবং বর্ত্তমান নগেন্দ্রনাথ বন্যোপাধ্যার উক্ত মহেন্দ্রনাথ ও রাধামোহনের বংশধর।

রামরতনের তৃতীয় সহোদর রামধন তর্কবাগীশ মহাশয় ও শান্ত ব্যবসায়ী মহামহোপাধ্যার পণ্ডিত ছিলেন। ইনি রামকত ন্যায় বাচপাতি মহাশয়ের অতি প্রিয়তম ছাত্র। ইনি রামকত ন্যায় বাচপাতির নিকট ব্যাকরণ, সাহিত্যও কিরৎ পরিমাণে ন্যায় শিক্ষা করিয়া ভট্টপরীতে গিয়া ন্যায় ও স্থৃতি শান্তের অধ্যয়ন শেনি করেন। পরে কৃতবিদ্য হইয়া ভট্টপরী হইতে প্রত্যাপত হইয়া বাচপাতি মহাশরের পরাম্পাম্পারে একটা চতুপাঠা করিবার অফুঠান করেন। এই সময়ে তাত্সীগণের মধ্যে বিদ্যিরাম রক্ষিত্ত নামক এক ব্যক্তি দালালী কার্যা করিয়া বিলক্ষণ সক্ষতিশালী হইয়া উঠেন এবং নানা প্রকার সংক্রিয়া ছাত্রা দেশ মধ্যে অত্যন্ত প্রতিপত্তিশালী হবয়া উঠেন এবং নানা প্রকার সংক্রিয়া ছাত্রা দেশ

সিদ্ধিরাস রক্ষিত শ্বকীয় বাস ভবনে পুরাণ শ্বিবার সংকল্প করেন। ভংকালে বাঁশবৈড়িয়া নিবাসী গদাধর শিরোমণি ও রুক্তহরি ভট্টাচার্য্য নামক ছই জন লক্ষপ্রভিষ্ঠ কথক ছিলেন। উহাদের মধ্যে গদাধরই স্ব্যাপেকা উৎক্রন্ত ।

সিদ্ধিরাম প্রথমত গদাধরতে আনিবারই চেষ্টা করেন এবং তাঁহাকে পাঁচ টাকা বাসনা পর্যান্ত ও দিয়া আইসেন। কিন্তু গদাধর বায়না লইতা শুনিলেন বে, খাঁটুরা অগলা দেশ এবং তথায় কৃষ্ণ ভক্ত লোক নাই। ইহা শুনিয়া

কুশ্ৰীপকাহিনী।

দেন। ইহাতে সিদ্ধিরাম অত্যন্ত ব্যথিত হইরা, ক্রফহরি ভট্টাচার্য্য মহাশরকে প্ররায় বায়না করেন। এবুং রামধনকে ধারক নিযুক্ত করেন। নির্দিষ্ট সময়ে এই পুরাণ শেষ হইয়া যায়। রামধনও এই সময়ে কিরুপে কথকতা করিতে হর তাহা উত্তমরূপে গ্রদয়ক্ষম করিয়া লন।

ষ্টনাক্রমে এই সমরে একদিন রামধন, ভারবাচম্পতি মহাশরের চতৃপাঠীতে বনিয়া রহিরাছেন এমন সমরে রামধনের মধ্যম লাতা কেদারনাথ
কবিরঞ্জন পাল্কী করিয়া খাঁট্রার উত্তরদিগবর্তী বিস্পুরাভিমুধে চিকিৎসার্থ
গমন করিডেছিলেন। বেহারার কঠস্বর শুনিয়া ভারবাচম্পতি মহাশর
রামধনকে ডাকিয়া বলিলেন—"রামধন! নেব ড, কে বাইতেছে?—" রামধন
বাহিরে আদিয়া হেখিলেন, ভাঁহারই মধ্যম সহোলর। রামধন, বাচম্পতি
মহাশরের নিকট ফিরিয়া আদিয়া বলিলেন—"মধ্যম লালা মহাশয় বাইছেছেন।—" পরিশেষে আক্রেণ করিয়া বলিলেন বে, "মহাশয়! আমালের
বাটীয় সকলেই পালকী করিয়া বাভারাত করেন এবং বিশেষ স্থসছেলেই
কাল্যাপন করিভেছেন। কিন্তু আমি এমনই কুলাঙ্গার ও আমায় এমনই
ছুরদৃষ্ট বে, একথানি পিতলের থালা ও অন্তআনা পর্যার জন্ম আট ক্রোশ
পর্য পদপ্রক্ষে অমণ করিতে হইতেছে।—"

তিনিয়া বাচম্পতি মহাশয়ও নিতান্ত ব্যথিত হইলেন। স্থায়বাচম্পতি
মহাশয় পূর্ল হইতেই জানিতেন রামধনের রচনাশক্তি অতীব প্রথয়া। অতি
নামান্ত বিষয়ও তিনি অতি প্রায়ল মধুয়য়ী ভাষায় রচনা করিতে পারিতেন।
সেইজন্ত রামধনকে বলিলেন—"রামধন। ক্রফহরি বে প্রণালাতে কথকতা
করিয়া থাকেন, ভাহা তুমি সংপ্রতি বিলক্ষণরূপে স্থয়রন্তম করিয়াছ; ভোমার
কর্তমর্ভ ক্রফহরির কর্তম্বর অপেক্ষা কর্ত্তশি নহে, বরং অতীব মধুর ইতরাং
আমার ইচ্ছা, তুমিও এইরূপ কথকতা বৃত্তি অবক্রম কর। ইহাতে বিলক্ষণ
ত্ই পরসা উপার্জনের সম্ভাবনা আছে।—"

কৃষ্ণহরির কৃষ্ণকভার প্রণালী দেখিয়া রাম্যনেরও পূর্ব হইতে এক প্রকার বিরক্তি জ্যোছিল এবং এই প্রণালী সংশোধন ও রচনাদি স্থললিত করিয়া লইলে, কথকতা স্থারা সাধারণকে ফেমন জ্ঞানশিক্ষা প্রদান করিতে পারা বায় তেমনই উত্তর্গত চেই প্রশাস কাল ক্রিকে বি শাস্ত্রাক্ষাদিত বৃত্তিও বটে, এই ধারণা জন্মে। বিশেষত: তদীয় গুরুদেব ও তাঁহাকে এই ব্যবসায় অবস্থন করিতে উপদ্বেশ প্রদান করিতেছেন দেখিয়া রামধন কথকতার এক পরিশোধিত প্রশাসা উদ্ভাবন করিয়া এই ব্যবসায় অবস্থন করিতে কৃতসংক্ষম হইলেন। এই সময়ে রামধনের বয়স অস্তাদশ্ বর্ষ।

দিমিরামের পূর্বণ শেষ হইলে, রামধন ভাগবৎ পাঠ করিবার জন্ত কলিকাতার অনৈক প্রদিদ্ধ ভাগবতীয় পণ্ডিতের নিকট গমন করিবা, শ্রীমন্তাগবত,
মহাভারত, ও অক্তান্ত পুরাণাদি পাঠ করেন এবং উহাতে কতবিদ্য হইয়া,
নিম্নে শ্রীমন্তাগবতাদি ভালিয়া কথকতার উপধোগী করিবা শন। কিন্তু এই
সময়ে নিজে কোনও পদাবলী-রচনা করেন নাই। পরে তাঁহার নিজ স্কৃতিভ
ভাগবত ও পূরণে চুর্বিকা কিরুপ হইরাছে পরাক্ষা করাইবার জন্ত তিনি
মহাব্যস্ত হইরা উঠিলেন।

এই সময়ে চক্রদীপ বা চাক্রছের নিক্টবর্তী নারায়ণপুর নামক গ্রামে রাম শ্রাম নামে ছই ভাতা প্রশিক্ষণাথক ছিলেন। রামধন স্থ রচিছ চুর্ণিকা পরীক্ষা করাইবার জন্ত, কলিকাতা হইছে ছলক্রমে চাক্ষর হইরা থাটুরায় শ্রীপমন করেন এবং নারায়ণপুরে আসিয়া রাম শ্রামের সাক্ষাৎকারলাভ করেন। রামশ্রাম নীচজাতীর প্রাক্ষণ হইগেও, গাণকবৃত্তি অবলমন করিয়া বহুল পরিমাণে সঙ্গতিশালী হইয়ছিল এবং বহুতর ধনাঢালোকের নিক্ট পরিচিত হইয়ছিল। রামশ্রাম, রামধনের এই অলোকিক অধাবসায় দেখিরা এককালে বিশ্বিত হইল এবং বার পর নাই সন্তই হইয়া, কয়েক দিন পর্যান্ত রামধনের স্থরচিত ভাগবত ও পুরাণের চুর্ণিকা প্রবণ করিয়া মোহিত হইল। কিন্তু উক্ত চুর্ণিকার্ম শক্ষবিস্থাস ও মাধুর্যুদ্ যাদৃশ দেখিতে পাইল, পদাবলীর ছটা ভাদৃশ দেখিতে পাইল না। সেই জন্ত কহিল যদি আপনি কিছুদিন সঙ্গাত শিক্ষা করিয়া মহাজনী পদাবলী ইহার সহিত সংযোগ কয়েন, ভাহ হিইলে আপনার এই কথকতার প্রণালী অতি উৎকট্ট হয়। এরপ অভুত সৃষ্টি আমি আর কথনও শুনি,নাই।

ওলিয়া রামধন মনে মনে অত্যস্ত সন্তুষ্টি লাভ করিলেন এবং বাটাতে

পাড়া নিবাদী ৮ রাধানাথ দত্তের সহিত রামধনের অত্যস্ত দত্তীতিছিল; স্তরাং রাম্পন সেই কথা রাধানাথকে জানাইলেন। তাহাতে রাধানাথ দত্ত বিশেষ চেষ্টা করিয়া একজন প্রসিদ্ধ হিন্দু হানী পায়ককে মাসিক বেউন দিবার অস্বীকার করিয়া খাঁটুরার পাঠাইরা দিলেন। রামধন তাহার নিকট ছই ধংসর কাল গান শিকা করিয়া সঙ্গীত শাজেও বিশেষ দক্ষতা লাভ করিলেন। मन्त्री अभारत भारतमिं जा ज कतिया त्रामधन भगावनी तहना करतम এवः ৰে অমৃত্যাগর স্জন করিয়া, ওদ কুশ্দীপ বলিয়া নহে সম্প্রকস্থিকে মোহিত ও চিরক্তজ্ঞতাপাশে বন্ধ করিয়াছিলেন, সেই অমৃত্যাগর শর্কাজস্কর ক্রিয়া তুলিশেন। যথার্থ কথা বলিতে কি, রামধনের পুর্বে গদাধ্য শিরোমণি ও কৃষ্ণহরি ভট্টাটার্যা প্রভৃতি বে কৃথক্তা-ক্রিভেন, ভাহা মহাভায়ত ও ভাগবতীয় কলা বলিয়াই শাধারণেঁর ভক্তি আকর্ষণ করিত ও তাহাই লোকে একখনা হইয়া শ্রবণ করিত। কিন্ত উৎপরে রামধন যে প্রণালী উদ্ভাবন ক্রিলেন, তাহা সাধারণের ধর্ম শিক্ষার ৩ ভক্তি আক্র্ণের যেমন মহাস্ত্র-সর্প হইয়াছিল, উহার রচনাপারিপাট্য, সঙ্গীত সমাবেশ, সাময়িক বর্ণনা, স্থালিত বাক্যবিস্থান যোগ্যতা প্রভৃতি ও লোক্সাধারণের তেমনই প্রীতিক্র হইয়াছিল। ফলতঃ সাত্তিক, রাজসিক বা তামদিক বিনি বে ভাবেই তাঁহার কথকতা শ্রবণ করিতেন, তিনি নেই ভাবেই চরিতার্থ ও মোহিত হইতে পারিভেন। বলিভে° কি, রামধনের কথকতা এরূপ শ্রুতিমনোহর ও লোক-শিকার অমোধ উপায় হইয়া উঠিল এবং সাধারণে এতদূর আগ্রহ সৃহকারে তাঁহার কথা শ্রবণ করিত যে, দ্বিসহন্র আবালবৃদ্ধ বনিতার স্মাবেশ স্ময়েত একটী সামান্ত স্চীপাত স্বন্ধ অনাগাদে শ্রতিগোচর হইত। ফলতঃ আমরা সাহস্কারে বলিতে পারি যে, কুশদীপে ৰহতর মহামহোপাধ্যার স্ধীমওলীর জনস্থান ; কিন্তু সেই সকল খ্যাতনামা মহাপুক্ষগঞ্জৈ জন্ম না হইয়া, কুশদ্বীপে এক রামধনই ক্ষি জনাগ্রহণ করিতেন, তাহা হইলেও কুশরীপের মুধচন্দ্র স্তঃ আলোকিত হইউ এবং ক্সিন্ কালেও সেই বিষশ মুধ্যগুল ক্লফিত ও * রাহগ্রস্ত হইউ না।

ষাহা হউক, রামধন কথকতার অভিনয় প্রণালী উদ্ভাবন করিয়া বঙ্গ-

গুণগ্রামে সকলকেই মোহিত করিয়া ক্রমে ক্রমে বিপুল ধনশালী হইরা উঠি-লেন। এমন কি, শুনিতে পাওয়া যার, তদীয় প্রিতা রামপ্রাণ বিদ্যা বাচপতি মহাশয় রংপুর হইতে যে প্রভূত ধনরাশি উপার্জন করিয়া আনিয়াছিলেন, কয়েকটী পুল্রের লালন পালনে ও নানাবিধ সংকর্মের অনুষ্ঠানে প্রায় সমস্তই নিঃশেষ হইরাছিল; কিন্তু এই সময়ে রামধন ক্রতি হইয়া উঠিয়াছিলেন বিলিয়াই পিতার পদমধ্যালা ও পৈতৃক ক্রিয়া কলাপ সংরক্ষণ করিতে পারিয়া-ছিলেন।

বাহাইউক, রামধন বে করেকটা কথকভার ব্রতী হন, সেই সকলের মধ্যে ধনিয়া ধালির নিকটবর্তী কোন এক গ্রামের কথকভাই দর্বাপেকা প্রানিদ্ধ। কথিত আছে, এই স্থানে দপ্তকেশীতে শ্রীমন্তাগবত পাঠ হয়। কিন্তু একাকী রামধনই কথকভা কার্য্যে ব্রতী হন। এক দিন এই সপ্তবেদীর প্রধান বেদীর পাঠক ভাগবৎ ব্যাথ্যা করিয়া নির্ত্ত হইলে, রামধন সেই বেদীতে উঠিয়া কির্কেশ ভাগবৎ ব্যাথ্যা করিবার ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু পাঠক মহাশন্ত প্রভাগান করিয়া বলেন বে, "কথকভা করাই কথকের কর্ত্ব্য; কথক কর্ত্বক ভাগবৎ ব্যাথ্যার প্রয়োজন নাই।—"

আই কথা শুনির্মা রামধন অত্যন্ত হৃংথিত হইলেন এবং নানা প্রকারণ, আক্রেপ করিতে লাগিলেন। তাহাতে অক্সান্ত সকল অধ্যাপকের মনই জবীভূত হইল এবং রামধনের ব্যাখ্যা শুনিবার জন্ত প্রধান পাঠককে অনুরোধ
করিলেন। তথন প্রধান পাঠক অগত্যা স্বীকৃত হইলেন এবং বলিলেন "ভাল,
যদি আপনি আমাদিগের সকল প্রশ্নের উত্তর দিয়া ব্যাখ্যা করিতে পারেন,
তাহা হইলে ব্যাখ্যা করুন।—" তাহাতে রামধন "যথা জ্ঞানং করবাণি" এই
উত্তর প্রদান করিয়া বেদীতে উপবেশন করিলেন এবং ভাগবৎ পাঠ করিতে
প্রবৃত্ত হইলেন।

ভাগবতের প্রথম শ্লোক "নারায়ণং নমস্কৃত্য" প্রভৃতি উন্ত:চরণ করিবামাত্র, অধ্যাপক মণ্ডলী ঐ শ্লোকই ব্যাখ্যা করিতে কহিলেন। রাম্ধন ঐ শ্লোকের যথা রাজি ব্যাখ্যা করিলেন। কিন্তু উহার মধ্যে করেকটী কৃট শ্লেমর উত্থা-পন করিয়া, সকলেই রামধনকে চাপিয়া ধরিল্লেন। রামধন তাহাতে বিন্দুমাত্র

সকলকেই নিরুত্তর করিলেন। তাঁহার সেই অলৌকিক ক্ষমতা দেখিয়া সভাস্থ পণ্ডিতমণ্ডলী • অতীব বিশ্বিত ইইলেন এবং শৃতমুখে ধন্তবাদ প্রদান করিয়া সকলেই নিজ নিজ পরাভব স্বীকার করিলেন। কিন্তু প্রথম পাঠক ছাড়িলেন না; তিনি বেদান্তের উল্লেখ করিয়া, রামধনের পুরাণাদির প্রমাণ অমসঙ্গ বিলিয়া নির্দ্দেশ করিলেন। তথন রামধন কি করেন, বেদান্তে দৃষ্টি নাই বিলিয়া অগত্যা নিজের পরাভব স্বীকার করিলেন। কিন্তু রামধনের পূর্ণ সংশয় কিছু-তেই অপনোদিত হইল না।

তৎপরে উক্ত বেদীর কার্য্য ব্যাসময়ে শেব হেলে রামধন বেদাধ্যরন করিবার অন্ত কানীবাত্রা করেন এবং এক মহাসহোপাধ্যার তৈললী পশুতের নিকট বেদাধ্যরন করেন। তৎপরে বেদে উদ্রের সম্পূর্ণ অধিকার জান্মরাছে কিনা দেখিবার জন্ত কানীকেত্র হইতে মিথিনা গমন করেন। মিথিনার বত্ত-শুলি বৈদিক পশুত ছিলেন, একে একে করেলের সহিত বিচার করিয়া, রামধন স্বনীর বৈদিক জ্ঞান দৃচ্চীভূত করিলেন। তৎপরে তথা হইতে প্রত্যাগত হইরা প্রনায় কানীকেত্রে আসিয়া শুক্রদেবের পদধ্লি গ্রহণ করিলেন এবং সেই সমরেই শুকর নিকট বৈদপাঠের উদ্দেশ্ত ব্যক্ত করিলেন। এই সময়ে পূর্বা সমস্যা লইয়া, শুকর সহিত্ত রামধনের বিচার হইল। কিন্তু সে বিচারে শুক্তিব্যার মতই অভান্ত বলিয়া নির্দেশ করিলেন এবং পাঠকের তর্ক বেদের সমতেও ভূল বলিয়া বুক্লাইয়া দিলেন।

তথন রামধন ধার পর নাই সম্ভ ইংরা, গুরুদেবের নিকট বিদায় গ্রহণ করিয়া, স্বদেশাভিমুথে প্রত্যাকৃত্ত হইলেন এবং স্বকীয় বাসভ্বনে আগমন না করিয়া, যে পাঠক বৈদিক মতানুসারে তাঁহার ব্যাখার ভুল ধরিয়াছিল, তাঁহারই বাটীতে গমন করিলেন। পাঠক রামধনকে এইরূপ অত্রকিতভাবে আসিতে দেখিয়া মহা বিস্মিত হইয়া, তাঁহার আগমনের ফুরারণ জিজ্ঞাসা করিলেন। রামধন সমস্ত কঞা প্রাকাশ করিয়া, তাঁহার নিকট প্নরায় বিচারাধী হইলেন।

পঠিক রামধনৈর দৃঢ় অধ্যবসায় ও বিচক্ষণতা দেখিয়া আরও অধিক আন-ন্দিত হইলেল এবং রামধনের গুণের প্রকৃত প্রস্তার প্রদান করিবার জন্ম একটা দিন ত্বির করিয়া, 'যাবদীয় অধ্যাপককে বিচারার্থ আহ্বান করিলেন। পরে ধনের শাস্তজানের প্রশংসা করিয়া, রামধনকেই তদানীন্তন প্রধান পণ্ডিত ব্লিয়া নির্দেশ করিলেন।

এইরপে রামধন আর একবারও স্বকীয় শাস্ত্রজ্ঞানের অতি সন্মানার্হ পরীক্ষা প্রদান করিয়া বঙ্গদেশীয় অধ্যাপক্ষণ্ডলীকে মোহিত করিয়াছিলেন। সাধারণের অবগতির জন্ম আমরা নিয়ে সে ঘটনাটীও বিবৃত করিলাম। এই সময় রামধন বঙ্গদেশের মধ্যে এজ্জন অবিতীয় পণ্ডিত বলিয়া পরিচিত হইয়াছিলেন।

কোন সময়ে ভট্টপলীতে রামধনের কথকতা হর। প্রথমতঃ রামধন সেধানে সাধারণভাবেই কথা কহিতেছিলেন। তাহা দেখিয়া ভট্টপলীবাসী স্থাপণ, রামধন লেখাপড়ায় জল দিয়াছে বলিয়া ব্যঙ্গ করেন। কারণ, বাল্যকালে যথন তথায় অবস্থিতি করিয়া ন্যায় পার্ম করেন, তথন সকলেই তাঁহার শাস্ত্রজ্ঞান ও অলোকিক প্রতিভা দেখিয়া অত্যন্ত মোহিত হইয়াছিলেন। কিন্তু কথকতার তাঁহার সে জ্ঞানের কোনও পরিচয়ই পাইভেছেন না। কাজেই তাঁহার। পূর্বোক্তরূপে রামধনকে ব্যঙ্গ করেন।

রামধন প্রতিতমগুলীর মনের ভাব বৃক্তি পারিয়া সেই দিম বেদীতে উপবেশন করিয়াই সংস্কৃত ভাষায় বক্তৃতা করিতে আরম্ভ করিলেন এবং ক্রেমার্য একপক্ষ পর্যান্ত সংস্কৃতে কথা কহিতে লাগিলেন। রামধনের এই অসাধারণ ক্ষমতা দেখিয়া পণ্ডিত মগুলী যথোচিত সম্ভই হইলেন এবং সকলেই অতি সম্বরে আহারাদি করিয়া, কথকতার নির্দিষ্ট সমস্করণেকাও বহু পূর্বে সভাতে সমাগত হইবার জন্ম বাটীর পরিবারবর্গের উপর ভাতৃনা করিতে লাগিলেন। কিন্তু স্ত্রীলোকগণ উক্ত কথকতার এক বর্ণও বৃক্তিতে না পারিয়া, কথকতার নিন্দা করিয়া সম্বরে রন্ধনাদি করিছে স্বীক্তা হইলেন না। এই রূপে, ভট্টপল্লীর প্রায় ঘরে ঘরেই মহা হুলস্কুল পড়িয়া গেল।

এক শক্ষ কাল এইরপে রামধন সংস্কৃতে কথা কহিয়া সকলকৈই সন্তুষ্ট করিলেন। রামধনের এই অসাধারণ ক্ষমতা দেখাইবার জন্ত শণ্ডিভগণ স্ব স্ব পরিচিত অন্তান্য পণ্ডিভগণকেও আহ্বান করিয়া আনাইয়া রামধনের এই অপূর্ব কগকতা শ্রবণ করাইলেন। এদিকে মহা গোলবোগ উপত্তি হইল। পুরুষেরা রামধনের কথকতা শুনিয়া শত মুখে সাধুবাদ প্রদান করিতে লাগি- এই পনর দিন কথকতায় কেছ য়ামধনের একটা বর্ণও ভূল ধরিতে পারি-লেন না। তথন সকলেই সৃত্তি হটয়া, প্রকদশ দিবসের কথা শেষ হইলে, রামধনকে পাচ্তর আলিজন করিলেন এবং শতম্থে আশীর্মাদ করিয়া, রমণীগণের পুনরায় সন্তুষ্টি মাধনের জন্ম পূর্বেৎ সাধুভাষায় কথা কহিতে অমু-রোধ করিলেন। তথন রামধন কয়েক দিন পুনরায় সাধ্ভাষায় কথা কহিরা ভট্রপরীবাসিনী বামাগণকে পরিত্প করিয়া স্বকায় বসিভবনে প্রত্যাগত হইলেন।

এইরপে রামধন কথকতা বৃত্তি অবলম্বন করিয়া বেমন প্রচুর ধনলাভ করিলেন, তেমনই বিপুল সম্রম ও প্রতিপত্তি লাভ করিয়াছিলেন। বঙ্গদেশের বাবলীয় ধনী মানী ও জ্ঞানী লোকই রামধন্তের অতি প্রিয়ত্ম স্থান্ ছিলেন। বস্তুতঃ তিনি বিশ্বস্থিলী মধ্যে বেমন সকলের প্রানীয় ইইয়াছিলেন, ধনাচ্য অগতেও তেমনই আদর্শীয় হইয়া উঠিয়াছিলেন।

স্বধ্নী কাব্যে কবিবর রায় দীনবন্ধ মিত্র বাহাছর ভাটপাড়ার বর্ণনাকালে এই কথকতার উদ্দেশ করিয়াই একদিন বীণানিন্দিত স্ল্লিত কঠে গাহিয়া ছিলেন যে:—

ভদ্র-জন বাস্থান, গরিকা নৈহাটী, ভাটপাড়া যথা চতুষ্পাচী পরিপাটী। পণ্ডিত মণ্ডলী করে শাস্ত্র আলাপন, ব্যাকরণ স্থায় স্মৃতি ষড় দরশন। এই স্থানে রাম ধন কথক রতন, কলকণ্ঠ কলে কল করিত কলন। স্থালিত পদাবলী বিরচিত ভার,

স্কল কথক স্থরে করিছে বিহার। হলধর চুড়ামণি ন্যায় শাস্ত্রবিৎ,

• হলধর চুড়ামণি ন্যায় শাস্ত্রবিৎ, ন্যাংয়ের টিপ্পন্নী সাধু যাঁহার রচিত।

व्यवधूनी कावा। २व जाव। २२ शृक्षाः

এই সময়ে রামধন বহুপরিবার বিশিষ্টও হইয়াছিলেন। এই সকলের লাশন পালন ও শিক্ষার ভার রামধন একাকী-নির্বাহ করিতেন'। এতদ্বির জ্ঞাতি ভ্রাতা, ভগিনী, ভাগিনেয়, শ্লালক প্রভৃতি অনেককে লইয়া রামধন কলিকাতার বিদ্যাভ্যাস করাইতেন।

রামধন বাঁট্রান্থ সরথেল, বংশীয়া এক কল্পার পাণিগ্রহণ করেন। রামধন ধ্যেন অলোকিক গুণৈর আধার ছিলেন, রামধনের গৃহিণীও তেমনই লক্ষীসর্নাপনী ছিলেন। ইনি রামধনের ছাল্র, আত্মীয়, জ্ঞাত্তি, কুটুর প্রভৃতি
সকলকেই অপত্যানির্বিশেষে স্নেহ করিতেন। আজিও সকলে রামধনের
স্তেণোল্লেথ সময়ে ইহারই নামোল্লেথ করিয়া থাকে। এমন কি, সকলের
বিশাস যে, ইহার গুণেই রামননের ভাগ্যলক্ষী রামধনের অক্ষশায়িনী হইয়াছিলেন। রামধনের কনিষ্ঠ পুল্র শ্রীশচক্র বিদ্যারত্ত্ব ইহার জ্লপ্ত বাণোড়ে একটী
ঘাট ও সেই ঘাটের ছই পার্শ্বে হুইটা মন্দির প্রতিষ্ঠা করেন এবং নিম্নলিথিত
স্নোক্ষর ঘাটেও মন্দিরে ক্ষোদিত করিয়া রাথিয়াছেন।

শাকেশবান্ধ শৈলেনো থারতা কন্ধণাতটে।
তীর্থংসূর্য্যমণির্দেবী নির্মানে শ্রীসূরিদং॥
পঞ্চনব সপ্তশশী সংখ্যশকহায়ণে
ঘট্টতিতারণ স্থশোভি মঠযুগ্মকে
সূর্য্যমণিরগ্রজনুঃ রামধনগেহিনী
শ্রীশজননীশ যুগ্মত্র সমতিষ্ঠিপৎ।

রামধন ৬০।৬৫ বংদরে গণেশ ও শ্রীশ এই তুই পুত্র ও স্থম্যী নামী এক করা রাথিয়া স্থগারোহণ হঁরেন। কনিষ্ঠ শ্রীশ সংশ্বত কলেজে অধ্যয়ন করিয়া বিদ্যারত্ব উপাধি শাভ করেন এবং ইনিই প্রথমে বিদ্যার পাণিগ্রহণ করিয়া, ঈশ্বরচক্র বিদ্যাসাগর মহাশস্বের বিধবা বিবাহ মতের ঐচলন করেন। রামধনের ভ্রাতৃষ্পুত্র ধরণীধরই ইহার নিক্ট কথকতা শিক্ষা করিয়া ইহার ধ্যাতি সম্রম রক্ষা করেন এবং বঙ্গদেশে অদ্বিতীয় কথক বলিয়া প্রতিষ্ঠিত হন।

রামকানাই বিদ্যানিধি।—ইনিও রূপনারারণ বন্দ্যোপাধ্যার মহাশরের অন্তর্ম বংশ্বর এবং রামকুল ক্সায়বাচপাতি মহাশরের প্রিয় হাত। ইনি রামকুল স্থায়বাচপাতি মহাশরের নিকট ব্যাকরণ ও সাহিত্যে অসাধারণ বৃৎে-পত্তি লাভ করিয়া নবদীপে গিয়া, স্মৃতিশাস্ত্র অধ্যয়ন করেন। তথা হইতে প্রভাব্তে হইয়া নিজগ্রামে এক চতুপাঠী স্থাপনের জন্ম ক্ষমনগরে মহারাজ্য গিরিশচক্রের অনুমতি গ্রহণ করিবার জন্ম গমন করেন। "

একদিন যথা সময়ে রাজসভার উপস্থিত হইলে, মহারাজ তাঁহাকে অভি-বাদন করিয়া, তাঁহাকে আগমনের কারণ জিজ্ঞানা করেন। স্বতরাং মহারাজ "কিমথী" এই প্রশ্ন করিলেই, রামকানাই তৎক্ষণাৎ বিচারাথী বলিয়া দাঁড়াইয়া সহিলেন।

বিশেষ জানী ও শাস্ত্রদর্শী না হইলে, নবনীপাধিপতির রাজসভার কেইই
বিচারাথী হইয়া গমন করিতে পারিহতন না। কিন্তু রামকানাই যেরপ
গান্তীর্ঘ্য সহকারে উত্তরদান ও বিচার প্রার্থনা করিলেন, তাহাতে সকলেই
তাহার সেই অসামান্ত ভাব দেখিয়া বংপদ্রানান্তি বিশ্বিত হইল। যাহাহউক,
মহারাজ পরক্ষণেই আর আর পণ্ডিতগণকে ডাকাইয়া তাঁহার সহিত বিচার
করিতে আদেশ করিলেন। রাজসভার নির্মান্ত্রসারে বিচারাথী প্রধানতঃ
পূর্ব্বপক্ষই অবলম্বন করিতেন। মহারাজও তদমুসারে রামকানাইকে পূর্ব্বপক্ষ অবলম্বন করিতে আদেশ করিলেন। কিন্তু রামকানাই বথোচিত সন্মান
সহকারে মহারাজকে কহিলেন—"মহারাজ! আমার পূর্ব্বপক্ষ উত্তরপক্ষ নাই।
আমার বিচার্ঘ্য বিষয় এই উত্তরপক্ষে ইহার উত্তর এইরপই হইবে, বিলয়া
রামকানাই সেই বিষয়ের মীমাংসা পর্যান্ত প্রমাণ করিলেন। পরে কহিলেন—
কিন্তু যদি ইহা এইরপেনা হইয়া, এইরপই হয়, তাহা হইলে তাহার মীমাংসা
কি হইবে আমি তাহাই জানিতে ইচ্চা করি।

সভাস্থ পঞ্চিত্যগুলী রামকানাই বিদ্যানিথি মহাশয়ের সেই কৃট প্রশ্নের গুরুত্ব দেখির।, নীরব হইরা রহিলেন। কেহই কোন কথার উত্তর দিতে পারিলেন না। তথন মহারাজ সভাস্থ পণ্ডিতমণ্ডলীর পরাভব স্থির করিয়া রামকানাইকেই পৈই প্রশ্নের উত্তর দান করিতে অনুরোধ করিলেন। রাম-কানাই অতি প্রিমারক্তের বাই করি সাম

তথন মহারাজ রামকানাই বিদ্যানিধি মহাশরের প্রগাঢ় পাণ্ডিতা ও বিচক্ষণতা দর্শন করিয়া মহতী প্রীতি লাভ করিলেন এবং স্বকীয় অভিনব রাজধানী শ্রীনগরের নিকটবর্তী শিম্বিয়া গ্রামে একটী চতুম্পাঠী নির্মাণ করাইয়া রামকানাইকে সেই স্থানে বাস করিতে গাদেশ দিলেন।

এইরপে, রামকানাই মহারাজের অনুগ্রহে এক চতুম্পাঠী ও আবাস স্থান
এবং যথোপযুক্ত বৃত্তি পাইরা সচ্ছন্দে বহুসংগাকু ছাত্রকে শিক্ষা দান করিতে
লাগিলেন। বঙ্গদেশে রামকানাইএর সুখ্যাতির নানতা ছিল না। কিন্ত
ইহার উপর আবার রামকানাই মহারাজের অনুগ্রহ লাভ করিয়া আরও যশসী
দেশের উন্নতিপক্ষে ইহা বে কি প্রশন্তসাধন ভাহা এই সংক্ষিপ্ত স্থানে বর্ণনা
করা যায় না । যাহাহ উক, বিগিন বাবু এই "কুশ্বীপ কাহিনীর" স্কুনা করিয়া
এক নৃত্তন পথ প্রদর্শন করিয়াছেল। বদি ও তুর্ভাপ্য ক্রমে তাঁহার সংগ্রহ
সকল যথাষ্থ ও পূর্ণ না হইতে পারে, কিন্তু তাঁহার এই উন্নম যে ভবিষ্যৎ
কাহিনী লেথকের পক্ষে অনেক সাহায্য করিবে তিহ্বিয়ে আর সংশন্ধ নাই।
কুশ্বীপরাসী মাত্রেই একারণ তাঁহার নিকট ক্ষতজ্ঞতা ঋণে আবদ্ধ।

"কুশদ্বীপ'' পুর্বেষ বঙ্গসমাজের শীর্ষ স্থানীয় ছিল। ইহা পণ্ডিত মণ্ডলীয় আবাস স্থান ছিল---বিপুল ধনশালী ভাগ্যবান্লোকে এথানে বসজি করিত---খুমুনা নদী অতি বিস্তৃত থাকাতে ইহাঁ ৰাণিজ্যের পক্ষে প্রাণত ছিল-প্রাচীন ঐতিহাসিক অনেক ঘটনার ইহা দীলা ক্ষেত্র। স্কুরাং কুশ্ঘীপকাহিনী বে কুশ্দীপ্রাসীরই আদ্বের বস্তু তাহা নহে। উহা বঙ্গদেশের সর্বতেই আদরণীয়। এই ক্ষেত্রে পৌরাণিক ঘটনার ও কিরৎ পরিমাণে আভাস পাওয়া যার। দেশের প্রতি ভক্তি বশতঃই হউক, অথবা ধ্থার্থই হউক, এদেশে এইরাপ প্রবাদ প্রচলিত আছে যে কুরুপাগুরীয় যুদ্ধের পূর্বেষ বধন মধ্যম পাণ্ডৰ বিরাট-রাজের ভবনে অজ্ঞাত বাস করেন, তথন তিনি দিখিকমার্থ বহির্মত হইয়া কুশ্বীপে আগমন করত উহাকে পৌগুর্বর্দন রাজধানীর অন্তর্ভ করেন। একারণ কুশন্বীপকে পোশুদেশ করে। মালদহও দিনাজপুরের মধ্যবর্তী পৌশু-বর্দ্ধন নগরীতে আজও বিরাট রাজের প্রাসাদের ভগাবশেষ সকল দৃষ্ট হইয়া থাকে। আবার এদেশে এরপ ও প্রবাদ শুনা বার যে ভীমারিকত এই নুতন পৌতুরাজ্য স্থাপিত হইলে পর ভগবান্ শ্রীক্লক এখানে পদার্পণ করিয়া এদেশকে মহাভাগ্যযুক্ত ও পরম পবিত্র করিয়াছেন। তাঁহার সঙ্গে যে সকল পরিচারক, গোপ ও গোপাঙ্গনাগণ আসিমাছিলেন, তাঁহারা এই দেশের

স্বীয় দেশে আর প্রত্যাবর্ত্তন করিলেন না। গোবরডাকার সন্নিহিত ধ্যুনা নদীর দক্ষিণ পারে যে অসংখ্য গোপের বসবাস ছিল, ভাহার নিদর্শন স্বরূপ আজিও গোপিনী পোতা সকল বিদামান রহিয়াছে। বহুদিনের কথা নয়, ঐ সকল স্থান জলধোত হইলে পর উহাতে ত্থা ভাগু প্রভৃতি গোপগণের সজ্জা সকল দেখা যাইত। এ পর্যান্ত কেহই ঐ সকল পোতা বা গৃহভিত্তির উপর বসবাস করিতে সাহস করিভ না। কেবল যে যম্নাতীরস্থ গোপিনীপোতা, কানাই নাট্যশালা প্রভৃতি, গোপগণ সহ শ্রীকুষ্ণের এখানে শুভাগমনের পরিচায়ক বলিয়া লোকের বিখাদ, তাহা নহে। প্রস্ত এখানকার অধিকাংশ গ্রামই গোপ ও গো সম্বন্ধীয় বলিয়া লোকের ধারণা ঐরপ। গবীপুর, গোবরভাঙ্গা, গোপিনীপোতা, গরেশপুর, গোমর, গোপাল, গোপালপুর প্রভৃতি নামীয় স্থান সকল দৃষ্টে বুঝা যায় যে এদৈশে গোপগণেরই অধিক ব্দবাস ছিল। ৭।।৮০ বংসর পূর্বের কানাইনাট্যশালা গ্রামের ভূমি খনন করিতে করিতে অনেকানেক উত্তম উত্তম মন্দিরের ভিত্তি বাহির হ্রয়াছিল। তাহাতে অনেকানেক⇒ স্বৃহৎ বৃক্ষ ও বৃহৎ বৃহৎ মনুষাকস্কাল দেখা সিয়াছিল। এডদ্বারা স্পষ্টই উপশ্বি হয় যে বহুপুৰ্মকালে এদেশটী মহাসম্ব জন পদ ছিল –এক্ৰে কালের চক্রে মঞ্জিয়া গিয়া আবার ভাহার উপর নৃতন বসবাস আরম্ভ হই-য়াছে। মাটকুম্ডার পশ্চিম হিংলাট সহরে খনন করিতে করিতে আছনকা-নেক বৃহৎ বৃহৎ অটুংলিকা ও অতি প্রাচীনকালের ইষ্টক সকল দেখিতে পাওরা যায়। যাহাহউক, এই স্থানটী যে পুরাতক জিজাত্র কৌত্হলকেত্র, তাহাতে আরু সংশয় নাই।

বিপিন চক্রবর্তী মহাশর এমন একটী স্থানের প্রাবৃত্ত সংগ্রহে ব্যাপৃত্ত থাকিয়া যে যথেষ্ট আনন্দ অস্তব করিয়াছিলেন, তাহাতে আর সন্দেহ নাই। আমরা বিপিন বাব্র জীবন্চরিত লিখিতে লিখিতে অনেক দ্র অগ্রসর হইয়াছি। স্তরাঃ এই স্থানেই ক্ষান্ত রহিলাম।

ধরণীধর কর্মক।—ইনি যহনাথ ভট্টাচার্য্য মহাশ্রের পুত্র ও দেশ প্রাসিদ্ধ কথক রামধন তর্কবাগীশ মহাশ্রের ভাতৃপ্র ছিলেন। ইনি রামধন তর্ক-বাগীশ মহাশ্রের নিকট কথকজা শিক্ষা করেন। আহুমানিক ২০।২৫ বংসর দ্বিতীয় ব্যক্তি আর এদেশে জন্ম গ্রহণ করেন নাই। ধরণীধরের স্থমিষ্ট-স্বর, রাগ রাগিণী সমন্বিত সঙ্গীত শক্তি, মনোহায়ী বক্তা, এবং পদাবলীর ছ্টা অতুলনীয় ছিল। আজ ও অনেকের মুখে শুনা যায় যে ধরণীধরের কথকতা শুনিয়া অতি পাষাণ হৃদয় দূরে থাকুক, পক্ষীগণও মুগ্ধ থাকিত। আজ্ও ধ্রণীর শিষ্য সম্প্রদায় বর্জমান আছেন, জন্মধ্যে অনেকেও কণ্কতা খ্যবসায়ে জীবিকা নির্বাহ করেন, কিন্ত ধরণীর ভার খ্যাতি প্রতিপত্তি কাহারও হয় নাই। এবং হইবে বলিয়া সম্ভবও নাই। তিনি স্বভাব সিদ্ধ গুণাবলীতে ভূষিত ছিলেন। বিধাতা যেন তাঁহাকে কথক করিয়াই স্ষ্টি ক্ষরিয়াছিলেন। রামধন তর্কবাগীণ মহাশয় নিজ যতে বিবিধ বিদ্যায় পার-দশী হইয়া এই ব্যবসায়ে হস্তকেপ করিয়া দেশ প্রসিদ্ধ কথক হইয়াছিলেন। ধরণীধরের বিদ্যালাধ্য তজপ ছিল না। নিজে ও রামধনের স্থায় প্রাকৃত চরিত্রবান্ছিলেন না--- নিজের অনেক গুলি দোখ ছিল-- তথাপি সম্দর দোব ব্যব্র লোকে তাঁহার প্রতি এরপ প্রতুরাগী ছিল, যে তাঁহার কথকতা শুনি-বার জন্ম লোকে দেশ বিদেশ হইত্তি সমাপত হইত--তিনি যথায় কথকতা করিতেন, ভথায় লোকে লোকারণা হইত -তাঁহার স্বরজালে মুগ্ধ হইয়া লোকে আবাক্ হইয়া এক মনে তাঁহার কথকতা গুনিতে পাকিত।

প্রাক্ত পক্ষে রামধন ও ধরণীধর অন্তগত হইবার পর এদেশে কথকতা বৃত্তির উপর লোকের আর ততটা অমুরাগ নাই। লোকৈ একণে উহাকে ব্রাহ্মণগণের জীবিকা নির্বাহের এক অপ্রশস্ত পথ মনে করে। কথকতা বৃত্তি ভারা জনসমাজের যে প্রভূত কল্যাণ সাধিত হয়, শোকের এই ধারণা দিন দিন লোপ পাইতেছে। পুরাণ কথা সকল—নৃতনভাবে—জীবন্তভাবে লোকের মনে জাগরাক করিয়া দেওয়া—ধর্মা নীতি সকল দৃষ্টান্তের সহিত দেখাইয়া ভক্তি প্রদার উদ্রেক করাইয়া লোককে ধর্ম্মের প্রতি হৈত্রবান করা—দেব-ঋষি ও পিতৃ লোকের মহিমা কীর্ত্তনে লোককে চরিত্রবান করা—দেব-ঋষি ও পিতৃ লোকের মহিমা কীর্ত্তনে লোককে চরিত্রবান করা—ঘাইদের শাস্তাম্বল করিবার সামর্থা নাই—ঋষি সহবাদে—আত্ম চিন্তায় সম্পানকে পবিত্র করিবার সাবকাশ নাই—দেই সকল অশিক্ষিত্ত ও বিষয়ী লোককে চিন্তাশীল করা—দিবারাত্রি বিষয় টর্চ্চায় পর ছ্চায়ি ঘণ্টাকাল কথ-ক্তা ছাবা বিশ্বত্ব আন্তন্ত প্রদান করা—দিবারাত্রি বিষয় ট্র্চায় পর ছ্চায়ি ঘণ্টাকাল কথ-ক্তা ছাবা বিশ্বত্ব আনন্ত প্রদান করা—তিই সকল কলাণ্ডময় কার্য্য কথকতা

স্থৃতিতে একণে সংসাধিত হয় না। একণে বৈ সকল লোকের হতে এই সমাজ-শিক্ষার ভার অর্পিত আছে—তাঁহারা বিষয়ী লোক অপেকাও বিষয়ী। নিজেই শ্রন্ধা উক্তি বর্জিত—কীণ্ডাকাণ্ড শৃক্ত – স্থতরাং কি প্রকারে লোকের মনে শ্রনা ডক্তির সঞ্চার করিবেন, - কি প্রকারেই বা লোকের ধর্ম শিকার হেজুভুজ হইবেন ? এই জন্তই আজ কাল এই বৃত্তির উপর লোকের আর ভতটা শ্রনা নাই। পূর্বেক কোন গ্রামে রামারণ বা ভাগবক্তের কথা উপস্থিত হইলে গ্রামবাদী সকলেই কিছুক্ষণ বিষয় কর্মত্যাগ করিয়া আগ্রহের সহিত কথকতা শুনিতে ব্যস্ত থাকিত—যাহার বেরূপ সাধ্য কথক মহালয়ের জন্ত নকলেই কিছু কিছু অর্থপ্রদান করিত-এমন কি গৃহস্ রম্ণীগণ ও কণক মহাশবের জন্ত ব্ধানাধ্য আহার্য্য দ্রব্য সংগ্রহ করিত-পল্লীক সকলেই ক্থকতা প্ৰবণ ক্ষিয়া আগুনাদিপকে প্ৰিত্ৰ ও ভাগ্যবান্ বোধ ক্ষিত---কিন্ত হার ! এই বৃত্তিটা একণে অপাত্তে ভুক্ত হওয়াতে ইহা দ্বারা লোকের মঙ্গল হওয়া দূরে থাকুক, শাস্ত্র পুরাণের প্রতি লোকের শ্রদ্ধা ও ভক্তির হ্রাস হইতে চলিল। কিন্তু রামধন ও ধরণীধর এই ব্যবসায়কে জীবিত রাথিয়াছিলেন। রামধুন দেখাইয়া গিয়াছেন যে কভটা প্রগাঢ় অধ্যবসায়, বিদ্যা-বুন্ধি ও ধর্ম ভাব থাকিলে তবে এই কথক পদের উপযুক্ত হইতে পার। বার—এবং ধরণীধর ও দেখাইয়া গিয়াছেন যে কতটা স্বর মাধুরী, গান্তীর্যা ও শিক্ষাপ্রদান শক্তিও বক্তা সামর্থ্য থাকিলে লোকের মনে পুরাণ প্রস্ক সকল নবীন ও জীবস্তভাৱে সঞ্চারিত করিতে পারা যায়।

রামধন যে সকল পদাবলী রচনা করিয়া গিয়াছিলেন, ধরণীধর সেই
সকল পদাবলীই প্রায় ব্যবহার করিভেন। আজিও অনেক কথক রামধনের
পদাবলী ব্যবহার করেন। রামধনের পদাবলী জানিবার জন্ত অনেকেরই
কৌতুহল আছে। একারণ আমরা এন্থলে রামধনের পদাবলী যতগুলি সংগ্রহ
করিতে পারিয়াছি, উদ্ভ ক্রিয়া দিলাম।

রাগিণী ভোড়ী ভৈরবী।

১। জনরঞ্জন হে। পামর জন পাবন ত্রিভুবনবন্দন চরণরেণু কণহে। ত্রজ নরপতি নন্দন যত্ন–

> व्यवस्य जनसङ्ख्या उद्योग अस्तरीय सम्बद्धाः । स्थान

কুশৰীপকাহিনী।

২১৽

রাগিণী কানেড়া।

২। ভব প্লব',মাধব রাম হরেন কেশব কৃষ্ণ মুকুন্দ মুরারে। উদ্ধর মামতি দীনং হীনং পতিতং হত সংসারে॥

রাগিণী---মালকোব।

৩। হে হরে মুরারে। শ্রীযন্ত্রনন্দন মাধব-মধ্-স্দন। হে দীন জন প্রতিপালক পশুপালক বালক গোপীজন ধন॥

রাগিণী---বিভাস।

৪। হে মানসমভিপ্রয় পুরুষোত্তম জয় জগদীশ হরে। জয় জয় মীনরূপধর জুর বরাহবর কচহপ জয়ন্হারে।

রাগিণী—সুসভান।

৫। হে বিভো বিতরকরুণামমুদীনং। ভবদব দহন দাহমমুবারয়, তারয়মামতি দীনং। ভব-পয়োনিধো পতিতং গতি হীনং॥

রাহিণী—মুদতান।

৬। কুরুদীনে ময়ি করুণালেশং। বিধি ভবভাবিত চর্ণ সরোরুহ হর মম ক্লেশমনোষং॥
হে নন্দ ততুজ মে যাচিতমেবং বার্য শর্মনপুরস্প্রতিযানম্ সভয়ে রামধন বহুজন সঞ্জিত

কুশৰীপকাহিনী।

রাগিণী—সিদ্ধ।

- ৭। পা্মর মানস চিস্তায়সে কিং। কুরু কেশবপদ ভজন সমাধিং তেন্ বিমোচয় মূঢ় মমাধিং॥ রাগিণী —ভৈরবী।
- ৮। হরে দামোদর হর মম ভবজলধো জননং মরণং।
 জনরহদলচঞ্চলমিবদলিলং জীবনধন যোবনমতিচপলং॥
 বাগিণী—ভৈরবী।
- ৯। কেশব কৃপানিধান। কৃত্যুণাবলোকয় কৃত্যু করুণাং ময়ি দীনহীন জনে। তব পদ ভজন যজন যাজন পূজন বন্দন মননবিহীনে॥

• রাগিণী,—বিঁকিট।

১০। ব্রজরাজ কিশোর সনাতন রূপং। ভাবয় মানস মে সদা। তং প্রতি সম্প্রতি কিং কথয়ামি জীবনং স্ফলং মে ভাবি তদা।

রাগিণী—থাখাজ।

- ১১। পীত বসন বনচারী। স্থললিত নটবর রাস-বিহারী। রমণীমথকত মুরুলী কৃজিত গোপিত গোপীসূত প্রেম বিতারি॥
 - ै রাগিণী---বিবৈট। ়
- ১২। করুশানিধান কমলাপতে। কুরুকরুণাং ময়ি
 দীনগতে। কুবলীয় করিবর, কেশি-নিধনকর
 কপিত কালিয় ক্রোবাতে।

বেহাগ।

১৩। ময়ি দীনজনে কুরুকরুণাবর্লেশং। অপার ভব ঘোরে মামুদ্ধর নিজদাসং। যাচে নহিহ মুরলীমোহন ধন জন যৌবন মানং। দর্শয় মামতি দীন মনুক্ষণ মনুপম নটবর বেশং॥

श्क्रकी।

১৪। যতুনন্দন তার্য় দীনগতে। র্ঘুনন্দন তার্য় দাশরথে। জয় জয় ভীশ্মক তন্য়াবর মামসু-কম্পায় জয় জয় সীতা প্রাণপতে॥

मन्त्रं ।

১৫। মনো মে কিং কুরুদে। রাধাবল্লভ চরণ-সেবন মতে। ভ্রমসি ভূশং রূপা বিষয় সন্ধানে ভবিতা গরলং তদপিশেষে।

মুলতান।

১৬। চিন্তায় চিন্তামণি গোকুলচন্দ্রং। নতুর্বা বিফলং যাতি জননং। মোহনমুরলী মুখরিত বিজনং অলকালস্কৃত ভালং। মোক্তিক-পঙ্ক্তি বিনিন্দিত দশন কুণ্ডলমণ্ডিত গণ্ডং। যদি ভবপারং যাসি বিপারং ধনগদিতং কুরুসারং। গোপীনন্দন চরণ ব্যহিত্বং তত্র সমর্পয় সর্বাং॥ ?

এই দকল এবং অপরাপর পদাবলী ধ্বন তাল মান লয়ে ধ্রণীধ্র গান করিতেন, তথন লোকে মুগ্ধ থাকিত। প্রমন স্থাব্য দুঙ্গীত, কেহ কথন ভানে নাই, লোকে এই কথাই বলিত। দেশ বিদেশ হইতে প্রভাক করে

কুশৰীপকাহিনী।

দিয়া লোকে ধরণীকে কথা শুনিবার জন্ত লইয়া যাইত। একা বর্জমানের রাজবাটীতে তিনি বংসরে পাঁচ ছয় হাজার টাকা পাইতেন। কথকতা ব্যব্দায়ে তিনি এত অর্থ উপার্জন করিয়াছিলেন যে প্রভূত ব্যয়ও দান করিয়াও মৃত্যুকালে তিনি লক্ষাধিক লৈকা রাখিয়া গিয়াছিলেন।

ম্রলীধর বন্দোপাধ্যার। ইনি খাঁটুরাগ্রাম নিবানী সুপ্রসিদ্ধ ধরণীধর কথকের প্রতা। সন ১২৭২ সালে ইহার জন্ম হর। বাল্যাবস্থার বাটান্তে থাকিরা বাঙ্গালা ও সংস্কৃত ৩৪ থানি পুস্তক পাঠ করিরা ইনি কলিকাতান্ত্র সংস্কৃত কলেজে ভর্তি হন। পরে ক্রমশং নিজ অধাবসার গুণে প্রবেশিকা ও ফাই আর্ট্রন পরীক্ষার উত্তীর্ণ হইরা বিএ পরীক্ষার অনারে পাশ করেন। এবং বিশ্ববিদ্যালয় হইতে সোণার মেডেলু প্রাপ্ত হন। কিছুদিন পরে ইনি সংস্কৃতে এম্, এ পরীক্ষাণ দেন অবং এম্, এ, পরীক্ষার উত্তীর্ণ হইরা শাল্রী উপাধি লাভ করেন। ইহার স্বভাব-অতি পরিত্র—ইনি বিনরী, সত্যবাদী ও শাস্ত প্রকৃতির লোক। এম্, এ, পরীক্ষার উত্তীর্ণ হইবার কিছুদিন পরে কটকের র্যাভেন্সা কালেজে ১৯ বিলুগ শত টাকা বেভনে ইনি প্রফেসারী পদে নিম্কু হয়েনণ এবং অদ্যাবধিও সেই কার্য্যে নিষ্কু আছেন। ইনি বংসর বংসর বিশ্ববিদ্যালরের পরীক্ষকতাশ্বার্যে ব্রতী হয়েন।

শ্রীশবিদ্যারত্ব। ইনি বিখাত কথক রামধন শিরোমণির পুত্র। ইহার জন্মভূমি খাঁটুরাগ্রাম। ইনি প্রথমে ভগবান বিভাগন্ধারের টোলে ব্যাকরণ ও সাহিত্যাদি পড়িয়া সংস্কৃত কলেজে অধ্যয়ন করেন এবং তথার সর্ব্বোচ্চ শ্রেণী পর্যান্ত সংস্কৃত শিক্ষা করিয়া অনেকবার বৃত্তিও পারিতোষিক প্রাপ্ত হন। ইনি যথন সংস্কৃত কলেজে অধ্যয়ন করিতেন সেই সময়ে প্রাতশ্যেরণীয় বিদ্যাসাসরি মহাশয় ঐ কলেজের অধ্যয়ন করিতেন সেই সময়ে প্রাতশ্যেরণীয় বিদ্যাসাসরি মহাশয় ঐ কলেজের অধ্যয়ন করিতেন সেই সময়ে প্রাতশ্যেরণীয় বিদ্যাসাসরি মহাশয় ঐ কলেজের অধ্যক্ষতা পদে ব্রতী ছিলেন। বিদ্যাসাগর মহাশয়ের কলেজ তথন বিশেষ শ্রীসম্পন্ন ও উন্নত ছিল। একদিন গ্রণরি জেনেরাল লর্ডফার্ডিঞ্জ ফোর্ড উইলিয়ম কলেজ দেখিতে আদিয়া বিদ্যাসাগর মহাশয়ের স্কিত নানা বিষয়ে আলাপ করেন। কথা প্রসঙ্গে বিদ্যাসাগর মহাশয়, সংস্কৃত কলেজের উত্তরীর্ণ ছাত্রগণের প্রতি গ্রেণমেণ্টের মনোযোগ নাই বলিয়া আক্ষেপ করেন। একমাত্র জজ্পপ্তিতের পদ ছিল তাহাও উঠাইয়া দেওয়াতে সংস্কৃত শিক্ষাত্র লোকের অন্তব্যার ভাষ ক্রিকেলেজ সংস্কৃত

কালেজের ছাত্রসংখ্যাও ক্রমশ: অর হইতেছে। এজন্ত তিনি সংস্কৃত কালেজের ছাত্রগণের জন্ত কিছু করা আবশ্রক বলিয়া গবর্ণমেণ্টকে অনুরোধ করেন। সেই অনুরোধ ক্রমে লর্ডহার্ডিঞ্জ বাহাছর ১৮৪৬ খুটান্দের প্রারম্ভে অর্থিং ১২৫০ সালে সমগ্র বঙ্গদেশে ১০১টা হাঙ্গালা বিদ্যালয়ের প্রতিষ্ঠাকরিয়া সংস্কৃত কালেজের উত্তীর্ণ ছাত্রবর্গকে ঐ সকল বিদ্যালয়ের শিক্ষকতা কার্যা প্রদান করিপার আদেশ করেন।

কোর্ট উইলিয়ম কাণেজে দেশীয় ভাষা শিক্ষার্থী সাহেবগণের মধ্যে সীটনকার, কট, চ্যাপ্মান, প্রে, গ্র্যাণ্ট, হ্যালিডে, বিডন্ ও ইডেন্ প্রভৃতি সম্রাপ্ত সিবিলিয়ান্গণ বিদ্যাদাগর সহাশয়কে অত্যক্ত ভাল বাসিতেন। উহাদিগের মধ্যে রবার্টকিট সাহেব অবসর পাইলেই বিদ্যাদাগর মহাশরের নিকটে আসিতেন, ও তাঁহার সহিত কণোপকথন করিতে অত্যক্ত ভাল বাসিতেন। কইসাহেবের নামে সংস্কৃত্তে একটা শ্লোক রচনা করিয়া দিবার জন্ত কট বিদ্যাদাগর মহাশরকে অত্যরেধ করেন। ভাহাতে বিদ্যাদাগর মহাশের কণ্ডনালমাত্র ভাবিয়া লইয়া নিয়লিধিত হুইটা কবিতা প্রস্কৃত করিয়া দেন।

শ্রীমান্ রবার্টকফোইগ্র বিগ্রালয় মুপাগতঃ।
সৌজন্যপূর্ণবিরালাপৈ নিতরাং মামতোয়য়ৎ॥১
সহি সদ্গুণসম্পন্ধঃ সদাচাররতঃসদা।
প্রসন্নবদনোনিত্যঃ জীবত্বকশতং স্থা।।২॥

কট এই ছটী শ্লোকের রচনা দেঁথিয়া ও ব্যাখ্যা শুনিয়া অত্যন্ত সম্ভূট হইলেন। এবং বিদ্যাসাগর মহশেরকে ২০০ ছুইশত টাকা পুরশ্বার প্রদান করেন। কিন্তু তিনি উক্ত দান গ্রহণ না করিয়া, সংস্কৃত কালেজের সংস্কৃত রচনার উৎকর্ষসাধন জ্ঞা, ঐ টাকা সংস্কৃত কলেজে জনা লাখিতে বলেন। তাহাতে ৫০, টাকা করিয়া চারি বৎসর ঐ টাকা পুরস্কার শেওরা হয়। এইরপে বিবিধ উপারে বিদ্যাসাগর মহাশ্রু সংস্কৃত কালেজের উন্নতি সাধন উহা উরতির পরাকাঠা প্রাপ্ত হইরাছিল। তখন বিদ্যাসাগরপ্রমুখ স্থপ্রসিদ্ধ জয়নারায়ণ তর্কপঞ্চানন, ভরতচন্দ্র শিরোমণি, প্রেমচন্দ্র তর্কবাগীশ, তারানাথ তর্কবাচম্পতি ও অস্তান্ত মহামহোগাধ্যায়গণ ঐ কালেজের অধ্যাপক ছিলেন। স্থতরাং শ্রীশ বিদ্যারত্ব তথনকার সংস্কৃত কালেজের প্রধানতম ছাত্র ছিলেন বিলিনে কম গৌরবের বিষয় ছিলনা। এজন্ত বিদ্যাসাগর মহাশয় তাঁহাকে একান্ত ভাল বাসিতেন। বিদ্যাসাগর মহাশয়ের মধ্যমন্ত্রতা দীনবন্ধু আয়য়ত্ব শ্রীশবিদ্যারত্বের সহপাঠী ছিলেন। তিনিও ক্ততিত্বে শ্রীশ হইতে নুনে ছিলেন না। তথাপি সময়ে সময়ে এরপও হইত যে বিদ্যাসাগর মহাশয় দীনবন্ধকে উয়ত্বন করিয়া শ্রীশের গক্ষ অবলম্বন করিতেন। ইহার একটী সামান্য দ্বীন্ত এইলে দেওয়া বাইতেছে।

উপরোক্ত কষ্ট, প্রদক্ত বৃত্তি পরীক্ষার বিতীয় বংসরে বিদ্যাদাপর মহাশরের মধ্যম ভাতা দীনবন্ধ ন্যায়রন্ধ ও শ্রীশচন্তে বিদ্যারন্ধ সর্বাপেক্ষা উৎকৃত্ত হন। রচনা হইন্ধনেরই সমান স্থানর হইন্যাছিল। শ্রীশচন্তের ব্যাকরণ ভূল ছিল, দীনবন্ধর তাহাও ছিল না। দীনবৃদ্ধর হুর্ভীগ্য যে পরীক্ষার ফলাফল নির্দ্ধারণ ও প্রস্কার দানের, ভার বিদ্যাদাগর মহাশরের উপর ন্যস্ত ছিল। দীনবন্ধ সর্বপ্রকারে সর্বোৎকৃত্ত হইলেও প্রস্কার পাইলেন না। শ্রীশ বিদ্যারন্ধই পুরস্কার লাভ করিলেন।

বিদ্যাদাগর মহালয় ও প্রীশচন্দ্র বিদ্যারত্ব উভরের মধ্যে দ্বাতা বন্ধমূল ছিল। ১৮৬৪ খৃত্তীকো বিদ্যাদাগর মহালয় বখন মাইকেল মধুফান দক্তকে ভার্লেলিস্ নগরে পাঠাইয়া দেন, ভখন শ্রীশচন্দ্রেরই নিকট হইকে বিশুর টাকা ধার লন। বিদ্যাদাগর মহালয় যখন বিধবা বিবাহের উদ্যোগী হন, তখন প্রীশ বিদ্যারত্ব মহালয় দ্বাত্র তাঁহার পৃষ্ঠপোষ্কতা করেন। •ইনিই প্রথমে বিধবা বিবাহ করেন।

শকালা ১৭৭৮, সন ১২৬০ সাল, ইংরাজী ১৮৫৬ খ্রীষ্টাব্দের ২০শে অগ্রহায়ণ বঙ্গদেশে সর্বপ্রথমে এই বিধবা বিবাহ অনুষ্ঠিত হয়। বাঙ্গালার সামাজিক ইতিহাসে এই দিন, ভালন বা ছর্দিন, ভাহা কে বলিতে পারে ? পরস্ত এইরূপ সম্বারোহের বিবাই, এইরূপ অভূতপূর্ব বিবাহ, পূর্বে এদেশে

সভায় উপস্থিত হ্ইয়াছিলেন। বিদ্যাদাগর মহাশর এই বিবাহ উপলক্ষে নিজে দশহাজার টাকাব্যয় করেন।

বিবাহের কিছুদিন পূর্বেক কন্যা কালীমতী দেবী জননী সহ কলিকাতার স্থ্রিয়াষ্ট্রীটে বাবু রাজ্কৃষ্ণ বন্দ্যোপাধ্যায় নহাশুয়ের বাটীতে বাস করিতে ছিলেন। এখানে বলিয়া রাখা আবশুক, রাজক্ষঃ]ুবন্যোপাধ্যায় বিদ্যা-লাগরের বিশেষ আহ্মীর ছিলেন। বিল্যাদাগর মহাশরের অনুগ্রহেই ইনি প্রেসিডেন্দী কালেজের সংস্কৃত অধ্যাপক হন। বিদ্যাসাগর মহাশয়ের বাসা প্রথমে ঐ বাটীভেই ছিল। বর শ্রীশচন্দ্র বিদ্যারত্ত কলিকাতার আসিয়া স্থাতে রামগোপাল ঘোষ মহাশরের বাটাতে উঠিয়াছিলেন। ২৩শে অগ্রহায়ণ রবিবার দিবদ সন্ধারে প্রাক্কালে নানাস্থানের পণ্ডিত মণ্ডলী ও অন্যান্য সন্তান্ত মহাশ্যুগণ বিধা**হ বাটীতে সুমাগত, হইলেন। পুরাজনা**রা কন্যাকে সময়োপযোগী বস্তালভারে স্থাজিত করিয়া বরাগমনের প্রতীকা করিতে লাগিলেন। স্থকিয়াষ্ট্রীট ও তরিকটবর্তী রাজপথসমূহ লোকারণ্যে পরিণত হইয়াছে; যে দিংকু দৃষ্টিপাত কর, মহুযামূর্তি ভিন আর কিছুই দেখা যায় না। পরিচিত অপরিচিত ইত্র ভদ্র গায়ে গারে মাথায় মাথায় দাড়াইয়াছে। বিদ্যাদাগর মহাশয় এইরূপ জনতা ও বাধা-বিম্নের আশক্ষা করিয়া পূর্বা হইতে পুলিশের সাহায্য প্রার্থনা করিয়াছিলেন। ভদমুণারে স্থকিয়াখ্রীটে এবং যে পথে বর কাাগিবে, দেপথে প্রত্যেক হুই হস্ত অন্তর পুলিশ পাহারা রাখা হয়। যখন বর ও বর্যাতীরা বিবাহ বাটীজে আদিলেন, তথন বর দেখিবার জন্য পথে এত জনতা হইল যে, বরের পাজী লইয়া অগ্রসর হওয়া স্ক্তিন ব্যাপার হইয়া পড়িল। নৃতন ব্যাপারের পধ প্রদর্শক হইতে পিয়া বরের সদা হিন্তিত ও চমকিতচিত্তে এই জনতাতে আশিক্ষার উদয় হইতৈছিল। বাগ্মীবর রামগোপাল ঘোষ, জজু হরচক্র ঘোষ, হাইকোর্টের জজ্শস্তুনাথ পণ্ডিত ও দারকানাথ মিত্র প্রভৃতি বিদ্যাদাগরের বন্ধুমণ্ডলী বরের দক্ষিণে ও বামে পান্ধী ধরিয়া উৎসাহ ও আনন্দবর্দ্ধন করিতে করিতে অগ্রসর হইতে ছিলেন। এইরপ দুমারোহ ওজনতার মধ্য দিয়া বর ও বর্ষাত্রীগণ বিবাহ বাটীতে প্রবেশ করেন। বিবাহসভায় সংস্কৃত কলে-

কুশদীপকাহিনী।

থোনটাদ তর্কবাসীশ, ভারানাথ তর্কমচম্পতি ও ছিলেন। বিবাহ সভা, বিবাহের নিমন্ত্রণ ও আয়োজন কিরপ হইয়াছিল, এবং বিবাহ সম্বন্ধে লোকের মতামত কিরপ ছিল তাহা ১, ৭৭৮ শকাকার অগ্রহায়ণ মাসের তম্ববাধিনী দেখিলে জানিতে পারা যায়।

শ্রীশচল্র বিদ্যারম্ব সংস্কৃত - কলৈজ পরিত্যাগের পর কিছুদিন ৫০ টাকা বেডনে উক্ত কলেজের আদিইয়াণ্ট লেজেটারী পদে নিযুক্ত থাকেন। পরে উক্ত কালেজের সাহিত্যাধ্যাপকের পদ থালি হওরার বিদ্যাসাগর মহাশম তাঁহাকে ৯০ নকাই টাকা বেডনে ঐ পদে ভর্তি করেন। কিছুদিন ঐ কর্ম করিরা ভিনি মুর্শিদাবাদে ১৫০ দেড় শত টাকা বেডনে জলুপণ্ডিভ পদে নিযুক্ত হইরা বান। জলুপণ্ডিভ অবহার তাঁহার পরী বিয়োগ হওরার তিনি বিধবা বিবাহ করেন। তদানীন্তন বলের লোট লাট হ্যালিডে সাহেবের নিক্ট বিদ্যাসাগর মহাশরের বিশ্বা পরিভিন্ন প্রতিপত্তি ছিল। তিনি হ্যালিডে সাহেবেকে অহরোধ করেন বে বিধবা বিবাহের উৎসাহ বর্জনার্থ বিধবাবিবাহকারীকে গর্পদেন্ট যেন একটা ডেপ্টা ম্যাজিইটো পদ দেন। হ্যালিডে সাহেবের বিদ্যাসাগর মহাশরের নিক্ট এ বিবর্ধে প্রক্রিশ্রুত থাকেন। স্থভরাং শ্রীশচল্ল বিধবা বিবাহ করাতে তাঁহার পদোরতি হইরা তিনি জচিরে ডেপ্টা ম্যাজিইট পদে নিযুক্ত হইলেন। তিনি ত্রিশ বংগর বাবং ডেপ্টা মাজিইট পাকিরা পরে পেন্নান্ গ্রহণ করেন। পেন্সান্ লঙরার জনকাল পরেই পক্ষাবাভ রোগে তাঁহার মৃত্যু হয়ু।

বিধবা বিবাহের জন্মই যে প্রীশচক্র বিধ্যাত, তাহা নহে। সংস্কৃত লাহিতো ও তাহার যশঃ ছিল। সংস্কৃতে কবিতা রচনা করিতে তদানীত্তন প্রায় কেহই তাহার সমকক ছিল না। একারণ রাম দীনবন্ধ মিত্র মহাশ্র তাহার সুরুধনী কাব্যে প্রশাচকের সমকে লিথিয়াছেন:—

"সাহিত্য-সবিতা জ্রীশ স্থমিষ্ট পাঠক।"
বিধবা সধবা করা পথ প্রদর্শক॥
লভিয়াছে পাঠালয়ে খ্যাতি চমৎকার।
কবিতার পুরস্কারীপ্রকারত তার॥

শ্রীশচন্দ্র বিদ্যারত্র এক জন খনেশহিতৈবী সহাত্রা ছিলেন। তিনি মেশের অনেক ছাত্রকে অন্ন বস্ত্র ও কলেজের বেতন দিয়া পড়াইতেন। তিনিই বাঁটুরার বিদ্যালরটী স্থাপিত করেন। যুখন তিনি গোবুরডালা মিউনিসিপালিটার চেয়ারমান্ থাকেন, তথন অনেক দেশ হিতকর কার্য্য তদারা সংসাধিত হয়। বামোড় তীরে জননীর নামে বে ঘাট ও তৎসংলগ শিবমন্দির বিশাণ করাইয়া উৎসর্গ করেন, উহা ও তাঁহার একটা কীর্ত্তি। সর্ব্যাপেকা তাঁহার অধান কীর্ত্তি এই বে তাঁহারই বিশেষ বত্নে ও চেটার যারাশাত সব্তিতিশান্টী স্থাপিত হয়। পূর্বে বাঁটুয়া গোবরডাকা বলীরহাট মহকুমার অন্তর্গত ছিল। ইহাতে অত্যত্য অধিবাসীগণের বিস্তর অস্থবিধা ও অনর্থক অর্থ বায় হইত। বারাশাতে মহকুমা হওরাতে লোকের বে কি স্থবিধা হইয়াছে ভাহা বলা বায় না। স্ক্রাং আমরা অনেক পরিমাণে এই স্থবিধার জক্ত শ্রীশচন্দ্র বিদ্যারত্ব মহাশয়ের নিকট ঝণী আছি।

শীশচন্দ্রের বিভীয় পক্ষে বিধবাবিবাহজাত প্র ক্যানি জয়ে নাই।
ভাহাতে জাবার বিধবা বিবাহের করেক বংসর পরেই ঐ বিধবাটীর মৃত্যু
হর। স্থতরাং তাঁহাকে স্বস্থানার ভূক্ত হইতে বিশেব কট স্বীকার করিতে
হর নাই। কিঞ্চিৎ জর্ম ব্যয় করিয়া দশ্টী ক্রিয়া ক্লাপ ক্যাভেই আবায়
ভিনি হিন্দুসমাজ মধ্যে গৃহীত হইয়াছিলেন। তাঁহার প্রথম বিবাহজাত গুইটী
পুঁজ থাকে। প্রথমটা জকালে কালগ্রাসে পত্তিত হয়। এবং বিতীয়টী
বর্তমান আছেন।

ইহার বিতীয় পুজের নাম বন্ধবিহারী বন্দ্যোপীধ্যার। ইহার জীবনে লিখিবার উপযোগী কোন ঘটনাই দেখা যায় না। বরং ভাবিবার শিষর অনেকই আছে। ইনি বাল্যকালে প্রাচীন শিক্ষা পদ্ধতিতে শিক্ষিত হন নাই। ইংরাজী স্থলে এন্ট্রান্স্ ক্লান্ পর্যন্ত পড়া শুনা করেন। একণে বড় বাজারে চিনির কারবার করেন এবং বারাণসী ঘোষের দ্রীট স্থিত স্থরমা প্রানাদে বাস করেন। এবস্বিধ জীবনর্ত্ত পাঠে সাধারণের কি উপকার হইবেক ! বরং মহামহোপাধ্যার পশ্তিতের বংশে জন্ম গ্রহণ করিয়া আধুর্নিক সভ্যতার প্রোরব বিশ্বত হইয়া বিদ্যান্ত্রহ্মণা জুর্গি করিয়া আধুর্নিক সভ্যতার স্থোতে পড়িয়া বিষর চর্চাতে মান সম্ভ্রম এবং জীবনের সার্ফণ্য লাভ করিছে

উদ্যোগী হইল, ইহাই চিন্তনীয়। শুদ্ধ বহু বাবু কেন, এমন সহস্র সহস্র দৃষ্টান্ত আছে বন্ধারা দেখাইতে পারা যায় যে আদাণ পণ্ডিতের বংশে আর বিদ্যা অদাণ নাই—আদাণগিডিতের, স্রোভ লোপ হইক্রে চলিল। যে আদাণ পুর্বে জ্ঞান ও ধর্মের আদর্শ অরপ শীছলেন; যাহার পবিত্র চরিত্রের অফুকরণ করিবার জক্ত দকল বর্ণই ব্যস্ত থাকিত, যিনি সমগ্র সমাজের হিত্রকামনার পূর্বে বিষরচর্চ্চার জলাঞ্জলি দিয়া শান্তানুশীলনে খ্যাপৃত্ত থাকিতেন; যাহার তপ্রস্যা বলে পূর্বে সমগ্র সমাজে জ্ঞানস্রোভিও পূর্ণা স্থোত প্রবাহিত ছিল; কঠোর দারিদ্রা ও বাহাকে স্বীর কর্ত্তব্য হইতে বিচ্চাত করিতে পারিত লা—একণে সেই আদ্ধান বংশের এইরূপ পরিণাম—ছিন্তা ও হংবের বিষর তাহাতে আর সন্মেই কি ?

শ্রীশচন্দ্র বিদ্যারত্বের জীবন চরিত লিধিবার প্রায়ক্ত জামরা জীহার ভাগিনী स्थमही त्रवीत स्था উछार्थ ना कतिहा चाक्छि नातिनाक ना । स्थमही, क्रिन শন্মী ও ওপে সরস্থাই ছিলেন। বাল্কীক হইতে পিতা রামধন তর্কবালীক মহাশবের নিকট গুনিরা গুনিরা ইনি ক্লানেক,শাত্রে জ্ঞান লাভ করিরাছিলেন। সংস্কৃত ব্যাক্রণ ও কাব্যে ইহার বিলক্ষ বৃংপত্তি ছিল। একারণ ইনি অনেক বিষয়ে পিতার সাহায় করিতে পারিতেন । আমরা ইহার হত্তলিখিত পুথি সকল দেখিয়া ইহার লিপি নৈপুণা ও ভাষাবোধে চমংকৃত ছইরাছি ট व्यामालिक लिला विमाजी ध्रवलिक स्वी भिका व्यविक्ति नाई विमा—ध स्टिम्हे श्रीत्वाक्यव ष्राञ्चानाक्षकात्त्र थात्क विविद्या—संश्रामक श्रात्वा, औष्ट्रात्रा स्थ्यक्री দেবী প্রভৃতির ভার স্ত্রী চরিত্র আলোচনা করদন । আলোচনা **করিলে** দেখিতে পাইবেন যে প্রাচীন ও নব্য শিক্ষায় প্রভেদ কণ্ড--প্রাচীন জান বে প্রকারে আমাদিসের চরিত্রকে রক্ষা করিয়া আমাদিগকে মঙ্গলময় পরে লইরা ষাইত, আধুনিক জ্ঞান সে বিষদ্ধে কতদ্র সক্ষা; প্রাচীন ভাবে শিক্ষিতা দ্রীলোকগণ ধেরূপ চতুর্বর্গ সাধনের উপযুক্ত ছিল, ন্বাশিকিতাগণ ভজ্ঞপ সমর্থা কি ঝাঁ—ইত্যাকার নানা বিষয় আমরা একপ্রকার আলোচনার শিথিতে পারি। "কুভরাং সুখননী দেবীর স্থায় নিষ্ঠা ও বিদ্যাবভী স্ত্রীলোকে# উল্লেখ করা এ স্থানে অপ্রাদঙ্গিক বিদ্যা।

ব্ৰাহ্মণ মণ্ডলী

গোবরডাঙ্গার জমীদার বাবুদিগের র্ত্তান্ত।

কুশদীপ বাদীর পরিচয়ে অগ্রে অধ্যাপক মগুলীর পরিচয় দেওরা কর্ত্ব্য। শাবার ত্রাক্ষণমণ্ডলীয় মধ্যে অত্যে অনীদার বাব্দিপের বৃত্তান্ত উল্লেখ-ে বোগ্য। হিন্দুনমাজে সর্কাগ্রে জান ও ধর্মের সম্মান, তৎপরে আভিজ্ঞান্ত্য ও বিষয় বিভবাদির সমান। এই কারণেই হিন্দুসয়াকে একজন নিঃস্ব কৌপীন ধারী ব্রাহ্মণকে দেখিয়া দোর্দণ্ড প্রতাপশালী রাজিসিংহাসনোপবিষ্ট ক্ষতিগরাজ মন্তক অবনত করিয়া থাকেন। এই কারণেই আবার একজন সদাচার সম্পন্ন বৈশ্য দরিদ্র হইলেও অতুল বিবর বিভ্রেশালী কুকর্ম-भन्नोत्रम भृत्याद शृहर कम श्रष्ट्रम क्राहिक ७ भाभ गत्न करत्रन। এই कौत्राम 🐣 একজন সাধ্বী পতিত্ৰতা কুরুণা এবং অতি ধরিলা হইলেও পুজিতা হইয়া धवः धक्कन वाहालना मश्यनगालिनी रहेरल ७ छाहात छात्रा স্পর্শকরাকে ও হিন্দুসমাজ পাপ বলিরা মনে করে। অর্থ প্রণনাডেই অপরাপর আজিগণের মধ্যে উচ্চ নীচ গণনা হয়। সহস্র জ্ঞর্ম পরারণ হইলে এবং জ্ঞান-ধর্মে একেবারে বঞ্চিত থাকিলেও বদি কেহ বিভবশালী হয়, ভবে উচ্ছার সন্মান অপরাপর জাতির মধ্যে অকুণ্ণ থাকে। কিন্ত হিন্দুসমালে তাহা হইবার স্থযোগ নাই। হিন্দুশাল্রে বলে, "বিতঃ বন্ধ: বন্ধ বিদ্যা ভবতি পঞ্মী। এতানি মান্ত স্থানানি গরীয়ো যদ্যত্তরং" । অর্থাৎ বিস্ত, বন্ধু, বরুস, সদাচার ও বিদ্যা—এই পাঁচটী মানের স্থান; ইহার মধ্যে পূর্ব্ব পুর্বে অপেকা পর পর শ্রেষ্ঠ। এবং এই বিবেচনা করিয়াই আমরা অগ্রে অধ্যাপক মণ্ডণী ও পশ্চাৎ ত্রাহ্মণ মণ্ডলীর অবতারণা করিয়াছি। এবং ত্রাহ্মণ মণ্ডশীর মধ্যে অত্রে গোবরডাকার জমীদারদিগের বৃত্তান্ত লিখিতে প্রহাত ছইয়াছি। (कन ना, मात्र विट्यानात्र हैशांत्रा अधारिक मधनीत शरत्रहें উল্লেখ यात्रा। গোবরডাক্ষার জমীদার বাব্দিগের অন্দিপুরুষ শ্রামরাম মুখোপাধ্যায়।

মুখোপাধ্যাম একদা প্রসামান উপলক্ষে ইচ্ছাপুরে আইদেন ও তথার ন ঠাকুরের বাটীতে জুভিধি হন। গৃহস্বামী তাঁহার বিশেষ পরিচ্যাদি লইরা তাঁহার এক্টী ক্লাকে বিফ্লাহ করিতে ভাঁহাকে বিশেষ অন্নোধ করেন। এবং ভিনি তাঁহার কথার সম্মত হইরা তাঁহার ক্লাকে বিবাহ করেন।

তিনি বখন বাটাতে আঁসিলেন তাঁহার অগ্রন্ধ মহাশর এই সকল কথা তানিলেন এবং তাঁহাকে বংপরোনান্তি তিরকার করিয়া বাটী হইতে বহিন্ধত করিয়া দিলেন। তখন তিনি নিরূপার হইয়া ঐ গ্রামে একটি গন্ধ বণিকের বাটীতে আশ্রর গ্রহণ করেন। কিছুদিন তথার অবহান করিয়া ঐ গন্ধ বণিক মহাশরের বাটীতে গৃহান্তি নির্দ্ধাণ করিয়া বাস করিতে লাগিলেন। তাঁহার হইটী পুল্ল হয়। তিনি জ্যেকের নাম কগরাথ ও ফ্লিফের নাম ধেলারাম রাখিলেন।

এই বেশারাস সুখোগাগার সহাশরের অনৃষ্ঠ জাজিও গোষরভালার বাব্দিগের অনৃষ্ঠকে উদ্ভাসিত রাখিরাছে।

শেলারাম বাল্যকালে অতিশ্ব ছরস্ত ছিলেন। বথন তাঁহার বরস
১০।১২ দশ বার বৎসর, তথন একদিন তাঁহার জ্যেন্ঠ প্রাতা কোন কারণে
তাঁহাকে তিরস্বার করার তিনি বাটী হইতে বহির্গত হইরা ইচ্ছাপ্রে মাতৃশাল্রে
গিরা বাস করেন। এইরপে কিছুদিন মাতৃশালরে থাকার পর একদা তাঁহার
মামী ঠাকুরাণী কোন কারণ বশতঃ তাঁহাকে বিশেষ রূপ তিরস্বার করার
তিনি মনের ছঃথে সৈই দিন বাটী হইতে নিজ্রান্ত হইরা বশোহরের কালেক্টর
মহোনরের সেরেন্তাদারের বাসার গিরা উপনীত হয়েন। তিনি সেরেন্তাদার
মহোনরের বাসার কিছুদিন থাকিতে থাকিতে সকলের প্রিয় পাত্র হইলেন
এবং ঐ সেরেন্তাদারের প্রাদির সহিত্ব বাটাতে লেখা পড়া শিক্ষা করিতে
লাগিলেন। তাঁহার সেখা পড়ার বিশেষ মন্ন দেরেন্তাদার
মহাশর তাঁহাকে অধিকত্বর ভাল বাসিতে লাগিলেন। এইরূপে কিছুদিন
গত হইলে ফিনি কিছু লেখা পড়া শিবিলেন। এবং উক্ত সেরেন্তাদারের
ক্রপার কালেক্টারির কাছারিতে সামাক্ত বেতনে একটা মুন্তরিগিরি চাকরী
গাইলেন। কিছুদিন ঐ কিন্তা করিতে করিতে কার কর্ম্ম ভাল শিক্ষা

বেশারাম কার্য্য কর্ম্ম বেশ শিথিয়াছেন দেখিয়া অক্স কাহাকেও একটিনী না
দিয়া থেণারামকে ঐ কার্য্য নিবৃক্ত করিরা দেন। ধেণারাম নিজের
বৃদ্ধিতা প্রভাবে কার্য্য স্কচাক সম্পাদন করিতে লাগিলেন। কানেক্টর
সাহেব ও তাঁহার কার্য্যাদি দেখিয়া সাভিশর সুত্ত ইইরাছিলেন। তুর্ঘটনাবশতঃ
সেরেন্তাদার মহাশরের মৃত্যু হওয়ার তাঁহার ঐ কার্য্য হইয়া গেল।
জন্ম দিন মধ্যে সেরেন্তাদারি কার্য্য খেশারাম বিশক্ষণ পারদর্শী হইয়া
উঠিলেন ও সাহেবের প্রিম্ন পাত্ত ইবেন।

্ঘটনাক্রমে কালেক্টর সাহেব ক্ফনগরে বদলী হইবেন 🗢 আসিবার কালান খেল্যোমকে সঙ্গে আনিলেন।, এবং থেলারাম যে পদে নিযুক্ত ছিলেন, সেই পদেই নিযুক্ত রহিলেন। একদা খাজনাদি অনাদাদ বশতঃ গোবরডাঙ্গা নিলাম হইবার ঘোষণা হওয়ায়, উক্ত সাহেব থেলারামকে কহিলেন, "থেলারাম, সোবরডাঙ্গাগ্রাম নিলামে বিক্রম হইবে, তুমি থরিদ করিবে কি 🕫 ইহা ভনিয়া থেলারাম কহিলেন—বে আমি অভি সামাল লোক ও সামাল বেতনে এথানে চাকরী क्रिक्ছि। বিশেষতঃ আমার অর্থ নাই---আমি कि कतिया क्रमीमात्री अतिम क्रिनें के देश अनिया गार्ट्य मर्टामय বলিলেন, "আমি ভোমাকে বিনা হুদে টাকা কর্জ দিতে পাব্লি । ডুমি ক্রমশুন পরিশোধ করিও।" থেলারাম কহিলেন, "যদি সুদ না লামেন ভারা হইলে আমি টাকা কৰ্জ লইতে পারিব না। কারণ হিন্দু শাল্পে কথিত আছে - খণের টাকার স্থান। লইলে ঐ টাকা দানের মধ্যৈ পরিগণিত হয়। একারণ কুদ না লইলে আমি টাকা লইতে পারিব না।" স্কুডরাং কলেক্টর সাহেব বলিলেন, "আছো, তুমি সামর্থানুযায়ী স্থদ দিও"। গোবরডাঙ্গা নিলাফে খেলারামের হইল। এই ঘটনার ক্রিছুদিন পরে খেলারাম নিজ গ্রামে বাইরা প্রথমে গন্ধ বণিকের বাটী নির্মাণ করাইয়া দেন। তৎপরে নিজের বাস ভবন নির্মাণ করান। কিছুদিন পরে তিনি তাঁহার জোঠ ভ্রাতা জগরাখকে উঞ নিজ বাস ভবন ও তিন সহস্র টাকা মূল্যের সম্পত্তি প্রদান হিরেন। তিনি তৎপরে গোবরভান্ধার আসেরা ভটাচার্য্য পাড়ার কাছারী বাটী প্রস্তুত করান। এবং মধ্যে মধ্যে ঐ কাছারী এটিতে আসিয়া বাস করেন। ভিনি তথনও তাঁহার পদ পরিত্যাগ করেন নাই। কাছারী বাটা প্রস্কৃত

হইলে পর তিনি বর্ত্তমান ষম্নাতীরে প্রকাণ্ড বাস ভবন নির্মাণ করাইয়া প্ররায় ক্লফনগরে নিজ কর্মে বান। তথায় কিছুদিন কার্য্য করিলে পর ওঁহার সাহেব মুরশিদাবাদে বদলি হন এবং তিনি ও সাহেবের সঙ্গে মুরশিদাবাদে বাইয়া উক্রপদে নিযুক্ত থাকিয়া করিতে থাকেন। কিছুদিন পরে উক্ত সাহেব পুনরায় মুরশিদাবাদ হইতে ক্লফনগরে বদগী হইয়া আইসেন এবং তিনিও উক্ত সাহেবের সঙ্গে আইসেন। ইহারু কিছুদিন পরে বেশারাম কর্ম হইতে অব্যর গ্রহণ করিয়া গোবরভালার আসিয়া অবস্থান করিতে লাগিলেন।

ধেলারামের জন্ম হইলে উহার মাতামহ তাঁহাকে তাঁহার গাঁটুরার অমীদারীর ছই আনা অংশ বৌত্ক সর্বা দান করেন। প্রভাক প্রছার নিকট হইছে ঐ ছই আনা অংশ আদার করা হইছ। কালক্রে অপর অংশীদারগণ প্রর্ব হইলে তিনি এই ছই আনা অংশের স্বাধিকারী হইরা প্রভার উপর কর্তৃত্ব করিতে লাগিলেন স্ক্রাং প্রভান্ত ভ্নাধিকারীকে স্বত্তাগ করিবার পহা অ্রেষণ করিতে হইল।

এইরপে অতুল বিষয় সম্পত্তির অধিকারী হইয়া খেলারাম ইংরাজী ১৮১৭ সালে প্রাণতাগে করেন। তাঁহার হই পুত্র, —কালীপ্রসার ও বৈদ্যনাথ। ইহারা পরম্পর বৈমাত্রের ভাতা। শ্রীমতী দ্রৌপদী দেবী কালীপ্রসার বাবুর মাতা এবং বৈদ্যনাথ বাবুর মাতার নামু আনক্ষমন্ত্রী দেবী। খেলারামের মৃত্যুর পর উভর ভাতা একত্রে শীকিয়া বিষয় সম্পত্তি ভোগ করিতে থাকেন। ইংরাজী ১৮২২ সালে বৈদ্যনাথের মৃত্যু হয়। বৈদ্যনাথের সভ্যানাদি ছিল না। তাঁহার মৃত্যুর ৭৮ বৎপর বাদে তাঁহার বিষয়া পত্তীর ও মৃত্যু হয়। স্কুতরাং বৈদ্যনাথ বাবুর মাতা আনক্ষমন্ত্রী দেবী তাঁহার বিষরের উত্তরাধিকারিণী হন। কালীপ্রসার বাবু বামিক ৪৮০০ চারি হাজার আটশত টাকার বুল্ডি নির্দারণ করিয়া অনক্ষমন্ত্রী দেবীর নিকট হইতে বৈদ্যনাথ বাবুর সমৃদয় সত্ত ক্রয় করেন। আনক্ষমন্ত্রী ও বৃত্তি পাইরা ৮ কালীধানে বাস করেন। কালীপ্রসার বাবু এবং তাঁহার উত্তরাধিকারীগণ আনক্ষমন্ত্রী যতদিন জীবিত ছিলেন, ততদিন তাঁহাকে এই বৃত্তি দির্নীছিলেন।

বর্ত্যাল ব্যেক্রিডাঙ্গা ইষ্টেটের সমূদ্ধ অবস্থা কালীপ্রসন্ন বারার সংসাধিত

হয়। ব্যুনাকুলে "প্রসন্ন ভবন", খাদশ শিব্যন্দির সম্বলিত ৬ আনন্দ্যয়ীর বাটী প্রভৃতি দূর হইতে দৃশ্রমান সৌধরাজি মধ্যবঙ্গ নৌহবস্থ গামী পথিককে কাণী-প্রসঙ্গের স্থৃতি জাগরিত করিয়া দিয়া থাকে। কালীপ্রসন্ন অত্যস্ত ত্দিন্তি ও প্রবল প্রতাপাধিত ছিলেন। তিনি স্বীয় প্রতাববলেই জ্মীদারী বহু বিস্তৃত कर्त्रन। একবে গোবরভাকার ক্ষীদারগণের প্রধান আরকর ক্ষমীদারী খুলনা জেলার অন্তঃপাতী ৰে চিকলিয়া মধুলিয়া পরপণা, উহাকালীপ্রসয় বাব্রই খোণার্জিত। ঐ জনীদারী পূর্বে কলিকাতার প্রশিদ্ধনামা ছাতু বাব্দিণের ছিল। তথাকার প্রজারা অবাধা থাকার উহোরা কোন মতে অমীদারী শাসন করিতে পারেন নাই। তাঁহারা কালীপ্রসন্ন বাবুকে এ বিষয়ের উপযুক্ত ভাবিরা উ"হাকে ঐ প্রগণা ইজারা দেন। কালী প্রসন্ন বাবু বিস্তর দাঙ্গা হাঙ্গাৰা ক্রিরা ঐ পরগণা শাদন করেন ১ এমন কি এই বিবাদ হতে তাঁহাকে করেক দিন জেলে ও থাকিতে হইয়াছিল। পরে স্থীসকোর্টে আপীল করিয়া ভিনি মৃক্তিলাভ করেন। ঐ প্রগণার এবস্তুত অবস্থা দেখিয়া উহার সন্ধিকারীগণ, কালী প্রসন্ন বাবুকে উহাবিক্রের করেন। ঐ পরগণা হস্তগত ছ্ইবার পর গোবরডাঙ্গার ভাগালন্মী দিন দিন বর্দ্ধিত হুইতে থাকে। এইরপে কালীপ্রসর বাবু জ্মীদারীর আয় সর্ব্যাক্ল্যে লক্ষ টাকা পর্যাস্ত ৰাড়াইরাছিলেন।

কানীপ্রসর বাবু ১৮৪৪ প্রীষ্টাব্দের কেব্রুয়ারি মাসে জন্ন পঞ্চাশংবর্ষ বরসে প্রাণত্যাগ করেন। তিনি ধখন মরেন, তখন সারদার্প্রসর মুখোপাধ্যার ও ভারাপ্রসর মুখোপাধ্যার এই পুত্রবর নাবালক থাকার তিনি এক উইল করিয়া বান। তাহাতে সারদাপ্রসরের মাতা বিমলা দেবীকে এবং ভারা প্রসরের মাতা জামাস্থলরীকে আপুনার বিষয় সম্পত্তির এক্জিকিউট্রিক্স এবং ক্লিকাভার খ্যাতনামা আশুতোব দে ও প্রমথনাথ দে (বাহাদিগকে লোকে ছাতু বাবু ও লাটু বাবু বলিত)—ইহাদিগকে সম্পত্তির এক্জিকিউটার নিযুক্ত করেন। কালীপ্রসর বাবুর মৃত্যুর পাঁচবংসর পরে অর্থাৎ ১৮৪৯ সালে ভারাপ্রসর বাবুর মৃত্যুর পাঁচবংসর পরে অর্থাৎ ১৮৪৯ সালে ভারাপ্রসর বাবুর মৃত্যুর পাঁচবংসর পরে অর্থাৎ ১৮৪৯ সালে

তারাপ্রসন্ন বাবুর মৃত্যুর পর সারদাপ্রস্থ বাবুই বিষয়ের উত্তরাধিকারী-হন। কিন্ত তারাপ্রসন্নের মাতা সারদা বাবুঞ্চে নিক্ষককে বিষয় ভোগ করিছে

কুশ্ৰীপকাহিনী।

मिन नारे। উनि मপত्नी পুত্ৰ বলিয়াই হঁউক অথবা সাভাবিক বিদ্বেষ বৃদ্ধি-তেই হউক, সারদা বাবুর উপর ঘোর শুক্তভাচরণ করেন। এমন কি সারদা বাবুকে প্রাণে, মারিবার জঞ্জ অনেক বার চেন্তা করেন। তাহাতে কিছু না করিতে পারিয়া ইনি ইচ্ছাপুরের রামধন চোধুরী মহাশয়ের সাহাধ্যে (ইইনি দিগকেই ইচ্ছাপুরে নঠাকুর বলে) সারদা বাবুর সঙ্গে এক দালা উপস্থিত : করেন। ঐ দাসার বিস্তর লোকের মৃত্যু হয়। এবং ঐ লাক্সা লইয়া অনেক দিন মোকদামা চলিতে থাকে। কিন্তু তাহাতে ক্লতকার্য্য হইতে না পারিয়া ভারা প্রদরের স্ত্রী দারা এবং নিজে ও পোব্য পুত্র গ্রহণ করিবার চেষ্টা পান। কিন্তু লারদা বাবুর ভাগ্যক্রমে, ভারাপ্রদরের বিধবা পদ্ধী ও তাঁহার মাতা বে भाषा शूळ नहेटवन विनिन्ना श्वित करतन-डिअटबरे मात्रा योत्र। कार्ता सम्बन् मांछ। जातक मिन धतिया এই अर्थ मात्रमा वस्त्र महिङ माक्षमा कर्जना শেৰে আদালত হইতে ভিন হন যে ভানাপ্ৰদলেন মাভা বিষয় হইতে বাৰ্ষিক চৌদহাজার টাকা সুনক। পাইবেন। ভিনি এই সুনকা পাইরা বছদিন ধ্রিয়া কাশীতে বাস করেন এবং তুথায় থাক্ষিয়া শ্রিব প্রতিষ্ঠাদি অনেক সংকার্য্য করেন। এমন কি, তাঁহার সংকার্য্যের প্রভাবে কাশীতে তাঁহাকে গোবরডাঙ্গার রাণী বলিত। তাঁহার মৃত্যুর পর তাঁহার অংশ সারদা বাবুর পুজেরা প্রাপ্ত रात्रन। नात्रना वात् এই ऋश्य এकाकी नम्बग अमीनात्रीत উख्ताधिकाती रून।

নারদা বাবু ইংরাজী ১৮৩৪ সালে জন্ম গ্রহণ করেন। বালাকালে ইনি
শীল সাহেব নামক একজন ইংরেজ শিক্ষকের তত্ত্বাবধানে শিক্ষা প্রাপ্ত হন।
উনি বরাবর ইহার গৃহশিক্ষক ছিলেন। ষধন তারাপ্রদক্ষ বাবুর মার সঞ্জে
ইহার দালা হালামা হয়, তথন ঐ সাহেব চাকুরি ছাড়িয়া দেন। সাহেব
কর্মাছাড়িলে পর বরাহনগরের ম্রারিমোহন শীল উঁহার গৃহ-শিক্ষক-পদে
নিযুক্ত হন। এইরূপে সারদা বাবু ইংরাজীতে বিলক্ষণ বাৎপন্ন হইয়াছিলেন।
তিনি ইংরাজীতে বিলক্ষণ শিক্ষ্তি হইলে ও নিজের জাতীয় বর্ম্ম ত্যাগ করেন
নাই। প্রতিদিন প্রন্ধা আহ্নিক, কালীবাড়ীতে যাতায়াত, প্রাদ্ধ শান্তি প্র
নিত্য নৈমিত্তিক কর্ম্যে সকল সম্পন্ন করিতেন। জমীদারী কার্ম্যে তিনি বিশেষ
অভিজ্ঞ ছিলেন। এজস্ত তিনি ব্রিজ চেষ্টার জমীদারীর আন্ন ২০।২৫
হালার টাকা বৃদ্ধি করেন।

সারদা বাবুর ভাষ পরোগকারী লোক আর দেখা যায় না। গোবর-ডাঙ্গায় যে স্কল বড় বড় রাস্তা ঘাট_্দেখিতে পাওয়া যায়, উহা সারদা বাবুর চেষ্টায় ও অর্থানুকুলো নির্শ্বিত হয়। ° ছুভিক্ষের সময় ইনি প্রতিদিন । । হাজার লোককে অন্ন দান করিতেন। তবং এই রূপ অন্ন দান ৮।১০ মাস পর্যাম্ভ করিয়াছিলেন। তাঁহার আভিথেয়তা এতদ্র হিল, যে তাঁহার সময়ে গোবরডাকরে বাজারে কাহাকে ও রাধিবার জগু হাঁড়ি কাঠ কিনিতে হইত না। গ্রামে বা বাজারে আগুন লাগিলে তিনি লোকের ঘর ঘার স্ব নির্দাণ করাইরা দিতেন। যে যে সদ্গুণ থাকিলে লোকরঞ্জন হ্ ওয়া যায়, সারদা বাবুর সে সমুদর সদৃত গই ছিল। তিনি একজন আদর্শ-জমীদার ছিলেন। গ্রামের চতুস্পাঠীতে তিনি যথেষ্ট সাহাযা করিতেন। গোবরডাঙ্গাতে তিনি নিজবায়ে একটা উচ্চপ্রেণার ইংরাজী বিদ্যালয় স্থাপিত করেন। দেশের লোকে যাহাতে চিকিৎসা অভাবে কণ্ট না- পার, একারণ তিনি গোবরভাকার একটা ডিসপেন্সারা স্থাপন করেন। তিনি যমুনা নদীর উপরে একটা দেতু প্রস্তুত করিতে অক্সিন্ত করেন। ১২৭৫ সালে বঙ্গদেশে বে ভীষণ বাজ্যা হয়, ভাহাতে অনেকেই গৃহহীন ও নিঃস হইয়া যায়, কিজ সারদা বাবুর অনুগ্রহে সে সময়ে গোবরডাঙ্গা ও তলিকটবর্তী গ্রাম সমূহের লোকে কোন কট অনুভব করিতে পারে নাই। এসময়ে তিনি যে পরিমাণে অর্থ সাহায্য ও নিজের শ্রম ও যত্ন দারা লোকের উপকার করিয়া-ছিলেন, তাহা দেখিয়া তদানীস্তন সুল ইন্সেকটার উড়ো সাহেব তাঁহার এড্কেশান রিপোর্টে লেখেন, যে সারদা বাবু বিগত ভীষণ বাত্যায় যেরূপ অর্থ-বাস ও কায়িক শ্রম করিয়া প্রজা পুজের উপকার সাধন করিয়াছেন, আমি স্বচকে দেখিয়াছি, যে যদি গবর্ণমেণ্টের নিকট উপাধি লাভ করিবার তাঁহার মানস থাকিত, তাহা হইলে তাঁহাকে অনেক উপাধিতে ভূষিত করিতে হইত। তিনি সাধারণ হিতকর যে যে গুরুতর কার্যা করেন, ভাহা কাইশকে ও জানিতে দেন না। বাস্তবিক ও সারদা বাবুরু ভাষ পরোপকারী ও দয়াবান্ লোক জমীদার সম্প্রদায়ের মধ্যে এক্ষণে অতি বিরশ। আমরা তাঁহার বদান্যতার ভূরোভূয়ঃ উদাহরণ 🔏 বগত আছি। কিন্তু স্থান সংক্ষেপ

একজন ব্রাহ্মণ সারদা বাবুর পিতার নিকট ৫০০০ পাঁচ হাজার টাকা
কর্জ্ব লইয়াছিল। অনেক দিন যাবং ঐ টাকা অনাদায়ী থাকায়
বাহ্মণকে বার্যার তাগিদ্ কুরা হয়। কিছুতেই টাকা আদায় না হওয়ায়
ঘারবানেরা ব্রাহ্মণকে একদিন হুপরবেলায় জমীদারী কাছারিতে ধরিয়া
লইয়া আইসে। সারদা বাবু তথন বৈঠকখনোর ছিলেন। মুসা ঐ ব্রাহ্মণকে
সঙ্গে লইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন। ব্রাহ্মণের পোষাক পরিছেদ
ও মুখলী দেখিয়া, বিশেষতঃ অনাহারী অবস্থার হুপর বেলা তাঁহাকে আনা
হইয়াছে বলিয়া, সারদা বাবু আমলাদিগকে বংপরোনান্তি তিরস্কার করিতে
লাগিলেন এবং ব্রাহ্মণকে অগ্রে ভোজন করাইতে বনিলেন। আহারের
পর ব্রাহ্মণ বর্ধন সারদা বাবুর নিকট আনীত হইল, তথন তিনি ব্রাহ্মণের
বর্জমান হরবস্থার কথা শুনিয়া বংপরোনান্তি ব্যাধিত হইলেন। এবং সমুদায়
আমলাদিগের সন্মুখে ঐ প্রাহ্মণের পাঁচ হাজার টাকার খত ছিঁড়িয়া দিলেন।
এবং ব্রাহ্মণকে আয় দেনা দিতে হইবেকুক না বলিলেন। অধিকন্ত উহাকে পাঁচ
টাকা পাথের দিয়া বিদায় করিলেন। আজ ও গোবরডাকায় অনেকে সায়দা
বাবুর সহাদয়তার দৃষ্টান্ত স্কর্মণ এই কথার উল্লেখ করিয়া থাকেন।

পল্লীস্থ কোন বাক্তির পীড়ার সম্বাদ পাইলে সারদা বাবু তৎক্ষণাৎ ঔষধ ডাক্তার ও পণ্যাদি পাঠাইরা দিতেন। কোন কোন সময়ে নিজে ও রাজি ছপ্রহর পর্যান্ত পীড়িভের বাটাভে উপস্থিত থাকিতেন। একবার গবীপুরের ৮ মাধব বাঁডুজ্যে মহাশ্মরর উরুক্তওঁ পীড়া হয়। পীড়া অত্যন্ত সাংঘাতিক ছিল। ডাক্তারেরা তাঁহাকে বর্জ ও মাংস ব্যবহার করিতে বলে। কিন্ত তাঁহাদের অবস্থা বড় কুল ছিল। বরফ ও মাংস যোগাইবার ক্ষমতা ছিল না। ৮ মাধব বাঁড়ুজ্যে মহাশ্রের ১০।১২ বৎসরের একটা বালক ছিল। সে পিতার এরপ সাংঘাতিক পীড়া ও চিকিৎসার এরপ ব্যবস্থার জন্ম কাঁদিতে কাঁদিতে বাজারে যাইতে ছিল। সারদা বাবু উপর হইতে দৈবঘটনায় তাহা দেখিতে পান। এবং বালকটীর নিক্ট তাহাদের অবস্থা ও তাহার পিতার পীড়ার বিবরণ বিশেষ অবগত হইয়া আলকটীকে সান্তনা করিলেন। এবং তাহার পিতার কারণ কলিকাতা ইইতে বরফ ও মাইর আনিবার জন্ম ডাক বসাইয়া দিল্লেন। যত

মাংস যোগাইয়া ছিলেন। কিন্তু অধিকদিন তাঁহাকে বাঁচিতে । নাই। ঐ উক্তম্ভ পীড়াতেই সৰৱ তাঁহাৱ দেহত্যাগ হয়।

সারদা বাব্র সহাদরতা সম্বন্ধে এরপ অনেক গল্প প্রচলিত আছে। বাহুল্য ভিষে আমরা সে সকল এহানে দিলাম না। দেশের হুর্ভাগ্যবশতঃ সারদা বাবু অপরিণত বরসে ১৮৬৯ সালে ইহুলোক ত্যাগ করেন। ইহার চারিটী পুত্র। গিরিজাপ্রসুল, অল্লাপ্রসল, জ্ঞানদাপ্রসল ও প্রমদাপ্রসল। ঈশবের নিকট প্রার্থনা করি, ইইারা যেন পিতৃগুণের অধিকারী হন।

মাটিকোম্রা।

Å,

রামভদ্র ন্যায়ালঙ্কার হইতে তাঁহার বর্ত্তমান বংশধর শশীভূষণ স্মৃতিরক্স।

খুল্না কেলার অন্তঃপাতি খাঁসনা কাটিপাড়া গ্রামে রামহন্ত স্থারালয়ারের জন্ম হয়। ইনি রাঘব সিদ্ধান্তবাগীল মহালয়ের সমসামরিক লোক হিলেন।
ইচ্ছাপুরের রাঘব সিদ্ধান্তবাগীল মহালয়েই ইহাকে মাটিকোম্রা গ্রামে আনিয়া বসবাস করান। কিবদন্তী এইরুপ, রামভন্ত স্থারালয়ার গুটিকাসিদ্ধান্তির বিভাগি প্রতিদিন নিজ্ঞাম হইতে ৩০ ত্রিল ক্রোল দূরবর্ত্তী ত্রিবেণীতে প্রাতে গঙ্গালান সমাধা করিয়া বাটী গিয়া ছাত্রবর্গকে অধ্যয়ন করাইতেন। সিদ্ধান্তবাগীল মহান ও নিদ্ধপুরুষ ছিলেন। তিনি ঐ সন্ধান জানিতে পারিয়া রামভদ্রকে অ নোর উপগুরুষকে বিলা করী দান করিয়া তাথার তাহাকে বসবাস করান। কালক্রমে বমুনা নদী তথা হইতে দুরে গমন করায় ছাত্রবর্গের তথা হইতে জল আনিয়া পাকশাক করিয়া থাইতে কন্ত হওয়ায়, ঐ মাটিকোমরা গ্রামের মাজের পাড়ায় বেখানে তাহার বংশধরেয়া এক্ষণে বাস করিতেছেন, তথায় পুনরায় জমীদান করিয়া বাস করান।

মাটিকোমরা গ্রামটী যমুনাই নদীর পুর্বিতীরে অবস্থিত এই গ্রাম দৈর্ঘ্যে এক মাইল ও প্রস্তে আর মাইলে সমন্ত নতী ক্রোমে সমন গভীর, এরপ কুত্রাপি ও দৃষ্ট হয় না। গ্রীম্মকালে এখন ও এখানে ২০।২৫ হস্ত জল থাকে। ঘটকেরা ও বাদ্যকরেরা এই গ্রামের আদিম অধিবাসী ছিল। পরে অন্ত ব্রাহ্মণগণ ক্রমে এখানে আসিয়া বাস করেন। এখন ও এই গ্রামের সাধারণ লোকে বলে "বাঁশ বাজনে ঘটকেরা, তিন নিমে মাট-কোময়া"।

বানভন্ত কুশদহের মধ্যে একজন প্রাণিদ্ধ নৈয়ারিক পণ্ডিত ছিলেন। "নদের গদা, কুশদহের জদা" এই প্রবাদ বাক্যটী আবহমানকাল শুনা বাইতেছে। নববীপের গদাধর শিরোমণি বেরপ প্রাণিদ্ধ নৈয়ারিক ছিলেন, কুশদহের রামভন্ত তর্কনিদ্ধান্ত ও জ্যারশাল্রে সেইরপ থ্যাতনামা ছিলেন। গদাধর শিরোমণি এবং রামভন্ত তর্কদিদ্ধান্ত উভরে নহাধ্যারী ছিলেন। জ্যারশাল্রের শেষ গ্রন্থ অধ্যরন করিতে উভরে একসমরে বিশিলার গমন করেন। সে সময়ে মিথিলার জারশাল্রের বিশেষ চর্চা ছিল। এক্ষণে লোকে বেমন নববীপে জ্যারশাল্র অধ্যরন করিতে খাইত। গদাধর শিরোমণি, রামভন্ত তর্কনিদ্ধান্ত ও পূর্বাঞ্চলের (নগদীপ বিশায় খ্যাত) অজ্ঞাতনামা সিদ্ধান্ত উপাধিধারী কোন এক পণ্ডিত—এই তিনজন এক সময়ে মিথিলার অধ্যয়ন করিতে বাইরা আপনাদের এইরপ পরিচয় প্রদান করেন: "কুশদীপ, বিশ্বীপ নববীপ নিবাসিনঃ। তর্কসিদ্ধান্ত, গিরোমণি মনীবিণঃ।

রামভদ্র অতি দরল ও উদার প্রকৃতির লোক ছিলেন। লোকে ভাহার দৃষ্টান্ত অরপ লোক বক্ষামাণ ঘটনার উল্লেখ করিয়া থাকে। ভৎকালো মিথিলা দেশবাদী পণ্ডিতবর্গের নিয়ম ছিল যে বিদেশস্থ কেহ অধ্যয়ন করিতে যাইলে তাঁহারা তাঁহাদিগকে অধ্যয়ন করাইতেন বটে কিন্তু তাঁহাদিগকে কোন রূপ দীকা দিরানী দিতেন না। গদাধর শিরোমণি ও নামভদ্র ভর্ক সিদ্ধান্ত এই নিয়মে তথার পাঠ অভ্যাদ করিতেন বটে কিন্তু প্রতিদিন আপত্র আপন বাসার আসিয়া গুরু মুখে যেরপ দীকা টিপ্লনি শুনি-তেন, তাহাই পুন্তকাকারে সংগ্রহ করিয়া রাখিতেন। যথন উভরে এইরূপ অপ্রাপ্ত গ্রহির পাঠ শেষ করির্দ্ধ মিথিলা হইতে বাটী ফিরিয়া আইদেন, তথন পথে নৌকায় ব্যিয়া পরম্পরে পরস্পরের গুরু মুখী টিকা টিপ্লনি মিলাইতে

লাগিলেন। টীকা মিলাইয়া দেখেন, থে রামভন্তী টীকা অতি উৎকৃষ্ট হইয়াছে। গদাধর রামভদ্রের টীকা দেখিয়া বলিলেন, মহাশয়, আমি এত পরিশ্রম করিয়া ধে টীকা প্রস্তুত্ত করিলাম, তাহা বিফল হইয়াছে। আপনার টীকা থাকিতে আমার টীকা কোন মতেই প্রচলিত হইবে না। রামভদ্র এত উদার ছিলেন ধে গদাধর ছংথিত হইবেন বলিয়া নিজের এত বল্ল ও প্রমের টীকা টীপ্রনি সমুদ্র অতল জলে নিকেপ্র করিলেন।

দায়-ভাগের ও ক্সায় শান্তের কোন কোন গ্রন্থের রামভন্তী টীকা একণে দেখিতে পাওয়া যায়। রামভন্ত দেশে তর্কসিদ্ধান্ত ও পরে মিথিলার যাইয়া ক্সারালক্ষার উপাধি প্রাপ্ত হন। রামভন্ত ৮ কাশীধামে শিব প্রতিষ্ঠা করেন।

রামভদ্রের হুই পুত্র—বিখেলর ভর্কবাগীশ ও র্মাকান্ত বিদ্যাবাগীশ।
বিশ্বের্মর তর্কবাগীশ ও কাশীধানে শিব প্রতিষ্ঠা করিরাছিলেন। বিশ্বের্মর ভর্কবাগীশের হুই পুত্র—কেশবরাম ও বিশ্বর্মর বিদ্ধান্ত। বিশ্বর্মর ছুই পুত্র—রামশরণ ন্তান্ত বাচস্পতি ও রামহলাল ভট্টাচার্য্য। রামশরণ ন্তান্ত বাচস্পতি মহারাদ্ধ ক্রকচন্তের সমসামন্ত্রিক লোক ছিলেন। রামশরণের চারিটা পুত্রই গ্যাতনামা পণ্ডিত ছিলেন। রামশরণ নিজেও ন্তার স্থৃতি প্রভৃতি শাল্পে বিশেষ বৃহণের ছিলেন। তৎকালীন তাহার সমকক লোক অতি বিরল ছিল। তাহার নিচাও পাণ্ডিত্য এতদ্র ছিল, যে দেশ বিলেশন্থ বহুতর ব্রাহ্মণ সন্তান তাহার শিব্যুর স্থানার করিরাছিল। রামশরণের চারি পুত্রের মধ্যে জ্যেষ্টের নাম কালীনাথ সার্কভৌম, বিতীয়ের নাম কাল্যাথ বিদ্যা পঞ্চানন, তৃতীয়ের নাম কাল্যাথ বিদ্যাপঞ্চানন ও চতুর্থের নাম হরচক্র তর্কসিদ্ধান্ত ছিল। তাহার বিশেষ বৃহণ্ডি ছিল। ধর্মপান্ত সম্বন্ধীয় তিনি যে ব্যব্যুর দিত্তন তাহা ক্ষেট্য ছিল। গোবর্ডাঙ্গার ক্ষমীদার কালীপ্রসন বাবু তাহার ব্যব্যার বিশেষ আদের করিছেন।

জগরাথ বিদ্যাপঞ্চাননের চারিটী পুত্র—রামচক্র শিরোমণি (২) অমৃত-লাল ভট্টাচার্যা (৩) রামকমল চূড়ামণি এবং (৪র্থ) তারিণীচরণ ভট্টাচার্যা। রামকমল চূড়ামণি অভি ধর্মজীক লেটে ছিলেন। তিনি স্থতি শাস্তের অধ্যাপনা করিতেন। তাঁহার পাঁচ পুত্র (১) কালীদাস ভট্টাচার্যা (২) নব-

কুমার ভট্টাচার্য্য, (৩) মহেজনাথ ভট্টাচার্য্য (৪) কেদারনাথ ভট্টাচার্য্য এবং (২) শনীভূষণ ভট্টাচার্য্য।

শশিভূষণ ভটাচার্যা—ইশিই রামভদ্র আয়ালফারের বর্তমান বংশধর। সন ১২৬২ সালের ৩রা মাঘ তারিখে ইহার জন্ম হয়। ইহার জন্মের পুর্কেই ইহার পিতার অপর চারিটী পুত্রই উপযুক্ত হইরা কালকবলে পতিত হওরার ইহার পিতা রামক্ষণ চূড়াম্বির ইহার জীবনের প্রতি তারুশ আহা ছিল না। ইনি বাল্কোলে গ্রাম্য পাঠশলোর সামান্ত শিক্ষা লাভ করিয়ী ইচ্ছাপুরের বঙ্গবিদ্যালয়ের ২য় শ্রৈণী পর্যান্ত পড়া ভানা করেন। সপ্তমবর্ধ বয়:ক্রমকালে ইহার পিতৃ বিয়োগ ও দশমবর্ঘ বয়দে ইহার মাতৃ বিয়োগ হয়। স্করাং ইনি নিরূপার হইরা আপনার জ্যেতভাত ব্লামচক্র শিরোমণির সংসারে পাকিয়া তাঁহার নিতট স্থপন্ন ব্যাকরণ পঞ্জিতে আরম্ভ করেন। পরে চতুর্দশ বংসর বয়সের সময় আপনার জ্ঞাতি পিতৃবা ৮ বীরেখর বিদ্যালভার মহাশরের নিকট যাইয়া ৮ কাশীধামে ঐ ব্যাকরণ অধ্যয়ন করেন। পরে তথায় অস্থবিধা হওয়ার দেশে প্রভ্যাগয়ন করিয়া ত্গবীকেলার অন্তঃপাতি বৈচি গ্রামে উদেশচক্র তর্করত্বের নিকট সমগ্র বাঁচকরণ অধ্যয়ন করেন। পরে তথা হইতে প্রসরকুমার ঠাকুরের স্থাপিত মুলাযোড়ের সংস্কৃত কলেজে সাহিত্য অধ্যয়ন করিয়া দন ১২৮৬ সালে গ্রণ্মেণ্ট সংস্থাপিত উপাধি প্রীকায় সাহিত্য পরীক্ষার উত্তীর্ণ হইয়া পুরস্কার সহ বিদ্যালক্ষার উপাধি প্রাপ্ত হয়েন। তৎপরে অসীম যত্ন ও পরিশ্রীমে তিনবৎসরের মধ্যে সমগ্র নব্যস্থতিশান্ত অধ্যয়ন করিয়া ১২৮১ সালে নব্য স্থৃতিশাল্রে ও দায় ভাগের পরীক্ষা দিয়া স্থৃতি রক্ন উপাধি ও c • পঞ্চাপ টাকা পুরস্কার প্রাপ্ত হয়েন। ১২৯ • সালে দেৱল অসিয়া চতুপাঠী করিয়া ব্যাকরণ, সাহিত্য ও স্থতিশাস্ত্রের অধ্যায়ন করাইতেছেন। স্থপর ব্যাকরণ অতিশয় দুরাহ বলিয়া ইনি ঐ ব্যাকরণ অবলম্বনে সরল প্রণালীতে স্থান চল্রিকা নামে একথানি ব্যাকরণ প্রস্তুত করিয়াছেন। অতি শৈশবে পিত্যাত্হীন হৈইয়া নিজের যত্ন ও শ্রম বলে কির্মণে বিদ্যালাভ করা যায়, • শশিভূষণ তাহীর দৃষ্টাস্ত। রমেভদ্রের বংশে ইনিই এক্ষণে একমাত্র শাস্ত্র ব্যবসায়ী ও বর্তমান কুশদহসমাজের মুশ্য ইনিই একণে দর্ব্বোচ্চ বিদায় প্রাপ্ত হয়েন।

রামভদ্রের বংশাবলি পরিচায়ক শ্লোক।---

গোড় দ্বীপ প্রকার্ত্তী রতিপতিজ্ঞনকে গ্রন্থকর্ত্তাতিভক্ত, ভূলোকৈঃ পৃজিতো ২ভূৎ অতুলকুল মুশো রামভদ্রশ্চ ধীমান্। ভট্টাচার্য্যোহতিধৈর্য্যঃ সকল গুণ্যুতশ্চণ্ড মার্ত্তগুমুর্তিঃ, छा। या नकात भीतः न थलू পतिकाको मन्कित्रकाथि काणाः ॥ ১॥ তৎপুত্তো সর্বশান্তাশয়বিনয়দয়াপুণ্য সৌজগুমুকো, বেদান্তং গীয়মানো কিভিতল বিদিতো পুতিবংশোদ্ভকো ছো। সদ্গকে বিশ্ব পূর্বেশ্বর ইতি চ রমাকান্ত নামা সুধীমান্। স্থামান্ সাধুশীলঃ পর্মকুলভষঃ পাপলেশৈক হীনঃ॥ ২॥ বিশে বিশেশরস্য প্রতিনিধি রতুলঃ শ্রীল বিশেশরাখ্যঃ, সৎশীলঃ পুণ্যপুঞ্জঃ সকল গুণ্যয় স্তর্কবাগীশ শেষঃ। কাশ্যাং তস্যাপি কীর্ত্তিঃ সকল গুণযুজো বিদ্যতেহদ্যাপি মৌমা, স প্রাদাৎ জ্যেষ্ঠ কন্যাং পরমকুলভবে কৃষ্ণমুখ্যে স্থপাত্রে॥ ৩॥ নীলাদ্যে কণ্ঠচটে তদমুবছগুণে রূপযুদকত চ ধীরে, তৎপুত্রে কেশবাখ্যঃ স্থমতিরতিধনো বিষ্ণুরামশ্চ ধীরঃ। আসীৎ শ্রীবিফুরামঃ ক্ষিতিবিদিততমঃ সাধুশীলঃ, সিন্ধান্তাখ্যোপি সর্বোপরি পরিগণিত স্তস্য নাসাৎসদৃক্ষঃ॥ ৪॥ সংশীলঃ শ্রীলগোপালক মুখ কুলজে ঢেন্দ্রনারায়াগাখ্যে, শ্রীযুক্তে কেবলাদ্যে তদমুচ তনুজাং রামশেষে দদে। সঃ। জাতঃ পুত্রোহস্য রামাদিক ইতি শরণো ন্যায় বাচস্পতিহি, রেজে যন্তর্ক সাখ্যাগম নিগম বিদাং মাননীয়ে। মহাত্মা॥ 💰 🛭 সোহয়ং বন্দ্যে তমুক্সাং রঘুস্তচরণে শ্রীভবান্যাদিকেচু, দথা শ্ৰীকাশীনাথে মুখকুলজবরে ভাতি ধীরঃ পৃথিব্যাং। চহারস্তস্য পুত্রা বিবুধগুরুসখা ভাস্থি শাস্ত্রপ্রবীণাঃ, (कार्ष्यः श्रीकांशीनांशः स्वतंशकात्रप्राच्याः प्रहेर्वतराज्योग्याका क्रीका

তেষাং যো মধ্যমোহসৌ বিবিধগুণুযুতঃ শ্রীক্লগলাধ নামা, বিদ্যাপঞ্চাননাস্তঃ স্মৃতিষু স্থানপুণঃ প্রাভরাদিভামূর্তিঃ। স প্রাদাৎ স্থায় কভাং নিলমণিমুখজে, বন্দ্যবংশাবতংসে খ্যাতস্ত্রসামুজোহসে শিব বিরতি সদা স্থায়ালকার ধীরঃ ॥ ৭॥ চক্রান্তঃ শ্রীহরাদিঃ খলু ভদবরজন্তর্কসিদ্ধান্তশেষঃ, ইত্যেতিঃ শ্রপুত্তিঃ স খলু পরিবভৌ সোমবৎ সোমাযুক্তঃ। भिरेषार्छार्रेशार्याभाष्टिर्धनकनिशरेम स्वम् नामीर मन्कः, দূরাদাগত্য বিপ্রা বিবিধগুণযুজস্তস্য শিষ্যাবভূবুঃ॥৮॥ -যোখয়ং জগন্ধাথবুধো বভূবস্তদ্যাপি বেদান্তনয়। বভূবুঃ। জ্যেষ্ঠস্ত তেষাং স্মৃতিশান্ত্রশৃরঃ শ্রীরামচন্দ্রণি শিরোমণি হি॥১॥ তস্যামুজোৎসাবমুভাদিলারঃ শাস্ত্রানীভিজ্ঞা দশকর্মযুক্তঃ। তস্যাসুজো যঃ সমৃতো হি বাল্যে শ্রীতারিণীরৈ চরণাস্ত সংজ্ঞঃ ॥১০॥ সর্বাসুজোহসৌ কমলাভিরামশচ্ডামণি খ্যাভিযুতঃ স্থার:। স্মার্তঃ স্থশীলঃ কিল সোমামুর্ভিঃ সদা সহাস্যো মিত সত্যবাদী ॥১১॥ ভার্যামুরপা চ বভ্বস্তদ্য বিশেশরী নাম সদামুরক্তা। দেব্দিকাঠাপুরতা স্থীল। পতিব্রতাভুর্মতাপুবর্তিনী ॥ ১২॥ তস্যাং স জনয়ামাস পঞ্পুত্রান্ মহামতিঃ॥ অধুনা বিদ্যতে তৈুষাং কনিষ্ঠঃ শশিভূষণঃ ॥ ১৩ ॥

মাট্কোম্রা গ্রামের মধ্যে কেবল বে রামভন্ত ন্যারালন্ধার মহাশর ও তদীর বংশধরগণ পরিচর দিবার যোগ্য তাহা নহে, পরস্ক এই গ্রামে আরও অনেকানেক বর্দ্ধিক লোক আছেন, যাহাজের নামোল্লেখ করা অপ্রান্তিক নহে। ঘটক মহাশরেরাই এই গ্রামের মধ্যে প্রাচীন ও বর্দ্ধিক। লোকে আজও কথার কথার বলিয়া থাকে, "বাঁশ বাজানে ঘটকেরা, তিন নিয়ে মাট্কোমর্ম'। এই গ্রামে লা্শ, বাদ্যকর ও ঘটক বহুল পরিমাণে ছিল। সেই ঘটক মহাশের দিগের আরু পূর্বা প্রা নাই—তাঁহাদের মধ্যে নামোল্লেখ

করিবার লোক অতি বিরশ। বর্ত্তমান এই বংশে শ্রামাচরণ ঘটক নামে একব্যক্তি আলিপুরে মুম্পেফ্ কোর্টে ভকালতী করিতেছেন। ইনি ধৎসামান্ত বাঙ্গালা লেখা পড়া শিক্ষা করিয়া ওকালতী ব্যবসায়ে বিপুল অর্থ উপার্জন করিয়াছেন। ইনি অভিশব্ধ ধার্শ্বিক ও সংক্রিয়াশীল এবং সেই গুণে সমাজে বিশেষ পরিচিত ও সমানিত।

এই গ্রামে নিবারণচন্দ্র ষটক নামে এক ব্যাক্তি আছেন। ইনি যদিও উপরোক্ত ঘটকবংশ সভুত নহেন, তথাপি ইনি একজন খ্যাতনামা ব্যক্তি। ইনি সংখ্যায়িত ও ধার্মিক বণিয়া পরিচিত। একণে ইনি নাটোরের ডেপুটী মেকেষ্টরের পদে এতী আছেন।

ি গৈপুর।

যম্নার পশ্চিমতীরে গৈপুর প্রাম অবস্থিত। প্রাম থানি দৈর্ঘ্যে প্রায় ১ মাইল ও প্রন্থে অর্জ মাইল। গৈপুর গোপীপুরের অপজ্ঞংশ মাত্র। এই প্রামে অন্ন ৪।৫০০ ঘর প্রাক্ষণ কার্ছের বাস। অপর প্রেণীর লোক এখানে বিরল। গৈপুরের কার্ছ মুকুম্লারেরা এ প্রান্থের প্রথম অধিবাসী। তৎপরে লব্ধ বন্দ্যোপাধ্যারের পরপুরুষ মুগুরানাথ এই প্রামে আসিরা বাস করেন। গৈপুরের বন্দ্যোপাধ্যারদিগের মধ্যে বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যার সক্ষর্জ হইরছিলেন। বন্দ্যোপাধ্যারদিগের দৌহিত্র সম্ভান বেগের গঙ্গোপাধ্যার প্রার্থিত করান বেগের গঙ্গোপাধ্যার-বংশীর বাবু স্র্যাকুমার গঙ্গোপাধ্যার ভাক কিন্তাগের প্রথম শ্রেণীর স্থারিণ্টেণ্ডেণ্ট ছিলেন। সামান্ত বেতনে তিনি ভাক বিভাগের কার্য্যে নিযুক্ত হন। পরে স্বীর ক্ষমতাগুলে ৫০০ পাঁচশক টাকা বেজনের পদে নিযুক্ত হইরাছিলেন। অন্তন্ত্রতা বশক্তঃ কার্য্য ত্যাগ করিতে না হইলে তিনি সম্ভবতঃ তেপুটী পোট্টমান্টার জেনেরালের পদে উরত হইতে পারিতেন।

এই প্রামের বাব্ পতিরাম বন্দ্যোপাধ্যার গ্রণমেণ্টের অধংস্তন বিচার বিভাগে কার্য্য করিতেন। পরে পাক্ড রাজএপ্টেটের ম্যানেজার হইয়া এপ্টেটের অনেক উরতি-নাধন করেন। রাজা সভীশচক্র পাড়ে উহাঁকে ভাত্বৎ স্বেহ করিতেন।

রামজীবন বন্যোপাধ্যায় ও তাঁহার প্রভাগ ও তাঁহার দৌহিত লালচাঁদ

কুশৰীপকাহিনী।

চট্টোপাধ্যায় মহাশর অভিধি সেবা ও ক্রিয়া-কলাপাদি করিয়া গিয়াছেন।

গৈপুর গ্রামের ভারকনাথ শিরোমণি মহাশরের পুত্র গিরীশ্চক্র মুখোপাধ্যার সদমুষ্ঠান ও পাণ্ডিত্যগুণে পিভূপিতামহের প্রমর্য্যাদা রক্ষা করিতে অণারক ইইয়া একণে কিসিকাভার আসিয়া কাপড়ের দোকান করিয়াছেন।

এই গ্রামে পূর্বে অনেক" স্থায়শান্তবিৎ ও ধর্ম শান্তক্ত অধ্যাপক ছিলেন। কিন্তু একণে তাহার আর কিছুই নাই।

• গোবর ডাঙ্গা।

পোবরডাঙ্গা আধুনিক প্রাম। কুশখীপ সমাক্রের মধ্যে এই প্রাম্বী মিউনিসিপাল টাউন। মুখোপাখনর জমিদার মহাশরগণ হইতেই এই প্রামের বাহা কিছু শ্রীর্দ্ধি দেখিতে পাওরা বার। এই গ্রামের আদি ইভিবৃত্ত জানিবার জন্ত আমরা অনেকবার অনেক ব্যক্তিকে এখানে পাঠাইরাও কুভকার্য্য হইতে পারিনাই। লেখকও নিজেঁ এ বিষয়ে অনভিজ্ঞ। তবে আমরা লোক পরম্পারা ছ এক জনের বিষয় বাহা জ্ঞাত হইতে পারিয়াছি, তাহারই সংক্ষিপ্ত বিষয়ণ

ভবানীপুরে চক্রনাথ চট্টোপাধ্যায়ের ব্লীট্ বিনিয়া বে ব্লীট্টী বর্ত্তমান আছে,
ঐ চক্রনাথ চট্টোপাধ্যায় মহাশরের নিবাস গোবরডাঙ্গায় ছিল। তিনি আলিপ্রের জল্প আদালতের একজন প্রদিন্ধ উকীল ছিলেন। বক্তৃতার ক্ষমতা অপেক্ষা
আদালতের পাণ্ডলিপি প্রস্তুত্ত করণে তাঁহার বিশেষ ক্ষমতা ছিল। তিনি খাদেশ
হইতে যদিও দ্রে থাকিতেন, তথাপি তিনি দেশের কল্যাণে রত ছিলেন।
ইহার পিতা শিবনারায়ণ চট্টোপাধ্যায় এক জন মহাশয় লোক ছিলেন।
তিনি গ্রণফ্রেন্টের বিচার বিভাগে কার্য্য করিতেন। স্বদেশবাসীদিগের
ছংব মোচন জল্প তিনি নিজ অর্থ ব্যয়ে একটা প্রশস্ত রাস্তা নির্মাণ করিয়া
দিয়াছেন। আল্পুও ঐ অঞ্চলে শিবনারায়ণ চট্টোপাধ্যায়ের রাস্তা" তাঁহার
স্থাতি জাগর্মক্র রাথিয়াছে। তিনি পরিণত ব্রসে ৺কাশীধানে বাস করেন এবং
সর্বপ্রথম কাশী বাস করাতে কুশ্রীপবাসীদিগের কাশী প্রাপ্তির পথ প্রদর্শক।

ইহারই পৌত্র ডাক্তার ক্ষীরোদপ্রসাদ চট্টোগাধ্যায় মহাশয় একজন আসিটাণ্ট সার্জ্জন। মহাকালী পাঠশালার অবৈতনিক সম্পাদক বলিয়াও অনেকে তাঁহাকে চিনেন।

হরদেব ভট্টাচার্যা (স্থৃতিরত্ব)—গাঁটুরিয়ার পথিতমগুলীর গুণকীর্ত্তন করিছে। কিন্তু করিছা আমরা কুশন্বীপকাহিনীর কলেবর বর্দ্ধিত করিয়াছি। কিন্তু নীলমণি ভট্টাচার্যা মহাশন্ন অর্গারোহণ করায় খাঁটুরা একণে অধ্যাপকশূন্য হইয়াছে। ধর্মপাজ্যের ব্যবস্থা লইতে হইলে খাঁটুরা বাসী দিগের একণে গোবর ভালার হরদেব স্থৃতিরত্বের শন্ত গ্রহণ ব্যতীত আর উণায়ান্তর নাই।

কিন্ত আজকাল লোকের স্বধর্ম ও ধর্মণাজ্রের প্রতি এতদ্র অনাস্থা বে হরদেব এপর্যাস্ত খাঁটুরাতে একটা স্বতন্ত চতুম্পাঠী করিতে পারিলেন না। তিনি শাল্তরক্ষার জন্ম খাঁটুরার কোন পাঠশালার অধ্যাপনা করিতে যান। পাঠশালাটী বিজাতীয়-রাজসাহাব্যে পরিচালিত। স্বতরাং ঐ পাঠশালার পরিদর্শক আসিতেছে শুনিলেই ওাঁহাকে প্রাইতে হইত। জাতীয় মুর্জশার পরিচয় ইহা অপেক্ষা আর কি আছে ?

খাঁটুরা।

সকলেই ইচ্ছা করেন, তাঁহার নিজের ও পূর্ব্বপুর্বগণের গৌরব কাহিনী প্রচারিত হয়। ইতিবৃত্ত লেখকের গক্ষে সকলের বিবরণ সাধারণের স্থাতিপথে জাগরিত রাথা কিন্তু ছুরুহ ব্যাপার। রামকুমার ন্যায়পঞ্চানন মহাশন্ধ খাঁটুরার এক জন প্রসিদ্ধ পণ্ডিত ছিলেন। নিজ বাটীতে তাঁহার চতুপাঠীও ছিল। কথিত আছে, কোন সময়ে নড়ালের প্রসিদ্ধ জমীদার রতনরায়ের বাটীতে পণ্ডিতগণের একটী মহতী সভা আহত হয়। নানা দিক্ দেশ হইতে পণ্ডিতগণ ঐ সভায় আগমন করেন। সেই সভাতে ন্যায়শাত্তের বিচার হয় রামকুমার স্বীয় বিদ্যাবলে তর্ক বিতর্কে সমুদ্র পণ্ডিত্মগুলীকে পরাস্ত করিয়া জন্মী হয়েন। তাহাতে জমীদার বাবু অত্যন্ত খুনী ইইয়া সভার মধ্যে রামকুমারকে একটা সোধার পৈতা প্রদান করেন। এবং তাহাকে

সর্বাপেকা উচ্চ বিদার দেন। খাঁটুরা বাসীর পকে ইহা কম গৌরবের বিষয় নর। পরস্ত এই সকল মহামহোপাধ্যারের বংশে একণে জ্ঞানস্রোভ ও ধর্ম স্রোভের আর বিন্দুমাত্রও প্রবাহ দেখা বার না। রামকুমারের অধন্তন এক পুরুষ পর্যান্তও পাণ্ডিভীর কথঞিৎ চর্চ্চা দেখা বার। কেন না, ভাঁহার মধ্যমপুত্র রাজীবলোচন ক্যোন সমরে সাভক্ষীরার প্রাণনাথ চৌধুরী মহাশরের সভাপণ্ডিত ছিলেন।

ইহার শেষ কংশধর বাবু উপেক্রনাথ ভটাচার্য্য মহশ্লের যদিও একজন পণ্ডিত নহেন, অথবা কোন বিশিষ্টভার জন্ম জনসমাজে পরিচিত নহেন, তথাপি ইনি এই কুশদীপ কাহিনীর একজন প্রধান সহায় বলিয়া আমরা ক্বভজ্ঞতার অসুরোধে তাঁহার নামোলেখ না করিয়া থাকিতে পারিলাম না। প্রভুত্ত ধন মান বা বিদ্যা উপার্জন করার পক্ষে ইহার অদৃষ্ট স্থপ্রসন্ত নর বটে; পরস্ক ভীর্ষাত্রা ও নানাদিক দেশ প্রমণ ছবি৷ জীবনের কথঞিৎ সার্থকতা লাভ ইহার ভাগেট ঘটিয়াছে। আজকাল ইয়ুরোপ, আফ্রিকা বা আমেরিকা অমণকারী, ভারতবাসীর নিকট যেমন ভ্রমণজনিত গৌরব প্রাপ্ত হয়েন, পঞ্চাশ-ৰৎসন্ন পূৰ্বে যে বঙ্গদেশীয় লোক কাশী প্ৰবাগ প্ৰভৃতি তীৰ্থ ভ্ৰমণে বাইভেন, তাঁহাকে লোকে ষণেষ্ট ভাগাবান্ ও পুণাাত্মা বিবেচনা করিত। খাঁটুরা গ্রামের কয়জন লোকের ভাগ্যেই বা ছই চারিটা তীর্থ দর্শন ঘটিয়াছে ? উপেন্দ্র বাবু কিন্ত ভারতবর্ষের উত্তরপশ্চিম প্রদেশ হইতে আরম্ভ করিয়া উহার দক্ষিণপ্রাপ্ত ভ্রমণ করিয়াছেন। উনি যে কত নদ নদী হদ সরোবর, বন উপবন, পাহাড়, পর্বত, ও পৌরাণিক স্থানসকল দেখিয়া বৃদ্ধ ও মনের পরিভৃথি লাভ করিয়াছেন—তাহার বিশেষ বিবরণ শিখিতে গেলে একধানি স্বতন্ত্র পুস্তক হইয়া গড়ে। বাঙ্গালীর পক্ষে বিশেষতঃ খাঁটুরা ৰাশীৰ পক্ষে এ ভাগাও কিছু কম নয় । -

সম্ভ্রের উপযোগিতা অনুসারে অধ্যাপকমগুলীর বংশধরগণ শাস্ত্রাবৃত্ত রসাসাদ পরিত্যাগ করিয়া এক্ষণে চিনির ব্যবসারের মিন্টতা আসাদন করিতে-ছেন। উপেন্দ্রনাণের প্লতাতপুত্ত শ্রীযুত্ত কৃশচক্রী ভট্টাচার্যা বিট্মুলোৎপাদিত শর্করার ব্যবসারে লক্ষেশ হইয়াছেন। গ্রাক্ষণ পণ্ডিতের সন্তান শাস্ত্রব্যবসারীর শিব্য না হইয়া প্রকণে শর্করাব্যবসারীর শিব্যক স্বীকার করিতেছেন।

थाँ देता इ भाषिना शाबी स्त्रत वश्भावनी।

খাঁটুরাত্ব শাণ্ডিল্য গোত্রিয়গণ সর্বানন্দীনেল। ইহারা কাঁটাদিয়া বন্দিঘাটী। প্রথমে গঙ্গাগতি বন্দোপাধ্যার মহাশর খাঁটুরাতে আগমন করেন। বর্ত্তমান বে সকল শাণ্ডিল্য গোত্রীয়গণ খাঁটুরাতে আছেন, সকলেই উহার বংশধর। গঙ্গাগতি বন্দোপাধ্যায়ের বংশাব্লীর জম এইরূপ। বধা:---

ক (১) গঙ্গাগতি বন্দোপাধ্যার; (২) উঁহার পুত্র গোরিন্দ; (৩) গোবি-ন্দের পুত্র রূপনরোরণ; (৪) রূপনারায়ণের পুত্র রাম, লহ্মণ, বাদ্বেন্দ্র, বাহ্ম-দেব, ও মহাদেব। (৫) রামের পুত্র গঙ্গাধর; বিশ্বের, রুমাকান্ত ও মুকুন্দ। (৬) গঙ্গাধ্যের পুত্র রুফদেব ও রামনারায়ণ; (৭) রুফদেবের পুত্র হুর্গা-প্রেবাদ ও রামরুদ্র; (৮) হুর্গাপ্রসাদের পুত্র স্লাশিব ও কালীপ্রসাদ; (৯) স্লাশিবের পুত্র চক্রকান্ত; (১০) চক্রকান্তের পুত্র দীর্নাথ; এবং দীন্নাথের পুত্র দ্বিদ্নাথ, রুদ্রাদ্র, ভক্ষ্রি, বরুণ ও অভিযুক্ত।

খ। ৮নং ছর্গাপ্রসাদের পূজ যে সদাশিব ও কানীপ্রসাদ, তন্মধ্যে
সদাশিবের বংশ বিস্তার বলা হইর্নছে। একণে কানীপ্রসাদের বংশবিস্তার
এইরূপ। যথা:—কালীপ্রসাদের পূজ উমাচরণ; উমাচরণের পূজ ফ্রির,
সন্নামী ও ষ্টি।

- গ। ৭ নং ক্ষণেবের পুত্র যে গুর্গপ্রিসাদ ও রামক্র, তন্মধ্যে
 হুর্গপ্রিসাদের বংশ বিস্তার বলা হুইরাছে। একণে রামকুরের বংশ বিস্তার
 এইরূপ। যথা:—রামকুদ্রের পুত্র রামকুমার; রামকুমারের পুত্র মাধ্য ও রাজীর
 লোচন; মাধ্যের পুত্র পাঁচকড়ি ও রামগোপাল বা নদীরাম; পাঁচকড়ির পুত্র
 উপেক্র, ধরেক্র বা কালীপ্রদর, হুরেক্র ও জ্ঞানেক্র; এবং উপেক্রের পুত্র
 হুরেক্র ও জিতেক্র।
- (গ) চিহ্নিত প্রারাধ রামক্ষারের পুত্র যে মাধব ও রাজীব লেইচন্ত বলা হইয়াছে, তন্মধ্যে রাজীব লোচনের পুত্র রাম, গণেশ, হরিশ ও মৃত্রথ। রামের পুত্র বৃদ্ধি এবং গণেশের পুত্র স্থাতাত ও স্থীর।
- (গ) চিহ্নিত প্যারায় মাধবের পুত্র বে পাঁচক ড়ি ও রামগোপাক, বা নসী-রাম — তমধো রামগোপাক বা নসীবামের প্রত্তর কল অকল অফকল

অতীক্র ও ফণীক্র। কুশের পুত্র জগংচক্র, অতুগের পুত্র অধিগ এবং অমু-কুলের পুত্র স্প্রত্ব।

- (क) विक्रिक भागित अपन् श्रमायदात भूव (य क्कार्य अ त्रामनात प्राप्त वना रहेशा हि, अधारण त्रामनात प्राप्त भूव प्राप्त अपन त्रामनिश्च अपन त्राम
- (ক) চিহ্নিত প্যারার ৫ নং রামের পূর যে গলাধর, বিখেশর, রমাকান্ত ও মৃক্লের কথা বলা হইরাছে, তন্মধ্যে বিখেশরের পূর গোপাল ও গোপালের পুর রামানক। রমাকান্তের পুর বিক্রাম ও অনস্তরাম। বিক্রামের পুর কালীশঙ্র; কালীশন্তরের পুর রামহক্র, রামহক্রের পুর চণ্ডীচরণ এবং চণ্ডীচরণের পুর রসরাজ ও হিজরাজ।

উপরিন্ধিত প্যারার রমাকান্তের পুত্রে বিফ্রাম ও অন্তরাম বলা ইইরাছে, তর্মধ্যে অন্তরামের পুত্র ভবানীপ্রদান্ত ও দেবীপ্রদান। ভবানীপ্রদানের পুত্র গদাধর, গদাধরের পুত্র পোবিন্দ; গোবিন্দের পুত্র রামানন্দ ও হরি। এই দেবীপ্রসাদের পুত্র রাধানাথ, রাধানাথের পুত্র সধু; মধুর পুত্র রজনী ও ক্ণী।

- (ক) চিহ্নিত প্যারার ধনং রামের পুত্র যে গদাধর, বিখেমর, রমাকান্ত ও মুকুল বলা হইরাছে, তন্মধ্যে মুকুলের পুত্র নীলকণ্ঠ ও প্রীকান্ত। নীল-কণ্ঠের পুত্র গোপাল; পোপালের পুত্র কানাই; কানাইরের পুত্র রামনারায়ণ, রামনারায়ণের পুত্র বেণী, হারাণ, চক্র ও নিমাই এবং চক্রের পুত্র জানেকা। মুকুলের দিতীয় পুত্র প্রিকান্ত; শ্রীকান্তের পুত্র নবকুমার, নল, কালী ও রামতারণ।
- ্ ক চিহ্নিত প্যারায় ৪নং রূপনারায়ণের পুত্র যে রাম, লক্ষণ, যাদবেক্র, বাস্থদের ও মহাদের বলা হইয়াছে; তন্মধ্যে রামের বংশবিস্তার পূর্বে দেখান হইয়াছে, লক্ষণ নিঃসন্তান ছিলেন; একণে যাদবেক্রের বংশবিস্তার বর্ণিত হইতেছে। স্থা:—

योग्रदेवराम् व श्राह्म वास्त्रम् व

পুর রামচরণ। রামচরণের পুর রামকান্ত। কাশীখরের পুর কৃষ্ণরাম রামকাবন ও রামগোপাল। কৃষ্ণরামের পুর রামকিক্ষর, রামকাবনের পুর রামধন ও
কালীক্মার; রামকানাইরের পুর রামগতি এবং শ্রীরামের পুর কালাচাদ।
রামধনের পুর অন্ধিল্ল ও কালীকুমারের পুর প্রসরচন্দ্র; রামগতির পুল
গোবিলা ও রামতারণ এবং কালাচাদের পুর পুর প্রিরাম। অন্ধিচন্দের পুর
ক্রেলিলা, ফ্লিরাম ও গ্লাধর। গোবিলের পুর শতিরাম; রামতারণের
পুর রাসবিহারী ও ক্রেবিহারী।

বাদশেক্রের ভৃতীয় পুত্র শিবরাম বলা হইয়াছে, উহার রামকিশোর বলিয়া একটী মাত্র পুত্র ছিল। এবং রামকিশোর ও নিঃসন্তান।

যাদবেক্রের চতুর্থ পুত্র কলপ। এক্ষণে কলপের বংশাবলী বলা যাই-তেছে। যথা—

কলপের পূত্র কালীচরণ ও রামরাম। কালীচরণের পূত্র রামকান্ত এবং রামরামের পূত্র কালাই। রামকান্তেব পূত্র নবকুমার। এই নবকুমার এই বংশের শেষ সন্তান। কালাইত্রের পূত্র সৌর ও ভবালী। গৌরের পূত্র দীনবন্ধ এবং দীনবন্ধর পূত্র বিশ্ববন্ধ। ভবানীর পূত্র কৈলাশ, মতিবাল ও ছীরালাল। কৈলাশের পূত্র উপেন্ত এবং যোগীক্ত।

(ক) চিহ্নিত প্যারায় ৪নং রূপনারায়ণের পুত্র যে রাম, লক্ষণ, বাদবেশ্রে বাহ্মদেব ও মহাদেব বলা হইরাছে, তক্মধ্যে রাম, লক্ষণ ও যাদবেশ্রের বংশ-বিস্তার দেখান হইরাছে, এক্ষণে বাহ্মদেবের বংশবিস্তার বর্ণিত হইজেছে। যথা।—

বাহদেবের পূত্র নন্দরাম ও রাজারাম। নন্দরামের পূত্র রামপ্রসাদ এবং রাজারামের পূত্র রামানন্দ, রামিকিশোর ও ব্রজকিশোর। রামপ্রসাদের পূত্র রামকানাই ও রামত্লাল। রামকানাইয়ের পূত্র কালাচাক ও রাম। তন্মধ্যে রাম নিঃসন্তান হটরা মরেন। কালাচাদের পূত্র ষ্ঠা ও রামচক্র (দত্তক)। রামত্লালের পূত্র কালীদাস ও মধুস্দন। কালীদাদের পূত্র চারচক্র ও ঘনস্ঠাম এবং মধুস্দনের পূত্র ধর্মদাস (দত্তক) ন চার্সচক্রের পূত্র অভিলাষ ও স্বরেন্দ্র এবং ঘন্সামের পূত্র বীরেন্দ্র ও উপ্রেক্ত। রাজারামের যে রামানন্দ, রামকিশোর ও ব্রহ্মকিশোর বলিয়া তিন পুত্রের উল্লেখ করা হইয়াছে, তন্মধ্যে রামানন্দের পুত্র বিশ্বনাথ, বিশ্বনাথের পুত্র গোবিন্দ, গোবিন্দের পুত্র বিজয় ও গোপাল। বিজ্য়ের পুত্র স্থাল, স্থীর, স্থাংও, স্থান্থ ও স্কুমার এবং গোপালের পুত্র সভ্যসাধন।

রামকিশোরের পুত্র গৌলমেহিন ও রামমেহিন। তন্মধ্যে রামমেহিন নি:সম্ভান। গৌরমোহনের পুত্র জগল্মাহন ও শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণ নি:সম্ভান। জগল্মাহনের পুত্র দারকানাথ, অমৃতলালী, ও যালাথ। জ তন্মধ্যে দারকানাথ নি:সম্ভান। অমৃতলালের পুত্র সারদাচরণ এবং ষচনাথের পুত্র অমদাচরণ। রাজারামের যে ভৃতীয় পুত্র ব্রজকিশোর, উহার পুত্রের নাম শস্তক্র। শস্তক্র নি:সম্ভান ছিলেন। স্ক্রাং ব্রজকিশোরের বংশ বিস্তার নাই।

ক) চিহ্নিত প্যারাম ৪ নং-ক্লপনারামণের পুর যে রাম, লক্ষণ, যাদবেজ্র বাহ্নদেব ও মহাদৈব বলা হইয়াছে, ভন্মধ্যে রাম, লক্ষণ, যাদবেজ্র, ও বাহ্নদেবের বংশ বিস্তার বলা হইয়াছে, এক্ষণে মহাদেবের বংশবিস্তার বর্ণিত হইতেছে। যথা:—

মহাদেবের পুত্র চক্রদেধর বা রামভক্র। রামভক্রের পুত্র রাম রাম ও রামশঙ্কর। রাম রামের পুত্র রামহরি, কালীশঙ্কর, রামশঙ্কর ও রামপ্রাণ। বর্মহরির পুত্র রামগভি। রামগভির পুত্র শুলালাচরণ, স্প্রিধর ও বীরেখর। শুলালাচরণের পুত্র প্রেম্নটাদ ও প্রভাগ। তন্মধ্যে প্রভাগ নিঃস্থান। প্রেমটাদের পুত্র ননী ও-ক্ষীরোদ। স্প্রিধর নিঃস্থান। বীরেখরের বিশ্লি, স্থীর ও স্পীল।

রামরামের পুত্র যে রামছরি, কালীশঙ্কর ও রামপ্রাণের কথা বলা হইরাছে, তন্মধ্যে রামছরির বংশ বিস্তার লেখা গেল। পর এক্ষণে কালীশঙ্করের বংশ বিস্তার বল্পনাইতেছে। যথাঃ—

কালীশন্ধরের পুত্র বিশ্বন্তর ও রাজচন্ত্র; বিশ্বন্তরের পুত্র ক্ষেত্রনাহন ও জয়গোপাল; রাজন্দ্রের পুত্র ক্ষমোহন, নীলমাধন, কেদারনাথ, দারকানাথ, নবীন ও পূর্ণ দ রাজচন্ত্রের সকল পুত্রই নিঃসন্তান, কেবল পূর্বের পুত্র হরিধন ও রাম্যান। ক্ষেত্রমোহনের পুত্র সহায়নারায়ণ, বিহারী ও আদিত্য এবং

জয়গোপালের পুত্র কাশীনাথ ও ভারকনাথ। সহায়নারায়ণ নিঃসন্তান ; বিহারীর পুত্র দেবেক্ত এবং আদিভ্যের পুত্র কানাই।

রামভদের পুত্র যে রামরাম ও রামশঙ্কর বলা 'হইরাছে, এবং রামরামের পুত্র যে রামহরি, কালীশঙ্কর ও রামপ্রাণ বলা হইরাছে, ভন্মধ্যে রাম হরি ও কালীশঙ্করের বংশ বিস্তার লেখা হইরাছে। এক্ষণে রামপ্রাণের বংশবিস্তার লেখা যাইক্ষেছে। যথা—

* বামপ্রাণের পাঁচ পুত—রামরতন, কেরার, রামধন, রাধামোহন ও উমাকাস্ত। তথ্যধ্যে রামরতনের আনন্দ, ভবানন্দ ও দীনবন্ধ প্রভৃতি পনরটী
পুত্র কমে। ইহারা সকলেই নিঃসন্তান; কেবল দীনবন্ধর হুই পুত্র জমে—
হারান ও শিবনাথ। শিবনাথ নিঃসন্তান। হারানের হুই পুত্র—পঞ্চানন
ও হরি। রামরতনের শাখা বিস্তার এইরূপ।

কেদারের পুত্র যাদব ও ধরণী। যাদবের পুত্র বেণী। বেণী নি:সন্তান। ধরণীর পুত্র মূরলীধর। মূরলীধরের পুত্র জ্যোতির্দ্ধর ও প্রভামর। রাম-প্রাণের ছিতীয় পুত্র কেদারের বংশ বিস্তার এইরূপ।

রামপ্রাণের তৃতীয় পুত্র রামধন। রামধনের পুত্র গণেশ ও প্রাশ।
গণেশ নিঃসন্তান। প্রীশের পুত্র বঙ্ধহারী। বঙ্ধবিহারীর পুত্র হরেশ
(পালক) নরেশ ও যোগেশ। স্বরেশের পুত্র শিবদান। রামপ্রাণের
চতুর্থ পুত্র রাধামোহন। রাধামোহনের পুত্র মহেন্দ্র (দত্তক); মহেন্দ্রের
পুত্র নগেন্দ্র; এবং নগেন্দ্রের পুত্র দেবীদান ও বঠিদান।

শামভজের পুত্র যে রামরাম ও রামশঙ্কর বলা হই গ্লাছে, তল্মধ্যে রামরামের বংশবিস্তার লেখা হইরাছে। একণে রামশঙ্করের বংশ বিস্তার লিখিত হইতেছে। যথা:—রামশঙ্করের পুত্র গোবর্জন; গোবর্জনের পুত্র বাজরুষণ; এবং রাজ-রুষণের পুত্র তিনকড়ি। তিনকড়ি নিঃসন্তান। খাঁটুরাম্থ শাভিলা গোতীয়-গণের বংশাবলী এই কীর্ত্তিত হইল।

কায়স্থ।

কুশদ্বীপ সমাজে ইদানীস্তন কালে কায়স্দিপের মধ্যে যেমন রায় দীনবস্থ মিত্র বাহাত্র সাহিত্যদেবী বলিয়া পরিচিত্র হইয়াছিলেন, এরূপ আর কেইই

কুশদ্বীপকাহিনী i



নহে। একারণ আমরা কারস্থবিষয়ক প্রবন্ধে অত্যে রায় দীনবন্ধর কথা আরম্ভ করিলাম। পরস্ক তিনি এরপ দেশবিখ্যাত লোক ছিদেন যে তাঁহার ফীবন চরিত স্বতন্ত্র প্রকাশিত হওয়াতে আমরা তাঁহার বিষম এয়ানে বাহল্যা ভাবে লেখা নিপ্রান্তনীয় মনে করি। বিশেষতঃ তিনি স্বকীয় জন্মভূমির সহিত্ত যৌবনের প্রারম্ভে সংশ্রব ত্যাগ করিয়া কলিকাতায় আসিয়া বনবাস করেন বলিয়া কুশরীপ সমাল তাঁহার কাহিনীর প্রতি তত আস্থাবান নন্। তবে কুশরীপের প্রকৃতিদেবী এরপ একজন প্রতিভাশালী ব্যক্তির জন্মদান করিয়াছিলেন বলিয়া আমরা তাঁহার নামোল্লেখ মাত্রও গৌরবের বিষয় মনে করিলাম। প্রীগ্রামের অবস্থা যে ক্রমশই শোচনীয় হইয়া দাঁড়াই-তেছে, তৎপ্রতি নানা কারণ থাকিলেও ইহা একটী প্রধান কারণ বলিতে হইবেক, যে আজকাল পল্লীগ্রামের লোকের একটু প্রীর্মি হইলেই তাঁহারা জন্মভূমি ও প্রতিবেশীমগুলকে চিরদিনের মত ত্যাগ করিয়া একেবারে রাজ্বাত্রমি ও প্রতিবেশীমগুলকে চিরদিনের মত ত্যাগ করিয়া একেবারে রাজ্বাতি আদিরা নৃতন প্রাক্তারের সহাত্নভূতি রীতি নীতি ও বিলাসিতার চর্চ্চা করিয়া থাকেন। স্বতরাং তাহাদের বাল্যবন্ধ বা আত্মীয় স্বজনের তাঁহাদের উরতিতে আর কোন প্রত্যাশাই থাকেনা।

পতিতপাবন সিংহ।—কান্তহ পরিচয়ে ইনি একজন পরিচর দিবার যোগ্য।
ইনি কলিকাতা জান্বাজারের রাজচক্র মাড় ও রাণী রাসমণির আমলে দেওরান্
ছিলেন। রাজচক্রমাড়ের মৃত্যুর সময় লক্ষাধিক টাকার নোট পতিতপাবন
সিংহ মহাশারের হরত ছিল। এ টাকা তিনি আত্মন্নাৎ করিলে কেহ তাহার
বিল্বিস্থিত জানিতে পারিত না। কিন্তু পতিতপাবন সিংহ এতদ্র ধার্মিক
ছিলেন, যে তিনি সমস্ত টাকা রাণী রাসমণির হস্তে সমর্পন করেন। তাঁহার
এইরপ ধার্মিকতা দেখিয়া রাণী রাসমণি মহোদয়া তাঁহার জীবদ্দা পর্যান্ত
তাঁহাকে পিতৃবৎ মাত্র করিতেন। পতিতবান্ সিংহের তান্ত চরিত্রবান্ পুরুব
একাসে দেখা যান না। লক্ষ্টাকার লোভ সম্বরণ করা দ্বে থাকুক, যৎনামান্ত
অর্থের জন্ত আজকাল উকীল ও মোক্তারাদি নবীন শিক্ষিত সম্প্রদায় কি না
কুকার্য্য করিকেছেন ও নেকালের লোক শিক্ষিত হউক বা না হউক, তাহাদের
ধর্মসংস্কার এতদ্র জীবন্ত ও জাগ্রত ছিল, যে বর্ত্তমান শিক্ষাপ্রশালীতে
শিক্ষিত লোকের ধর্মসংস্কার তাহার নিকট লক্ষা পাইয়া থাকে। যাহা হউক.

পতিতপাবন সিংছ যে কেবল লক্ষ্টাকার লোভ সম্বরণ করিমাছিলেন বলিয়ালোকে তাহার স্থশ করে, তাহা নহে। তাঁহার নাম কীর্ভন করিবার আরও একটা প্রধান কারণ এই যে, তাঁহার তুল্য অন্নদান সে কালে অনেকের ছিল না। প্রতিদিন তাঁহার কলিকাতাস্থ বাসা বাটীতে বিস্তর লোক অন্নাছ্যাদনে প্রতিপালিত হইত। তিনি রাণী রাসমণির ষ্টেটের সর্বাময় কর্তা হইরাও মৃত্যুকালে যে এক ক্পর্দ্ধকও স্ত্রীপুত্রাদির জন্ত রাখিতে পারেন নাই, তাহার কারণ আর কিছু নর। ভাহার কারণ তাঁহার অতুলনীর দান শক্তি। পাঠক! আক্রকাল ত অনেক লোকে অর্থ উপার্জন করিয়া থাকেন; অনেক লোক ভাত্তাবের শিক্ষা প্রদান করিয়া থাকেন, কিন্তু এরপ স্বার্থ ত্যাগের দৃষ্টান্ত কর্মটী দেখাইতে পারেন?

গৈপুরের মিত্রদিগের ন্থায় সংক্রিয়াবান্ লোক প্রারহ দেখিতে গাওয়া যায় না। কেবল যে হুর্গাপ্রসাদমিত্রের সংক্রিয়ার কথা শুনিতে পাওয়া যায়, তাহা নহে। তাঁহার পুল্ল তারাপ্রসাদ এবং ভাতৃপুত্র মধুস্দন, যাদবচক্র ও রাধাপ্রসাদ মিত্র মহাশরেরাও বিবিধ ক্রিয়াকর্মে বেরূপ ব্যয় করিয়া গিয়াছেন, মনেক লক্ষপতিও সেরূপ অকাতর ব্যয়ংকরিতে পারেন না। রামচক্র মিত্র মহাশয় এই বংশে জন্মগ্রহণ করেন। তিনি পোষ্টাপিশের স্থপারিন্টেণ্ডেণ্ট হিলেন। আসাম ও প্রবিক্রের ডাকের স্থবাবস্থা করিয়া তিনি গ্রথমেন্টের নিকট সম্মানভাজন হইয়া ছিলেন। তাঁহার জ্যেষ্ঠপুল্ল নারায়ণচক্র এক্ষণে আলিপুরে ওকালতী করিতেছেন।

গৈপুর নিবাসী ৺ভারাপ্রসন্ন বস্তর পুত্র বাবু প্রমণনাথ বস্থ পিল্ফাইট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বিলাত গমন করেন। পরস্ক শারীরিক অন্ত্রতা নিবন্ধন তিনি বিলাতের সিবিল্যার্ভিন্ পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারেন নাই। পরে B. S. E. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া জিওলজিকেল দার্ভে বিভাগে প্রবিষ্ট হয়েন। এক্ষণে তিনি আগিটান্ট সার্ভেয়ারের পদে কার্য্য করিতিছেন। তাহার পূর্বেক কোন বাঙ্গালী উক্ত বিভাগে প্রবেশ লাভ করিতে পারেন নাই। প্রমণ বাবু প্রাচীন আর্য্যগণের রীতি নীতি ও সভ্যতা সম্বন্ধে এক থানি পুত্তক রচনা করিয়াছেন। ঐ পুত্তকথানিতে তাঁহার গভীর চিস্তাশীল্ভার পরিচয়

কুশদীপকাহিনী। তামুলী।

কথিত আছে, বাঁটুরার বর্তমান তাত্বিগণ বাঁটুরার আদিম নিবাসী নহেন। উহারা পূর্বে ব্যবসা বাণিজ্য উপলক্ষে সপ্তপ্রামে বাস করিতেন। বর্তমান হললী সহরের অতি নিকটেই সপ্তপ্রাম অবস্থিত। তদানীস্তন কালে সপ্তথামের তৃল্য বন্দরস্থান বাঙ্গালা দেশে আর বিতীয় ছিল না। বহুকালাবিধি ঐ বন্দর সাতিশর সমৃদ্দিশালী থাকিয়া প্রীষ্টার বোড়শশতান্দীতে ধবংদাবত্থার পতিত হয়। আন্মানিক প্রীষ্টার বোড়শশতান্দীরে মধ্য-ভাগে বথন জাফের খাঁ বঙ্গদেশের নবাবপদে অধিরুত্ থাকেন, তৎকালে অত্যা-চারপীড়িত হইয়া বিস্তর লোক এখান হইতে নানা দিক্দেশে গিয়া বস্বাস করেন। সেই সময়ে সপ্তথামবালী ৪২ বেয়াল্লিশ গ্রামী তান্থ্লিগণ কুশদহের নিকটবর্তী গ্রাম সমৃহে আনিয়া বস্বাস করিন্তে আরম্ভ করেন। উহা-দিগের মধ্যে কেই কেই বনগ্রামে, কেই কেই শান্তিপুরে, কেই কেই বড়া কড়েলা প্রভৃতি হানে, কেই কেই বাছকুগর, কেই কেই মল্লিকপুরে, এবং কেই কেই বিডেলা বৈটি প্রভৃতি গ্রামে আনিয়া বাস করেন।

খাঁটুরা প্রামে আজকাল একরে যে অধিকাংশ তার্লির বসবাস দেখা বার, তাহা ইছাপুর প্রামের জমীদার রঘুনাথ চক্রবর্তী চৌধুরী মহাশরের প্রেসাদাও। তিনি আনুমানিক ১৬৪৬ প্রীপ্তার্কেণ্ডার্লিগণকে পার্মবর্তী প্রাম্ন সমূহ হইতে আনাইরা খাঁটুরাগ্রামে বসতি প্রদান করেন। তার্লিগণ খাঁটুরাগ্রামে বসবাস আরম্ভ করিলে পর, তাঁহারা তাঁহাদের আত্মীয়ন্তকন গণকেও দ্রবর্তী গ্রামসক্ল হইতে ঐ গ্রামে আসিতে আহ্বান করেন। তদ্দুদ্দারে আনুমানিক ১৬৬৬ প্রীপ্তান্দে বঙ্গীর ১০৭০ সালে মহেশচন্দ্র দন্ত মহাশম বেড়েলা বৈচি হইতে এখানে আনীত হন। বড়বাড়ীর বন্দোপাধ্যার মহাশরগণের আদিপুক্ষ রূপনারায়ণ বন্দ্যোপাধ্যার মহাশরও সেই সময়ে বেড়েলা বৈচি হইতে এই গ্রামে উঠিয়া আইসেন।

তিবল যে সপ্তগ্রামের প্রংসাবস্থার এইরপে কুশ্রীপসমাজ তামুলি উপাদানে গঠিত হর্, তাহা নহে। পরস্ত বর্গীর হাজামা কালেও বিস্তর তামুলি আসিয়া এখানে বাস করেন। ১৭৪০ খ্রীষ্টাব্দ হইতে ১৭৫৬ খ্রীষ্টাব্দ পর্যাস্ত নবাব আলিবন্দিখার রাজস্ব। যদিও বর্গীর হাজামা পূর্ব পূর্ব নবাবগণের সময় হইতেই মহামারীরূপে বঙ্গদেশকে ব্যক্তিবাস্ত করিয়াছিল জ্লাপি এই

দশবৎসরকাল বঙ্গদেশের পক্ষে যে কি কালরাত্তি স্বরূপ ছিল, ভাহা বলা যায় না। এই সময়ে যে কত পরিবার গৃহচ্যুত, প্রাণে নষ্ট, অনাহারপীড়িত ও দিক্ বিদেশে পলায়িত হইয়াছিল তাহা বলাযায় না। গুদ্ধ তায়ুলিগণের কেন, বঙ্গে ব্রাহ্মণ কার্যস্থ প্রভৃতি সম্দর বর্ণের বর্তমান বসবাসের মৃণ কারণ অন্তেষণ ক্রিলে দেখিতে পাওয়া যায়, যে বগীর হান্সামতিহার কারণ। যথন ছর্জ্জয় মহারাষ্ট্রবাহিনী ভীষণ মুখব্যাদান করিতে করিতে ঘবনকর্ত্ব হাতস্ক্র বালালীর ভগাবশিষ্ট ধনপ্রাণ গ্রাস করিবার জম্ভ পুনঃ পুনঃ বঙ্গদেশ আক্রমণ ও বিধ্বস্ত করিয়া নেগোলিয়ান্নিপীড়িত ইউরোপবাদীর স্থায় সম্ভাত ও শশবাস্ত করিয়া তুলে, তথন যে যেদিকে পাইয়াছিল সে সেই দিকেই পলাইয়া ছিল। আজিকালি পেলেগভরে ভীত হইরা কলিকাতাবাদীগণ যেমন পুজ ক্সা ভাতা ভগিনী লইয়া দেশদেশা্ন্তরে প্রস্থানপর হইয়াছে, এবং কলিকাতার বহির্ভাগে আদিয়া অপেকারত ভীতিশৃক্ত গর্ত্তবাহান অবেষণ করিয়া লইতেছে, ৰগীবিধ্বন্ত অথবা বগীভয়াকুল বাজাদীও তখন উৰ্ন্নখানে পলাইয়া অপেকাকৃত নিরাপদ স্থান সকল অন্বেষণ ক্রিয়া লইয়াছিল। কুশদহ প্রগণার মধ্যে খাঁটুরা, গোবরডাঙ্গা, গৈপুর, ইছাপুর, এভ্তি ক্রেক থানি গ্রাম তৎকালে প্রস্তুতিদেবী সহজেই গুরাক্রম্য করিয়াছিলেন। এই ক্ষেক্থানি গ্রামের দক্ষিণ-দিকে বেগবতী স্লোভস্তী ইছামতীর সঙ্গে যমুনানদী প্রবেশবেগে প্রবাহিত হইতেছে এবং প্রসন্নসলিলা খরস্রোতা চালুনিয়া নামী অপর এক হ্রাদিনী বিপ-ক্ষের বল উপেক্ষা করিয়া ও শতশত পণ্যপেতি বক্ষে লইয়া ইহার অপর তিন-দিক্ সর্বাদা রক্ষা করিতেছে। কালের কুটলগতিতে 'যদিও শেষোক্ত হাদিনী নিয়তির অন্ত:গুল কার্শ করিয়াছে, তথাপি আজিও ইহার কোন কোন অংশ নানাবিধ বিল্থালে পরিণ্ঠ হইয়া ছর্ভাগ্যের কঠোর পরিণাম প্রদর্শন করি-তেছে। ইহারই কিয়দংশ আজও "কঙ্কণা" বা "বামোড়" নাম পরিগ্রহ করিয়া খাঁটুরা ও হয়দাদ্পুরের পূর্ব্যপ্রান্ত দিয়া প্রবাহিত হইতেছে বর্গির-হাঙ্গামাকালে চতুর্দ্দিক জলবেষ্টিভ ও বংশবন সমাকীর্ণ অনুপেক্ষাক্বত ঈদৃশ তুরাক্রম্য স্থান সকলই সাধারণ ভদ্রমহাশরগণের বাসোপযোগী বলিয়া নির্ণীত হইত। তদনুসারে ভাদ্বলিগণ খাঁটুরা ও গোবরডাঙ্গা গ্রামই সম্বিক বাসো-প্রোগী বলিয়া মনোনীত করেন।

পুর্বে উক্ত হইয়াছে, ইছাপুরের চৌধুরী মহাশরেরা ভাষুলিগণকে পুর্বেজি মিলিকপুর, বনগ্রাম, বড়া, কড়েলা প্রভৃতি স্থান হইতে আনাইয়া চতুর্দিক জলবেন্টিত । বর্গীপণের ইঠাৎ অনাক্রমণীর গ্রামে বাস প্রদান করেন। সাধারণের অবগতির জক্ত আমরা উক্ত করেক বংশীর ভাষুলির নাম নিমে নির্দেশ করিলাম। এই ভারুলিগণ যে যে স্থানে আসিয়া বাস করিয় ছিলেন, সেই সেই স্থানে তাঁহাদের বংশ বিস্তৃত হইয়া পড়িয়াছে এবং তাঁহাদের নামামুনারে খাঁটুরা গ্রাম এক এক বিভিন্ন পল্লীতে বিভক্ত হইয়া পড়িয়াছে। এই জক্তই খাঁটুরার প্রত্যেক পল্লীতে এক এক বংশীর ভিন্ন অপর বংশীয় ভাষুণী দৃষ্টিগোচর হয় না। খাঁটুরা প্রধানতঃ আশপাড়া, শালপাড়া, দাঁপাড়া, সেনপাড়া, বাজারপাড়া, রিক্তিপাড়া, ব্রাহ্মণাড়া, ভিরম্বপাড়া, কলুপাড়া, নিকারিপাড়া, কাপ্রাপাড়া, বা হাড়িপাড়া, ও কুমারপাড়া, এই কএক ভাগে বিভক্ত।

গাঁটুরাতে নিম্নিথিত ক্ষেক বর ভাব্নী প্রথমে বাস করেন। য্থা:—
পত (১); সেন (২), আশ (৩): রিকিত (৪); চেল (১); পাল (৬);
দে (৭); কোঁচ (৮); কুও (১) এবং ক্র (১০)।

* খাঁটুরা গ্রামের যংকালে সমুদ্ধ 'অবস্থা ছিল, তথন গোবরডাঙ্গা নিতাপ্ত হীনাবস্থ ছিল। খাঁটুরাতে তৎকালে একটী প্রদিদ্ধ বাজার ও একটী নিম্দ্ মহল ছিল। ঐ বাজারটী "এক্ষণে প্রাতন বাজার" বলিয়া প্রানিদ্ধ। ঐ বাজারের অবাদি জিলা বিক্রয় করিয়াই, তদানীস্তন আর আর স্নিহিত গ্রামবাদীগণের গ্রাসান্তাদন নির্বাহ হইত। গোবরডাঙ্গায় বেমন বর্ত্তনান বাঙ্গায় আছে, খাঁটুরাতে ঐরপ বাজার ছিল। অমুমান ১২৪৭ বঙ্গালে কমল কর্মান কারের দোকনে প্রথমতঃ অয়ি লাগিয়া পুড়িয়া আয় । পরে গোবরডাঙ্গার জমীলার কালীপ্রসন্ন বাবু গোবরডাঙ্গায় বাজার প্রবল করাতে ক্রমে ক্রমে এই ব্রাজার উল্লাবস্থায় পতিত হইয়া প্রকণে একেবারে লোকদ্শ্যের অগোচর হইয়াছে। প্রকণে খাঁটুরা আমতলার হাটে বাজার হয়। দন ১২০৩ সালে ৬ শ্যামাচরণ সানের বিতীয় শল্লী বিনোদিনী দাদী ঐ স্থানে চাঁদনী প্রস্তুত্ত করিয়া দিরীছেন।

কমল কর্ম্ম কারের অগ্নিদাহের পর হইতে তামুলিগণ ছই এক জন করিয়া

ক্রমে ক্রমে স্থানের মমতা ত্যাগ করেরা বিদেশে উটিয়া ষাইতে আরস্ত করেন। সর্ব প্রথমে রাজকুমার আশ মহাশর বরাহ নগর উঠিয়া আসেন। তৎপরে তাঁহার দেখাদেখি শরচ্চক্র সেন, হারাণচ্ক্রপোল, দর্পনারায়ণ প্রভৃতি ও বরাহনগরে বাস করিতে আরস্ত করেন।

তৎকালে এদেশে, তাঘুলি ও ব্রাহ্মণগর্ণের নমধ্যে যেরূপ সৌহাদ্যি দেখা যাইত. এরণ আর কুত্রাপি ও ছিল না। তথন তাঘুলিগণই খাঁটুরার ব্রাহ্মণগণের শ্রীবৃদ্ধির কার্নণ ছিলেন, এবং ব্রাহ্মণগণও তাঘুলিগণের শ্রীবৃদ্ধির সহারতা করিতেন। উভর পরিবার পরস্পারের এতদ্র হিতার্থী ও স্থাদ্ ছিলেন, যে শুদ্ধ মাত্র পাক্ষির প্রভেদ ভির ইহাদিগকে অন্ত কোন রূপে প্রভেদ বির্মা বোধ হইত না। উভরে উভরকে এতদ্র প্রীতি ও শ্রহার চক্ষে দেখিতেন, যে একটা সামান্ত তাঘুলি তনরের জন্য গ্রাহ্মণমণ্ডলী প্রাণিবিস্থান করিতেও স্ক্রিয়ান্ত হইতে কুণ্ঠিত হইতেন না।

কিন্ত হার! একণে আর সে দিন লাই। চলিণ বংগর পূর্বে বে প্রাহ্মণ ও তামুলীগণ এক স্থানে আহার, একাসনে শরন, এক স্থানে উপবেশন, এক লক্ষে লক্ষবান্. একার্থে অর্থবান্ এবং একের জ্বলে আনা প্রাণ বিস্ক্রেন করিতেন, আজি কালি সহাস্তৃতির অলাবে কেই কাহারও প্রতি দৃষ্টিপাত ও করেন না। বর্ত্তমান তামুলিগণের পূর্বেপিতামহর্গণ ত্রাহ্মণ মণ্ডলীকে আহারে, বিহারে, শরনে, উপবেশনে, দানে, দীক্ষায়, এমন কি, সামান্ত বন্তী পূলা হইতে বহুৎ বহুৎ ক্রিয়া কাণ্ডে হোতা তম্বধার ও সর্বাময় কর্ত্তা করিতেন। সেই জনাই এখানকার আহ্মণনগুলী গ্রাসাচ্ছাদনের হিন্তা হইতে বিমুক্ত হইয়া অনায়াসে শাল্লাস্থালন করিতেন। তামুলিগণ বাণিজ্যের অম্পর্যাণ করিয়া বেমন একদিকে লক্ষ্মীদেবীর বরপুত্ররূপে সর্বতি সমাদৃত হইয়াছিলেন, তেমনি অন্ত দিকে এখানকার আহ্মণ মণ্ডলীও নির্বিদ্ধে শাল্লাস্থালন করিয়া সরস্বতীর বরপুত্ররূপে পরিণত হইতে পারিয়া ছিলেন। স্তর্গাণ এই, উভয়জাতির সন্মিলিত চেষ্ঠা, যন্ত্র ও অধ্যবদার্ঘে খাঁটুরা নেগাবরভাঙ্গাও এক সময়ে কৃশ্দহের শার্ষস্থান অধিকার করিয়াছিল।

এক্ষণে গাঁটুরা গ্রাম ভাষুলিগণের বাণিজ্য প্রভাবে ধেমন মহাধনশালী ইইয়া উঠিয়াছে, পূর্বে উহার অবস্থা অক্সরুগু ছিল। ভাস্থলিগণ আজন্ম বাবসার-প্রিয়; কিন্তু আজিকালিকার স্থায় তংকালে কাহারও কোন নির্দারিত বাবসায় বা আড়তাদি ছিল না। শিম্লপুর, মধুস্দনকাটি, বিষ্ণুপুর, বড়া, কড়েলা, মল্লিকপুর প্রভৃতি হব সকল স্থান হইতে উহারা ইছাপুরের চৌধুরী মহাশয়গণের যত্ত্বে খাঁটুরায় আদিয়া বাস করেন, সেই সেই স্থানে তাঁহারা এক একটা গোলাবাড়ী ও খামার করিয়া রাথিয়াছিলেন এবং ভাঁহারা সেই খানে গিয়া তেজারতি ও মহাজনী কার্যা কবিজেন।

মহেশচন্দ্র দত্ত হইতে ফকির চাঁদ দত্তের সময় পর্যান্ত খাঁটুরার ভালুলিগণ এইরপে মহাজনী ও ভেজারতি করিয়া জীবিকা নির্বাহ করিতেন। তৎপরে ফকিরচাঁদের সময় হইতেই ইহারা কলিকাভার দোকান ও আড়ভাদি করিয়া প্রকৃত ব্যবসায়ী হইতে আরম্ভ করেন ও বিশ্বন ধনসম্পত্তি লাভ করিয়া লক্ষীর বরপুত্ররূপে পরিগণিত হন। আনরা শুনিয়াছি, ফকিরচাদ দত্ত প্রথমে বলদে, করিয়া চাঁছড়িয়া প্রভৃতি স্থান হইতে ধান্যাদি ক্রেয় করিয়া আনিয়া খাঁটুরার বাজারে রিক্রয় করিতেন। খাঁটুরার দত্তপরিবারেরা আজিও বিজয়াদশমী যাত্রার দিনে, ফকিরচাঁদ ও ভদীর পূর্বপুক্ষগণের সময় হইতে রক্ষিত কতকগুলি ছালার মাজেলা জবারূপে প্রথমতঃ দর্শন ও প্রণাম করিয়া, পুরোহিত ও অভাত্ত আত্রীয় স্বজনগণের বার্টাতে প্রণামাদি করিছে বাত্রা করিয়া থাকেন।

थें हिताञ्च पछ वश्मावली।

আদিপুরুষ মহেশ্চন্দ্র দত্ত হইতে বর্তনান কালপর্যান্ত।

মহেশ্চন্দ্র দত্তের পুত্র গোবর্দ্ধন; গোবর্দ্ধনের পুত্র রামরাম; রামরামের পুত্র দীননাথ, শকর, রঘুনাথ ও বিজয়রাম। তন্মধ্যে দীননাথ ও শকর নিঃস্তান। রঘুনাথের পুত্র ফকিরটাদ দত্ত। বাঙ্গালা ১১৭৫ সালে ইং ১৭৬৩ সালে ফকিরটানের জন্ম হয় ও বাঙ্গালা ১২৪১ সালের ইং ১৮৩৫ সালের ১৫ই প্রাবণ মঙ্গালার ফকিরটানের মৃত্যু হয়।

ফকিরচাঁদের পুত্র কালীকুমার, আনন্দমোহন ও বৈদ্যনাথ। কালী-কুমারের পুত্র গিরিশ্চক্র, প্রসন্ধার, মঙ্গলচক্ত, হারাণচক্ত, হবিশ্যক ও বিজ্যান গিরিশুলোর পুত্র মহেন্তনাথ, শ্রীমন্তর্মার ও প্রমথনাথ। মহেন্তনাথ নিঃসন্তান। শ্রীমন্তর্মারের পুত্র নরেন্ত্রার ও ব্রজেন্ত্র্মার এবং নরেন্ত্রারের পুত্র নৃপেন্তর্মার।

কাশীকুমার দত্তের বিতীয় পুত্র প্রসরকুমার। প্রসরকুমারের পুত্র বসস্তকুমার ও হেমস্তকুমার। হেমস্তকুমার নিঃদন্তান। বস্তকুমারের পুত্র প্রথনাপ, এবং প্রম্থনাথের পুত্র অক্যকুমার।

কালীকুমার দত্তের তৃতীর পুত্র মঙ্গলচন্দ্র নিঃসন্তান। উহার চতুর্থ পুত্র হারাণচন্দ্র। হারাণের পুত্র বিনোদবিহারী। বিনোদের পুত্র কালীদান, হরকালী ও কালীশঙ্কর।

কালীকুমারের পঞ্চন পুত্র হরিশ্চন্তা। হরিশের পুত্র অতুলক্ষণ ও আদ্য-কুষণ (নিঃসন্তান)। অতুলের পুত্র-অপূর্বকৃষণ ও অনুপক্ষণ।

কালীকুমারের ষষ্ঠ পুত্র বিজয়চন্দ্র। বিজয়ের পুত্র সভীশচন্দ্র। ফ্রিরটাদ দত্তের প্রথম পুত্র কালীকুমারের বংশবিস্তার লেখা হইরাছে। একণে দিতীর পুত্র আনন্দ্রমাহনের বংশবিস্তার। ব্যাঃ—

আনন্দমোহনের পুত্র উমেশ, গোবিনা প্রভাগ ও পূর্ব। ভন্মধ্যে সকলেই নিঃসন্তান; কেবল পূর্ণের পুত্রের নাম শশীভূষণ।

ঁ ফকিরটাদ দভের ভৃতীয় পুত্র বৈদ্যনাথ। বৈদ্যনাথের পুত্র ক্ষেত্রমোহন ও বোগেলা। ক্ষেত্রমোহনের পুত্র চারুচক্র ও শরৎচক্র এবং যোগেলের পুত্র বীরেক্র।

ফকিরচাদ দত্তের বংশাবলী লেখা গেল। একণে রামরাম দত্তের চতুর্থ পুত্র বিজয়রামের বংশবিস্তার লেখা যাইতেছে:---

বিজয়রামের পুত্র রূপারীম, গোরিকান্ত এবং সহস্ররাম বা শিবরাম। রূপারামের পুত্র শ্রীরাম ও বিশ্বরাম। শ্রীরাম নিঃসন্তান। বিশ্বরামের পুত্র তমুরাম।

গৌরিকান্তের পুত্র অনস্তরাম ও কাশীনাথ। অনন্তের্র্ন পুত্র হুর্লাচরণ, হুর্গাগতি ও গুরুদাস। হুর্গাচরণ (নি:সম্ভান)। হুর্গাগতির পুত্র শ্রীনিবাস ও শ্রীহরি। শ্রীনিবাসের পুত্র সারদা। শ্রীহরি (নি:সম্ভান)। গুরুদাসের পুত্র শ্রীনাথ। শ্রীনাথ (নি:সম্ভান)। গৌরিকান্তের দিতীর পুত্র কাশীনাধা। কাশীনাধের পুত্র ঠাকুরদাস,
পুরুষোত্তম ও অভিথিদাস। ঠাকুরদাসের পুত্র চিস্তামণি। চিস্তামণি নিঃসন্তান।
পুরুষোত্তমের পুত্র ষষ্ঠাবর। বিষ্ণাবরের পুত্র নগেক্রনাথ। অভিথিদাসের পুত্র
কেদারনাথ। কেদারের পুত্র রামানক ও লক্ষীশচক্র।

বিজয়রামের ভৃতীয় পুত্র শিবরাম। শিবরামের পুত্র বংশীবদন। বংশী-বদনের পুত্র গোলোকচন্দ্র। গোলোকচন্দ্রের পুত্র শ্রীমন্তর পুত্র আততোষ ও দ্বিজরাজ। আততোষ (নি:সন্তান)। দ্বিজরাজের পুত্র শীরোদ, ননী ও মাথন।

খাঁটুরাছ দত্ত বংশাবণীর বিষয় এই বর্ণিত হইল।

ইছাপুরের অমীদার মহাশরেরা বেমন নানা গ্রাম হইতে ভালুনিগণকে আনাইরা খাঁটুরা গ্রামে বসবাদ করান, ভালুনিগণের সমৃদ্ধ অবস্থার উহাঁরা সেই খণের প্রতিদান করিতে বিস্তৃত্ত হন নাই। ঘটনা এই, যথন ইছাপুরের জমীদার তিলকটাদ চৌধুরী মহাশ্বের জমীদারী সরকারি করের দারে বিক্রম হইয়া যাইবার উপক্রম হয়, তথন এপ্রদেশবাদী ভালুনিগণ একতা অবল্যন করিয়া তাঁহাকে উপযুক্ত টাকা কর্জ দিয়া তাঁহার জমীদারী রক্ষা করিয়া দিয়া ছিলেন। অনন্তর তিলকটাদের উত্তরাবিকারী শ্যামটাদ চৌধুরী মহাশার যথন ঐ দেনা মার হয়্ম ও আগল পরিশোধ করিতে আইদেন, তথন ভালুনিগণ অতি বিনীতভাবে তাঁহায় নিকট বৃদ্ধির টাকা গ্রহণ না করিয়া বয়ং রাজসন্মান স্কৃত্ব সকলে আগল হইতে কিঞ্জিৎ কিঞ্জিৎ প্রণামি স্বরূপ দিয়া তাঁহাকে খণজাল হইতে বিমৃক্ত করিয়া দিলেন। ইহাতে ক্ষ্মীদার মহাশার যৎপরোনাত্তি সন্তই হইয়াছিলেন।

চতুৰ্থ তাঁধ্যায়।

তামুলিগণের পারিবারিক, র্ভান্ত। প্রথম দত্ত বংশ।

এই বংশ অতি প্রাচীনকাল হইতেই খাঁচুরা প্রামে অবস্থিত। প্রাচীনত্বে ইহা বে প্রকার শ্রেষ্ঠাসন লাভ করিয়াছে, খ্যাতি ও প্রতিপত্তিতে ও ইহা কোন অংশে নান নহে। এই বংশের পূর্ণ পুরুষ মহেশ্চন্দ্র দত্ত বর্গীর উৎপীড়নে ভীত হইয়া পূর্বে বাসস্থান পরিত্যাগ করতঃ এই গ্রামে আসিয়া বসবাস করেন। এই গ্রাম কলিকাতা হইতে অস্টাদুশ ক্রোশ উত্তর পূর্বে অবস্থিত ও খাঁটুরা নামে অভিহিত। মহেশচন্দ্র দত্তের বৃদ্ধ প্রপ্রের কর্মিরটাদ দত্ত ১১৭০ সালে খাঁটুরা গ্রামে জন্ম পরিগ্রহ করেন। ইহার পিতার নাম রঘুনাথ দত্ত। ক্ষির্বিদ দত্ত নিজ জন্মভূমির পার্শ্ববর্তী ১০।১২ থানি গ্রামে ধান্ত ও তৎসহ তেজালিত, মহাজনী এবং নগদ টাকার কার্যান করিয়া অভ্যানকাল মধ্যেই বিশেষ সমৃদ্ধিশালী হয়েন। ইহার তিন পূত্র। জ্যেষ্ঠ কানিকুমার দত্ত, মধ্যম অধনন্দ্রমান্ত এবং কনিষ্ঠ বৈদ্যমাণ দত্ত।

১১৯৭ সালের বৈশাধী অক্ষয় ভৃতীয়া দিবদে কালিকুমারের জন্ম হয়। বয়ং-প্রাপ্ত হইয়া কালিকুমার পিতার তেজারতি ও মহাজনী কার্য্য অপেকাকৃত প্রশন্ত করিয়া এবং ব্যবসা কার্য্যের উন্নতি করিয়া বিপুল অর্থ সঞ্চর করেন। তাঁহার পিতা বর্ত্তমানে তিনি কলিকাতা বটতলায় ভূলা ও প্রতার কার্য্য আরম্ভ করেন। এবং বড়শুজার চিনিপটীতে চিনির কার্য্য করেন। ক্রমে ক্রমে ঐ কার্য্যে কনিষ্ঠ লাতা বৈদ্যনাথ ও মধ্যম জাতুস্পুত্র উমেশচক্রকে নিযুক্ত করেন। উপরোক্ত ব্যবসায়ে ক্রতকার্য্য ও লাতবান্ হইয়া তিনি কলিকাতায় করেকটা বাটা এবং জমিদারী ক্রয় করেন। ইন্তার প্রবিনের প্রধান কর্ম প্রোপকারী ও ধর্মনিষ্ঠ লোক ছিলেন। ইন্তার প্রবিনের প্রধান কর্ম অতিথিসংকার। ইন্তার জ্ঞাতিপিতৃব্য স্বর্গীয় অনন্তরাম দর্জ এক জন দেশ বিধ্যাত অতিথিগরায়ণ লোক ছিলেন। স্তরাং গ্রেই বংশে জন্ম

কুশৰীপকাহিনী।

পরিগ্রহ করিয়া যে কাণীকুমার পিতৃব্যের পথামুসরণ করিবেন, তাহা কিছু বিচিত্র নহে।

স্থাঁয় অনস্তরামের শিতার নাম গৌরীকান্ত দত্ত। কিম্বদন্তী আছে, অনস্তরামের নাম করিলে দিন ভাল যায়। ইনি অভিথি সংকারে ধেরপ দৃত্রত ধারণ ও পালন করিয়া গিয়াছেন, শুনিলে বিস্মায়িত হইতে ইয়। তিনি এতদ্র অতিথিপরারণ ছিলেন, যে প্রশ্তাহ অতিথিসৎকার না করিয়া জল গ্রহণ করিতেন না। এইরূপ জনশ্রতি আছে, যে তিনি পীজিত লোকের গাত্রে হস্তার্গন করিলে ভাহার পীজার উপশম হইত। ভিনি কতদ্র অভিথিপরায়ণ ছিলেন নিয় গিখিত বৃত্তাত্তে ভাহা স্কর্কপে প্ৰতীয়মান হইবে। কোন সময়ে তাঁহার ৰাটীতে গুই দিবস অভিধিঃ সমাগম না হওয়ায় তিনি সন্ত্রীক ত্ই দিবস ধনিরস্থ উপবাসী থাকেন। আতঃপর তৃতীর দিবদের মধ্যাহ্লকালে জনৈক কৃষ্ণবর্ণ, দীর্ঘকোর, কৃষ্ণ উপবীতধারী ও ক্বন্ধ বস্ত্র পরিধায়ী ব্যক্তি আসিত্রা তাঁহার আতিগ্য গ্রহণ করেন এবং ক**হেন যে,** "অন্য দ্বাদশী, আমি ভোয়ার বাটাতে পারণ করিব। কিন্তু আমার বাহা থাইতে ইচ্ছা তাহা পুরণ করিতে হইবে। #নত্বা এই মধ্যা**ত্রকালে অনাহারে ভোমার** বাটী হইতে চলিয়া যাইব। ইহাতে তোমার সমূহ অকল্যাণ সাধিত হইবে 🖑 অনস্তরাম কর্যোড়ে তাঁহার প্রার্থিত থাদোর বিষয় জিজ্ঞানা করায় ঐ ব্রাহ্মণ কাঁচা আত্র ও ইলিশ মংস্য ভোজুনের অভিলাষ প্রকাশ করেন। ইহা শুনিয়া (তংকালে আন্ত ইলিশ মংস্য অপ্রাপ্য জানিয়া) অনন্তরাম পাছে অভিথি বিমুধ হইয়া চলিয়া যায়, এই আশক্ষায় জড়ীভূত হইয়া রোদন করিতে করিতে জগংপাতা জগদীখরকে ডাকিতে লাগিলেন। বিলম্ব দেখিয়া ঐ অভিথি ব্রাহ্মণ অনন্তরামকে সম্বোধন করিয়া কহিলেন, "ওহে ভক্ত অনন্তরাম ! তুমি এউদূর অভিথিপরায়ণ যে ঈশ্বর কোন বিষয়েই তোমার অভাব রাখেন নাই। তুমি রোদন করিভেছ কেন ? যাও, ভোমার পুক্রিণীতে জাল নিকেপ ক্রুঁ. জচিরে ইলিশ মংস্য পাইবে এবং বাটের জ্বদ্রে যে আত্র-বৃক্ষ আছে তাহাতি কাঁচা আত্র পাইবে।" বাক্ষাৰের বাক্যে অনন্তরাম ধেন মৃতদেহে প্রাণ পাইল। স্তর পু্করিণীর নিকট গমন করিয়া বৃক্ষে অসময়ে আয় ঝলিতে দেখিলা মনিকালে ভাষিত ভি—-

লইয়া পুকরিণী হইতে ইলিশ মৎস্য উত্তোলন করিলেন। অতঃপর বিধিমতে অতিথিসংকার করিয়া সন্ত্রীক প্রসাদ পাইলেন। আহারান্তে ঐ ব্রাহ্মণ অতিথিভক্ত অনস্তরামকে নির্জনে ডাকিয়া বলিলেন; "অনস্তরাম্। ভোমার কার্য্য শেষ হইয়াছে, তুমি শীঘ্র গঙ্গাহ্মানে গমন করে। আমাকে অতই তীর্থ্যাত্রা করিতে হইবে।" এই কথা বলিয়া অতিথি প্রস্থান করিলেন। ভক্ত অনস্তরামপ্র তাঁহার কথামক গঙ্গাহ্মানে গমন করিয়া ভথার পাততপাবনীর ক্রোড়ে সজ্ঞানে অনস্তকালের জন্ত বিপ্রায় লাভ করিলেন। যাহা হউক, তিনি এতজ্ঞপ পুণাশ্লোক লোক ছিলেন যে, অদ্যাবধি এ প্রদেশের স্ত্রীলোকেয়া তাঁহার পবিত্র নামে ভগ্ন পাকস্থালি সংযোজিত হয় বিশ্বাসে চুন্নীতে তাঁহার নাম করিয়া হাঁড়ি চাপাইয়া থাকে। অনস্তরামেন আতিথেয়তা সম্বন্ধে আরপ্ত যে একটা প্রচলিত জনশ্রতি আছে, তাহা নিয়ে বিবৃত্ত হইল।

প্রকাণ এক অতিথি অনস্তরামের পাছশালার মলমূত্র পরিত্যাগ করিয়া প্রেরান করে। এই বিষয় অবগত হইরা অনপ্ররাথ স্বীয় ভার্যায় নিকট গমন করিয়া তাঁহাকে ঐ পাছশালা পরিকাম করিবার অন্ত অনুরোধ করেন। তাহাতে তাঁহার স্ত্রী অস্বীকৃতা হইলে, অনস্তরাম মনি মনে ছির করিলেন, যে আমি নিজেই পরিকার করিব। ইতিমধ্যে তদীয় কনিঠা ভাতৃবধূ নিজে বাইয়া ঐ মলমূত্র পরিকার করিয়া আনেন। অতঃপর অনস্তরাম পাছশালায় প্রবেশ করিয়া মলমূত্র কিছুই দেখিতে না পাইয়া অস্তঃপুরে জিজ্ঞানায় জানিলেন যে, তাঁহার কনিঠা ভাতৃবধূ সেই মলমূত্র পরিকার করিয়া আলিয়াছেন। ইহাতে তিনি সাতিশয় আনন্দিত হইয়া বলিয়াছিলেন. যে উনি আমার গৃহলক্ষী। যাহাহউক, যে হস্তে উনি ঐ মলমূত্র পরিকার করিয়া আলিয়াছেন, সেই হস্ত আমি স্থাপ বলয়ে শোভিত করিব লি বলা বাহুল্য, ঐ সময় স্থালেকার প্রচলিত ছিল না। অনস্তরাম ঐ দিনেই আপন ক্রীকে উপেকা করিয়া স্থাকার ডাকাইয়া তাহার জন্ম স্থাণ গড়াইতে দিলেন। ইহার কলিকাতায় মৃত ও চিনির ব্যবসা ছিল এবং সেই স্ত্রে ধনোপার্জন করিয়া স্থীয় নাম ও বংশ মর্য্যাদা অক্ট্র রাথিয়া গিয়াছেন।

কালীকুমারও এই বংশের এক জন উন্নতমনা সনাম খাতি পুরুষ ছিলেন, তাহার অধুমাত সন্দেহ নাই। বংকীলে ভূতপুর্ব বঙ্গেশ্র সার

এদ্লি ইডেন বারাদতের মাজিষ্ট্রেট ছিলেন, ঐ সময় তিনি একদা শীতকাৰে অমণার্থ গোবরভাঙ্গার আদিরাছিলেন। তাঁহার আগমন সংবাদে কালীকুমা তাঁহার সহিত দাকাৎ করিতে যান। ইডেন বাহাদুর তথন তাঁবুর উছিরে খাস কামরায় উপবিষ্ট ছিলেন। কালীকুমার উহিার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছেন শুনিয়া ইডেন সাহেব স্বয়ং বাহিরে আসিয়া সাদ্রে कालिक्यारदत इक्ष्मक्नानस्त थान कामतात्र सहित्रा जित्रा दनाहेग्रा नाना आकार কথোপকথনে পরিভূষ্ট হইয়াছিলেন। ইডেন সাহেব পূর্ব হইভেই কালীকুমারের নাম শ্রুত ছিলেন। তাহার কারণ তৎকালে অত্রন্থ ভাদুলিদিগের যুশোহর জেশার কেশবপুর, ত্রিমত্নী, চাঁদপুর প্রভৃতি স্থানে চিনির কারবার ছিল। ঐ চিনি বিক্রেয়ার্থ ক্লিকাভার আসিত এবং প্রতি সপ্তাতে কলিকাভা হইভে লক্ষ টাকার উপর ঐ চিনি খুরিদ করিবার জন্ত প্রেরিড হইত। ঐ সমস্ত টাক। হাজার টাকার তোড়াবনদী হইর। সামাক্ত মুটের হারা পাঠান হইত। উপরোক্ত মুটেরা যথন টাকা লইয়া কাছারির সম্পূর্ণ দিয়া যাইত, তথন বিনা প্রহরীতে সামাজ মুটের দারা এতটাকা পাঠান হেতু ইডেন বাহাত্র সাতিশ্র বিশাগাখিত হইগা কুলীদিপকে বিজ্ঞানা করিতেন, "কাহার এই সকল টাকা যাইতেছে ?" তহত্তেরে কুলিগণ বলিত, "কালীকুমার দত্তের টাকা যাইতেছে↓" যাহা হউক, থাসকামরায় বসিয়া কথা প্রসঙ্গে ইডেন সাহেব ঐ প্রকার কুলিমার্ফত টাকা পাঠান অভাত্তে অসমসাহসিকের কাষ বলার, কালাকুমার মুক্তকঠে বলিয়া ছিলেন ষে, "আমরা প্রাৰণ প্রতাপান্তিত বৃটিশাধিকারে নির্কিলে ও স্বচ্ছনে বাস করিভেছি। আমি ভয়ের বিষয় কিছু দেখি না।" ইহাতে ইডেন বাহাত্র তাঁহার উল্ভ মনের ওু বুদ্দিমভার পরিচর পাইরা যথেষ্ট প্রশংসা করিয়া ছিলেন।

সনু ১২৪১ সালের ১৫ই প্রাবণ মুকলবার ফ্কিরটার্দ দত্ত মৃত্যুম্থে পতিত ইন। পিতৃপ্রাদ্ধ উপলক্ষে কালীকুমার বিশেষ থ্যাতি লাভ করিয়া ছিলেন। তিনি প্রাদ্ধে দেশস্থ ও বিদেশস্থ বহুতর অধ্যাপক বিদার, ব্রাহ্মণ ভোজন, স্বজাতি ভোজন ও কালালী বিদারে যথেষ্ট অর্থব্যয় করিয়া যশস্বী হইয়াছিলেন। ইহার পিতার সময় হইতে ইহাদের বাটীতে ছুর্গা পূজা আরম্ভ হইয়া ইহার পৌত্র পর্যান্ত সমস্ভাবে চলিয়া আলিক্ষেত্র। ভূমেনিক্সাল বিশ্বিত্র

প্রতিষ্ঠা, পুদরিশী খনন দোল প্রভৃতি ক্রিয়া কর্মে অনেক অর্থ ব্যয় করিতেন।
ইনি অত্যস্ত অপক্ষপাতী লোক ছিলেন। পরস্পর বিবাদ উপস্থিত হইলে
ইনি দালিদী নিয়ুক্ত হইয়া বিবাদ ভঞ্জন করিয়া দিতেন এবং গ্রামে কোন
খানে ক্রিয়া কাণ্ড উপস্থিত হইলে তিনি ন্সেস্থানে অধাক্ষতা করিতেন।
ব্যবসা ব্যতীত জ্মীদারিতেও ইহার বিশেষ কার্য্য কুশলতা পরিলক্ষিত
হইত। ইনি ক্রিয়াবান্ ও বিবাদ মীমাংসক লোক ছিলেন। ১২৬৮ সালের
১৬ই অগ্রহায়ণ তারিখে ৭১ বংসর ব্যাক্রম কালে ইনি চারিটি পুত্র রাখিয়া
কালকবলে পতিত হন।

হরিশ্চন্দ্র স্বর্গীয় কালীকুমারের চতুর্প পুত্র। ১২০৭ সালের ১৪ অগ্রহারণ শনিবার হরিশ্চক্রের জন্ম হয়। পশ্চালিখিত দৈব তুর্বিপাক বশত: ইনি পূর্ব স্ঞিত অনেক ধন নত করিয়াছিলেন; কিন্তু পুনরায় শুভগ্রহ প্রযুক্ত পাটের কার্য্য করিয়া পূর্কাপেক্ষা অধিক ধনশালী হইয়া লমীদারি ও অক্তান্ত ভূদম্পত্তি ক্রেম করেন। হরিশ্চন্দ্র দোরা, চাউল, প্রভৃতিখনানা প্রকারের ব্যবসা করিয়া ছিলেন। ইনি পিতার ভাগে বুদ্ধিমান্; অভিথিপ্রির ও ক্রিয়াবান্ লোক ছিলেন। ইহার একটা অলোকিক গুণছিল। কি পুত্র, কি বন্ধু, কি কর্মচারী-সকল-কেই সমচকে দর্শন করিতেন। শুনা যায়, হরিশ্চক্র একদা একটী ক্ষিত্ত ফল কোথা হইতে আনিয়া ছিলেন। ঐফল সমভাগ করিয়া পুতের বে অংশ ভূত্যেরও দেই অংশ রক্ষা করিয়া, সমদ্শিক্সার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া ছিলেন। যাহা হউক, ইহার জীবনে যদি কিছুমাত্র পক্ষপাতিত্ব থাকিত, তবে বোধ হয় পুত্রের জন্ম অধিক পরিমাণে ধন সঞ্চয় করিয়া রাখিয়া যাইজে কিন্তু তাঁহার এই অলোকিক সমদর্শিতার জক্ত আজ তিনি সকলের স্মরণীয় ও বন্দনীর । বাল্যকালে হরিশ্চন্ত গ্রাম্য পাঠশালায় যৎকিঞ্চিৎ বিদ্যাভ্যাদ করেন i দশবৎসর বয়ঃক্রম কালে হরিশ্চক্র গোবরডা<u>স্থায়</u> তাঁহার পিতার যে কারবার ছিল, সেই কারবারে কর্ম শিক্ষার্থ প্রেরিত হন। তথ্য ত্রিশ্চন্দ্র তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা প্রসন্নকুমারের নিকট পাঁচ বংগর কাল থাকিয়া ব্যবসা সম্বন্ধীয় লেখা পড়াও দ্রব্যাদি থরিদ বিক্রেয় সহন্ধে কতকট্টা অভিজ্ঞতা কাভ করেন। ধোড়শ বর্ষ বয়ঃক্রম কালে হরিশ্চক্র তাঁহার পিভার নিকট

পুলের আগ্রহাতিশয়ে কালীকুমার তাঁহার বড় বাজারস্থ নিজ কুটির দিতল গৃহে একটী কাপড়ের ব্যবসা করিয়া দেন। ঐ সময় কলিকাভায় লবণের স্বতি থেলা হইড। সেই থেলাভত ভাগ্যবান হরিশ্চক্র ৬০০০ ছয় হাজার টাক। প্রাপ্ত হন। ঐছয় হাজার এবং তাঁহার মাতার নিকট হইতে ১০,০০০ দশ হাজার একুনে ১৬,০০০ ষোল হাজার টাকা মূল ধন লইয়া হবিশচন্দ্র কাপড়ের কায আরম্ভ করেন। উপযুচ্পরি তিন বংদর কাল কাপড়ের ব্যবদা ফুল্রেরপে চলিয়াছিল। ভাহাতে ইনি বিশেষরপ লাভবান্হন। এই সময় কালীকুমার ও বৈদানাথ তুই ভাভায় মনোমালিন্য হওয়ায় উভয়ের ব্যবসা পৃথক্ পৃথক্ ভাবে চলিতে থাকে। •কালীকুমার পুত্রের বাবসা সম্বন্ধে তীক্ষবৃদ্ধি ও কার্য্য-দক্ষতা অবলোকনে বড়বাজারের দমন্ত কার্যভার তাঁহার হন্তে অর্পণ করি-८ लन। जन्म जन्म इति का निर्विवास क्याय >२ वर्म तकाल वर्ष वाकार्य কার্যা করিয়া পিতাকে তুই লক্ষ টাকা লাভ করিয়া দেন। এই সময়েই কালীকুমার কত নিজাংশে চারি লক টাকা রাখিয়া পরলোক গমন করেন। স্বর্গীর মহাত্রা কালীকুমারের আর্ক উপ্লেকে তাঁহার পুত্রগণ প্রায়—৩০০০ ৩৬০০০ সহস্র টাকা বায় করিয়াছি**র্লন**ে ১২৬৯ সালের পৌৰ মানে হরিশ্চক্রের জননী ইহধান ত্যাগ করেন। মাতৃ বিয়োগের অহমান এক মান মধ্যেই ত্র্ভাগ্য লক্ষ্মী আলক্ষ্যে আসিয়া হরিশ্চক্রকে আশ্রেষ করিল। পশ্চিম দেশস্থ পাটনা, বাড় প্রভৃতি মোকাম হইতে তাঁহাদিগের গোরা, চিনি, ঘৃত প্রভৃতি নৌকাধোগে আমদানী হইত। ভাগ্য দেধে ঐ সময় ঐস্কল মাল নৌকা সমেত জলমম হয়। তাঁহাতে ইহাদের অন্যন ৬০,০০০ ষ্ঠি সহস্মুদ্রা কাতি হর। তৎপরে ১২৭১ দালের মাঘ মাদে তাঁহার অগ্রঞ্জ গিরীশচন্দ্র ৮ কাশী প্রাপ্ত হয়েন। অগ্রজের মৃত্যুতে হরিশ্চন্দ্র দারুণ স্থলপ্তান। তৎপরেই অর্থাৎ ১২৭২ সালে অন্তম লাটে উঁহাদের জমীদারী •ৰিক্রয় হইল। সেই ক্ষীদারীতে কলিকাতা জানবাজারস্থ প্রাসিদ্ধ জমীদার রাণী রাস্মণির মালিকান্ সত্ত ছিল এবং ক্লিদ্যাব্ধিও আছে। ১২৭২ সাল হইতে এই মোকদ্মা আরম্ভ হয় এবং ১২৭৮ <mark>সালে বিলাতে ইহার মীমাংসা হয়। জজকোর্ট হইতে বিলাত</mark> পর্যান্ত সর্বত্রেই **এই মোকদমায় হ**রিশচক্র জয়লাভ করেন। দীর্ঘকাল মোক-দ্মার থরচ বহন, সাংসারিক ব্যায়, গৈতৃক ক্রিয়া কলাপাদির ব্যায়, পুত্র

কতাদির বিবাহ ইত্যাদি ব্যয়ে হরিশচত্র জর্জরীভূত হইয়া পড়িলেন। কারণ মোকদ্দমা তদিরের জন্ম ব্যবসা বন্ধ রাখিতে হইয়াছিল। ব্যবসায়ের উপায় ও জনীদারীর আয় সমস্ত বন্ধ হইয়া যাওয়ায়, ক্রমশঃ ইনি একেবারে নিঃস্ব হইয়া পড়িলেন। কিন্তু এরূপ অবস্থাতেও কাহারও নিকট এক কপদিকও ৠণগ্রস্ত ছিলেন না। কালের কুটিল গতিতে অতুল সম্পত্তির অধিকারী হ্রিশ্চদ্র আজ অর্থ্যান ও নিঃস্ব ! কিন্তু তাঁহার অটল ধৈর্য্য ক্ষণ কালের জন্মও তাঁহাকে বিচলিত করিতে দেয় নাই। তিনি ক্রমে ক্রমে পুনরায় অতুল অধ্যবসায়ে বিপুল অর্থ উপার্জন করিয়া ছিলেন। ১২৮৬ সালে হরিশ্চক্রের কনিষ্ঠ ভাতা বিজয়চন্ত তাঁহার ও তাঁহার ভাতুপাু ত্রগণের সহিত পৃথক্ হইবার জ্ঞা কোর্ট হইতে নোটীশ দেন। নোটীশ হস্তগত হইবামাত্র হরিশচক্র একেবারে অতলম্পর্শ ছঃথদাগরে নিম্ম হইলেন। কারণ বিজয়চন্দ্র পাঁচ সহোদরের মধ্যে সর্বাকনিষ্ঠ। এই হেতু তাঁহার উপর ইহার বিশেষ লেহ মমতা ছিল। তিনি আত্মীয় স্বজনের নিকটু কাঁদিতে কাঁদিতে বলিতেন, "যাহাতে ভাতা বিজয়চক্ত আমার সহিত পৃথক্ নাহন, আপনারা এইরূপ করিয়া দিন"। কিন্ত বিজয়চন্দ্র কংহারও কথা না শুনিয়া ১২৮৬ সালে হরিশ্চন্দ্রের সহিত পৃথক্ হইলেন। পৃথক্ হইবার পর হইতে হরিশ্চন্দ্রের আইবস্থা উত্তরোত্র উল্লভ হইতে লাগিল। হরিশ্চক্র তথাপি মধ্যে মধ্যে বিজ্ঞাকে একানবভী করিবার চেষ্টা করিতেন। কিন্তু বিজয়চ<u>ক তা</u>হাতে স্বীক্ত হন নাই।

একণে যে স্থানে বালি পেপারমিল অর্থাৎ কাগজের কল আছে, পূর্বে ঐ স্থানে হাউয়ার্থ কোম্পানীর চিনির কল ছিল। ঐ কলে হালিসহর নিবাসী বাবু গিরিশ্চক্র উদ্ধাৎস্থ দি ছিলেন। উপরোক্ত বাবু মহাশয় হরিশচক্রের নিকট হইতে চিনি লইতেন। চিনি লওয়ার হিসাবে উক্ত মুৎস্থ দির নিকট ইরিশ্চক্রের অনেক টাকা পাওনা হয়। কলিকাতা সিম্লীরি নিকট উপরোক্ত মুৎস্থ দি বাবুদের পোরা রিফাইনের এক স্থরহৎ কার্থানা ছিল। মুৎস্থ দি বাবুরা হরিশ্চক্রের ঐ টাকা পরিশোধ করিতে লা পারায় তাঁহার নিকট ৬০,০০০ যাট হাজার টাকায় ঐ কার্থানা বাটী বন্ধক দিন। এবং কিছুদিন পরে ঐ কলবাটী ফোরক্রোজ করিয়া লয়েন। যাহা হউক, হরিশ্চক্র

ঐ সময় কলবাটী অনর্থক ফেলিরা না রাখিয়া সোরা রিফাইনের কার্য্য করেন।
ঐ কার্য্য যথন স্থান্ডলে চলিতে ছিল, সেই সময়েই রাণী রাসমণির জামাতা
মথুরমোহন বিশ্বাসের সহিত্ব মোকদমা আরম্ভ হয় এবং তদবধিই সঞ্চিত
অর্থ ও অপরীপর ব্যবসার সমূহ ক্ষতি হয়।

সন ১২৭৯ সালের বৈশ্যি মাসে কলিকাতা উন্টাডিন্সি নামক স্থানে হরিশ্চক্র আড়ত করেন। তথার চাউল, পাট, তিলি, গম ইত্যাদি দ্রব্য ব্যাপারিয়ান হিসাবে আমদানী হইত এবং নিজ হিসাবেও পরিদ বিক্রেয় হইত। আদ্যাবধি ঐ স্থানেই ঐ কার্য্য চলিতেছে। সন ১২৮৭ সালে হরিশ্চক্র প্রথম পাটের গাঁটের কার্য্য আরম্ভ করেন। সেই কার্য্যও আদ্যাবধি সমভাবে চলিতেছে। তিনি গাঁটের কার্য্যে বে প্রকার উন্নতি করিয়া গিয়াছিলেন, তাঁহার উত্তরাধিকারীগণ সেরুপ উন্নতি লাভ করিতে পারেন নাই। চাউলের কার্য্য প্রের্মের আয় সমভাবেই চলিতেছে। ইনি ১২৯১ সালের ২৮শে কৈঠ সোমবার তাঁহার উপত্রক ভাতুপাত্রগণের হত্তে তাঁহার নাবালক প্রেদ্যের ভার অর্পণ করিয়া স্বর্গিত হন। তাঁহার ভাতুপাত্রগণের হত্তে তাঁহার গ্রেগার প্রগণকে প্রতিপালন বিদ্যাশিক্ষা ও পৈতৃক ক্রিয়াকলাগাদির স্থাছানে স্মাহিত করিয়া আসিতেছেন।

শ্রীনিবাদ দত্ত। ইনি স্বর্গীয় অনস্তরাম দত্তের পৌত্র। ইহার পিতার নাম ছর্গাগতি দত্ত। শ্রীনিবাদ প্রথমে দামান্ত মূলধন লইয়া কলিকাতায় পটলভালায় দাগীকতা প্রভৃতির একটা সামান্ত দোকান করেন। ২।৪ বৎসর পরে ঐ দোকানে কিছু লভা হইলে সেই টাকায় বড়বাজার পগেয়াগটীতে একটা নৃত্র স্থতার দামান্ত খুচরা বিক্ররের দোকান খুলেন। কিন্তু ভাহাতে ক্ষতি হওয়ায় ঐ দোকান ভূলিয়া দেন। অভ্যথর শ্রীনিবাদদত্ত তাঁহার শশুর উত্তমচন্দ্র রক্ষিতের নিকট হইতে ১৫০০ দেড় হাজার টাকা লইয়া কলিকাতা প্রটেগভারিয় বিলাতী ইন্ডেন্ট হার্ভপ্রয়ারের কার্য্য আরম্ভ করেন। ঐ সমর কলিকাতায় শুর্ভপ্রারি ইন্ডেন্টের কার্য্য শিবকৃষ্ণ দাঁ ও শ্রীনিবাদ দত্ত ভিল্ন আর কাহারপ্ত ছিল না। ৩।৪ বৎসর কাল ঐ কার্য্য স্ক্ররন্ত্রের তাহাত তাহাত আরম্ভ করেন। শ্রীনিবাদ দত্ত আরম্ভ করেন। শ্রীনিবাদ দত্ত স্থার তিনি বিস্তারিতরূপে ই কার্য্য চালাইতে আরম্ভ করেন। শ্রীনিবাদ দত্ত মুক্তর্কালে অস্থান ৬০০০০ হাজার টাকা রাথিয়া

যান। ইহার এক মাত্র পুত্র সারদাচরণ দ্বন্ত বিপুল অর্থ পাইরা পিতা অপেকা বিস্তারিতরপে লোহের কার্য্য চালাইতে আরম্ভ করেন। তিনি ব্যবসা ও তেজারতি প্রভৃতিতে অনেক আর বৃদ্ধি করেন। ইনিও গরিশ্রমী, বৃদ্ধিমান ও পরিনিত বার্য়ী। কলিকাতান্থ বাটীতে শারদীরা পুজা প্রভৃতি ক্রিয়া কর্মান ও পরিদাকেন। শ্রীনিবাসদন্ত স্বজাতির মধ্যে লোহ ব্যবসায়ের পথ প্রথম উন্মুক্ত করেন। একণে করেকজন কুশ্বীপবাসী তাঁহার প্রদর্শিত পথের অমুগামী হইয়া জীবিকার্জ্জন করিতে সমর্থ হইরাছেন। দত্ত বংশ শর্করা ভিন্ন বছবিধ ব্যবসা-কুশলতা প্রদর্শন করিয়েছেন। ব্যবসায়ের বিষয় বর্ণনা করিছে হইলে ভাহার উৎপত্তি, বর্জমান অবস্থা ও ভাবী বিষয় সম্বন্ধে কিছু লেখা উচিত। ব্যবসায়ে যিনি সিদ্ধিলাভ করিয়াছেন, তিনি কিগুণে ও কি উপায়ে ক্যবকার্য্য হইলেন, তাহা উল্লেখ করা কর্ত্ব্য। যদি যোত্রহীন হইয়া থাকেন, কি লোষে ও কি প্রকারে নিঃশ্ব হইলেন ভাহাও বর্ণনীর বিজ্ঞ এই সকল ভত্ব বুঝাইয়া বলিতে পারেন, লেথকের সমক্ষে এমন কেছ উপস্থিত হন নাই। শ্বন্তরাং ব্যবসায়ের নিগৃচ কথা অব্যক্ত রহিল।

শ্বর্গীয় কালীকুমার দত্তের ভাতৃপ্ত অ্থাৎ বৈদ্যনাথ দত্ত মহাশরের পুত্র ক্রেমাহন দত কলিকাতা হইতে কুশ্পহে ব্রাহ্মধর্ম লইরা যান। তাঁহার ভাতৃপ্ত বসন্তকুমার তাঁহার সহযোগী ছিলেন। তিনি ফার্ট আর্টন্ পর্যন্ত পাঠ করিরা মেডিকেল কালেজে চিকিৎসা শাক্র অধ্যয়ন করিতে আরম্ভ করেন। তিনি বিলাতে ঘাইয়া গিভিল সার্জ্জন হইবেন এই কামনা করিয়াছিলেন। কিন্তু কর্তৃপক্ষ অর্থসাহায়া না করাম ক্রুত্রগায় হইতে পারেন নাই। হোমিওপ্যাথিক শাক্রী বাবু রাজেক্রচক্র দত্তের নিকট সদৃশ চিকিৎসা শিক্ষা করিয়া বাঁকিপুরে প্রথমে ব্যবসা আরম্ভ করেন। তিনি মিতাচারী ছিলেন না, এ জন্ত অর্থ সঞ্চর করিতে পারেন নাই। কলিকাতার প্রত্যাগমন করিয়া ইনি চিকিৎসা বিষয়ে অনেক গুলি গ্রন্থ ক্রিনাত্র হইলে তদীর সহধর্মিণী বিজয়ক্রফ গোস্থামীর মন্ত্র শিন্যা ছইয়াছেন। ক্রেনান্ত হইলে তদীর সহধর্মিণী বিজয়ক্রফ গোস্থামীর মন্ত্র শিন্যা ছইয়াছেন। ক্রেনান্ত হালাক্র প্রিচায়ক্র সন্তের নাই। ক্রেনান্ত হালাক্র গ্রিচায়ক্র সন্তের বাই। ক্রেনান্ত ব্যব্ধানিক সন্তের প্রিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র প্রিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র প্রিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র প্রিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র ব্যব্ধানিক সন্তের বাই। ক্রেন্ত্র প্রিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র ব্যবিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র ব্যবিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র ব্যবিচায়ক্র সন্তের বাই। ক্রেন্ত্র ব্যবিচায়ক্র সন্তের বাই।

হইরাছে। ব্রাহ্ম আখান এই গ্রন্থের উপযোগী নহে। ভজ্জন্ত আমরা প্রথম প্রাটী মাত্র উদ্ভ করিয়া কান্ত হইলাম।

"কলিকাতা নগরের অন্তানেশ ক্রেশ উত্তর পূর্ব্বে জেলা চরিবেশ প্রগণার অন্ত:পাতি থাঁটুরা গোবরডাঙ্গা নামক পলীগ্রামের থাঁটুরা গ্রামে ১২৫০ সালে কুমুদিনী জন্ম গ্রহণ করেন। তাঁহার পিতার নাম ভগবতীচরণ দেব। তিনি শান্ত প্রকৃতি, হিন্দুধর্ম্মনিষ্ঠ এবং মধাবিত্ত বাণিজ্য ব্যবসায়ী লোক ছিলেন। বিণিকদিগকে সচরাচর যেরপ ত্রাকাজ্জ এবং অভায় আচারী দেখা যায়, তাঁহার অভাব সেরপ দোবে দ্ধিত নয়। তিনি অপেক্ষাকৃত সন্তই চিত্ত এবং ভায় পরায়ণ বলিয়া বিখ্যাত ছিলেন। কুমুদিনী তাঁহার প্রথমা কভা ছিল।"

এই বংশে অনস্তরাম প্রমুখ করেক ব্যক্তি অসা গ্রহণ করিয়। কি প্রকারে অভিথি সেবা ও অর্থের সহাস্ক করিতে হুর ভাহা সাধারণকে দেখাইয়া গিয়া-ছেন। ই হারা যে কুলোজ্জনকারী সন্তান তরিষরে অণুমাত্র সন্দেহ নাই। স্বর্গীর অনস্তরাম তাঁহার একটা ভাতৃস্পু ত্রের নাম অতিথিনাস রাথিয়াছিলেন। এই দত্ত বংশে করেকটা প্রীলোক ও আভিথেমতা ও পতিভক্তির পরাকার্ছা দেখাইয়া গিয়াছেন। যংকালে লর্ভবৃণিটক রামমোহন রায়ের সহায়তায় সতী প্রথা নিবারিত করেন, সেই সময় অথবা ভাহার কিছু পূর্মে এই বংশের ৮ লাটুমোহন দত্রের মাতা পতি অমুগামিনী হইয়াছিলেন।

শাণ্ডিল্য গোত্তীয় প্রথম দত্ত বংশের জন সংখ্যা।

১ ক্ষেত্রমোহন দত্ত ২ প্রীশরচন্দ্র দত্ত ৩ যোগীক্রনাথ দত্ত ৪ রাসবিহারী দত্ত ৫ বিনোদবিহারী দত্ত ৬ কালিদাস দত্ত ৭ হরকালী দত্ত ৮ কালীশঙ্কর ৯ প্রীমস্করণ দত্ত ১০ নির্মানচক্র দত্ত ১১ ফণীক্রনাথ দত্ত ওরুকে ব্রজেক্রক্রমার ১২ প্রেমথনথি দত্ত ১০ সতীশচকু দত্ত ১৪ অতুলক্রফ দত্ত ১৫ অপূর্বারক্ষণ দত্ত ১৬ অনুপরক্ষণ দত্ত ১৬ অনুপরক্ষণ দত্ত ২০ সারদাচরণ দত্ত ১৯ আশুতোম দত্ত ২০ সতাচরণ দত্ত ২১ শ্বিজরাজ দত্ত ২২ ক্ষীরোদগোপাল দত্ত ২০ ননীগোপাল দত্ত ২৫ কালিচরণ দত্ত ২৭ পাঁচুগোপাল দত্ত ২৮ মন্মথনাথ দত্ত ২৫ কালিচরণ দত্ত ২৭ পাঁচুগোপাল দত্ত ২৮ মন্মথনাথ দত্ত ২৯ চন্দ্রনাথ দত্ত ৩০ কালিচরণ দত্ত ৩০ হরিমোহন দত্ত ৩২ হারাণচক্র দত্ত

৩৩ সভাচরণ দত্ত ৩৪ স্থেশচন্ত্র দত্ত ৩৫ সভাছরি দত্ত ৩৬ শশীভ্ষণ দত্ত ৩৭ নগেন্দ্রনাথ দত্ত ৮ লক্ষ্ণচন্ত্র দত্ত স্ত্রীলোক ৩৬ বালক ১০ এবং বালিকা ১২ সমষ্টি ৯৬।

দ্বিতীয় দত্ত বংশ।

এই বংশে উমাচরণ দত্ত নামে জনৈক লোক জন্ম গ্রহণ করেন। ইহার জন্ম স্থান গোবরভাঙ্গা গ্রামে। অভি শৈশবকালে ইনি পিতৃহীন হন। ঐ সময় তাঁহার তুরবস্থার এক শেষ হইয়াছিল। তাঁহার মাতা অত্যন্ত বুদ্ধিমতী ছিলেন খলিয়া অতি কণ্টে কোন রূপে,গ্রানাছাদন চালাইতেন। উমাচরণ গ্রামা পাঠ-শালায় যৎসামাশু লেখা পড়া শিখিয়াছিলেন। কিন্তু বাল্যকাল হইতেই অত্যস্ত বিনয়ী ও অধ্যবসামী ছিলেন বলিয়া উত্তরকালে জ্ঞানী ও ধার্মিক হইডে পারিয়াছিলেন। যথন উমাচরণের ব্যঃক্রম ১০/১২ বৎসর তথন হইতে তাঁহার ব্যবসা কার্য্যে ঔৎস্ক্র জন্মে, কিন্তু অর্ধাভাব বশতঃ কিছুই করিয়া উঠিতে পারেন নাই। একদা তিনি তাঁহার°মাতার নিকট°ব্যবসা করিবার জন্ম কিছু টাকা প্রার্থনা করেন — কিন্তু তাঁহার হর্তে নগদ টাকা না থাকায় সামাস্ত তুই এক থানি অসম্ভার বিক্রেয় করিয়া ঐ গ্রামেই সামান্তভাবে একটী চিনিয় কারধানা খুলেন। ব্যবসা কার্য্যে তীক্ষ বৃদ্ধির প্রভাবেই হউক বা শুভাদৃষ্ট বশতই হউক অত্যল্ল কাল মধ্যেই উমাচরণ ব্যবসায়ে সমূহ উল্ভি লাভ করেন। এই ব্যবগায়ে তিনি অনুমান লক টাকা উপীৰ্জন করেন। দান ও ক্রিয়া কলাপে তিনি মুক্ত হস্ত ছিলেন। দেশ হিতক্য কার্য্যেও ইনি বছল অর্থ ব্যয় করেন। ইনি শায়ি তুই সহস্র টাকা ব্যয় করিয়া ধ্যুনা নদীর তীরে নিমতলা নামক গ্রামের নিকট একটী বাঁধাঘাট ও রাস্তা প্রস্তুত করাইয়া দিয়াছেন এবং অনুমান দেড় হাজার টাকা ব্যয়ে ইনি গোবরডাঙ্গার ইংরাশি বিদ্যালয়ের ছইটা গৃহ নির্মাণ করাইয়া দেন। শেষ অবস্থে ইনি যশোহর জেলার অন্তর্গত নারায়ণপুর ও সুঁটে নামক স্থানে অনুমান বিংশতি সহস্র টাকা ব্যয়ে ছুইটা পুল নির্মাণ করাইয়া জনসাধারণের বিশেষ উপকার ক্ষরিয়া সাম। একদ্বাভীত ইনি গোপনে অনুক্তে অর্থ সীহায় করিতেন।

हैनि এक छन वृक्षिमान, विष्ठक्रव, माननीय, क्रियावान ७ माडिश्व निर्विद्धाधी व्याक छिलन। मन २००२ मालव आश्विन मारम शृधिमात मिन উमाष्ठत्रव आश्रीय स्वक वस्तु वासवरक स्थाकार्यस्य निर्माध कतिया अनुम १९।१৮ वरमत वयः क्रियाक क्रियाक क्रिया अनुम १९।१৮ वरमत वयः क्रियाक क्रियाक क्रिया अनुम १९।१৮ वरमत

জ্ঞানেক গুলি কারণ সমবৈত হইরা একটা কার্যা উৎপাদন করে। উমাচরণ চিনির কারথানা করিয়া যেমন অর্থ উপার্জন করিয়াছিলেন, জন্ম কেছ
তেমন অধিক পরিমাণে অর্থ উপার্জন করিতে পারেন নাই। তিনি গুড়ের
প্রেরতি অতি উত্তমরূপে পরিজ্ঞাত ছিলেন। চাঁহুড়িয়ার হাটে গুড় জন্ম
করিবার সমর উত্তমরূপে, পর্যাবেক্ষণ করিতেন। কোন্ গুড়ে কিরপ চিনি
জানিবে ব্রিয়া মূলা দ্বির করিতেন। মধন বিভ্রশালী হইরা উঠিলেন,
আড়েডদারের নিকট টাকা লইরা হাদ বিভে ইংবে না, এমন সময়ে চিনির
পর্যাবসান কালে বিক্রয়ার্থ দল্য়া ও গোঁড় রাঝিয়া দিতেন। অসময়ের স্থবিধা
তিনি এইরূপে নিজের আয়ত করিয়া লইয়া ছিলেন।

শাণ্ডিল্য গোত্রীয় দিত্ত বংশের জন সংখ্যা।

১ শ্রীনিবাশ চক্র দত্ত, ২ শ্রীহরিদাস দত্ত, ৩ বিহারিলাল দত্ত, ৪ মহানন্দ দত্ত, ৫ যজেখন দত্ত, ৬ তারকচন্দ্র দত্ত, ৭ শিবচক্র দত্ত, ৮ মাণিকচন্দ্র দত্ত। জীলোক ১, বালক ৪, বালিকা ৩, সমষ্টি ২৪।

তৃতীয় দত্ত বংশ 📲

এইরপু জনক্রতি আছি যে খাঁটুরা নিবাদী স্বর্গীয় রামপ্রাণ বিদ্যাবাচপ্রতি
মহাশয় কোন কার্য্য উপলক্ষে একদা বৈচিগ্রামে গমন করেন। তথায়
কালিচরণ দত্ত নামক জনৈক পিতৃমাতৃহীন বালককে নিঃসহায় অবস্থায়
দেথিয়া, তাঁহার স্থদয়ে দয়ার সঞ্চার হইলে তিনি ঐ বালককে সঙ্গে করিয়া
নিজ গ্রামে লইয়া আইসেন। তথন কালিচরণের বয়দ অফুয়ান ১২০৩ বৎসর
হইবে। অতঃপরী বাচপ্রতি মহালয় কি গ্রামে সালক্ষির বিষ্ণাহ্যি

তাহাকে স্থাপিত করেন। এই বংশ বৈচিয় দত্ত বংশোদ্ভব। কালক্রমে ঐ বংশে কমলকান্ত নামক এক ব্যক্তি জন্মগ্রহণ করেন। উভার চারিটী পুত্র হয়। তনাধ্যে দর্কা কনিষ্ঠের নাম ছুর্গারেণ। কমলকান্ত তেজারতি, মহাজনী কার্য্য করিয়া ষৎকিঞ্চিৎ অর্থ উপার্জ্জন করেন। কমলকান্তের মৃত্যুর পর হইতে তাঁহার অক্তাক্ত পুত্রেরা ঐ তেজারতি কার্য্য করিয়া জীবিকা নির্কাহ করিভেন। অভি শৈশবে ছুর্গাচরণ পিতৃমাতৃ হীন হয়েন***** ষধন তাঁহার বয়গ ১০।১২ বৎসর তথন তিনি কলিকাতার বৈঠকথানার এক মুদির দোকানে সামাত্ত বেতনে চাকরীতে প্রবৃত্ত হন। কিছুদিন ঐ স্থানে কার্য্য কলিকাতা বড়বাজার রামকৃমার বৃক্তির কেনে রামদেবক রক্ষিত মহাশয়ের দোকানে চাক্রী করেন। তৎপরে ঐ দোকানে ভালরণ কার্য্য করিতে করিতে তাঁহার প্রভূ তাঁহার উপর বিশেষ সম্ভষ্ট হইয়া ঐ দোকানের কিছু অংশীদার করিয়া দেন। অংশীদার হইয়া তুর্গাচরণ বিশেষ দক্ষভার সহিত কার্য্য করিতে লাগিলেন এবং ঐ ব্যবসারে কিছু অর্থ সঞ্চয় করিয়াছিলেন। ঐ কার্য্য করিতে করিতে তাঁহাব প্রভুর মৃত্যু হয়। প্রভুর মৃত্যুর পরেই অত্যন্তানে ৮খামাচরণ রক্ষিত মহাশরের পুত্র কেদারনাথ রক্ষিত মহাশরের সহিত বধরায় একটা চিনির কারবার খুলেন। তুর্গাচরণ ঐ ব্যবসায়ে পর পর বিশেষ উন্নতি করিয়া ছিলেন। তুর্গাচরণের দোকানে প্রতাহ প্রচুর পরিমাণে অন্নব্যয় ছিল। অনেক লোক তাঁহার দোকানে আহারাদি করিত। যদি কেহ কোন বিপদে পড়িত, র্গাচরণকে জানাইলে, তিনি যথাদাধ্য চেষ্টা করিয়া বিপন্ন ব্যক্তিকে বিপদ হইতে উদ্ধার করিতে বিমুথ হইতেন না। ইনি পরিশ্রমী, পরোপকারী, বুদ্ধিমান ও মিতবায়ী ছিলেন। সূন ১২৮৮ নলে কলিকাভার বেনেটোলার বাটীতে ইনি স্ত্রীপুত্র পরিজন গণকে শোকার্ণবে ভাসাইয়া ইহ্ধাম ত্যাগ করেন। তুর্গাচরণ চিনি পটির ব্যবসাধীদিগের অগ্রণী হইয়াছিলেন।

* এইরপ জনশ্রতি আছে যে গুর্গাচরণের মাতা সহমৃতী ইইয়াছিলেন।
প্রতিবেশী মণ্ডলীর নিষেধ সত্ত্বেও তিনি গতি সহগামিনী হন ি ঐ সময় প্র্যাচরণ নিতান্ত শিশু। অনেকেই শিশু গুর্গাচরণের মুখ চাহিয়া তাঁহার মাতাকে
এই কঠিন অধ্যবদায় হইতে বিরত থাকিতে ইহিয়াছিলেন। কিন্তু তিনি বলিয়া

ছিলেন যে, "আমি আশীর্কাদ করিভেছি, আমার সম্ভানের কোন কট হইবে না, বরং ভালই হইবে। অতএব ভোমরা আর আমাকে বাধা দিও না। আমি কখনই এদেহ রাখিব সা"। ধখন প্র-ভিবেশীগণ দেখিলেন তুর্গাচরণের মাতা কিছুতেই কাহারও নিষেধ বাক্য ভনিবেন না, তথন তাঁহারা र्शिष्ट्रिया माडोरक वनिरमम, "'आह्या, यमि मरम्डा हरेरव, ऋश्य **এই**" দীপশিধায় তোমার একটী অঙ্গুলি দগ্ধকর দেখি।" ইহা শুনিয়া তিনি তাঁহার কনিও অঙ্গুলি ঐ দীপ শিখায় ধরিলেন। অঙ্গুলি পট্ পট শব্দে পুড়িতে লাগিল। পতির মৃহ্যুতে তিনি একাদৃশ শোকান্বিতা হইয়া-ছিলেন যে ইহাতে তাঁহার কোন যন্ত্রণা বা কণ্ট অমুভব হয় নাই। প্রতিবেশী-গণ এই অভূতপূর্ব ব্যাপার দেখিয়া সকলেই মাজিশয় বিশায়ায়িত হইলেন। ঐ সাংবী জ্রা তথন সময়োচিত বেশ ভূষায় স্ক্রিড ইংলেন। আগ্রীয় স্ক্রন স্মারোহের সহিত তাঁহার পতির শ্বদেহ শাশান্ত করিল। তথ্ন গৈপুরে যখ্না ননীর তীরে শাশান ঘাট ছিল। পতিব্রতা জীও পদবজে তথায় উপনীত হইলেন। এই ঘটনা অচিরকাল মধ্যেই গ্রাম গ্রামান্তরে প্রচার হইয়া পড়িল। তৎকালীন গোবরভালার জনীবার কালীপ্রসর বাবু স্বদলে এই বিসায়কর ব্যাপার দেখিবার জ্ঞু ঐ খাশান ঘটটে উপস্থিত হই**লেন। খাশানঘাট ক্রমে** ক্রমে জনতার পরিপূর্ণ হইয়া উঠিল। কি জী, কি পুরুষ, সকলেই এক বাক্যে পতিব্রতার প্রশংদা করিতে লাগিল। ক্রমে চিতা দক্ষিত হইল; পতিকে চিতার শয়ান করাইলে ঐ সতী জ্রী চিতা প্রদক্ষিণ করিয়া সহাস্যবদনে চিতার ঝাঁপ দিলেন। চিতায় চলন কাঠ, ধুনা ও মৃত প্রচুর পরিমাণে দেওয়া **হইয়া**-ছিল। দেখিতে দেখিতে চিতা ক্রমশঃ ভশ্মীভূত হইয়া গেল। এই পতিব্রতা ন্ত্রী মতীত্বের পরাকাণ্ডা দেখাইয়া গিয়াছেন।

শাণ্ডিল্য গোত্রীয় তৃতীয় দত্ত বংশের জন সংখ্যা।

১ শ্রীমহানন্দ দত্ত ২ স্থরেক্তনাথ দত্ত ৩ যোগীক্রনাথ দত্ত ৪ বসস্তক্ষার দত্ত ৫ হেমন্তক্ষার দত্ত ৬ উমাকান্ত দত্ত ৭ জীবনক্ষণ দত্ত । জীলোক্ ৯, বালক ৪, বালিকা ৪ সমষ্টি ২৪।

আশ বংশের রতান্ত।

এই বংশ অভি প্রাচীন ও বৃহৎ গোষ্ঠীসমন্বিত। অমুমান তৃই শত বং-'সারের মধ্যে এই বংশের পূর্বপুক্ষ শহর আশী সপ্তগ্রানের প্রতি কোন ব্রাহ্মণের অভিদম্পাত হওয়ার সপ্তগ্রাম পরিত্যাগ করিয়া এই প্রদেশে আসিয়া বাদ করেন। একণে শহর আশ হইতে দশম পুক্ষ পর্য্যন্ত চলিতেছে। ইহার পূর্বের বিবরণ সংগ্রহ করা কঠিন। বাহাইউক এই বংশে অনেক ক্রিয়াবান ও খ্যাতনামা লোক জনা গ্রহণ করিয়াছিলেন। তাঁহারা প্রায় স্কলেই ব্যবসা স্ত্ৰে ও ভেজারতি কার্য্যে উন্নত হইরাছিলেন ও তদারা বিপুল অর্থ উপার্জন করিয়া নানা প্রকার ত্রিগ্রা কলাপাদি করিয়া আসিয়াছেন। কশ্কর আশ, গোকুল আশ, রমানাথ আশ, কালিচরণ আশ, কীভিচন্ত আশ, বিষ্ণুরাম আশ, রামজীবন আশ, রামগোপাল আশ, পার্বভীচরণ, আশ, এবং মুর্লীধর আশ। যদিও আশ বংশের এই দশম পুরুষ পর্যান্ত নাম পাওয়া ষায় কিন্তু ইহাদের মধ্যে উল্লেখ যোগ্য কোন বৃত্তান্তই এ পর্যান্ত পাওয়া যায় নাই। এই বংশে বীরেশর আশ নামধের জনৈক লোক জন্ম গ্রহণ করেন। ইনি এক জন স্বদেশহিতৈথী লোক ছিলেন। বীরেশ্বর আশ এবং আরও ক্তিপর গণ্য মান্ত দেশহিতিধী ব্যক্তি খাঁটুরাস্থ পালপাড়ার রামজয় পাল মহাশয়ের বাটীতে জাতীয় একটি সভা গঠিত করেন। ঐ সভাব কার্য্য প্রতি বংসর বর্ষালি পূজার সময় আরম্ভ হইত। স্বজাতির মধ্যে যদি কেহ কোন দূষিত বা কোন গহিত কার্যা করিত অথবা সমাজের বিরুদ্ধে কেহ কোন কার্য্য করিলে এক বংশর অন্তে পুনরায় ঐ পূজার দম: সভার কার্য্য আরম্ভ হইলে যে যে ব্যক্তি স্মাজের বিক্লাচরণ করিয়াছে অথবা কোন

কুশ্বীপকাহিনী।

দ্বিত কার্যা করিয়াছে, ভাহাদিগকে সভার আহ্বান করা হইত। সভার দিন স্বজাভিম ওলী সকলেই ঐ সভাতে আসিভেন। সভার বীরেশর আশা প্রভৃতি কভিপয় প্রধান প্রধান লোক বিচার কার্য্য নারস্ত হইতেন। স্বজাতিন্য ওলী সকলে সভাস্থ হইলে সভার কার্য্য আরস্ত হইত। বিচারে বাঁহারা দোধা সাব্যস্ত হইতেন, সভা ভাঁহাদের প্রতি অর্থ দণ্ডের ব্যবস্থা করিতেন। আদেশ মাত্রেই ঐ টাকা সভায় জমা দিয়া আসিতে হইত। শুদ্ধ যে তিনি অর্থ দণ্ড দিয়া নিজতি পাইভেন ভাহা নহে, সভাস্থ স্বজাতিবর্গের নিকট ভাঁহাকে কভাপরাধের জন্ত ক্ষমা প্রথানা করিতে হইত। এবং ঐ দণ্ডিত অর্থ সভা হইতে দাতব্যরূপে দীন, হংখী, অনাথদিগের মধ্যে বিতরিত হইত। তথন প্রত্যেক সমাজের মধ্যেই কেমন স্বলম্ব নিরম সকল প্রচলিত ছিল কিন্ত কাল প্রভাবে সমাজেবন্ধন শিথিল হওয়ায় সমজের এই উন্নশা। এখন সকলৈই স্ব স্ব প্রধান। সামাজিক নিম্ব সকলেজাজ কাল অতি জন্ম লোকেই গ্রাহ্য করিয়া থাকেন।

১১৯৮ সালে খাঁটুরা প্রামের্মান্ত্রীনে আশ জন্ম গ্রহণ করেন। প্রথমে তিনি অতিশয় নিংল ছিলেন। কলিকায়া বড় বাজারে চিনি পটীতে লক্ষ্মীনারারণ আশের দোকানে ইনি থেঁতন স্থানী রূপে কার্য্য করিয়া অতি কটে সংসার যাত্রা নির্কাহ করেন। অতংগর ইংরাজ সপ্তদাপর কুক্ কোম্পানির আপিনে চিনির দাল্যলি কার্য্যে প্রবৃত্ত হন। ঐ কার্য্যে তাঁহার বিশেষ উর্নতি হয়। তাঁহার গুই পুক্র—জােই, লারকানাথ এবং কনিষ্ঠ রামগ্রোপাল। ১২০১ সালে লারকানাথের জন্ম হয়, বয়ঃপ্রাপ্ত হইলে ছারকানাথ প্রথমতঃ পিতারে সহিত দাল্যলি কার্য্যে প্রবৃত্ত হয়েন এবং ঐ কার্য্যে মথেন্ত অর্থিউপার্জন করেন। কিছুদিন দাল্যাল কার্য্য করিয়া বিশেষ পারদেশী-হইলে পিতাকে কার্য্য হইতে অবসর দিয়া এবং নিজে কিছুদিন পারে দাল্যাল কার্য্য করিয়া বিশেষ পারদেশী-হইলে পিতাকে কার্য্য হইতে অবসর দিয়া এবং নিজে কিছুদিন পারে দাল্যাল কার্য্য পরিত্যাগ করিয়া প্রিতার অনুমতি অনুমারে কলিকাতা বড়বাজারে নাকদার ও ইংরাজ সপ্তদাগর-দিগকে চিনি বিক্রেয় করিবার জন্ত একটা দোকান খ্লেন। ঐ চিনি কলিকাতার আমদানীর কন্ত কেশবপুর, বরণডালি, ত্রিমাহনা প্রভৃতি স্থানে তিনি চিনির মোকাম করিরন। ২াও বৎসরের মধ্যে তিনি ঐ কার্য্যে বিলক্ষণ অর্থ উপার্জন

৭- বংশর বয়:ক্রমকালে রামজীবন ইহধাম ত্যার করেন। দারকানাথ
পিতৃ প্রাদ্ধে আফ্মানিক ১২।১৪ হাজার টাকা বায় করেন। ঐ প্রাদ্ধ অত্যন্ত
সমারোহে নিম্পন্ন হইয়াছিল। ছারকানাথ পিতার মৃত্যুর পর চই থানি
দ্বমিদারী ক্রয় করেন। এক থানি মশোহর জেলার অন্তর্গত তর্মফ যাত্রাপ্র
পত্তনি মহল। অপর থানি ডিহি সান্টা কালেকটারি ভ্রুনন। তুই থানি
দ্বমিদারী ক্রয় করিয়া তিনি কলিকাতা বড়বাজারে চিনির কার্যা তুলিয়া দেন।
দারকানাথ সহজা, ক্রিয়াথান্, ও সরলচেতা লোক ছিলেন। সন ১২০৫
